## রেজ,্রল (আকুর) প্রস্তু বাগবান্ধার রীডিং লাইবেরী THE BAGHBAZAR READING LIB



# তারিখ নির্দ্দেশক পত্র DATE SLIP

-29/85-3,000 Copics.

পনের দিনের মধ্যে বইখানি ফেরত দিए Please return the book within 15 da

পুত্ৰান্ধ Folio No.	প্রদানের তারিখ Date of Issue	গ্রহণের ভারিথ Date of Return	পত্রাঙ্ক Folio No.	প্রদানের তারিথ Date of Issue
781	E/E/184	68		
		X		

পত্ৰান্ধ Folio No.	প্রদানের তারিখ Date of Issue	গ্রহণের তারিখ Date of Return	পত্ৰান্ধ Folio No.	প্রদানের তারিখ Date of Issue	গ্রহণের তারিখ Date of Return
				·	
	;				

# বেফারেন্স (আকর) গ্রন্থ



वृक्तरमव।

( যবদ্বীপস্থ কোন প্রস্তর-মূর্ত্তি হইতে গৃহীত ও খ্রীয়ামিনীপ্রকাশ গঙ্গোপাধ্যায় কর্তৃক চিত্রিত। )

## শুদ্ধিপত্ৰ।

#### ( অতিরিক্ত )

#### ♦₩¥₽₩°4¢

<b>ল</b> ণ্ডদ	পৃষ্ঠা	<b>পং</b> ক্তি	শুক
সোপানপরস্পরা	<b>6</b> 2	>৩	সোপানপরস্পরা
নিৰ্মান	b->	હ	নিৰ্মাণ
পূৰ্বৰ ক	24	>%	পূৰ্বক
উ ঠিয়া	> • <	ર	উঠিয়া
সরনাথ	> • <	>>	সারনাথ
গোতম ও রাহল	১৬৯	>>	গৌতমপুত্র রাহুল
ধর্মপ্রচার	२०१	>>	ধর্মপ্রচারক
প্রসাদে	२५०	9	প্রাসাদে
্বামেরিকার	522	>>	আমেরিকার
পূর্ব্ব	२ऽ२	9	পূর্ব্ব
মহন্ত্র	२७৫	১৬	মহত্তর

## কলিকাতা।

২০ নং কর্ণওয়ালিস খ্রীট, মজুমদার লাইত্রেরী হইতে প্রকাশিত।

The Sold of Stay Stay

ৰাগবাভাৱ বীডিং লাইব্ৰেৰী ভাৰ সংখ্যা ১০০০ ১৪৪ জি পরিব্রহণ সংখ্যা ১০০০ ১ পরিব্রহণের ভারিব ০৮/১/2০০৬

#### **૾૽૾**૽ૹ૽ૻૺઌૺૺૺૺૺ૾ૺ૾ૺઌ

অনেক জাতি সংসারং সন্ধাবিস্সং অনিবিবসং গহকারকং গবেসস্তো তুঃখাজাতি পুনপ্পুনং গহকারক! দিট্ঠোহসি, পুন গেহং নকাহসি স্ববাতে ফাস্তকা ভগ্গা গহক্টং বিসংখিতং। বিস্থারগতং চিত্তং তণ্ছানং শ্রমজ্বগা।

জন্ম জনাস্তর পথে ফিরিয়াছি পাইনি সন্ধান সে কোথা গোপনে আছে এ গৃহ যে করেছে নির্দ্ধান, পুনঃ পুনঃ তুঃধ পেয়ে দেখা তব পেয়েছি এবার, হে গৃহকারক! গৃহ না পারিবি রচিবারে আর। ভেঙেছে তোমার স্তম্ভ, চুরমার গৃহ-ভিত্তিচয়, সংশ্বার বিগত চিত্ত, তৃষ্ণা আজি পাইয়াছে ক্ষয়।

প্রীত।
প্রশীত।
প্রশীত।

#### কলিকাতা।

৪৮ নং গ্রে খ্রীট, কাইসর মেশিন্ যন্ত্রে শ্রীরাথাল চক্ত ঘোষ ধারা মুদ্রিত।

১৩০৮ সাল



পূজ্যপাদ

# শ্রীযুক্ত দিজেন্দ্রনাথ ঠাকুর

বড়দাদা মহাশয়ের

শ্রীচরণ কমলে—

#### প্রথম পরিচ্ছেদ।

পঠা।

#### वृक्षकीवनी।---

মহাভিনিক্রমণ---বৃদ্ধত্ব-প্রাপ্তি---ধর্ম্মপ্রচার---শেষকথা-পরিনির্ব্বাণ-

## দ্বিতীয় পরিচ্ছেদ।

বৌদ্ধ ইতিহাসের কাল নির্ণয়—

ব্দের পরিনির্বাণ-অশোকের অমুশাসন লিপি-এীকদ্ত মেগান্থিনীস-চীন পরিবাজক कांश्त्रिन, ल्राबन नाः-क्यांत्रिन ভট্ট, नव्यांठार्या-- २১--२७

## তৃতীয় পরিচ্ছেদ।

বৌত্তপর্ম্মের মত ও বিশ্বাস।---

দৰ্শন,-নীতি,--দশামুশাসন--কৰ্মফল--জাতক মালা—আত্মতত্ত্ব—পঞ্চত্মল—পরকাল ও নির্মাণ—

#### চতুর্থ পরিচ্ছেদ।

शृष्ट्री।

বৌদ্ধ সঙ্ঘ।—

মধ্যপথ—সভ্সের গঠন,—দলাদলি—বৈদিক ক্রিয়াকাণ্ড—পৌরোহিত্য—জাতিবিচার—

৬৭—৮৬

#### পঞ্চম পরিচ্ছেদ।

गएखत्र निरम्भावली।---

প্রবেশ—আহার—পরিচ্ছদ — বাসস্থান—
দারিদ্রাত্রত—পৃক্ষা—ভাবনা, ধ্যান, সমাধি—তীর্থদর্শন—প্রায়শ্চিত্তবিধান—পঞ্চায়ৎ—শিলাদিত্যের
দানোৎসব—

**৮**9—**>**>8

ভিকৃণী-সজ্ব---

>>8--->2%

বৌদ্ধ গৃহস্থ—

>26--->02

#### ষষ্ঠ পরিচ্ছেদ।

বৌদ্ধ ধৰ্ম্মশান্ত ।---

ত্রিপিটক---ধর্মপদ--মিলিন্দ-গ্রন্ন--দ্বীপ-

वःশ-महावःभ-निक विस्नत-

>00--->62

পাণিভাষা—আৰ্য্যভাষা লতিকা—

340-349

#### সপ্তম পরিচ্ছেদ।

शृष्ठी ।

বৌদ্ধধর্ম্মের রূপাস্তর ও বিকৃতি।—

মহাধান হীনধান—ব্রাহ্মণ্য ও বৌদ্ধধর্ম—
সেণ্ট জোদাফৎ—বৃদ্ধতত্ত্ব, হীনধান মত—
বৃদ্ধতত্ত্ব, মহাধান মত—বোধিসত্ত্ —ধ্যানীবৃদ্ধ—
আদিবৃদ্ধ — তাল্লিকতা — তিকতে বৌদ্ধধর্ম—
প্রার্থনা চক্র—ওঁ মণিপল্লে হুঁ —গামাধর্ম—লামার
সহিত শরৎচক্র দাসের সাক্ষাৎকার—হুর্গ নরক—
দার্শনিক শাথা—সম্প্রান্য ভেদ—

>64-->64

#### অফ্টম পরিচ্ছেদ।

বৌদ্ধধর্ম্মের বিস্তার ও ধ্বংস।—

শাক্যপৃত্তীয় শুর্মণ মগুলী—ধর্মপ্রচার—
অশোক রাজ্ঞা— সিংহলে বৌদ্ধর্ম্ম — চীনদেশে

বৌদ্ধর্ম্ম—রাজ্ঞা কনিক্ষ—মার্কিন দেশে বৌদ্ধধর্ম — উপসংহার — বৌদ্ধর্ম্ম লোপের কারণ

নির্ণয়—বৌদ্ধর্মের প্রভাব—জগরাধ ক্ষেত্র—

>h-h--->>9

#### পরিশিষ্ট।


তেৰিজ্জ সৃত্ত।---

ব্রাহ্মণ যুবকের প্রতি বৃদ্ধদেবের উপদেশ— ব্রহ্মলাভের উপায়—ব্রহ্ম, ব্রহ্মা।—

## শুদ্দিপত্র।

অশুদ্ধ	<b>পৃ</b> ষ্ঠা	পংক্তি	<b>43.2</b>
<b>প</b> ঃশ	¢	<b>b</b> *	ছ:খ
<b>আ</b> শ্ৰহ	¢	5•	আশ্রয়
উপস্থিত	9	20	উপস্থিত
সান্ত্ৰনা	<b>&gt;</b> %	9	শান্ত্ৰ
সই	>>	>6	সেই
প্রচণ্ড	<b>*</b>	>@	প্রচণ্ড
দাদশ	, ૨৬	२७	चाम्म
করিয়ফুটিয়া	৩৪	<b>२२</b>	করিয়া কৃটিয়া
ক্ৰোধ	৩২	39	কো <b>ধ</b>
रिनवः कूक	૭હ	28	দৈবং নিহত্য কুরু
<b>মৃ</b> ণ্ডিতে	৩৮	₹8	মূর্ত্তিতে
অন্তত্ত্ব	¢¢.	8	শৃতিত <b>অ</b> ন্থিত্ব
বিভিন্ন	t to	२०	বিভিছন্ন
_যশ্মাৎ	<b>¢</b> ৮	>	यन्त्राद
<b>অ</b> ভাবনীচ	<b>C</b> F	•	<b>অ</b> ভাবনীয়
কণত	<b>%</b> •	<b>&gt;</b> 2	ক <b>থি</b> ত
<b>দোহহম</b>	**	₹•	<b>সো</b> হহং
পরিজ্ঞাত	৯৯	२ऽ	পরিজ্ঞান
এর ক্রিংশ	>•¢	२२	ত্ত্বয়ন্ত্রিং <b>শ</b>
<b>को</b> यक्तभात्र	۶₹€	6	जो <b>रक्र</b> णांब
বৃদ্ধিত	<u> ১৩</u> १	25	ব <b>ৰ্দ্ধিত</b>
		•	jı <del>-</del>

<b>ধরমঞ্জ</b> র	506	<b>২</b> 8	<b>থয়মজ</b> ্ঝগা
নিশান	<b>502</b>	<b>ર</b>	নিৰ্মাণ
লাতিক <b>৷</b>	>৫%	<b>&gt;0</b> ,	<b>ল</b> তিকা
উৎসহিত	১৬২	55	উৎসাহিত
বদ্ধই	১৬৭	२२	বুদ্ধই
कोननन्	>92	₹8	কান্-নন্
তি <b>ন</b>	>>>	२२	তিনি
জ্ম	२००	•	क्य
ক্ষিক্লছে	२०२	•	করিয়াছে
উদয়	२०१	>•	উদয়
্ৰস্থ	२०४	8	অশ্বথ
এইরূপ	<b>₹</b> \$•	२১	এইরূপ
হিন্দু	२२१	59	<b>हिन्</b> षू
উৎসূর্ব	२७৫	<b>6</b> ¢	উৎসর্গ



# বৌদ্ধধৰ্ম।

### প্রথম পরিচ্ছেদ।

ঈশ্বর ও পরকালে বিশ্বাদ মানবধর্মের ভিত্তিভূমি বলিয়া সামান্ততঃ নিৰ্দেশ কুৱা হইয়া থাকে, কিন্তু ইহা কি আংশচৰ্য্য নহে যে অনাত্মবাদী নিরীশ্বর বৌদ্ধর্ম দেশবিদেশে প্রবেশ-লাভ করিয়া কোটি 🖍কাট মন্থবোর উপর স্বীয় আধিপত্য করিয়াছে ; এমন কি, ভক্তসংখ্যাত্মসারে স্থান भिर्फिष्टे रहेटल शिथिवीत नकल धर्मात भरधा जाहारक नर्स-প্রধান আসনের য়োগ্য বলিয়া মানিতে হয় ? বুদ্ধদেব প্রকাশ্য ভাবে নান্তিক বুলিয়া আপনার পরিচয় দিতেন তাহা নহে, তথাপি ভিত্ত ক্লে এবেশ কুরিয়া দেখিলে তাঁহার ধর্মকে 'নিরীশ্বর' ধর্ম বলা অসকত কোধ হফুনা; আরুইহা নিশ্চর যে ওাহার সময়ে ব্ৰশ্নজ্ঞান ও আত্মতত্ববিষয়ে ক্ৰেক্ৰাণ বিৰশ্ন জনসাধা-রণে প্রচলিত ছিলা<del>নতি</del>নি তারাক্ত্রীক্ত্রিক্তার্যান ছিলেন। षांगता जितिनगण्टाज तनिवरक्त भारे त्कतनन कि ভाবে आर्था-দেবতা ব্রহ্মকে <u>কৌক্র- ক্রি</u>দরে স্থান দান করিয়াছেন। এই ইত্রে ব্রাহ্মণ যুবকদ্বরের প্রতি তাঁহার যে উপদেশ আছে, তাহাতে ব্রহ্মলাভের প্রকৃষ্ট উপায় নির্দারিত হইয়াছে। বুদ্ধ-প্রদর্শিত পথ <u>বিশুদ্ধ নীতিমার্গ</u> ভিন্ন আর কিছুই নহে। আত্ম-

সংষম, ইন্দ্রিম্ব-দমন, বাসনা-বিসর্জন্ব—এই সকল উপায়ে, ন্যার, সত্য, কমা, দয়া ও বিশ্ববাপীমৈত্রীগুণে <u>আত্মোন্নতিসাধন</u> করাই তাহার মতে ব্রহ্মদিলনের অব্যর্থ উপায়। বৌদ্ধর্মনীতির চারিটি প্রধান তত্ব 'ধর্মচক্র' বলিয়া বৌদ্ধসমাজে প্রসিদ্ধ আছে, স্বয়ং বৃদ্ধ সেই ধর্মচক্র প্রবর্তিত করেন। ইহার বিবরণ বৃদ্ধ-জীবনীতে বর্ণিত; সে জীবনী সংক্ষেপে এই—

্গৌতম বুদ্ধ থ্টের পূর্বতন ষষ্ঠ শতাকীতে বর্তমান নেপাল বাজের অন্তর্গত কপিল-বান্ত নগরে শাক্য-রাজবংশে জন্মগ্রহণ করেন। তিনি রাজা গুদ্ধোদনের পুত্র, তাঁহাব মাতা মায়াদেবী, ভাষ্যা যশোধরা ও পুত্র রাহল। যথন তাঁহার উনত্রিংশ বংসর বয়ংক্রম, তথন সংসার তুঃখময় বলিয়া তাঁহার হালয়লম হয় এবং এই হঃখভার হইতে জীবের পরিত্রাণ সাধনোদ্দেশে বৈরাগ্য অবল্যন পূৰ্বক তিনি গৃহ হইতে বহিৰ্গত হন। এই মহান্ সঙ্গল হাদয়ে ধারণ করিয়া কোন এক রাত্তিতে যথন তাঁহার প্রিয়তমা यरनाधवा निकृतिक कारन नहेवा वाक्वतान निका याहेरा हरन, এমন সময় তিনি চুপে চুপে উঠিয়া কাহাকেও কিছু না বলিয়া ক্ৰিয়া বাহির হইয়া পড়িলেন। সেই তাঁহার মুহাভিনিক্রমণ। তিনি প্রথমে মগধরাজ্যের রাজধানী রাজগৃহে, পরে গুয়ায়, তদন্তর বারাণসীতে গিল্লা ধ্যান ধারণা সাধনা ও ধর্মপ্রচারে প্রবৃত্ত হইলেন। সাত বংসর ধরিষা তিনি উপোষণপ্রভৃতি তপ-চৰ্য্যায় বত থাকিয়া প-চাং অভীপ্সিতক্ষলগভে ৰঞ্চিত হইয়া ভাহা হইতে বিনিবৃত্ত হইয়াছিলেন। তদ্ধ্ৰ তাঁহাৰ প্ৰথম পাঁচটী শিষ্য তাঁহাকে উদরপরায়ণ বিবেচনার পরিত্যাগ করিরা কাশীবাসী হন। এই অসহায় অবস্থায় তিনি একাকী ভ্রমণ করিতে করিতে এক রাত্রে এক বৃক্ষতলে গিয়া ধ্যানমগ্ন হইয়া প্রবৃদ্ধ হইলেন; তাঁহার জ্ঞাননেত্র উন্মীলিত হইল। সেই অবস্থায় তিনি জগতের যে কার্য্যকারণ-শৃঙ্খল অবলোকন করেন, তাহা এই——

অবিদ্যা হইতে সংস্কার (সংকার)
সংকার হইতে বিজ্ঞান (সংজ্ঞা)
বিজ্ঞান হইতে বিজ্ঞান অর্থাৎ মন ও পঞ্চেক্সিয়
মড়ায়তন হুইতে স্পর্শ
স্পর্শ হইতে বেদনা
বেদনা হইতে তুঝা
ত্থা হইতে উপাদান (আসক্তি)
উপাদান হইতে ভব
ভব হইতে জন্ম
জন্ম হইতে রোগ শোক জরা মৃত্যু হুংখ যন্ত্রণ।

অবিদ্যাই সকল হুংথের মূল। অবিদ্যা নাশে সংস্থার বিনই হয়, সংস্থার বিনই হইলে সংজ্ঞা বিনই হয়, পরে নামরূপ, ষড়ায়তন, স্পর্শ, তৃষ্ণা, আসক্তি প্রভৃতি পর্যায়ক্রমে বিনই হইলে জন্মবন্ধন ছিন্ন হইয়া যায়; পরিশেষে জন্না মৃত্যু রোগ, শোক, সর্বহুংথ বিদ্বিত হয়। এইরূপে হুংথের মূলকারণ ও মূলচ্ছেদ বুদ্ধদেব ধ্যানযোগে স্কুপ্টেরূপে উপলব্ধি করিলেন।

এই গভীর ধানে প্রবৃত্ত হইবার পূর্ব্বে 'মার' অর্থাৎ যম বা শরতান কত ভয়, কত প্রলোভন দেথাইয়া অন্দেষ প্রকারে পীড়ন ছারা, শয়তান যেমন যীশুখুষ্টের প্রতি করিয়াছিল,

বুদ্ধকেও সেইরূপ বিপথে লইয়া যাইবার চেষ্টা করিতেছিল; কিন্তু বুদ্ধ অটল রহিলেন। এইরূপে বুদ্ধত্ব পাইবার পর তিনি একাকী সন্দিগ্ধ মনে বনে বনে বিচরণ করিতে লাগিলেন। তিনি নিজে যে জ্ঞানলাভ করিয়াছেন, তাহা লোকের মধ্যে বিতরণ করিবেন কি না এই সমস্যা ৷ অবশেষে ব্রহ্মা সহাস্পতি স্বৰ্গ হইতে নামিয়া ঠাহার সমক্ষে আবির্ভূত হইলেন ও উৎসাহ-বাক্যে তাঁহাকে ধর্মপ্রচারে উৎসাহিত করিলেন। ত্রন্ধার প্ররোচনায় বুদ্ধদেব সভ্যপ্রচারে বাহির হইলেন। প্রথমে তাঁহার ভূতপূর্ব শিষ্য দেই পঞ্চ ভিক্ষুদিগকে উপদেশ প্রদান-মানদে বারাণসীক্ষেত্রে তাঁহাদের বাদস্থানে উপনীত হইলেন। ্দিষ্যেরা তাঁহাকে বদিবার আসন দিবে না ও তাঁহার কোনরূপ আতিথ্য করিবে না স্থির করিয়াছিল; কিন্তু তিনি নিকটবর্ত্তী হইলে তাঁহার স্থলর গন্তীর মূর্ত্তি ও অমানুষ প্রশাস্তভাব দশনে স্তম্ভিত হইয়া তাঁহাকে যথোচিত অভার্থনা করিল; তথাপি পূর্ব্ব-পরিচিত বলিয়া কেহ তাঁহার নাম ধরিয়া ডাকে—কেহ তাঁহাকে স্থা বলিয়া সম্বোধন করে—ইহাতে তিনি বিরক্ত হইয়া বলিলেন-"আমার নাম ধরিয়া ডাকিও না, আমাকে নথা বলিয়া সম্বোধন করিও না। তথাগত এখন সমুদ্ধ হইয়াছেন, দিব্য জ্ঞানলাভে লব্ধকাম হইয়াছেন। আমার উপদেশ শ্রবণ কর। মহুষ্যেরা মোহবশতঃ বিপথে পদার্পণ করে; এক দিকে বিষয়-লালসা ভোগাসক্তি,—অন্তদিকে অনর্থক কঠোর তপদ্যায় শরীর ু শোষণ। আমি মধাপথ আবিফার করিয়াছি—সেই আণ্টাঙ্গিক সাধুমার্গ অবলম্বন করিয়া চলিলে দেখিতে পাইবে যে, ক্লেশের मृगट्छि रहेर्द,-भाष्ठि ও निर्त्तानमूक्ति তाहात्र अवार्थ कन।"

এই কথা গুনিয়া ভিক্রা অবহিত হইলেন ও তথন বৃদ্ধদেব যে উপদেশ প্রদান করিলেন, তাহাই ধর্মচক্র,—তাহাতে চারিটি গভীর তত্ব সন্নিবেশিত আছে।—

প্রথম।—সংসার নিরবচ্ছিন্ন হংখনন। জন্মে হংখ, রোগে হংখ, জরামরণ হংখমন্ন; যাহা ভাল লাগে না তাহার সঙ্গে মিলনে হংখ, ভালবাসার পাত্রের বিয়োগ হংখমন।

দিতীয়।—বিষয়তৃষ্ণাই তৃঃবেশর মূল কারণ।

ভৃতীয়।—এই বিষয়ভৃষ্ণা সমূলে উৎপাটন করাতেই পাংখ- হ/
নিবৃত্তি।

চতুর্থ।—ছঃখনিবৃত্তির আষ্টাঙ্গিক পথ আছে সেই পথ আশ্র

া

করিয়া চলিলেই বাঞ্জিকললাভ হয়।

সে পথ কি--না

- ১। সমাক্দৃটি।
- २। नगाक नकत्त-नकत्त ठिक वाथा।
- ৩। সমাক্ বাক্য-সত্য সরল প্রিরবাক্য বলা।
- ৪। সমাক্ কর্মান্ত-সদাচরণ।
- ४। नगाक् वाकीय---नर्सकृत्व व्यश्तिम् नाध्कीयिक।
   व्यवनयन।
- ৬। সমাক্ বাারাম স্বাত্মসংযম প্রভৃতি উপায়ে স্বাত্মাৎ-কর্ম সাধন।
  - ৭। সমাক্ স্মৃতি-ধারণা ঠিক রাপা।
- ৮। সমাক্ সমাধি—জীবনের স্থগভীর তত্ত্বকলের খ্যান, মনন, নিদিধ্যাসন।
  - এই আটাঙ্গিক সাধুমার্গ অমুসরণ করিয়া চলিতে চলিতে

পথে কাম, ক্রোধ, দ্বেষ, হিংসা, বিচিকিৎসা প্রভৃতি যে কয়েকটি সংযোজন অর্থাৎ বন্ধন আছে, তাহা ছেদন করিতে হইবে। এই নির্দিষ্ট পুণাপথে চলিলে হৃংখ শোক অতিক্রম করিয়া জীব নির্বাণক্রপ পরমপুরুষার্থ লাভে সমর্থ হইবেন।

শাকাম্নি যে সময়ে প্রাত্র্ত হন, সে সময়ে বৈদিক পূজার্চনা কতকগুলি জটিল কর্মকাণ্ডে পরিণত হইয়াছে, এই সকল ক্রিয়াকর্মের উপদেশদাতা যে ব্রাহ্মণ প্রোহিত-ভাঁচার আধিপতোর দীমা নাই। তিনি ব্রাক্ষণাধিপতোর বিরুদ্ধে\*— ব্রাহ্মণদিগের জাত্যভিমানের বিরুদ্ধে—ব্রাহ্মণদিগের বাহ্যাভম্বর-ময় ক্রিয়াকাণ্ডের বিরুদ্ধে—তাঁহার সরল ধর্মা—সত্য, অহিংসা, ক্ষা, দল্লা, মৈত্রী, আত্মদংযম, সদাচার-প্রচলিত সহজ গ্রাম্য म ভাষার আপামর সাধারণ সকল শ্রেণীর মধ্যেই প্রচার করিলেন। তিনি এইরূপে উৎসাহ এবং ওজন্বিতাসহকারে প্রায় ৪৫ বৎসর কাল অযোধ্যা. মিথিলা, বারাণসী এই সমস্ত রাজ্যে অবস্থিতি পূর্বক সমতাত্র্যায়ী ধর্ম প্রচারে প্রবৃত্ত থাকেন এবং অশীতি বৎসর বয়:ক্রমের পর দেহত্যাগ করেন। বারাণসীতে অবস্থিতি কালে প্রথমে উল্লিখিত পঞ্চ ভিক্ষু তাঁহার উপদেশক্রমে দীক্ষিত হয়। ক্রমে তাঁহার শিষ্য সংখ্যা বৃদ্ধি পাইতে লাগিল বর্ষানস্তর তাঁহার শিষ্যমণ্ডলীকে একত্র করিয়া এই উপদেশ দিলেন—"হে ভিক্ষুগণ, তোমরা আমার উপদেশ লাভে এইক্ষণে

<sup>\*</sup> আমি এ কথা বলিতে চাহি না যে, বুদ্দেব প্রকাশ্যরূপে ব্রাহ্মণ্যধর্মের বিরুদ্ধে থড়গ হত ছিলেন, কিন্ত তিনি বে ভাবে ধর্মপ্রচার করিতেন, তাহাতে কলে তাহাই গাঁড়াইয়াছিল সন্দেহ নাই। গুধু ব্রাহ্মণের জাত্যভিমান কেন তিনি সকল প্রকার অভিমানেরই বিরোধী ছিলেন।

পঞ্জিপু দমন করিয়া জিতেন্দ্রিয় হইরাছ। এখন তোমাদের কর্ত্তব্য যে ভিন্ন ভিন্ন প্রদেশে গিয়া উচ্চ নীচ দকল লোকের মধ্যে আমার উপদিষ্ট সত্য ঘোষণা কর। আমি এক্ষণকার মত উক্তবেলার বনে গিয়া আমার ব্রত উদ্যাপন করি।" উক্রেলায় কিয়ৎকাল বাস করিয়া তিনি কতিপয় নৃতন শিষ্য সংগ্রহ করিলেন এবং সেখান হইতে রাজা বিশ্বিসারের রাজধানী রাজগৃহে দশিষা যাত্রা করিলেন। রাজা বহু সম্মানপূর্বক বুদ্ধ-দেবের দশন ও উপদেশ শ্রবণ করিয়া পরদিন তাঁহাকে °ভিক্ষু-মওলী সহ রাজবাটীতে ভোজনের নিমন্ত্রণ করিলেন। বুদ্ধদেব यथानमार उपिष्टिक हरेतन अवः बाहातानि नमाश्च हरेतन বেণুবন ( বাঁশ বন ) নামক এক সুরম্য উদ্যান গুরুদক্ষিণাস্বরূপ বৌদ্ধসমাজকে দান করিয়া তাঁহাদিগকে বিদায় দিলেন। বুদ্ধদেব এথানে আনেক বংসর বর্ষকাল যাপন করেন এবং তাঁহার অনেক উপদেশ এথান হইতেই প্রদত্ত হয় বলিয়া এই স্থান বৌদ্ধদের মহাতীর্থরূপে প্রসিদ্ধ।

ইতাবসরে এক সময়ে তিনি কপিল-বাস্ত গিয়। তাঁহার বৃদ্ধ
পিতার সহিত সাক্ষাৎ করেন। সে রাজ্য হইতে প্রজাবংসল
যুবরাজ যথন বৈরাগ্য-দীপ্ত হদয়ে বাহির হইয়াছিলেন, সে এক
কাল, আর এইক্ষণে সয়াদী বেশে, মুণ্ডিত কেশে, ভিক্ষাপাত্র
হত্তে সেই রাজ্যে ফিরিয়া আসিলেন। নগরে প্রবেশ করিয়া
গৌতম বারে বারে ভিক্ষা করিয়া বেড়াইতেছেন শুনিয়া রাজা
শুদ্ধোদন অত্যন্ত ব্যথিত হইয়া তিনি যেথানে ছিলেন সত্তর
আসিয়া সেথানে উপস্থিত হইলেন এবং কাতর ক্ষরে কহিলেন

থই কি আমাদের শাক্যকুলপ্রদীপ যুবরাজ সিদার্থ ? তুমি বারে

দ্বারে ভিক্ষা করিয়া ফিরিতেছ এ কি কথন সহাহয় গ হা বংস। এরপ কেন হইল ?" বৃদ্ধ উত্তর করিলেন "মহারাজ। আমার কুলধর্ম এই।" মহারাজ কহিলেন "সে কি কথা ? কোন বংশে তোমার জন্ম ? ক্ষত্রিয়বংশীয় রাজপুরুষেরা কি তোমার পিতৃপুরুষ ছিলেন না গতাঁহাদের মধ্যে কেই ভিকাব্তি অবলম্বন করিয়াছেন, কেহ কথন কি শুনিয়াছে ?" গৌতম কহিলেন "আমার বংশ রাজবংশ নয়, বুদ্ধেরা আমার পূর্ব্ব পুরুষ। তাঁহাদেরই চিরন্তন প্রথামূদারে আমি ভিথারী বেশে এই রাজ্বারে সমাগত হইয়াছি। কিন্তু মহারাজ: আত্মপ্রভাবে এবং প্রেমবলে সেই সে মলিনবসন দীন হীন ভিথারী, মহা-প্রতাপশালী রাজরাজেশ্বর অপেক্ষাও আজ তার উচ্চাসন। আমি যে অক্ষয় অমূল্য রত্ন ভেট লইয়া আসিয়াছি. তাহা পিতদেবের চরণে সমর্পণ করি আমার একান্ত ইচ্চা, প্রসন্ন হইয়া গ্রহণ করুন।" শুদ্ধোদন কিঞ্চিৎ অপ্রতিভ হইয়া পুত্রের হস্ত হইতে ভিক্ষাপাত্র লইয়া তাঁহাকে গৃহে লইয়া গেলেন। তথায় রাজা প্রজা মন্ত্রিবর্গ সভান্ত সকলকে তিনি তাঁহার ধর্ম্মোপদেশ প্রদান করিলেন। চতুর্মহাস্তা, অন্তমহামার্গ, আত্মসংযম, বৈরাগ্য, অহিংসা, অফুকম্পা, মৈত্রী, শাখত শান্তিরূপিণী নির্বাণ-মুক্তি এই দকল সতা অমৃতধারার ভার বর্ষিত হইল। সেই উপদেশ শ্রবণ করিয়া গুদ্ধোদন প্রীত হইলেন; তাঁহার সকল সংশয় দুর হইল, সকল ক্ষোভ মিটিয়া গেল।

ষথন রাজপুত্র প্রাসাদে প্রবেশ করিলেন, তথন তাঁহাকে অভ্যর্থনা করিবার জন্ম রাজপরিবারত্ স্ত্রীপুরুষ সকলেই উপস্থিত হুইল, কেবল যশোধরা নাই। বুদ্ধদেব জিজ্ঞাসা করিলেন,

"যশোধরা কোথার ?" তিনি আসিবেন না শুনিয়া গোতম রাজার সহিত স্ত্রীর কক্ষে প্রবেশ করিলেন। গিয়া দেথেন, যশোধরা মালনবেশে রুক্ষ আলুলায়িতকেশে ঘরে বসিয়া আছেন। স্বামীকে দেখিয়া তাঁহার চিরসম্বিত প্রেমাশ্র উথলিয়া উঠিল। তাঁর পা জড়াইয়। ধরিয়া কাঁদিতে লাগিলেন। পরে রাজাকে দেখিয়া সমন্ত্রমে এক পার্শ্বে উঠিয়া দাঁড়াইলেন। অভাগিনী যশোধরা এতকাল পতিবিরহে দ্বীনবেশে, আনাহারে, আনিদায়, কস্ত্রে দিন্যাপন করিতেভিলেন, রাজা সমস্ত খুলিয়া বলিলেন। বুদ্দের মন গলিয়া গেল। তথন তিনি যশোধরা পূর্বজন্মে কিরপ শুণবতী ছিলেন তাহার এক 'জাতক' গল্প বলিয়া তাঁহাকে সাজ্বনা করিলেন। পরে তিনি বিদায় লইয়া চলিয়া গেলেন। বুদ্দদেবের উপদেশ শ্রবণে তাঁহার হৃদয় মন আকৃষ্ট হইল ও বৌদ্ধদের মধ্যে সয়্লাসিনীশ্রেণী স্থাপিত হইলেন।

কপিল-বাস্তনিবাদীর মধ্যে অনেকে বৃদ্ধ-উপদেশ গ্রহণ করিলেন। বাঁহারা বৌদ্ধসমাজভুক্ত হইলেন, তাঁহাদের মধ্যে দিদ্ধার্থের বৈমাত্রেয় প্রাতা আনন্দ একজন—তাঁহার ভালক দেবদত্ত, নাপিত উপালি, রাজ্ঞার প্রাতুষ্পুত্র অনিক্লদ্ধ। আনন্দ বৃদ্ধের মৃত্যুকাল পর্যান্ত তাঁহার দেবা-ভুঞ্যায় তৎপর থাকিয়া তাঁর বিশেষ প্রিয়পাত্র হইয়াছিলেন। কিছুদিন পরে যশোধরা তাঁহার পুত্র রাহুলকে রাজপুত্রের মত বেশভ্যার সাজাইয়া তাঁহার পিতার নিকট পাঠাইয়া দেন। রাহুলের বয়স তথন সাত বংসর। পাঠাইবার সময় বলিলেন, "ওই যে সাধু দেখছিদ্, ঐ ভোর পিতা। ওর কাছে কত টাকা কড়ি ঐশ্বর্য আছে,—

কাছে গিয়া তোর বাপের ধন ভিক্ষা চাস্।" রাছল বলিল—
"আমার পিতা ? রাজাইত আমার বাবা, আর কে ?" যশোধরা
ব্রুকে দেখাইয়া দিলেন। রাছল ব্রুকের নিকট গিয়া তাঁহাকে
পিতা বলিয়া ডাকিয়া আপন পৈতৃক সম্পত্তি ভিক্ষা করিল।
বুদ্ধ কহিলেন, "বংস! সোণা, রূপা, মণি, মাণিকা আমার
কাছে নাই। আমার কাছে যে সতারত্ব আছে, তাহা আমি
দিতে পারি, যদি আমাকে কথা দেও যে, তাহা যত্বপূর্বক বক্ষা
করিবে।" এই বলিয়া রাছলকে তাহার ধারণামুসারে ধর্মোপদেশ
দিলেন এবং বালক পিতৃ-উপদেশ গ্রহণ করিয়া বৌদ্ধসমাজভুক
হইল।

এই বৃত্তান্ত রাজার কর্ণগোতর হইলে তিনি অত্যন্ত মনঃক্ষ্ম হইলেন। সিদার্থ গেল, আনন্দ গেল, তাঁর লাতুপুল অনিক্দ্ধ গেল, এখন তাঁর পৌত্রটিকে তাঁর পার্য হইতে কাড়িয়া লওয়া হইল, তাঁর রাজ্যাধিকারী আর কেহই রহিল না। রাজা সিদ্ধার্থের প্রতি এ বিষয়ে বিরক্তি প্রকাশ করাতে সিদ্ধার্থ নিবেদন করিলেন, "মহারাজ যাহা হইয়াছে মার্জনা করিবেন, ভবিষ্যতে এরূপ আর হইবে না। পিতৃব্যের অনুমতি বিনা অল্পরম্বন্ধ বালকের দীক্ষাবিধি নিষিদ্ধ—আমি এই নিয়ম করিয়া দিতেছি। এইরূপ অনেক আখাস দিয়া কিছুদিন পরে পিতার নিকট হইতে বিদায় লইয়া রাজগৃহের বেণুবনে প্রত্যাগমন করিলেন।

বুদ্ধদেবের মহাবোধি বৃক্ষতলে আধ্যাত্মিক সংগ্রাম ও বৃদ্ধত্ব-প্রাপ্তি হইতে আরম্ভ করিয়া তাঁহার কপিল-বাস্ত গমন ও তথা ইইতে রাজগৃহে প্রত্যাবর্ত্তন পর্যান্ত প্রায় আঠার মাদ কাল অতিবাহিত হয়। এই স্বল্লকালব্যাপী বৃদ্ধজীবনীর ইতিবৃত্ত বৌদ্ধগ্রন্থ সকলে আমুপুর্বিক প্রাপ্ত হওয়া যায়। ইহার পরবর্ত্তী ঘটনাবলীর কাল নির্ণয় করা স্থকঠিন, কেন না সেই সমস্ত গ্রন্থে সে বিষয়ে কোন মিল নাই। যে সমস্ত ঘটনাবলী বর্ণিত আছে, তাহা আর কিছুই নয়—গোতম বৃদ্ধের স্বরণীয় কোন ক্বতা অথবা স্বরণীয় কথাবার্তা উপদেশ। এই স্থলে তাহার বিস্তারিত বিবরণ দেওয়া আমার অভিপ্রেত নহে—কেবল হুই একটি ঘটনার উল্লেখ করিয়া এইভাগ উপসংহার করা আমার ইচ্ছা।

বৌদ্ধর্মে সদ্যোদীক্ষিত স্থুরাপরন্তের একটি বণিক্ তাঁহার প্রতিবাদী আত্মীরবর্গকে ধর্মোপদেশ প্রদান করিতে দমুৎস্ক্ক হইয়া গুরুদেবের অনুমতি প্রার্থনা করাতে বৃদ্ধ কহিলেন,— "আমি গুনিয়াছি, স্থরাপরস্তের লোকেরা বড়ই ছষ্ট, রাগী ও অত্যাচারী, তাহারা তোমার অপবাদ ও নিন্দা করিলে তুমি কি করিবে?" তাহার উত্তর, "আমি চুপ করিয়া থাকিব।" "তাহারা যদি তোমাকে ধরিয়া মারে?" ভিকু কহিল, "আমি ভাদের মারিব না।" "যদি তোমাকে বধ করিবার চেষ্টা করে?" উত্তর,—"মৃত্যুর হাত এড়াইবার উপায় নাই, শমন ত আদিবেই, কিন্তু তাহাতে ভন্ন কি? অনেকে সংসারের জালা যন্ত্রণা হইতে মুক্ত হইবার জন্ত অনেক সমন্ত্র চায়, কিন্তু আমি তা করিব না। তাকে ডাকিয়াও আনিব না, আর আসে ত বারণও করিব না।" এই উত্তরে গুরুদেব তুই হইয়া তাঁহাকে প্রচার. কার্য্যে বাহির হইতে অনুমতি দিয়া আশীর্কাদ করিলেন।

আর এক সময় একটি যুবতী স্ত্রী তাহার পুত্রটী হারাইরা পাগলিনীপ্রায় হইয়া ছুটাছুটি করিতেছিল। তাহার নাম কি্সা- গোতমী। অলবয়সে তাহার বিবাহ হয় ও তাহার একটি পুত্র জনো। শিশুট দেখিতে অতি স্থন্দর ছিল, আর বেড়াইতে শিখিবার বয়সেই সর্পদংশনে মারা পড়ে। গোত্মী মৃত শিশুটি কোলে লইয়া ঘারে ঘারে ফিরিতেছেন, যদি কেছ কোন ঔষধ দিয়া তাহাকে বাঁচাইতে পারে। একজন বৌদ্ধভিক্ষ স্ত্রীলোক-টিকে বলিল,—"তুমি যে ঔষধ চাহিতেছ, আমার কাছে তা নাই। কিন্তু আমি জানি একজন তোমাকে ঔষধ দিতে পারেন। ঐ रेगतिक वमन थात्री वक्त मन्नामीत कार्ष्ट यां ७, विनेषा निरंवन।" গোত্মী বদ্ধের নিকট ঘাইয়া বলিলেন, "প্রভো। আমি আপনার নাম শুনিয়া বড আশা করিয়া আপনার কাছে এসেছি, এখন একটা ঔষধ বলিয়া দিন যাতে আমার এই ছেলেট প্রাণ দান পায়।" বদ্ধদেব কহিলেন—"আছে। বলিয়া দিব ধদি আমি যে জ্বিনিষ বলিতেছি আমায় তা আনিয়া দিতে পার; আর কিছু নয়, এক মুঠা সরিষার বীজ ।" যথন গোতমী আগ্রহের সহিত আনিয়া দিতে স্বীকৃত হইল, তথন কহিলেন, "কিন্তু একটা দৰ্ভ আছে। এমন ঘর থেকে আনিতে হইবে. যেথানে বাপ, মা, স্বামী, পুত্র কিম্বা ভূত্য, ইহার কোন একজনের মৃত্যু হয় নাই।" গোতমী তাহাই অঙ্গীকার করিয়া মৃত শিশু क्षात्व वस्व वास्तवत्र वाष्ट्री घारत घारत कि त्रिट्ठ लागिरलन। এক মুঠা সরিবা দিতে সকলেই প্রস্তুত, কিন্তু যথন তিনি জিজ্ঞাসা করিলেন, "এ বাড়ীতে মা-বাপ-সামী-পুত্র কি ভূত্য কেহ মরিয়াছে কি না ? তাহারা বলিল,—"বলেন কি ? জীবস্ত লোক অন্ন, মৃতের সংখাই অধিক।" কেহ বলে আমার একটি পুত্র মরিয়াছে, কেহ বলে আমার পিতামাতার মৃত্যু হইয়াছে;

#### বৌদ্ধধৰ্ম।

কেই বলে আমার ভ্তাতি মরিয়াছে। অবশেষে যেথানে একটি লোকও মরে নাই এমন গৃহ না পাইয়া রমণী বৃদ্ধের নিকট ফিরিয়া আসিলেন। বৃদ্ধ জিজ্ঞাসা করিলেন, "বাছা, সরিষার বীজ এনেছ কি ?" পোতমী বলিলেন, "প্রভো, আনি নাই। ভাহারা বলে জীবস্ত লোক অল্ল, মৃতব্যক্তিই অনেক।" তথন বৃদ্ধ ভাহাকে জীবনের অনিভাতা বিষয়ে উপদেশ দিয়া বৃঝাইয়া দিলেন। তাঁহার মনে প্রতীতি জন্মিল, তথন সার্থনা লাভ করিয়া বৃদ্ধদেবের চরণে প্রণত হুইলেন।

বৌদ্ধভিক্রা একদিন বৃদ্ধদেবের নিকট আসিয়া জিজ্ঞাসা করিল—"ভগবন্! সন্ন্যাসাশ্রমী ভিক্রা স্ত্রীলোকদের সহিত কিরপ ব্যবহার করিবে ?

বুদ্ধদেব কহিলেন,—"তাহাদের প্রতি দৃষ্টি করিও না।"
"যদি তাহারা সমূথে আদিয়া পড়ে ?"

"তাদের দেখিয়াও দেখিও না এবং তাহাদের সহিত বাক্যা-লাপ ক্রিও না।"

"বদি তাহারা আমাদের সহিত কথা কছে, তাহা হইলে কি করিব ?"

"যদি কথা কহিতেই হয়, তবে মনে যেন কোন কুভাব না থাকে, প্ৰাপত্ৰিত জনবিন্দুর স্থায় স্বচ্ছ ও নিৰ্লিপ্ত থাকিবে।" বুদ্ধদেব আরও কহিলেন,—

"বয়োজ্যেষ্ঠা রমণীকে মাতৃত্ব্য, যুবতীকে ভগিনীতৃশ্য, অন্নবয়ন্ধা বালিকাকে ছহিতা সমান জ্ঞান করিবে।

"পরস্ত্রীর প্রতি কামাসক্ত নয়নে দৃষ্টিপাত করা **অপেক্ষা** তপ্রলৌহথও হারা চকু উৎপাটন করাও ভাল। "রমণী হাবভাবলাবণ্যে পুরুষের গ্রদম বশ করিতে চাহে, সে হৃদয় বজ্রকঠোর হইলেও রমণীর কটাক্ষবাণের নিকট পরাভূত হয়। রমণীর হাসি অঞ তোমাদের শক্র— তাহার ভুজলতাবন্ধন হশ্ছেদ্য—তার কেশপাশ মুনিজনেরও চিত্তবিক্ষোভকারী।

"সাবধান! সংযমী হও, কামরিপুকে হাদরে স্থান দিও না। রম্ণীসংসর্গ হইতে দূরে থাকিয়া ভোমরা শ্রমণের ত্রত পালন করিবে।"

এইরপে তাঁহার জীবনের অশীতি বংগর গত হইল: এই मीर्चकान विना कृथ करहे विना मक्रांठे व्यवास काहिया श्रम. এমন মনে করা ঠিক নয়। এই সময়ের মধ্যে তাঁহার উপর দিয়া কত বিদ্ন গিয়াছে, তিনি কত বিপত্তির মধ্যে পড়িয়াছেন, বলা যায় না তথাপি তিনি তাঁহার কর্ত্তব্যপ্থ হইতে তিল্মাত্র বিচ্যুত হন নাই। গৃহত্তেরা আত্মীয় স্বন্ধন-বন্ধবিচ্ছেদে তাঁহার উপর কেপিয়া উঠিয়া তাঁহার কত অনিষ্ট চেষ্টা করিয়াছে। ব্রান্ধণেরা স্বকীয় আধিপত্য নাশ ভয়ে তাঁহার বিরুদ্ধে ক্ত ষড়বন্ত্র করিয়াছে। তাঁহার শিষ্য দেবদুত্ত একবার ঠাহাকে মহাবিপদে ফেলিবার উপক্রম করিয়াছিল। তাঁহার ইচ্ছা তিনি ্নিব্দে এক স্বতম্ভ সম্প্রদায় পত্তন করিয়া গৌতমের পদার্ক্ত হন। তাঁহার মনোরথ পূর্ণ না হওয়াতে তিনি গুরুমারা ফাঁদ পাতি-े दनम् । মগধরাক অজাতশক্রকে ফুদ্লাইয়া তাঁহার বিপক্ষে উত্তেজিত করেন। রাজা গৌতমকে বধ করিবার নানাবিধ উপার অবলম্বন করিলেন, কিন্তু কিছুতেই কৃতফার্য্য হইলেন মা। পর্বত হইতে শিলাথত তাঁহার সমূপে পড়িয়া চূর্ণ হইয়া গেল। তাঁহাকে পদদলিত করিতে যে উন্মন্ত বস্তহন্তী প্রেরিত হয়, সে তাঁহার সন্মুথে গিরা নিরীহ শাস্তভাব ধারণ করিল। পরিশেষে এইরূপ কথিত আছে যে, রাজা অন্তপ্ত হৃদরে স্বীয় পাপ দকল প্রকাশ্যভাবে স্বীকার করিয়া বৃদ্ধের শরণাপর হইলেন।

এই জীবনী হইতে বুদ্দদেবের নিত্য নিয়মিত জীবনকতা আমরা কতকটা কলনা করিতে পারি, কিন্তু শুধু কলনা নহে অনেকানেক বৌদ্ধগ্রহে আমরা তাহা বর্ণিত দেখিতে পাই। তিনি প্রত্যুষে গাত্রো্খান পূর্বক কোন পরিচারকের সাহায্য ব্যতিরেকে স্নানাদি প্রাতঃক্বত্য সমাপন করিতেন। হইতে ভিক্ষার্থে গ্রামে যাইবার পূর্বে যে সময় টুকু থাকিত, তাহা নির্জ্জনে ধ্যানে যাপন করিতেন। বাহির হইবার সময় হইলে তিনি ভিকুদের ভায় বসনত্রয় পরিধান পূর্বক ভিকাপাত্র হত্তে কথনো একাকী, কথনও বা অনুচরস্হ সন্নিহিত গ্রামে কিম্বা নগরে ভিক্ষার্থে প্রবেশ করিতেন। ঠাঁহার দেহ হইতে অপূর্ক জ্যোতি বিনির্গত হইত। বিহঙ্গদের কলরবে এবং আকাশ হইতে মধুর ধ্বনিতে मिथिपिक् निर्नापिक श्रेष्ठ । काँशांत्र क्षणांभारतत्र निष्म्न पृष्ठे গ্রামের ত্রীপুরুষ বেশভূষায় সজ্জিত হইয়া পুশামালা উপহার লইয়া তাঁহাকে যথোচিত অভ্যর্থনা করিতে বাহির হইত। তাহাদের মধ্যে ঘন্দ বাধিয়া যাইত কে তাঁহার আতিথা করিবে। অফুগ্রহ করিয়া আজ আমার গৃহে পদার্পণ করুন, আপনার জন্ম, আপনার অনুচরবর্ণের জন্ম আহার প্রস্তুত, এই বলিরা তাঁহার হস্ত হইতে ভিক্ষাপাত্র লইয়া, উপস্থিত জনের মধ্যে কোন

গৃহস্বামী তাঁহাকে অনুচরবর্গদহ গৃহে ডাকিয়া আনিয়া তাঁহাদের আতিথ্য করিতেন। আহার শেষ হইলে বৃদ্ধদেব সমবেত লোকসকলকে উপদেশ দিতেন। শ্রোত্বর্গের মধ্যে কেহ বা গৃহত্তের মন্ত্র গ্রহণ করিত; আর বাহাদের তদপেকা উচ্চাভিলাষ তাঁহার। স্ম্রাস্ত্রত গ্রহণ করিতেন। পরে উঠিয়া তিনি নিজ বাসস্থানে প্রত্যাগমন করিতেন; সেধানে তাঁহার কক্ষে প্রবেশ করিয়া মধ্যাক্ত পর্যান্ত দিবসের গতাগত কার্য্য সকল স্থিরভাবে পর্যালোচনা করিতেন। তৎপরে দারে দণ্ডায়মান হইয়া এইরূপ উপদেশ দিতেন "সতাপরায়ণ হও,, দৃঢ় প্রতিজ্ঞ হও। পৃথিবীতে বুদ্ধদর্শন হল্ভ। বৃদ্ধের উপদেশ লাভের স্থাগে অবহেলা করিও না।'' পরে তাঁহার পুষ্পবাদত কক্ষে গিয়া সন্ধ্যা পর্যাস্ত বিশ্রাম করিতেন। সন্ধার সময় ইচ্ছা হইলে স্নান করিতেন। তদনস্তর লোকেরা আশপাশ গ্রাম বা নগর হইতে আসিয়া তাহার বাসস্থানে সম্মিলিত হইলে পর তিনি তাহাদের ধীশক্তি ও ধারণা অনুসারে ধর্মোপদেশ প্রদান করিতেন: তাঁহারা তাঁহাকে আপন আপন আগ্যাত্মিক অবস্থা জ্ঞাপন করিত ঃ যাহার যাহা জানিবার ইচ্ছা তিনি তাহা পূর্ণ করিতেন; যাহার ষে কোন বিষয়ে সংশয়, তাহা মিটাইয়া দিতেন। এইরূপে একপ্রহর রাত্রি কাটিয়া যাইত; পরে সকলকে সুমধুর সাভ্তনা বাক্যে বিদায় দিতেন। অবশিষ্ঠ রাত্তি কতক ধ্যান, কতক বা নিদ্রার যাপন করিতেন, এবং প্রত্যুষে উঠিয়া কাহার কি আবশ্যক, কাহাকে কিরূপ উপদেশ দিতে হইবে, কি উপায়ে লোকের ত্রংখ মোচন ও কুশল বর্দ্ধন করিবেন, এই সমস্ত বিষয় আলোচনা করিয়া দিবদের কার্য্য স্থির করিতেন।

আতিথা সংকার আর এইক্ষণে এই চুন্দার প্রান্ন উপহার এ इंटेंटे आभाव मभान आपवनीय। এ विषय यपि क्लान वास्कि সন্দেহ প্রকাশ করে, কহিও যে এ কণা আমার নিজের মুখ ছইতে ভূনিয়াছ।" অনেক কটে আন্তে আন্তে কুশীনগ্রসমীপত্ত হিরণাব্তী নদীতীরে পৌছিয়া গৌতম তথার কিয়দণ্ড বিশ্রাম করিলেন এবং মল্লদের এক শালবনে গিয়া বৃক্ষতলে ডান কাতে শ্রান থাকিয়া মৃত্যুর পর আপনার অস্তোষ্টিক্রিয়া সম্বন্ধে আনন্দের পহিত কথোপকথন করিতে লাগিলেন। সন্ধার সময় আনন্দের विवापश्विम अभिया व्वित्वम "डारे आनम, आमात्र क्रमा (बाक করিওনা। আমিত তোমাদের পূর্কেই বলিয়াছি, যার জন্ম তারই মৃত্য-যার বৃদ্ধি তারই ক্ষয়-এমন কি কোন জিনিস আছে যাহার বিনাশ নাই? শীঘুই হউক বিলম্বেই হউক, এক সময়ে প্রিয়জনদের ছাড়িয়া যাইতেই হইবে। কিন্তু আমার মৃত্যু হইল ভাবিও না। আমার প্রচারিত সত্যু সকল, আমার উপদেশ ও অফুশাসন আমার পশ্চাতে রাখিয়া যাইতেছি আনন্দ, তুমি অতি বজে আমার দেবা গুল্লাষা করিয়াছ-আশীর্কাদ করি তোমার কল্যাণ হউক। দুঢ়প্রতিজ্ঞ হইয়া ধর্মপথে চল, বিষয়াস্তিক, অহ্মিকা, অবিদ্যা হইতে পরিতাণ পাইবে। যতদিন আমার শিষোর। গুদ্ধাচারী হইয়া সতাপথে চলিৰে, ভতদিন আমার ধর্ম পৃথিবীতে প্রচলিত থাকিবে। পাঁচ সহস্র বৎসর পরে যথন স্তাজ্যোতিঃ সংশয়-মেঘজালে আছের हहेरत, ७४न योगाकारण अञ्चत तुक উपिछ हहेबा आमाद উপদিষ্ট ধর্ম পুনরায় উদ্ধার করিবেন। শিষ্যেরা জিজ্ঞাসা

করিলেন "সে বৃদ্ধের নাম কি ?'' বৃদ্ধ উত্তর ক্রিলেন"মৈতেয়।" মল্লদের শালবনে এইরূপ উপদেশ করিলেন।

পরদিন প্রাতঃকালে তিনি সকলকে জিজ্ঞাসা করিলেন বুদ্ধের প্রতি কাহারে। কিছু দন্দেহ আছে কি না। আনন্দ কহিলেন – "গুরুদেব। আশ্চর্য্য এই যে এত লোকের মধ্যে কাহারে। একটি বিষয়েও কোন সন্দেহ নাই। সভাের প্রতি, বুদ্ধের প্রতি ধর্মোর প্রতি আমাদের সকলেরই বিশ্বাস অটল, কাহারে। মনে তিলমাত্র সংশয় নাই।" পরে বৃদ্ধদেব ক্ষণকাল স্তব্ধ থাকিয়া পুনর্বার কহিলেন "যার জন্ম তার ক্ষয় ও মৃত্যু অবশ্যস্তাবী---সতাই মৃত্যুঞ্জয় হইয়া চিরকাল বাস করিবে। তোমরা যত্নপূর্কক সতাধর্ম পালন করিয়া আপন মুক্তিসাধন কর।" এই করেকটী কথা বলিয়া তিনি গভীর ধাানমগ্ন হইয়া নির্বাণ রাজ্যে প্রয়াণ করিলেন। তাঁহার নির্বাণের সঙ্গে সঙ্গে ভয়ন্বর ভূমিকপ্পে ছালোক ও ভূলোক কম্পিত হইল – 🗸 প্রচপ্ত বজ্রশ্বনি গগন ভেদ করিয়া উঠিল। ব্রহ্মা সহাম্পতি এবং भटकत कर्थ शहेरक व्याकामवानी शहेन-"शश ! वृक्तरभव मर्खाः इहेर्ड अहरिंड इहेरलन-अथिवीत आलाक निविद्या (त्रन।"

তদনস্তর চক্রবর্ত্তী নৃপতির মরণোত্তর যে অন্ত্যেষ্টি-বিধান শাস্ত্র বিহিত, দেই বিধানামুদারে বৃদ্ধদেবের অন্ত্যেষ্টিক্রিয়া (ক্রুশীনগরের) প্রধান প্রধান নাগরিক কর্তৃক যথাবিধি অনুষ্ঠিত হইলে তাঁহার দেহাবশেষ গ্রহণ করিতে অনেকানেক রাজ্য হইতে ভক্তগণ আদিরা উপস্থিত হইল। দেই দগ্ধদেহের ভন্মরাশি আট ভাগে বিভক্ত হইল এবং প্রভ্যেকের উপর একটি স্তৃপ ভিন্ন ভিন্ন স্থানে স্থাপিত হইল। মহাপরিনির্জাণ হতে বৃদ্ধের মৃত্যুর পূর্বে শেষ তিন মাদের ঘটনাবলীর সবিশেষ বৃত্তান্ত বর্ণিত আছে। ইহা হইতে এবং অস্থান্ত প্রাচীনতর গ্রন্থ হইতে দেখা যার যে বর্ধার চারি মাদ ছাড়িয়া অবশিষ্ঠ করেক মাদ তিনি প্রায় প্রত্যহ আট দশ ক্রোশ পদরক্ষে ভ্রমণ করিয়া বেড়াইতেন। ইহাই তাঁহার বল, স্বাস্থ্য ও দীর্ঘায়ুব কারণ বলিয়া প্রতীয়মান হয়। পূর্বেই বলা হইরাছে যে প্রবৃদ্ধ হইবার পর প্রায় ৪৫ বংশর তিনি স্বীয় মতামুযায়ী ধর্মপ্রচার করিয়া বেড়ান। এইরূপে দক্ষিণ-পূর্বে পাটনা হইতে উত্তর-পশ্চিম দরস্বতী পর্যান্ত এক দিকে প্রায় দেড়শত ক্রোশ, অন্ত দিকে পঞ্চাশ ক্রোশ ব্যাপিয়া, তিনি তাঁহার জীবদ্দশার দেশ বিদেশ পরিভ্রমণ করেন এবং এই বিত্তীর্ণ প্রদেশে রাজা প্রজা, ধনী দরিজ, পণ্ডিত মূর্য, বহুবিধ জনপদের সমাগমে তিনি মানবপ্রকৃতি—মন্থ্যের ভাব গৃষ্ঠি, রীতি নীতি, স্থুখ তুঃখ, আশা ভরসা তুলাইয়া বুঝিবার বিস্তর স্থোগ পাইয়া-ছিলেন সন্দেহ নাই।

বৃদ্ধদেবের যথন অশীতি বৎসর বয়ঃক্রম, তাঁহার ধর্মপ্রচারের প্রারম্ভ হইতে চতৃশ্চন্তারিশং বৎসর, তথন তিনি পাটলিপ্রত্র আধুনিক পাটনা নগরের স্থানে গঙ্গা পার হইলেন। সেথানে গিয়া দেখেন রাজা অজাতশক্রর মন্ত্রীগণ পাটলিপ্রের তুর্গ নির্মানে বাস্ত, মগধের ভাষি রাজধানীর সেই প্রথম পত্তন। তাহার রাজ্যপ্রী সহস্রবংসর স্থায়ী হইবে বৃদ্ধ এইরূপ ভবিষাধাণী করিরা যান। সেখান হইতে বৃদ্ধি জাতীয় লিচ্ছবিদের আবাসন্থান বিশ্রালী গমন পূর্বক অন্ত্রপালী গণিকার আমবনে বিশ্রাম করেন ও নাগরিকদের আমন্ত্রণ অগ্রাহ্য করিয়া গণিকার

ভবনে পিয়া আহারাদি করেন। সেই সময় অম্বপালী তাঁহার উদ্যানগৃহ বৌদ্ধ দভেঘ উৎদর্গ করে। বৈশালীর কূটাগারে তাঁর ধর্মের সারতত্ত্তিলি, যথা চারপ্রকার খানি, চতৃঃশমপ্রধান ধর্ম, চারি ধৃদ্ধিপদ, অধ্যাত্মিক পৃঞ্বল, সপ্ত বোধান, অষ্টান মার্গ ব্যাখ্যা করিয়া উপদেশ দিলেন ও পরদিন ভিক্ষার পর বৈশালী ছাড়িয়া চলিলেন। বৈশালী হইতে তিনি ভগুগ্রাম ও আর কতকগুলি গ্রাম অতিক্রম করিয়া অবশেষে কুশীনগর যাতা **করেন—ইহা কপিলবাস্ত হইতে পূর্বদিক প্রায় ২**০ ক্রোশ দূর। কুশীনগর যাত্রা কালে (পারা) গ্রামের প্রান্তবর্ত্তী আম্রবনে কিয়ৎ-কাল বিশ্রাম করেন। এই ভূমি চুলানামক জনৈক কর্মকার বৌদ্ধ-সমাজে দান করিয়াছিলেন। চুন্দা ভিক্ষুকদের জন্ম তণ্ডুল ও ৰবাহমাংস প্রস্তুক করিল। প্রবাদ এই যে সেই মাংস ভোজন করিয়াই বুদ্ধদেব পীড়িত হন এবং এই পীড়াতেই তাঁহার প্রাণ-বিষোগ হয়। অপরাহে কুশীনগরের পথে কিয়দূর চলিয়া প্রান্তি-বোধ হওয়াতে তিনি বসিয়া পড়িলেন এবং আনন্দকে বলিলেন-"আমার বড় তৃষ্ণা লাগিয়াছে, জল আনিয়া দেও।" **আ**নন্দ জল আনিয়া দিলেন। অল দূরে কুকুষ্ট নদী বহিতেছিল - ভীরে পৌছিয়া নদীতে শেষ বারের মত স্নান করিয়া লইলেন। मृज्य चानत (निश्या এवः लाटक शाटक ठूनात প্রতি দোবারোপ ও कट्टेवाका शासां करत এই আশकाय आनन्तरक विषालन "আমার মৃত্যুর পর চুন্দাকে বলিও দে বড়ই পুণ্যফল উপার্জ্জন कंत्रियारह: क्यांस्टरत जारांत कनांग रहेरत। जारांत अन्छ অন্নাহার করিয়া আমি মৃত্যুক্তপ আরোগ্য লাভ করিলাম নির্বাণমূথে উপনীত হইলাম। আমার ব্রুছের পূর্বে স্কাতার

## দ্বিতীয় পরিচ্ছেদ।

## বৌদ্ধ ইতিহাদের কালনির্ণয়।

বৃদ্ধদেব ঠিক কোন্ সময়ে আবির্ভূত হইয়াছিলেন, কোন্
সময়ে তাঁহার মৃত্যু হয়, বৌদ্ধেরা কোন্ সময় হইতে কোন্ সময়
পর্যান্ত এদেশে বিদ্যমান ছিলেন ও কোন্ সময়য়ই বা এখান
হইতে অন্তর্হিত হন, আন্ধাদের সকলেরই সে বিষয়ে জানিবার
কৌত্হল হইতে পারে। ছুর্ভাগাবশতঃ কাল নিরপণের বেলায়
আমাদের প্রাচীন ইতিহাস হইতে সাড়াশক কিছুই পাওয়া যায়
না। যুক্তি ও অনুমান, শিলালিপি ও প্রোথিত ধাতুমুদ্রা ইত্যাদি
সাধন ও উপকরণ হইতে যাহা কিছু স্থির করা যায়, ভাহাতেই
একপ্রকার সম্ভ্রি থাকিতে হয়। ত্রাপি বৌদ্ধ ধর্মের উদয়ান্ত,
উল্লভি অবনতির কাল কতকগুলি বিশেষ কারণ বশতঃ নিরপণ
করা অপেক্ষাকৃত সহজ। সেই সকল কালনির্ণায়ক নিদর্শন
সংক্ষেপে প্রদর্শিত হইতেছে।

প্রথমতঃ, বৃদ্ধ শাক্যসিংহের মৃত্যুকাল যতদূর জ্ঞানা যায়, খ্ব সম্ভব পৃ: খৃ: ৪৮০ বৎসর বলিয়া নির্দ্ধারিত হইয়াছে।

দ্বিতীয়তঃ, বুদ্দের মৃত্যুর পর বৌদ্ধদের চারিটি মহাসভা হয়; তাহার কালও এক প্রকার নির্দেশ করা যাইতে পারে। তন্মধ্যে মগধ রাজ্যাধিপতি অশোক রাজার মহাসভা সর্বাপেক্ষা প্রসিদ্ধ। এই অশোক রাজা গ্রীকদের সাক্রাকোতস্ (চক্রগুপ্তের) পৌত্র;

পাটিলিপুত্র (পাটনা-) ইঁহার রাজধানী। অশোক রাজার পূর্ব্বে ছইটি বৌদ্ধ সভা হয়। বৃদ্ধের মরণোত্তর অনতিকালবিলম্বে ুরাজগৃহে রাজা অজাতশক্র আশ্রয়ে ইহার প্রথম সভায় বৌদ্ধ-শান্ত্র প্রস্তুত হয়। ঐ শাস্ত্র তিন প্রকার ;—স্ত্রপিটক (বুদ্ধের কথাৰান্তা), বিনয়পিটক (ব্যবহার ধর্ম) ও অভিধর্মপিটক ( দর্শনশান্ত্র ); এই তিনের সমবেত নাম ত্রিপিটক। ভারত-বর্ষের ভূপতিগণের মধ্যে প্রথমে প্রকাশ্যভাবে মগধরাক অশোক খুষ্টপূর্ব তৃতীয়শতাকীতে বৌদ্ধর্ম অবলম্বন করেন। তাঁহার উৎদাহ প্রভাবে বৌদ্ধধর্মের সমধিক প্রীবৃদ্ধি সম্পাদিত হয়। তাঁহার অনুশাসন লিপি সকল প্রোথিত স্তম্ভ, গিরি ও গিরিগুহার খোদিত, কাবুল নদীর উত্তর হইতে দক্ষিণে মহীশুর পর্যান্ত -পুর্বের উড়িষা হইতে পশ্চিমে গিরনার (কাঠেওয়ার) পর্যান্ত-পূর্বাপর তোধনিধির মধান্ত সমুদর ভারতবর্ধে প্রক্রিপ্ত রহিয়াছে। এই সকল লেখ আবিষ্কৃত ও অর্থ সহিত অমুবাদিত হইয়াছে। এই সকল অনুশাসন পত্রে অশোকরাজার স্বধর্মা-মুরাগ, উদার নিঃস্বার্থতা, দয়া দাকিণা অহিংসাদি গুণের যে . দেদীপ্যমান প্রমাণ পাওয়া যায়, তাহা হইতেই আমরা ব্বিতে পারি কেন তিনি ধর্মাশোক নামে বিখ্যাত হইলেন। তাঁহার একটি খোদিত স্তম্ভ বৃদ্ধদেবের জন্মভূমি কপিলবাস্তর চিহ্ন স্বরূপ নির্ম্মিত হয় তাহা তিন চারি বংশর হইল আবিষ্কৃত হইয়াছে।

তৃতীয়তঃ, দেকদর সা'র ভারত আক্রমণের পর হইতে যে কম্মেক জন গ্রীস দেশীর লোক ভারতবর্ষ পরিদর্শনার্থ আগমন করেন, তাঁহাদের লিখিত বিবরণ হইতে তৎকালবর্তী ধর্ম ও রীতি নীতি বিষয়ক কিছু কিছু জ্ঞানলাভ হয়। ইহাদের মধ্যে

থীক্ যেগান্থিনীস একজন প্রসিদ্ধ । তিনি প্রসিধ্য গৃষ্টাকের
০০০ বংসির প্রের নাগধ রাজধানী পাটলিপুত্রে কিরংকাল বাস
করেন এবং তাঁহার সমসাময়িক ভারতের সামাজিক অবস্থাবৃত্তান্ত অল্ল বিশুর লিথিয়া থান। তিনি রাহ্মণ ও প্রমণ এই ছুই
শ্রেণীর লোকের বিষয় উল্লেখ করেন; এবং বৌদ্ধদের কথা
প্রসঙ্গেল বলেন, যে কতকগুলি শ্রমণ অর্থাৎ সন্ন্যাসী কেবল দরা—
ধর্ম্মের অন্থটান উদ্দেশে লোকের চিকিৎসা করিয়া বেড়ান;
কাহার নিকট কিছু গ্রহণ করেন না; অপর কতকগুলি ধর্মাপ্রচারক লোকদিগকে নরক ভয় প্রদর্শন পূর্বক ধর্মোপদেশ
প্রদান করেন। কোন কোন সংস্কৃত নাটক হইতে এই
বাক্যগুলির সত্যতার পোষকতা প্রাপ্ত হওয়া যায়।

চতুর্থতঃ, চীন পরিব্রাঞ্জদিগের শুষণ বুজান্ত। চীনদেশীয় অনেক তীর্থবাত্তী তীর্থপ্রমণ উদ্দেশে খৃষ্টান্দের একাদশ শতান্ধী পর্যান্ত ভারতবর্ষে আগমন করেন। বুদ্ধ গয়াতে তাঁহাদের খোদিত লিপি বিদ্যানান আছে ও তাহার মধ্যে অনেকের নামপ্ত সান্নবিষ্ট রহিয়াছে। এই সকল বাত্রীর মধ্যে ফাহিয়ান ও হিউ-এন সাং আমাদের বিশিষ্টরূপে পরিচিত। তাঁহাদের আগমনের পূর্বে ভারতবর্ষীয় বৌদ্ধ সম্প্রদায়ের সবিশেষ বৃত্তান্ত কিছু প্রাপ্ত হওয়া যার না। এই শতান্ধীর প্রত্নতন্ত্ব সম্বনীয় যে মহান্ আবিক্রিয়া—বৃদ্ধন্ত বিবরণই তাহার সাধনীভূত। ফাহিয়ান এম খুষ্টাব্দের কিথিত বিবরণই তাহার সাধনীভূত। ফাহিয়ান এম খুষ্টাব্দে স্বদেশ হইতে যাত্রা করিয়া ৪১৪ খুষ্টাব্দ পর্যান্ত তীর্থ শ্রমণ করেন এবং হিউএন্ সাং ৬৩০ খুষ্টাব্দ হইতে ৬৪৫ খুষ্টাব্দ পর্যান্ত পরিক্রমণ পূর্বেক ভারতবর্ষীয় হিন্দু ও বৌদ্ধ উভয়ধর্ম্ম

শংক্রান্ত নানা বিষয় লিথিয়া বান। তাঁহারা উভয়েই-গান্ধার, ভক্ষিলা, মথুরা, কান্তকুজ, শ্রাবস্তী, কপিলবাস্ত, বৈশালী, মগধ, পাটলিপুত্র, নালন্দ, রাজগৃহ, গয়া, বারাণদী, তাত্রলিপ্ত, কোশল 🗷 ছতি বিবিধ স্থানন্থিত বিহার ও বিহারবাসী বহুসংখ্যক ভিক্ মণ্ডলী দশন করেন। হিউএন্ সাং তদতিরিক্ত প্রয়াগ, সারনাথ, উৎকল, কলিন্ধ, ভরোচ, মালব, উজ্জিয়িনী, দাবিড়, কাঞ্চীপুর, মলম্ন, কোঙ্কণ, গুজরাট, কচ্ছ, মুলতান, থানেশ্বর, প্রভৃতি বিবিধ স্থান পরিভ্রমণ পূর্বক প্রায় সমগ্র ভারত ভূমিতেই বৌদ্ধর্ম প্রচর্লিত দেখেন। কিন্তু ফাহিয়ানের সময় অপেক্ষা তাঁহার সময় এ ধর্মে কিয়ৎ পরিমাণে হীন দশা উপস্থিত হইয়াছিল দেখা यात्र। काश्त्रिमान रामान्य रवीक जीर्थ ও रवीक स्मरान्यत्र कार्या স্ক্রেরপে প্রচলিত দেখেন, হিউএন্সাং তাহার মধ্যে অনেকা-নেক স্থান ও তদতিরিক্ত অন্ত অন্ত বহুতর বৌদ্ধকেত্র ভগ্ন, ভগ্নপ্রায়, বা একেবারে শৃস্ত দেখিতে পান এবং কোন কোন श्रान क्रमभः दोक्तधर्त्मत्र वक्षन श्रहेरा निर्मुक श्रेषा शिन्नुधर्त्मत्र অধীন হইতেছে দেখিয়া বান। ঐ সময় হইতে খৃষ্টাব্দের একাদশ শতাকী পর্য্যস্ত ক্রমশঃ বৌদ্ধধর্মের অবনতি। সপ্তম শতাকীতে কান্তকুজাধিপতি খ্রীহর্ষ পূর্ববাবলম্বিত বৌদ্ধর্ম পরিত্যাগ করিয়া জৈনধর্ম গ্রহণ করেন। ঐসময়ের পর যে জৈন সম্প্রদায়ের প্রাহর্ভাব হয়, মহীশ্র, বিজয় নগর, আবু প্রভৃতি অনেক স্থানের খোদিত লিপিতে তাহার স্বস্পত্ত প্রমাণ প্রাপ্ত হওয়া ্বায়। তাহাদের যেমন উন্নতি হইতে লাগিল, বৌদ্ধসম্প্রদারের সেই রূপ ष्यवनि हरेबा यात्रिण। अमिरक यावात हिन्दूधर्य उाँहात সহস্রবংসরব্যাপী বুমঘোর হইতে উত্থান করিয়া বৌদ্ধর্মের

উচ্ছেদ-সাধন-ত্রতে কটিবদ্ধ হইলেন। খৃষ্টাব্দের দ্বাদশ শৃত্যাকী শেষে এবং তাহার পরেও কিছুদিন বৌদ্ধেরা যদিও ভারতক্ষ বিদ্যমান ছিলেন, কিন্তু নিতান্ত অবসন্ন হইয়া পড়েন সক্ষেত্র নাই। চতুদিশ শতাব্যীতে বৌদ্ধধর্ম একেবারে অন্তর্হিত বেকিং হয়।

পণ্ডিতপ্রবন্ধ কুমারিল ভট্ট এবং শঙ্কর ও রামান্ত্রক এই প্রনক্ষণীপ্ত হিল্প্র্য প্রণালীর প্রধান প্রবর্ত্তক। কুমারিল ভট্ট বৌদ্দস্প্রদারের একজন প্রবল বিপক্ষ ছিলেন। তিনি ,সন্তব্যঃ খৃষ্টায় অষ্টম শতাক্ষীর প্রথমার্কে বর্ত্তমান ছিলেন। তিনি নিজ গ্রন্থে পুনঃ পুনঃ বৌদ্ধ-মতের প্রতিবাদ করেন এবং থৌদ্ধদের প্রতি যারপর নাই বিষেষ প্রকাশ করিয়া যান। বেদভাষ্যকার স্থবিখ্যাত সাম্বণাচার্য্যের লাতা মাধবাচার্য্য লিখি-য়াছেন, কুমারিলের সহায়ভূত স্থধনা রাজা বৌদ্ধসম্প্রদান্ধ সংহার উদ্দেশে এই আদেশ প্রচার করেন যে,—

আসেতোরাত্যারাদ্রে বৌদ্ধানাং বৃদ্ধবালকান্।
ন হস্তি যং স হস্তব্যো ভৃত্যানিত্যপ্রশাম্পং॥
রাজা স্বকীয় কার্য্যকর্তাদিগকে আদেশ করিলেন, একদিকে
সেতৃবদ্ধ রামেশ্বর, অপরদিকে হিমালয় পর্বত, ইহার মধ্যে
আবালবৃদ্ধ যত বৌদ্ধ আছে সকলকে সংহার কর। যাহারা
বধ না করে, তাহারা বধ্য।

শঙ্করাচার্য্য কুমারিলের উত্তরকালীন লোক, তিনিও বৌদ্ধবিদ্বেষী বলিয়া প্রখ্যাত। যেরপে তিনি হিল্পুসমাজে ধর্ম্ম-বিপ্লব উপস্থিত করেন, তাহা প্রসিদ্ধই আছে। শ্রীযুক্ত অক্ষম-কুমার দত্ত তাঁহার প্রণীত ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায় নামক শিবেষণা ও পাণ্ডিত্য পূর্ণ গ্রন্থে শঙ্করের কালনির্ণয় সম্বন্ধে যাহা কিথিয়াছেন, তাহা যুক্তিনঙ্গত বোধ হয়। তিনি বলেন, চীনদৈশীয় তীর্থয়াত্রী হিউএন্ সাং সপ্তম পৃষ্টাব্দের প্রথমার্দ্ধে
ভারতবর্ষে অনেক বর্ধ অবস্থিতি করিয়া সর্বস্থান পরিভ্রমণ
পূর্বাক ভারতবর্ষীয় জ্ঞান, ধর্ম ও অন্ত নানাবিষয়ে যেরূপ
সবিশেষ বর্ণন করেন, তাহাতে ঐ সময়ে বা তাহার কিছু পূর্বের্ম মদি হিল্পুনমাজে তাদৃশ ধর্মবিপ্লব সজ্মটিত বা আন্দোলিত হইত,
তাহা হইলে তাঁহার ভ্রমণ বিবরণে সে বিষয়ের প্রসঙ্গ না
থাকা কোন রূপেই সঙ্গত নয়। যথন ঐ ভ্রমণ বিবরণে সেরূপ
ধর্মান্দোলনের কিছুমাত্র নিদর্শন নাই, তথন ঐ সময়ের উত্তর
কালে কোন সময়ে শঙ্করাচার্য্যের প্রাত্তাব সর্বতোভাবে সম্ভব।
যতদূর জানা গিয়াছে শাঙ্কর ভাষা রচনার কাল খৃষ্টাব্দ ৮০৪।

# তৃতীয় পরিচ্ছেদ।

## দর্শন, নীতি, পরকাল ও নির্বাণ।

উপরে বৃদ্ধের জীবন-বৃত্তান্ত সংক্ষেপে বর্ণিত হইয়াছে;
এখন বৌদ্ধধর্মের সংক্ষিপ্ত সমালোচনাম প্রবৃত্ত হওয়া যাক্।
শাকাম্নি প্রবৃদ্ধ হইয়া যে কার্য্যকারণস্থাল (ছালুশ নিলান)
ধ্যানযোগে উপলব্ধি করেন, তাহার অর্থ কি ? এই দামশ

নিদানের অনুক্রম একের পর এক যে হইতে যাতারঙঃ শয়ন তাহা কতদ্র যুক্তিসঙ্গত, তাহা সাধাসার ছঃখনে কথন মোটাম্ট এই দেখা যাইতেছে যে অবিদ্যা শীর্ষস্থানে ক্রক নুজ-অবিদ্যাই ছঃখোৎপত্তির মূল কারণ বলিয়া নিরূপিত হং-বি-বেদাস্ত-দর্শনের সহিত এই বিষয়ে বৌদ্ধশান্ত্রের ঐক্য দেখা যাইতেছে। বেদান্ত মতেও অবিদ্যা হইতে তাবৎ ভবযন্ত্রণার উৎপত্তি। এই মহারিপু দমন করা উভর শাস্ত্রের উদ্দেশ্য। তবে বেদাস্তের অবিদা৷ আর বুদ্ধের অবিদ্যা এক নহে। देवनांखिटकता वरनम, कीव ও ब्राय्यत मर्था এই व्यविनांत्रहे ব্যবধান। এই ব্যবধান দূর হইলে "সোহহুম্" বলিয়া যে অভেদ জ্ঞান জন্মে, তাহা হইতেই জীব ব্রহ্মে একীকরণ সংঘটিত হয়। অবিদ্যা হার। আচ্ছাদিত ব্রন্ধই জীব। অবিদ্যারপ্ল আবরণের উচ্ছেদ হইলে জীব ব্রহ্মস্বরূপ প্রাপ্ত হন। সেই আবরণচ্ছেদই মুক্তি। বুদ্ধের অবিদ্যা স্বতন্ত্র, ব্রহ্মবিদ্যার সহিত তাহার কোন সম্পর্ক নাই। অবিদ্যা সেই, যাহা ুষীবনের প্রকৃত তত্ত্ব স্বীবের নিকট হইতে প্রচছন করিয়া রাখে —সেই যত অনর্থের মূল। যদি কোন ব্যক্তির রজ্জাতে সর্পত্রম হয়, তাহা হইলে দে ভ্রম যতক্ষণ থাকে, ততক্ষণ সে অকারণ দর্শভয়ে ভীত, দেই ভ্রম অপনীত হইলে দর্শভয়ও দুর হয়— এও সেইরপ। এই অবিদ্যার অপগমে হু:থোৎপত্তির বাস্তবিক কারণ আমাদের জ্ঞাননেত্রে প্রতিভাত হয়। সেই কারণ কি-না ব্ৰিয়ত্ত্বা—তৃষ্ণা হইতে <u>আসক্তি</u>—আসক্তি হইতে <u>জন্ম</u>— তাহার সঙ্গে সঙ্গেই রোগ শোক হুংথ কট্ট। এই জন্মবন্ধন रहेर**७ मूक १** अत्राहे मूकि। अतिका। वृत हहेरन जाहात नीराह

#### वोक्षधर्य ।

ুটিয়া বায়; এক কথায়, আমার আমিছ
বন্ধন ছিল হয়, এবং নির্বাণপথ উন্মৃক্ত হয়।
াপ্ত হইবার পর বৃদ্ধনেব যে চতুর্মুলাসতোর উপদেশ
, তাহাই বা কি 

ইহাতে ন্তন কথা কিছুই নাই।

ত লীবের ছঃখ (২) ছঃখের কারণ (৩) ছঃখের ম্লোভেল (৪) তাহার উপায় নির্দারণ এবং উপায় চেষ্টা।
উপায় নির্দারণ করিতে গিয়া আছু মহামার্গ্রপ বৌদ্ধ নীতিশাস্ত্র বির্ত হইয়াছে।

বৌদ্ধর্ম ও সাংখ্য মতের অনেক বিষয়ে পরস্পর একা দেখিয়া অনেকে বৌদ্ধ ধর্ম সাংখ্য মত হইতে উৎপন্ন বিবেচনা करतन। आवात (कह (कह दालन, काशिल माःशामर्गन এই বৌদ্ধ শাস্ত্রের অনুদর্শন। কপিল 🗸 বৃদ্ধ উভয়েই <u>্নিরীশববাদী। বৌদ্ধ ও সাংখ্য উভয় মতেই সংসার নিরু-</u> ৰচ্ছিল তু:ধুমুম ; সেই ছ:খ হইতে জীবের পরিত্রাণ সাধন চেষ্টা ঐ উভন্ন মত প্রবর্তনেরই মূলস্ত্র। বুদ্ধের জন্মস্থান किनिवास, वृत्कत्र माजात्र नाम मात्रा ( श्रक्ति )। এ इटेंगि সাংখ্য মতের পরিচায়ক। বৌদ্ধদের এইরূপ এক উপাখ্যান चাছে যে বৃদ্ধ পূর্ব জন্মে কপিল ছিলেন। শাকাবংশীয় নুপতিরা আপনাদের নগর নির্মাণের স্থান-নিরপণ করিতে গিয়া কপিল ঋষির কুটীর দর্শন ও তাঁহার সহিত সাক্ষাৎ করিলে পর, তিনি তাঁহাদিগকে একটি স্থান নির্দেশ করিয়া मिरानन, त्मरे द्यारन नशत निर्मिष्ठ इरेरान, कशिरानत नामा-सूत्रादि जाहात नाम किनिवास हरेन। ति वाहा रुपेक, এই উভয় মডের বেমুন সৌদাদৃশ্য আছে, তেমনি অনেকাংশে

### বৌদ্ধধৰ্ম।

ভিন্নতা ও দৃষ্ট হয়। উভয়েই একস্থান হইতে যাত্রার রাছেন, উভরের ছাড়িবার স্থান এক—মুমুরোর ছুঃধ্য কিন্তু গ্<u>মাস্থান স্বতন্ত্</u>ত এবং গস্তব্যপথ্<u>ত</u> অনেক ঐকান্তিক ছঃখ নিবৃত্তি উভয়েরই লক্ষ্য কিন্তু সে লক্ষ্য ি সিদ্ধ হয় ? কপিল মুনি তুইটি মূলতত্ত্ব মানিয়াচলেন, প্রক্লা আর প্রুষ। সম্বরজন্তমোগুণাত্মিকা প্রকৃতি নর্ত্তকীর ন্যাই পুক্ষের সম্মূথে সুংসারত্ত্বপুমায়ার খেলা খেলিতেছেন, পুক্ষ নিজ্বদর্পণে তাহা দর্শন করিতেছেন। প্রকৃতির এই মারাময়ী প্রিতিক্বতি অপসারিত করিয়া, প্রকৃতির অজ্ঞানরচিত আবরণ জীৰ্ণ বন্ত্ৰের ভাষ ফেলিয়া দিয়া পুৰুষ বধন প্ৰকৃতি হইতে স্বতন্ত্র রূপে আত্মস্বরূপ দাক্ষাৎ উপলব্ধি করেন, তথন দেই মারার খেলা থামিরা যার; তথনি তিনি ছঃখক্লেশ, জন্মমৃত্যু হইতে মুক্তিলাভ করেন। বৃদ্ধ এ সকল তত্ত্বের উল্লেখ করেন নাই। বুদ্ধের রাজ্যে পুরুষের অন্তিত্ব নাই। তিনিও বলেন সকলি অনিত্য--সকলি ক্ষয়শীল--সকলি তুঃখময়; কিন্তু এই ুপরিবর্জনশীল নামরূপের মৃলে সত্যবস্ত কিছুই নাই। বুদ্ধের গমাস্থান নির্বাণ---বেদান্তের ত্রদ্ধজ্ঞানও নহে--- সাংখ্যের স্ক্রাক্র-ভবঁও নহে-কিন্তু নির্বাণ, যার মূলার্থ নিবিয়া যাওয়া-অন্য কথার, জীবাত্মার অন্তিত্ব লোপ। তাঁহার মতারুযায়ী এই নির্বাণ মুক্তি কি, তাহা পরে সবিশেষ আলোচিত হইবে। কিন্তু বৃদ্ধ নিজে ধাহাই বলুন, তাঁহার অফুচরের তাঁহাৰ নামে যে দৰ্শন-তত্ব প্ৰচার করিয়াছেন, তাহা শৃস্তবাদ বই আর কিছুই নহে। আমিও মিথ্যা, জুপুৎও মিথ্যা, क्शरंखक मृगकार्ग जेयब श्रिशा।

#### विकथर्भ ।

কগুলি দার্শনিক তত্ত্ব ও বিশেষ বিধান ছাড়িয়া দেখা যায় যে বৌদ্ধধর্ম মহুষ্যের প্রকৃতিমূলক সহজ্ঞ তি ভিন্ন আর কিছুই নহে। বৃদ্ধদেব জায়, স্তা, গোদি নীতির প্রাধান্ত প্রদর্শন করিয়া ও সেই সমুদায়ই নিবকুলের দলাতি সাধক বলিয়া তদীয় অনুষ্ঠানের ব্যবস্থা দেন। খ্রীষ্ঠ ধর্ম্মের ন্যায় বৌদ্ধ ধর্মেও দশান্ত্শাস্ন প্রচলিত, তক্মধ্যে গৃহস্থ সাধারণের জন্ত এই পাঁচটি নির্দেশিত আছে—

- ্ৰে বৃধু করিও না।
- অপহরণ করিও না।
- ্ ব্যভিচার দোষ করিও না।
- ্ৰ মিথ্যা কহিও না।

#### ঃসুরাপান করিও না ∤

ভিক্দের জন্ত তদতিরিক্ত অপর পাচটি ব্যবস্থা আছে;
যথা, ছিকালভোজন, নাট্যাদি দর্শন, উত্তম পরিচ্ছদ, প্রশস্ত
শ্বা, বুল রোপ্যাদি দান গ্রহণ, এই পঞ্চ ব্যসন হইতে
বিরতি। উচ্চশ্রেণী ভিক্দ্দের জীবনত্রত যারপর নাই কঠোর।,
শ্রশানে যে সকল ছিল্ল বস্তাদি ক্ডাইয়া পাওয়া যায়, তাহা
আপন হত্তে সেলাই করিয়া পরিতে হইত; তাহার উপর
এক গেরুয়া বসন। আহার যত সামান্ত সাদাসিধা হইতে
পারে, আর হারে হারে ভিক্লা করিয়া তাহাদের ভিক্লাপাত্রে
যাহা কিছু সংগ্রহ করিয়া আনিতে পারে, তন্তিল্ল অন্তোপায়ে
ধনোপার্জন নিষিদ্ধ। দিনের মধ্যে একাহার, মধ্যাহ্লের পর
আহার নিষেধ। বনই তাহাদের আশ্রম, বৃক্ষতল তাহাদের
আশ্রের স্থান। সেধানে বড় জোর আসন বিছাইয়া বসিত্তে

পার, কিন্তু কলাপি শরন করিবে না—নিদ্রার সময়েও শয়ন
নিষেধ। নিদ্রা ঘাইবে সেও বিসিয়া বসিয়া। য়িদ কথন
গ্রাম কিন্তা নগরে ঘাইতে হয় সে কেবল ভিক্ষার জন্তু—
সন্ধ্যার পূর্বের আবার আশ্রমে ফিরিয়া আসিতে হইবে—
কথন কথন শ্রশানে গিয়া সংসারের অসারতা চিন্তা ও ধ্যান
মননে রাত্রি যাপন করিবে—এই প্রকার কত কঠোর
তপশ্চর্যায় রত থাকিয়া বৌদ্ধ ভিক্ষু 'আহর্ৎ' পদবী লাভের
অধিকারী হইতেন!

উল্লিখিত দশামূশাদনে যে সকল পাপকার্যা নিষিদ্ধ, তদ্বা-তীত কাম, ক্রোধ, লোভ, অহঙ্কার, পরনিন্দা, পরপীড়া প্রভৃতি মনুষ্যের সর্ব্ধপ্রকার কুপ্রবৃত্তির বিক্রদে বৌদ্ধর্মের উर्পদেশ ও বিধান আছে। যে সমস্ত ধর্মনীতি পালনীয়, তাহা পিতভক্তি, গুরুভক্তি, মেহ, দয়া, অহিংসা, চিত্তের देश्रा, देश्या, क्रमा। वृत्कत डेलाल्म এই, मछा ও প্রিয়বাকা कहिरत, काहारता हिश्मा कतिरत ना । माधुकात बाता व्यमाधूरक ⊾পরাজ্য করিবে, সত্যদারা অসত্যকে পরাজ্য করিবে, মৈত্রী গুণে শত্রুতা পরাভব করিবে। হিন্দুশান্ত্রের মতে প্রায়শ্চিত্ত ও যাগ যজের অনুষ্ঠান দারা পাপের বিমোচন হয়: কিন্ত বুদ্ধ তাহা অস্বীকার করিয়া উপদেশ দেন, কান্নমনোবাক্যে! সর্বজীবে দয়া প্রকাশ ও তদীয় হিতাতুষ্ঠান ব্যতিরেকে मलाजि नास्त्रत व्यना छेलाव नाहै। हिन्दूधर्य काजिएल्या न উপর প্রতিষ্ঠি। বৃদ্ধ প্রচারিত ধর্ম দেশগত, জাতিগত नरह; हेश मञ्चा कूलात अजातिम् नांशात्र धर्म; कि हिन्तू, कि शृष्टीन, कि मूननमान, क्टिश अध्यात विद्यारी नहि। प्रः

ক্লেশ ব্রাহ্মণ শূদ দকল মহুষ্যেরই ভাগধেয়। গৌতম প্রদীশিত . নির্বাণপথের যাত্রীদিগের মধ্যে কোনরূপ জাতিবিচার নাই। বৌদ্ধর্মে জাতির মহত্ব নাই। জাতিতেদে মনুষো মনুষো যে, পার্থক্য দে কল্লিত, কিন্তু গুণ ও কন্মামুদাবেই রথার্থ পার্থক্য। গ্রাহ্মণ শূদ্র জন্মিয়াই হয় না. কিন্তু কর্মগুণে। যিনি সদাচারী, ভদ্ধাচারী, তিনিই ব্রাহ্মণ। অজ্ঞানান্ধ পাণকারীই শুদ্র। যে বাক্তি লোভী, ক্রোধপরায়ণ, হিংসারত, দয়ামায়। শ্রী, দেই চণ্ডাল। মালা চলন ভশ্মলেপন যাগযক্ত প্রভৃতি কতকগুলি বাহ্ অনুষ্ঠানের দারা ব্রাহ্মণ হয় না। যিনি সংযত ও জিতে দ্রিয়, যিনি কাম ক্রোধ প্রভৃতি রিপুদল স্বৰশে আনিয়াছেন, সংসারাসক্তি পরিত্যাগ করিয়া স্বাধীন হইয়াছেন, তিনিই বাক্ষণ। ইতিপুর্কে চতুম হাসত্যরূপ ধর্ম-চক্রের কথা উল্লেখ করা গিয়াছে, তাহাই বৌদ্ধ ধর্মনীতির প্রধান আক । বারাণসীতে বুদ্ধদেব সেই তাঁহার প্রথম উপদেশে যে নির্কাণমুক্তির আদর্শ ভক্তমগুলীর সন্মুথে ধারণ করিয়াছিলেন, সেই নির্বাণ পথের চারিটি বিভাগ বা ধাপ, শ/জাছে এবং কাম কোঁ

ই লাভ প্রভৃতি দশরিপু সে পথের বিম্নকারী; সেই রিপুদল দমন করিতে করিতে পথিক এক এক ধাপে উপনীত হন ও সমস্ত রিপুর উপর জয়লাভ না করিলে গম্ভানে পৌছান যায় ন।। তল্পধ্যে তুইটি ভর্মকর শত্রু, 'রূপরাগ' এবং 'অবরপরাগ'—এক বিষয়-বাসনা, অপর স্বর্গ-কামনা,--এ ছুইই অনর্থের মূল। শেষ-ভাগে পৌছিয়া মৈত্রীর সহিত মিত্রতাবন্ধন হয়। সকল धर्मात मिरवारमर्म-मर्स्साक मिथरत त्थ्रम ५ रेमबी छात्।

মৈত্রী ভাবের দৃষ্ঠান্ত মাত্রেছ। মাতা যেমন সন্তানকে প্রাণ দিয়াও পোষণ করেন, সেই উদার গভীর মাতৃপ্রেম—
যে প্রেম শক্র মিত্র আত্ম পরে সমান—শ্ব প্রেমের ভেরীনিনাদ দিখিদিক পরিব্যাপ্ত হইয়া পৃথিবীকে স্বর্গতুলা করে,
সেই প্রেম বিতরণের জক্ত মর্ত্রালোকে বৃদ্ধদেবের আগমন।
ে কৈদের বিশাস এই যে এই সার্ক্রভৌম মৈত্রীভাব জগতে
বিস্তার উদ্দেশে ভবিষাতে মৈত্রেয় নামক অন্ততর বৃদ্ধের
উদয় হইবে।

বৌদ্ধ শান্তে দয়া মান্না, ধৃতি সংবম, স্থার্থত্যাগ, পরো-পকার, এই দকল গুণের দুধান্ত স্বরূপ স্থানেকানেক নীতিকথা আছে তাহার একটি বলিয়া এই ভাগ শেষ করি। এট অশোক রাজার পুত্র কুনালের আখ্যান; কুনাল-চরিত্র ক্ষমা ও সহিষ্ণুতা গুণের দৃষ্টান্তস্থল। তাঁহার বিমাতা তিযা-রক্ষিত। তাঁহার প্রীদোভাগ্য দর্শনে ঈর্বান্থিত। হইয়া তাঁহাকে দুর দেশে নির্মাসন করিয়া দেন ও তথাকার রাজ-ুকর্মচারীর প্রতি কুমারের চক্ষুদ্র উৎপাটন করিয়া ফে**লা** হয় এইরপ রাজনামান্ধিত এক আর্ক্তাপত্র প্রেরণ করেন। কেহ এই অংঘার ক্বতা করিতে প্রস্তুত হয় না, অবশেষে একজন নির্দয় নিষ্ঠর চণ্ডালের সাহাযো এই নৃশংস কার্য্য অনুষ্ঠিত হয়। যথন সেই ঘাতক সাঁড়ানী দিয়া তাঁহার ছই চকু একে একে টানিয়া ছিঁড়িয়া ফেলিল তথন লোকেদের মধ্যে হাহাকার পড়িয়া গেল কিন্তু রাজকুমার একটি কাতর শব্দ করিলেন না-চক্ষু ছটি হাতে লইয়া কহিলেন ''আমার চৰ্ম-চকু গেল তাহাতে কি <sup>০</sup> এখন আমার জ্ঞান-চকু

ফুটিল। রাজা আমাকে পরিত্যাগ করিলেন কিন্তু আমার রাজাধর্ম, তিনি কথন আমায় পরিত্যাগ করিবেন না। রাণী এই কার্য্যের আদেশ করিয়াছেন শুনিয়া কহিলেন, "মহা-রাণী আমার এত উপকার করিয়াছেন, তাঁর মঙ্গল হউক। আমি চক্ষ্ হারাইয়াছি সত্য কিন্তু যে ক্ষমা কারুণা শিক্ষা করিয়াছি সেই আমার মহংলাভ, তার তুলনায় এ ক্ষতি কিছুই নছে।" পরে তিনি ভিথারীর বেশে তাঁহার পিতার রাজধানীতে উপনীত হইলেন। একরাত্রে রাজবাটীর সন্মুথে বীণা বাজাইয়া গান করেন, রাজা শুনিয়া তাঁহাকে ডাকিয়া পাঠাইলেন। সেই অন্ধকে দেখিয়া পুত্ৰ বলিগা চিনিতেই পারিলেন না। পরে সবিশেষ ব্তাস্ত শ্রবণ করিয়া রাজা রাগে জ্বলিয়া উঠিলেন, রাণীকে বধ করিতে উদ্যত। কুনাল অনুনর বিনয় করিয়া কহিলেন ''মহারাজ ৷ এমন কর্ম্ম করিবেন না, স্ত্রী হত্যা মহাপাপ। তথাগত উপদেশ দিয়াছেন, ক্ষমাই পরম ধর্ম, ক্ষমার পর আর গুণ নাই। আরো নিবেদন করিলেন, "মহারাজ! আমার কোন কন্ত নাই। যিনি আমার উপর এইরূপ অত্যাচার করিয়াছেন আমি তাঁহাকে দর্বাস্তঃকরণে ক্ষমা করিতেছি। তিনি আমাকে স্থুপ দিন, আর তুঃখ কষ্ট দিন, আমার কাছে এ হুইই সমান। মাতার প্রতি আমার প্রেম ভক্তি সমানই আছে। বদি আমার কথা সতা হয় আমার চকু যেন ফিরিয়া পাই।" তৎক্ষণাৎ তাঁহার চক্ষুদ্র কোটরে আদিয়া পূর্ববৎ জল জল করিয়াফুটিয়া উঠিল।

বৌদধর্শের অভিধর্ম ভাগ (দর্শন) ষতই ভ্রান্তিসঙ্কুল ও জটিল হউক না কেন, বুদ্ধের নীতি শিক্ষার উপর কেহই • দোষারোপ করিতে পারিবেনা। ঐতিক পারত্রিক অভ্যাদয় কামনা করিয়া যাগ যজ্ঞাদির অনুষ্ঠান দারা দেবতাদিগের তৃপ্তিসাধন করা যে নিতান্তই রুণা কার্য্য, আর আত্মপ্রভাবে ইন্তিয়ে মন দমন করিয়া এবং চরিত্র সংশোধন করিয়া দয়া ধর্ম অনুষ্ঠান করা যে শ্রেয়ঃ পথের একমাত্র দ্বার-এই কথাটার প্রতি বৃদ্ধদেব জনসাধারণের চক্ষু ফটাইয়া দিলেন। শুধু উপদেশ নহে, বৃদ্ধের মহৎ জীবন বৌদ্ধধর্মের প্রধান অবলম্বন। তাঁহার ধর্মোপদেশ যেরূপ মহান, ওাঁহার সাধু पृष्टीख जनत्थका मञ्छत । तुक्तत्मत्तत देशर्घा, मग्ना, माग्ना, ममैछा, প্রশান্ত গন্তীর ভাব, বৈমন ধ্যানস্থ বুদ্ধের প্রন্তর মৃত্তিতে, তেমনি ভক্তদিগের মানসপটে মুদ্রিত রহিয়াছে। বুদ্ধদেব পৃথিবীর মধ্যে একজন সর্ব্বোচ্চ শ্রেণীর ধর্মবীর ছিলেন সন্দেহ নাই। আমরা দেখিতেছি, তিনি ঘোর বিলাসিতার মধ্যে লালিত পালিত হইয়া পিতৃ-গৃহের অতুল স্থুথ সম্পত্তি কেমন অকাতরে পরিত্যাগ করিয়া লোক-হিতার্থে স্ন্যাস •অবলম্বন করিলেন, পরে সাত বৎসর কি স্কুতঃসহ তপঃসাধন-বলে বিশুদ্ধ ধর্মজ্ঞান উপার্জন করিয়া প্রবৃদ্ধ হইলেন এবং প্রায় অর্দ্ধশতাক ধরিয়া উপদেশ ও দৃষ্টান্তে ব্রাহ্মণ-শূদ্র-নির্কিশেষে জ্ঞান ধর্মে সাধারণ মনুষ্য জাতির সমান অধিকার ঘোষণা করিয়া কিরূপে ভারতে দেশ বিদেশে ধর্ম প্রচারে জীবন ক্ষেপণ করিলেন। তিনি যে কার্য্যের জন্ম পৃথিবীতে আদিয়াছিলেন, তাহা তিনি একাকী নিভীক চিত্তে. উদ্যমের স্থিত সমাধা করিয়া যথন শাস্ত সমাহিত চিত্তে. আনন্দমনে তাঁহার শিঘ্যবর্গের নিকট হইতে বিদায় লইয়া

পরিনির্কাণ লাভ করিলেন তথন আকাশবাণী হইল—হায় বৃদ্ধদেব অন্তহিত হইলেন—পৃথিবীর আলোক নিবিয়া গেল! বৃদ্ধ-জীবনের ছবি আমাদের সকলেরই মনশ্চকুর সমক্ষে প্রকাশমান রহিয়াছে।

বৌদ্ধনীতিশাস্ত্র অরাজক রাজ্য। বিশ্বসংসার অকাট্য নিয়মে বদ্ধ অথচ তাছার নিয়ন্তা নাই—ধর্মরাজ্ঞার কোন ब्राष्ट्रा नाहे। क्लाक्टलब वावश आह्य, किन्न दावशायक পুরুষ নাই। পুণোর কেহ পুরস্কর্তা নাই, পাপের শাস্তা নাই। দেবতা-প্রীত্যর্থ পশুবলি যাগ যজ্ঞ নিক্ষল, দেবারাধনা অনা-বশ্যক। বৌদ্ধধর্ম সাধনপ্রধান ধর্ম, তাহাতে ভজনের কোন व्यकात विधि वावका नाहे। वोक्षधर्यात छेशालम এह (य আত্মপ্রভাব দারা ইন্দ্রিয়গণকে জয় করিয়া অন্তঃকরণকে দ্বেষ হিংসা কাম ক্রোধ লোভ মদ মাৎস্থ্য হইতে বিনিম্ক্ত কর. তাহা হইলেই সিদ্ধিলাভ হইবে। সাধনেই সিদ্ধি कुक (भोक्ष्यभाषा मञ्जा" এই পুक्षकां दे आभारत मुक्तिभर्धद একমাত্র সম্বল। আমাদের আপনার মুক্তিসাধন আপনারই, হতে—আত্মপ্রভাবে এই মুন্তর ভবদাগর উত্তীর্ণ হইতে হইবে। বুদ্ধদেবের মৃত্যুশয্যার শেষ কথাগুলি তাঁহার চর্দ্ধর্য বীরত্বের পরিচয় প্রদান করিতেছে। তিনি ঐ সময়ে তাঁহার প্রিয় শিষ্য আনন্দকে সম্বোধন করিয়া বলিলেন :---

"ভাই আনন্দ, আমার জীবনের অশীতি বংসর অতীত হইয়াছে—দিন ফুরাইয়া আসিল, আমি এইক্ষণে চলিলাম। দেখ আমি আলু-নির্ভরে নির্ভরে চলিয়া ঘাইতেছি, ভোমরা দৃঢ়প্রতিজ্ঞ হও। তোমরাও আপনার উপর নির্ভর করিয়া চলিতে শেখ। তোমরা আপনারাই আপনার প্রাদীপ—
আপনারাই আপন নির্ভর-দণ্ড। সত্যের আশ্রের গ্রহণ কর—আপনা
ভির অক্ত কাহারে। উপর নির্ভর করিও না। আমি চলিরা
বাইতেছি দেখিরা শোক করিও না। আমার জীবন 'ধর্মা' ও
'সক্ত্য' ইহাতেই রাখিরা বাইতেছি। তাহা অক্ষর ও অবিনাশী।
দেই ধর্মা তোমরা প্রাণপণে পালন কর। সংসারের তৃঃখ কট্ট
হইতে পরিত্রাণের জন্ত আমি স্থবিজ্ঞা চিকিৎসকের স্তার
তোমাদের জন্ত ঔবধ আনিরাছি—সেই ঔবধ সেবন কর।
আমার উপদেশ মনে রেখাে, বাহার জন্ম তাহার মৃত্যু,
বার বৃদ্ধি তারই 'ক্ষর; সংসারের সকলি ক্ষরশীল,
সকলি অনিতা। ইহা জানিরা বৃদ্ধপ্রক তোমরা নিজ নিজ
মৃক্তিসাধন কর। এইরপে আত্মবলে আমার প্রদর্শিত
পুণাপণে চল—নিশ্বর তোমাদের কল্যাণ হইবে; তোমরা '
তৃঃখ শোক অভিক্রম করিরা জপার শান্তি ও নির্বাণরূপ অমৃল্য
নিধি লাভ করিবে।"

শানব প্রকৃতির উচ্ছেদকারী—মহুষ্য সমাজের উন্নতির প্রতিরোধী কোন এক অভিনব ধর্মপ্রণালী কালে নিশ্চরই অবদাদ প্রাপ্ত হয়। বাসনা-বিরহিত মহুষ্যে মিলিয়া মহুষ্য সমাজ গঠিত হয় না। ঈশ্বরবিহীন ধর্ম অধিক দিন ভিন্তিতে পারে না। মহুষ্য আপনা অপেক্ষা উচ্চতর দৈবশক্তির উপর নির্ভিয় না করিয়া ধর্মপথে চলিতে অক্ষম। আমরা এমন একজন জ্ঞানময় মদলময় পুরুষ চাই, যিনি আমাদের পূজাজনা গ্রহণ করিতে তৎপর—এমন রাজা চাই, যিনি আমাদিগকে সংসারের সমুদ্র বিশ্ব বিপত্তি হইতে উদ্ধার করিতে সমর্থ —

এমন স্থা, याँशांत्र निकटि आमारतत द्वर्थ कृत्थ निर्दर्शन করিয়া আমরা ইহলোকে স্থমতি-প্রলোকে স্থগতি লাভে সমর্থ হই। আধ্যাত্মিক জগতে আত্মপ্রভাব অতীব প্রয়ো-জনীয় সন্দেহ নাই, কিন্তু দেবপ্রসাদ ভিন্ন ধর্মের মূল শুফ হইয়া যায়; এই কারণে কাল সহকারে নিরীশ্বর বৌদ্ধেশ্বর যে অবস্থান্তর ঘটিয়াছে, তাহা আপনারা অবগত আছেন; তাহার জ্মভূমি এই ভারতভূমি হইতে তাহার বহিষ্ত হইবার কারণও এই। বেডিরা ঈখরের অন্তিত্ব অস্বীকার করিয়া নীতি প্রণালী যেমনই স্মাবিষ্ণত করুন, কিন্তু দেখা যায় অনেকানেক বৌদ্ধক্ষেত্রে ঘোর পৌত্রলিকতা বিলক্ষণ প্রশ্রম পাইয়াছে। যে বুদ্ধদেব ঈশ্বরের প্রসঙ্গ পর্য্যন্ত মুথে আনিতে কুন্তিত হইতেন, সেই বৃদ্ধদেবের মতাবলম্বী সাধকেরা তাঁহাতেই ঈশ্বরত্ব আরোপ করিয়া তাঁহার আরাধনায় প্রবৃত্ত হইলেন। "প্রতিমা পূজা, বৃদ্ধ প্রভৃতির অন্থি দ্পাদির অর্চনা এবং নানাবিধ যাত্রা **मरहा९मद अवार्य ह**िन्ना आमिरङह । काहियान शृष्टीरक्त **११ अध्य भेडाकोद्र अध्य अस्तिकार्तक वृक्ष अडिम्**डि (प्रिशं, যান। কেবল শাক্য বৃদ্ধ নয়, এক এক দেবালয়ে সভা সভা বৌদ্ধদেবতার প্রতিমূর্ত্তি প্রতিষ্ঠিত ও অর্চিত হইয়া থাকে।" এদিকে আমরা দেখিতে পাই যে বৌদ্ধেরা, নিরীশ্বর এরং **(मवळ्यमान इटेंटिक अ**ताञ्च्य – अमिटक (मिथ (य, व्योटकत्रा মনুষ্যপূজা এবং মূর্ত্তিপূজার আদি গুরু । বুদ্ধদেব যেমনি পৃথিৱী হইতে অন্তর্ধান করিলেন, তাহার ক্যিংপরে ভারতবর্ষের এক সীমা হইতে সীমান্তর পর্যান্ত শত স্থান শত দেবদেবীর প্রস্তর মূর্ত্তিতে পরিকীর্ণ হইয়া উঠিল, তার সাক্ষী ইলোরা,

অঙ্গতা, বওগিরি, প্রীক্ষেত্র।—বদ্ধ গ্রায় তারাদেবী ও ৰাগীৰৱী দেবী, বৈশালীতে ধ্যানী বদ্ধ অমিতাভ ও বোধিসৰ অবলোকিতেশ্ব, নালন্দ বিহারে অবলোকিতেশ্বর,তারা, ত্রিশিরা বজ্রবরাহী, বাগীশ্বরী ইত্যাদি অনেক স্থানে অনেকানেক বৌদ্ধ দেবদেবীর প্রতিমূর্ত্তি ও মন্দির অদ্যাপি দেখিতে পাওয়া যায়। দেবপ্রদাদ হইতে বিচ্ছিন্ন আত্মপ্রভাবের নির্ভিশয় কঠোর সাধনার যে বিসদৃশ পরিণান, তাহা আর এক দিয়া প্রতীয়নান হইতেছে। আমরা দেখিতে পাই যে ধর্মদাধন ক্রমে উচ্চ্ছাল হইয়া যথেচ্ছাচারিতায় পরিণত হইল। যথেচ্ছা-চারিতার বলে ক্রতিম দিদ্ধি উপার্জনের প্রণালীই তত্ত্ত-শাস্ত্র—কালক্রমে বৌদ্ধর্মের গণ্ডীর ভিতরে বিকট বীভৎস তান্ত্রিক ক্রিয়াকাণ্ড প্রবেশ লাভ করিল। "হিন্দু মতান্ত্যায়ী সিদ্ধ যোগীরা যেমন অণিমা, লঘিমা, ব্যাপ্তি প্রভৃতি আট প্রকার ঐখর্য্য লাভ করেন লিখিত আছে, সেইরূপ বৌদ্ধদিগেরও বিশ্বাস এই यে के मच्छेनाबी मिन्नवाक्तिता अल्पेष ऋप अलोकिक ুশক্তি প্রাপ্ত হইয়া অতীব অদ্তুত কার্য্য সমুদয় সম্পাদন করিতে ममर्थ इन , रामन वांग्रे मरशा मध्यत्रण, करलत्र छेशत शमनाशमन, গৃহ সম্বলিত পর্বাত ও সমুদ্র প্রকম্পন, পর্বাত ও পৃথিবীর गर्ड मर्नेन, टेव्हावेटन वांबू প्रवाह উৎপाদन, अधि धांत्रा आनिवन, নষ্ট বা গুপ্ত বিষয় উর্গার করণ ইত্যাদি।"

যদি জিজ্ঞাসা করেন বৌদ্ধশাস্ত্রের মূলতত্ব—তাহার বীজ্ঞমন্ত্র কি ? তাহার উত্তর "কর্মফল"। কতকগুলি দর্শনতত্ব হিন্দু ও বৌদ্ধর্মের সাধারণ সম্পত্তি—এ তত্ত্বটিও তাহারই মধ্যে। স্কৃতি ছন্ধতি অনুসারে জীবের সদস্যুক্তি হিন্দু শাস্ত্রেও এই শিক্ষা, এই

উপদেশ—ইহাতে বৌদ্ধর্মের বিশেষ্ড নাই। কেহ রাজ। क्ट गांवा व्हेत्रा क्वाधारण क्रिएड - क्ट धनी क्ट प्रतिक्र-কেছ স্থপক্ষান্তনে দিনবাপন করিতেছে, কেছ অকারণ কঠ ভোগ করিতেছে—অন্তায় উৎপীড়ন সহু করিতেছে; এরূপ ष्मवद्यादेवस्यात्र कांत्रण कि ? कीवरन এই इःथ माक, शांश তাপ. অস্তার অত্যাচার-এ দকলেরই মীমাংসা " কর্মফল"। ঐহিকে যে অমঙ্গলের কারণ অমুদদ্ধান করিয়া পাওয়া যায় ना, পূर्वजन्मक्र कनाकन, त्रहे त्रह्मा एउन करत-त्रहे প্রহেলিকার উত্তর বলিয়া দেয়। তবে এই কর্মের প্রাধান্ত বেমন বৌদ্ধর্মে, তেমন আর কুত্রাপি দৃষ্ট হয় না। তাহার মতে কর্মোদ্যমই জীবন-কর্মাই দেবতার স্থলাভিবিক বলিলেও অভ্যক্তি হয় না। আর সকলি করশীল, মৃত্যুর অধীন – কেবল কর্মবলের উপর মৃত্যুর কোন অধিকার নাই। বুদ্ধের উপদেশ এই ''যেমন বীজ বপন করিবে তাহার ফলও তদ্মুরূপ হটবে।" কর্মবন্ধন কেহই অতিক্রম করিতে পারেনা। আমরা যাহা কিছু দেখিতেছি, জানিতেছি, তাহা পরিবর্ত্তনশীল নামরূপ, মাত্র—ভৌতিক স্কগতে কোন বস্ত স্থির নহে, অধ্যাত্ম স্কগতেও কোন বস্তুর হারিছ নাই। দেহ পঞ্চত্তের সমষ্টি, আ্মা ক্তক-ঙালি গুণ ও সংখারের সমষ্টি: তাহাদের বাস্তব্য নাই। কর্মাই একমাত্র সভ্য পদার্থ, বিশ্বচরাচর কেবল কর্মসূত্রে বাঁধা। ৰালকের কর্মকল যুবার জীবনে প্রতিফলিত, বুবকের কর্মকন ব্ৰদ্ধের জীবনে প্রতিফলিত; সেইরূপ তোমার ঐহিকের কর্ম্মল भारतिक जीवान প্রতিফলিত हरेति। त्यम পূর্ব जाता कर्य-ফল তুমি ইহ জীবনে ভোগ করিভেছ, সেইরপ বদি পরলোকে

মলল চাও, তবে পাপকর্ম পরিহার কর। পুণাকর্ম অনুষ্ঠান কর, কেননা কোন চিন্তা, কোন বাক্য, কোন কর্ম এ পৃথিবীতে নষ্ট হয় না। অমি সত্য বলিতেছি স্বর্গ মর্ত্তা পাতাল যেথানে যাও, সমুদ্রে প্রবেশ কর অথবা গিরি গুহার পূকায়িত থাক, তোমার কর্মফল তোমার পশ্চাং ধাবিত হইবে—কিছুত্তেই তাহা হইতে নিস্তার নাই। তোমার পাপের ফল যেমন ছঃখ ভোগ, সেইরূপ তোমার পুণার স্ক্ষলভাগীও তুমি। বিদেশ হইতে গৃহে ফিরিয়া আদিলে তোমার আত্মীয় স্ক্রনবন্ধ যেমন তোমাকে আনলক অভ্যর্থনা করে, সেইরূপ তোমার পুণাকল লোক হইতে লোকান্তরে তোমাকে অনুসরণ করিয়া সাদরে আলিক্সন করিবে।"

এই ছলে বৌদ্ধর্মের পারলোকিক মত ও বিশাস একবার পর্যালোচনা করিয়া দেখা যাউক। মৃত্যু ও পরকাল সম্বন্ধীয় যে সকল প্রহেলিকা মানব হুদয়ে সভাবতঃ উদয়হয়, বৌদ্ধ ধর্ম শাস্ত্রে তাহার সমর্পক উত্তর সর্বাংশে উপলব্ধি হয় না। বৃদ্ধদেব মৃত্যুর পর জীবিত থাকিবেন কি না । ত্রুদদেব মৃত্যুর পর লাহার ত্রুদদেব সে সকলের যথানাধ্য উত্তর প্রদান করিয়াছেন—যাহার উত্তর নাই, তাহাও বিলিয়া দিয়াছেন।

মাল্ডাপুত্র যথন এই সকল তত্ত্বের জ্ঞানলাভ মানসে বুদ্ধের নিকট উপদেশ প্রার্থনা করেন তথন বুদ্ধদেব কহিলেন:— হে মানুখ্যপুত্ত—অমি কি কখন তোমাকে বলিয়াছি—"এস,
আমার শিষ্য হও—আমি তোমাকে বলিয়া দিব, জগৎ স্টু কি
অনাদি, দেহ আত্মা পরস্পর ভিন্ন কি অভিন্ন—বৃদ্ধ মরণোত্তর নবজীবন ধারণ করিবেন কি না ?—এই সকল সন্দেহ-ভঞ্জন করিয়া
উপদেশ দিব, অমি কি এমন কোন বচন দিয়াছি ?"

মালুখ্য-না, গুরুদেব, তা দেন নাই।

বুদ্ধ-এই সকল তত্তজান শিক্ষার উদ্দেশে কি তুমি আমাকে শুকু বলিয়া মানিয়াছ ?

. गोनुषा-ना, जोश नरह। - दुष्करमय कहिरनन-

এক ব্যক্তি বিষাক্ত বাণে আহত হইরাছিল। তাঁহার আত্মীর বন্ধণ একজন স্থনিপুণ চিকিৎসক ডাকিয়া আনিল। যদি সেই আহত ব্যক্তি বলিত—আগে আমাকে বল কার কার বাণে আমি আহত হইরাছি, বে বাণ মারিয়াছে সে লোকটাকে ? বাহ্মণ, ক্ষত্রির, বৈশু কি শুদ্র ? তাহার নাম কি ? নিবাস কোথার ? সে বাণই বা কি রক্ষের বাণ ? এই সকল প্রশ্নের উত্তরে কি কোন লাভ আছে ? ফলে এই দাঁড়াইত বে কথা শেষ হইতে না হইতেই সে বাণাহত ক্ষত ব্যক্তি কালগ্রাসে পতিত হইয়াছে দেখিতে পাইতে।

হে মানুঙাপুত্র, তুমি আহত হইরা আমার নিকট চিকিৎদার জন্ত আদিরাছ। তোমার আরোগ্যের উপযোগী যে ঔষধ তাহা আমি বলিরা দিয়াছি। আমি যাহা প্রকাশ করি নাই, তাহা অপ্রকাশিত থাকুক—বাহা ব্যক্ত করিয়াছি তাহা প্রকাশিত হউক। বৌদ্ধবেষকগণ এই মৌনভাব বশতঃ বুদ্ধের প্রতি দোষারোপ করিবে, তাহাতে আর বিচিত্র কি ? মিলিন্দ প্রশ্নে যবনরাজ মিলিন্দ এবং বৌদ্ধ সন্ন্যাদী নাগসেনের মধ্যে যে কথোপকথন আছে, তাহাতে বৃদ্ধদেবের এই মৌনভাবের কারণ
সমালোচিত দেখিবেন।

রাজা—শাকাম্নি বলিয়াছেন যে সকল ধর্মতক্ত মন্থ্যা বৃদ্ধির গোচর তাহা আমি অপ্রকাশিত রাখি নাই। তথাপি দেখা যায় যে মালুখ্যপুত্তের প্রশ্নগুলির উত্তর দিতে তিনি বিরত হইরাছিলেন। তাহার কারণ ছয়ের এক হইতে পারে—হয় অজ্ঞান বশতঃ উত্তর দেন নাই, অথবা জানিয়া শুনিরা শুভ্ রাখিবার ইচ্ছার উত্তর দেন নাই। এ ছয়ের কোন্টা ঠিক ?

नागरमन कहिरलन---

রাজন, বৃদ্ধদেব মালুঙ্খাপুত্তের প্রশাবলির উত্তর দেন নাই
সভ্য বটে, কিন্তু তাহা অজ্ঞানবশতঃ নহে। কোন প্রশ্ন এমন
ভবাহে, বাহার উত্তরে অন্ত এক প্রশ্ন উতাপন করা বাইতে পারে
—আবার এমনও প্রশ্ন আহে, নিক্তর থাকাই বাহার উত্তর।
সেক্ত প্রশ্ন কি—না

জগৎ নিত্য কি অনিত্য ? দেহ আত্মা এক কি শ্বতন্ত্ৰ ?

মৃত্যুর পরে তথাগত জীবিত থাকিবেন কি না ? এই সমস্ত প্রছেলিকা একপাশে ফেলিয়া রাধা কর্ত্তব্য। ইহাদের কোন উত্তর নাই—উত্তরে কোন লাভ নাই—এই সকল প্ররের অনর্থক উত্তর দানে তথাগত বাক্যব্যয় করিতে উৎস্থক

ছিলেন না। যে সকল ছক্সহ সত্য মানব বৃদ্ধির অগমা, তৎ সম্বন্ধে কোন স্পষ্ঠ মত ব্যক্ত করা তাঁহার অভিপ্রেত ছিল না।

জীবাত্মা অমর কিম্বা মৃত্যুর অধীন—মৃত্যুর পর জীবাত্মার গতি কি হইবে ? এই প্রহেলিক। ভেদ করা মহুষ্যের পক্ষে ছঃসাধ্য সন্দেহ নাই। অথচ আবার মানব জাতির জীবিতাশা ও স্থাশা এতাদৃশ বলবতী, যে তাহা এই ক্ষণভঙ্গুর সংসারে সীমাবদ্ধ থাকিয়া তপ্ত হইবার নহে। বন্ধবাদিনী মৈত্রেয়ীর দেই গভীর উচ্চাদ আত্মা হইতে স্বতই উথিত হয়—যেনাহং নামুতা ভাং কিমহং তেন কুর্যাম। এই হেতৃ পারলোকিক আশার উদ্রেক-কারী আখাস বচন প্রায় সর্বাজীয় ধর্মণাস্ত্রেই সন্নিবিষ্ট দৃষ্ট হয়। কোরাণ ত স্বর্গ বর্ণনায় ও স্বর্গস্থথ বর্ণনায় পরিপূর্ণ। খুষ্ট ধর্মশাস্ত্র বাইবেলেও একথা আছে, আর হা ছাড়া খুষ্টানেরা ঈশার সশরীরে স্বর্গারোহণ বিশ্বাস বলে অনন্ত জীবন ও মুক্তি লাভের প্রত্যাশা করেন। বুদ্ধ এ বিষয়ে কোন আখাদ ৰাক্য দিয়াছেন বলিয়া বোধ হয়না। ঐহিক স্থুপ বাসনার স্থায় স্বর্গ কামনাও তাঁহার নীতিরাজ্য হইতে বহিঙ্গত। বুদ্ধ প্রয়ং অমর জীবনের অধিকারা কি না; তাহাও প্রকাশিত হয় নাই। কোশলরাক্ত ও সন্ন্যাসিনী ক্ষেমার মধ্যে যে কথোপকথন তাহাতে কেমা স্পষ্টই বলিতেছেন—"স্বয়ং বৃদ্ধ যাহা প্রকাশ করেন নাই, আমরা তাহা কি বলিব ? বুদ্ধের প্রকৃতি সমুদ্রের ক্লায় অতলস্পর্শ গভীর। যদি বল বুদ্ধ অমর, তাহা ভূল---যদি বল তিনি মরণশীল, তাহাও ঠিক নহে।" এই উভরে রাজা मुद्धके वहेरनम कि ना कानि ना, किन्न देशा छे अब काशासा

কিছু বলিবার নাই। বে সকল বিষয় মানববৃদ্ধির অপোচর সে বিষয়ে মৌন থাকা ভিন্ন আর উপায়ান্তর নাই।

त्वोत्कत्रा यनि এইशान्त शामिश्रा वाहरूजन, जाहा इहेरन चात्र কোন কথা বলিবার থাকিত না। কিন্তু এদিকে আবার দেখা যায়, তাঁহারাও হিন্দুদের ভায় মৃত্যুর পর নানারপ যোনি ভ্রমণ স্বীকার করেন। ইহকালে যিনি যেরপ গুড়াগুড় কর্ম করেন পরকালে তিনি তদমূরপ বোনি প্রাপ্ত হন। কেবল পশু পক্ষী কীটাদি নিরুষ্ট ক্ষম্ভ নয়, পাতকের পরিমাণাসুসারে मुर्पिश्रामि बड़ वस्त इरेब्रांश बन्मश्रीरण कतिएक रुब। त्वीरक्षत्रा वरनन, भाकाभूनि निष्य जारभव बनाहरक वृर्षि इहेम्रा सूध ত্বংথ ভোগ করিয়া আদিয়াছেন। পূর্ব্ধ ক্ষয়ের কথা তোমার यामात में उत्पत्न (गारक मान शारक ना, तुरक्षत छात्र निक পুরুষেরাই তাহাদের বিগত জীবন-কাহিনী শারণ করিয়া বলিতে পারেন। বুদ্ধদেব পশু পক্ষ্যাদি কোন্ বোনিতে কিরপে কার্য্য করিয়াছেন, তাহার প্রিশেষ বুতান্ত জাতক্মালায় 🛾 সলিবেশিত আছে। বৃদ্ধ জাতকে আত্মার নিম হইতে উদ্মুখী অভিব্যক্তি নাই-জীবনের ক্রমোন্নতির ভাব লক্ষিত হয় না। কি কারণে কি নিম্নমে জীবের অবস্থান্তর ঘটতেছে তাহা বুঝা যায় না। আমরা দেখিতে পাই চারিবার তিনি মহাত্রন্ধ, বিশ বার ইন্দ্র-ভিরাশীবার সন্ন্যাসী-আটারবার রাজা-চব্বিশবার আহ্মণ হইরা ছালিয়াছিলেন ; তাউন্ন বানর, হস্তী, সিংহ, বরাহ, শশক, মংস্কু, কোর, বাদ্ধীকর, ভূতের ওঝা-এইরপ কড क्छ अब धावन कविशाहित्यन, जाराव देवना नारे। युक्त कथन नांदी बना श्रहण करदान नांहे--- कृष्ठ श्रीक द्वराप अन्यान नाहे। সকল জন্মেই তিনি বোধিসত্ত ছিলেন ও জগতের মঙ্গল সাধন উদ্দেশে অশেষ ভুঃখ কেশ ভোগ করিয়াছিলেন।

বুদ্দের পূর্ব্ব জন্ম কাহিনীতে বুদ্দজীবনী স্বার্থহীন পরোপকারী দয়ার অবতার রূপে চিত্রিত; ও এই সকল মহদ্পুণভূষিত তাঁহাব দেই জীবনী মানবের দৃষ্টান্ত স্বরূপে জাতকমালায় বর্ণিত দেখা যায়। একস্থানে বুদ্দেব কহিতেছেন—
"আমি 'সাম' নাম ধারণ করিয়া উপত্যকারণো বাস করিতাম।
সর্ব্বভূতে সম দৃষ্টি দ্বারা 'আমি সকলকেই বশে আনিয়াছিলাম।
সিংহ বাাছ ভল্লুক বন বরাহ মহিষ পালিত পশুর ন্তার আমার
কাছে আসিয়া বসিত। আমাকে ও কেহ ভয় করে না,
আমিও কাহাকে ভয় করি না, আমি দয়ার উপর পা রাথিয়া
নির্ভরে পর্বত প্রদেশে বিচরণ করিতাম।"

যিনি পরোপকার ব্রতে জীবন উৎসর্গ করেন তাঁহাকে কত প্রকার কঠোর ত্যাগ স্বীকার করিতে হয়—সময়ে সময়ে প্রাণ পর্যান্ত অকাতরে বিসর্জন দিতে প্রস্তুত হইতে হয়। বুদ্দেব স্বীয় জীবনে সেইরূপ আত্ম ত্যাগের পরাকাঠা প্রদর্শন… করিয়াছেন।

পূর্বজন্ম বৃদ্ধ যথন রাজকুমার বশ্বস্তর হইরা জীবন যাপন করিয়াছিলেন তথন তাঁহার বিপদের আর অন্ত ছিল না। বশ্বস্তর অন্তায়রূপে রাজ্য হইতে নির্বাসিত হয়েন। তাঁহার যাহা কিছু ধন সম্পত্তি ছিল—পরিশেষে চড়িবার রথটি ও অশ্বন্দানে কয় হইয়া গেল। দ্বী পুত্র সমভিব্যাহারে পদত্রকে প্রথম স্থ্য তাপের মধ্য দিয়া বনে ফিরিতেছেন। বালক বালিকা পথের মধ্যে বৃক্ষে ফল ঝুলিয়া আছে দেখিয়া তাহা

পাডিবার জন্ম লালায়িত-বুক্ষ পর্যান্ত তাহাদের হর্দশায় সম-(वहनी अञ्चल कतिया अवनल श्रेया लाशामिशक कन शाखिरल দিল। পরে তাঁহারা বন্ধ পর্বতে সন্ন্যাসী বেশে এক পর্ণ গৃছে বাস করিতে লাগিলেন। "আমি, রাজকন্তা মাদ্রী, হুই পুত্র ক্যা, জালী ও কর্ণাজিনা, এই চারি জনে সেই পর্ণ কুটীরে বাস কবিতে লাগিলাম-প্রস্পার প্রস্পারের শোকাশ মুছাইয়া সান্তনা অনুভব করিতাম। আমি ছেলে মেয়ে ছটির সংরক্ষণে 🌶 আশ্রমে থাকিতাম, মাদ্রী বন হইতে ফল কুড়াইয়া আনিয়া আমাদের আহার যোগাইত। এই সময়ে একজন ভিক্ষক আদিয়া আমার নিকট পুত্র কঞাঁ ভিক্ষা করিল। আমি একটু মূচকি হাসিয়া ছেলে মেয়েদের দিয়া ব্রাহ্মণের প্রার্থনা পূর্ণ করিলাম। পরে স্বর্গ হইতে ইক্র নামিয়া আদিয়া মাদ্রীকে ও লইতে চাহি-লেন—আমার সতী সাধ্বী স্ত্রী, আমি তাহার হাত ধরিয়া তাহার হত্তে জল রাখিয়া মাদ্রীকেও সম্ভোষ চিত্তে জলাঞ্জলি দিলাম। এই দান দেখিয়া দেবতারা উপর হইতে পুষ্পর্ষ্টি করিলেন – বুক্ষের তকরাজি শুদ্ধ মেরু পর্য্যস্ত কাঁপিয়া উঠিল। আমার পুত্র, ক্সা-রাজ্কুমারী সকলকেই আমি বুদ্ধর পাইবার আশায় পরিত্যাগ করিলাম—দেই মুনি-জন-অভীপ্সিত মহামৃল্য রত্নের নিকট এ সকল জিনিস কি কুদ্র-কি তৃচ্ছ!

দানশীলতায় আর একটা আথ্যান শ্রবণ করুন। বুদ্ধের পূর্ব জন্ম বৃত্তান্তে একটা বিজ্ঞ শশকের গল্প আছে। বুদ্ধ বলিতেছেন:—

পূর্বজনো যখন আমি শশক ছিলাম পার্বতা অরণ্যে চরিয়া বেড়াইতাম। তৃণ পল্লব ফল মূল যাহ। পাইতাম আহার করি-

ভাষ। এক বানর, এক শৃগাল, এক বিড়াল, আর আমি--আমরা এই চারি জনে মিলিয়া বনে বিচরণ করিতাম। আমার সহচর দিগকে আমি ধর্মোপদেশ করিতাম-কি ভাল কি মল তাহা শিকা দিতাম—ভাল গ্রহণ করা মন্দ পরিত্যাগ করা এই-রূপ উপদেশ দিতাম। পূর্ণিমার উপবাস পর্কে আমি তাহার দিপকে বলিতাম "এই পুণ্য দিনে ভিক্কদিগের জক্ত অনুদানের সংগ্রহ করিয়া রাখ। পাত্রাপাত্র বিবেচনা করিয়া ভিক্ষা দান করিবে ও আগে হইতে তাহাদের জন্ম ভিক্লাসামগ্রী প্রস্তুত করিরা রাখিবে।" আমি বসিরা ভাবিতে লাগিলাম—এই উপ-লক্ষে কি দান করা যায় ? কলাই মটর ডাল ভাত আমার কিছুই নাই। আমি তৃণ ভক্ষণ করিয়া থাকি তাহা ত আর কাহাকেও দেওয়া যায় না। ভাল মনে পড়িয়াছে! কেহ আসিরা ভিন্দা চাহিলে আমি আপনাকে দান করিব-ভাহাকে শুন্য হত্তে ফিরিয়া বাইতে হইবে না। শক্ত আমার মনের ভাব জানিতে পারিয়া আমাকে পরীক্ষা করিতে ভূতবে অবতীর্ণ হইলেন। এক্ষিণ বেশে আমার বিবরের সন্মুখে দাঁড়াইরা কহি-লেন "ভিকাং দেহি।" আমি কহিলাম আপনি ভিকা চাহিতে আসিয়াছেন ভালই হইয়াছে—আমি আপনাকে এমন জিনিস দিৰ বে কেহ কথন স্বপ্নেও করনা করিতে পারে না। মহাশয় गांध शक्तव, काहारता अनर्थक कहे मिर्छ हेव्हा कतिरवन ना। আবার মিনতি যে আপনি শুষ্ক কার্চ সকল একতা করিয়া আলাইয়া দিন-আমি নিজে দগ্ধ হইয়া আপনার আহার যোগাইব।" ইক্স আমার কথা মত করিলেন এবং অগ্নির शार्स উপবিষ্ট হইলেন। कार्क व्यनित्रा উঠিলে व्यापि व्यनस

অনলের মধ্যে ঝাঁপ দিয়া পড়িলাম। জল প্রবেশ করিলে ধেমন অঙ্গদাহ নিবারিত হয় দেই চিতানলে তেমনি আমার সকল কষ্টের অবসান হইল। অস্থি চর্ম মাংস শিরা উদর হৃৎপিণ্ড সমেত আমার সমুদ্র দেহ ভ্রমাং হইল; ব্রাহ্মণের হস্তে আমি অকাতরে আত্ম সমর্পন করিলাম।

বুদ্ধের পূর্ব জন্ম কাহিনীর নমুনা স্বরূপ ছই একটা কুদ্রগন্ধ উপরে দেওয়া হইল—এই সকল নীতি পূর্ণ উপাথ্যানে জাভক-মালা পরিপূর্ণ।

পরলোক ও মৃক্তি বিষয়ে বৌদ্ধ মত জানিতে হইলে বৌদ্ধধর্মে আত্ম-তত্ত্বের শিক্ষা ও উপদেশের প্রতি মনোনিবেশ করা
আবশুক। আত্মার পরলোকিক গতি ও মৃক্তির করনা আত্মস্বরূপ লক্ষণের উপর অনেকাংশে নির্ভর করে। আত্মাকে বদি
দেহের সহিত অভিন্ন মিন্তিকের প্রক্রিয়া মাত্র মনে করা যার,
তাহা হইলে দেহ নাশের সঙ্গে আত্মারও বিনাশ সহজে
নিষ্পার হয়। এই আত্ম-তত্ত্ব বিষয়ে আমাদের ধর্মশান্ত্রে ও
বৌদ্ধশান্ত্রে আকাশ পাতাল প্রভেদ। দৃষ্টান্ত স্বরূপ দেখুন,
উপনিষদে আত্মা বলিয়া যাহা নিরূপিত, তাহা শরীর হইতে
ভিন্ন ও স্বতন্ত্র। আত্মা যে আমি, আমি শরীর হইতে ভিন্ন—
আমি চক্ষু নহি, কর্ণ নহি, মনোর্ভি নহি—চক্ষু কর্ণ মনোবৃত্তি
আমার। ছান্দোগ্য উপনিষদে আত্মজ্ঞান বিষয়ে একটি আয়াদ্বিকা আছে, তাহাতে প্রজাপতির যে উপদেশ, তাহা শ্রবণ
কর্মন—

"এই দেহ নধর—মৃত্যুর অধীন। আত্মা অজর অমর অশ্রীরী, এই দেহ তাহার বাসস্থান। অধ বেরপ রথে বৃক্ত,

এই আত্মাও সেইরূপ শরীরের সহিত সংযুক্ত। যথন আলোক চক্ষের তারকে প্রবেশ করে, তথন আত্মাই দর্শক, চক্ষ্ দর্শনেক্রির; যিনি আত্মাণ করেন তিনি আত্মা, নাসিকা আণেক্রিয়। যিনি ভাবেন আমি বাক্য উচ্চারণ করিতেছি, তিনি আত্মা, রসনা বাগিক্রিয়! যিনি শ্রবণ করেন তিনি আত্মা, কর্ণ শ্রবণেক্রিয়। যিনি মন দ্বারা মনন করেন, তিনি আত্মা, মন দিব্যচক্ষ্ররূপ; আত্মাই এই মনোরূপ দিব্যচক্ষে কাম্য বিষয় সকল দর্শন করত রমণ করেন। আত্মা যতদিন এই শরীরে অবস্থিতি করেন, ততদিন তিনি মোহপাশে বদ্ধ থাকিয়া বিষয় বাসনার বশবর্তী হইয়া স্থপত্থ বিচলিত হয়েন; কিন্তু যথন তিনি দেহ বন্ধন হইতে মুক্ত হয়েন, তথন স্থথ তৃংথ তাহাকে স্পূর্শ করিতে পারে না।

যেমন অশরীরী বায়ু মেঘ বিহাৎ আকাশ হইতে উথিত হইয়া পরম জ্যোতিতে গিয়া নিজ নিজ রপ ধারণ করে সেইরপ আআও এই শরীর হইতে বিচ্ছিন্ন হইয়া সেই পরম জ্যোতিকে পাইয়া নিজরপে প্রকাশিত হয়েন — তথনই তিনি উত্তম পুরুষ — তথন স্থা হঃখ তাঁহাকে স্পর্শ করিতে পারেনা। দিব্য জ্ঞান হারা পরমাত্মার সহিত যোগযুক্ত হইয়া বিষয় বন্ধন হইতে মুক্ত হইয়া তথন তিনি পরম শান্তি পরমারোগ্য উপভোগ করেন।

উপনিষদের এই উপদেশ – বেদিধর্মের উপদেশ শ্বতম। বে ধর্ম ছিন্দুসমাজ হইতেই বিনিঃস্ট হইয়াছে, তাহার উপর বেদান্ত ও সাংখ্য দর্শনের প্রতিবিদ্ধ পড়িবে, তাহা বিচিত্র নহে। কিন্তু বৃদ্ধদেব আত্মতত্ব বিষয়ে যে উপদেশ দিয়াছেন তাহাতে

হিন্দ্ধর্মের সহিত তাঁহার সম্পূর্ণ পার্থক্য ঘটিয়াছে। বৌদ্ধর্ম্ম দেহ মনের আড়ালে আত্মার স্বতন্ত্র অন্তিত্ব স্বীকার করেন না। কোন কোন বৌদ্ধগ্রন্থে বলে দেহ আত্মা এক। পর-কালের অন্তিত্ব সমন্ত্রীয় প্রশ্ন কুট প্রশ্ন বলিয়া বৃদ্ধদেব তাহার উত্তর দানে বিরত ছিলেন। অপরাপর প্রন্তে ইহা অপেক্ষাও স্পষ্টত্রর অবিশ্বাদের কথা আছে অর্থাৎ দেহ হইতে আত্মার স্বতন্ত্র অন্তিত্ব স্পষ্টই অস্বীকার করা হইরাছে দৃষ্ট হয়।

মিলিন প্রশ্ন হইতে নিয়ে যে কয়েকটি প্রশ্নোত্তর উদ্ধৃত হইল তাহা হইতে আত্মতত্ব বিষয়ে বৌদ্ধ মত স্পষ্ট প্রতিভাত হইবে।

রাজা মিলিক বৌদ্ধাচার্য্য নাগদেনকে জিজ্ঞাসা করিলেন "মহাশয় আপনার নাম কি ?"

নাগদেন উত্তর দিলেন "মহারাজ। আমার নাম নাগদেন কিন্তু নাগদেন নাম মাত্র, ইহা শব্দ ভিন্ন আর কিছুই নহে। ইহার কোন বাস্তব্য নাই, কোন বিষয় নাই।"

রাজা—"কোন বিষয় নাই ? বলেন কি ? যদি কোন বিষয় না থাকে, কে তোমাকে অল বন্তু দিয়া তোমার অভাব পূরণ করে ? পীড়িত হইলে কে তোমাকে ঔষধ পথা দেয় ? কে এই সকল বস্তু ভোগ করিতেছে ? কে ধর্ম্ম অনুষ্ঠান করে ? পুণা ফল ভোগ করে ? কে নির্কাণ লাভ করে ? চৌর্যা হত্যা পঞ্চ পাপাদি কে করে ? তোমার মতে ধর্মাধর্ম কিছুই নাই। পাপ পুণাের ফলাফল নাই। কর্মের কোন কর্ত্তা নাই। প্রভুজি, আপনাকে কেহ প্রাণে বধিলে তাহার হত্যা দোষ ইয় না।"

তথন নাগণেসন কহিলেন, "রাজন্, আমার কেশ গুচ্ছ কি নাগসেন ?

"তা নয়"

ন্থ দন্ত অন্তি মাংদ কি নাগদেন ?

"তা নয়"

বেদনা কি নাগসেন ? নাম রূপ, সংস্কার, বিজ্ঞান—ইহারা কি নাগসেন ?

"ন্।"

তবে নাগদেন কেথায় ? আমি যে দিকে দৃষ্টি করি নাগদেন নাই। নাগদেন একটি শক্ষাত্র।"

পরে আরো বলিলেন

মহারাজ! আপনি রোদ্রের প্রথর উত্তাপে পবব্রজে চলিয়া যাইতে প্রান্তি বোধ করেন। এথানে আপনি পদব্রজে আসিয়াছেন কি রথে আসিয়াছেন" ?

রাজা— "আমি পায়ে চলিয়া বেড়াই না, রথে আসিয়াছি।"
"বদি রথে আসিয়া থাকেন ত রথ কি আমাকে বলুন।'
মূপকাষ্ঠ থানা কি রথ ? বৃগকাষ্ঠ, চক্র, আসন, ইহার কোনটাই
রথ নহে। এই ভিন্ন ভিন্ন বস্তুর সংযোগও রথ নহে। আমি
বে দিকে দেখি রথ নাই, ইহা একটি শক্ষমাত্র। মহারাজ ! আপনি
বলিলেন রথে খাসিয়াছি— একি অসত্য নহে, যদি সত্য হয় ত
রথ কি আমাকে বুঝাইয়া বলুন।

রাজা-- "আমি যাহা বলিয়াছি সত্যই বলিয়াছি, যুগকার্চ, চক্রন, চক্রনাভি, অর, আসন এই সব মিলিয়া রথের নাম রথ।"

নাগদেন—"বদি তাহাই ঠিক হয়, নাগদেন ও দেইরপ। রূপ বেদনা, সংস্কার, বিজ্ঞান, এই সকল মিলিয়া তাহার নাম নাগদেন। তাহার আভাতত্তিক বিষয় আর কিছুই নাই। জীবাত্মা এই পঞ্চ স্কন্ধের সমষ্টি।"

আত্মজান বিষয়ে উপনিষদ আর বৌদ্ধেশ্বের কি প্রভেদ দেখুন। বৌদ্ধনতে জীবাত্মা বলিয়া দেহ হইতে কোন শ্বতম্ব পদার্থ নাই। জন্ম সংস্কারে জীবন স্রোত বহিয়া যাইতেছে তাহার মধ্যে "আমি" "তুমি" কোন মূল সন্তা বিদ্যমান নাই।

এক অবস্থা হইতে অন্ত অবস্থায় আমার আমিত্ব চলিয়া আদে অথবা বিনষ্ট হইয়া হইয়া যায় বৌদ্ধদর্শন ইহার উত্তর কি দেন ? এই বিষয়টি বুঝাইবার জন্ত দীপশিধার সহিত আত্মার উপমা দেওয়া হয়। জীব দীপশিধা, বহির্জগৎ হইতে তৈল কিয়া ইন্ধন আদে। দীপশিধা যেমন বায়ুভরে এক বস্তু হইতে অন্ত বস্তু আশ্রয় করিয়া জ্বলিয়া উঠে, জীব সেইরূপ এক যোনি হইতে অন্ত যোনিতে ভ্রমণ করে, এক দেহ ত্যাগ করিয়া অন্য দেহ আশ্রয় করে। বায়ুর ন্যায় বিষয় তৃষ্ণা জীবাত্মাকে যোনি হইতে যোনিতে লইয়া যায়। এই যে জীবাত্মা অবস্থা হইতে অবস্থান্তর প্রাপ্ত হইতেছে ইহা এক ও নহে—ভিন্নও নহে।

রাজা-- "একটা দৃষ্টান্ত দিয়া বুঝাইয়া দিন।"

নাগদেন—"একটা দীপ জালাইয়া দিলে সমস্ত রাত্রি তাহা জলিতে থাকে। প্রথম প্রহরে যে শিখা জ্বলিতেছে তাহা কি মধ্য রাত্রির শিখার সঙ্গে সমান ?

"না"

মধারাত্রির শিথা ও শেষ প্রহরের শিথা—ইহারা এক কি ভিন্ন?

"এক নহে"

"তবে এই একই শিথার কি ভিন্ন রূপ বলিবেন ? তাহা ও নহে, সমস্ত রাত্রি সেই একই শিথা জলিতেছে। আমাদের জীবনের ও এই গতি, এক যায়, এক আসে। আদি নাই, অস্ত নাই, জীবন-চক্র ঘ্রিতেছে। পূর্বাপর এক ও নহে, আবার ভিন্নও বলা যায় না।"

এই জীবন-শিথা কার্য্য কার্য্য গতিকে নৃত্ন নৃত্ন ক্ষেত্র অধিকার করিতেছে। অলিতেছে, অলিয়া নিবিয়া যাইতেছে— নৃত্ন ইন্ধন পাইয়া পুনর্বার অলিয়া উঠিতেছে—মনে হয় এক অথচ ভিন্ন, ভিন্ন অথচ এক।

জীবাঝার যদি শ্বতন্ত্র অন্তিত্ব না থাকে তাহা হইলে তাহার যোনিভ্রমণ কিরূপে সম্ভবে ?

আত্মা ছাড়িয়া অনাত্মবাদ অবলম্বন পূর্বক স্থপছঃখভোগী যে জীৰ তাহার জীবন সমস্যা পূরণ—বৌদ্ধধর্ম এই অসাধ্য সাধনে ব্রতী হইয়াছেন।

এই সমদ্যা পূরণের প্রণালী এই:—বৌদ্ধমতে যে সমস্ত উপকরণে জীবের জীবন সৃষ্ঠিত, তাহাদের নাম "য়দ্ধ"। এই স্কল্প পঞ্চসংখ্যক, গ্রহ পঞ্চমন্ত্র ন্যাধিক মাত্রার সর্বজীবে বর্তুমান। সেই পাঁচটি এই—

বিষয় প্রপঞ্চ—রপ;
বিষয়জ্ঞান প্রপঞ্চ—বেদনা;

সংজ্ঞা প্রপঞ্চ—নাম;

সংস্কার প্রপঞ্চ—বাসনা;

বিজ্ঞান প্রপঞ্চ—( consciousness)

প্রত্যেক ক্ষরের আবার অন্ততর নানাপ্রকার বিভাগ।
এই পঞ্চ ক্ষরের সংযোগে জীবের জন্ম—তাহাদের বিয়োগে
জীবের মৃত্যু। এই সকল ক্ষর ছাড়িগ্না জীবাত্মার স্বতন্ত্র
অন্তত্ব নাই।

এই পঞ্চ হল্প কথন কথন 'নামরপ' এই ছই শ্রেণীতে বিভক্ত দেখা যায়, মোটামূট বলিতে গেলে জীব নামরপের সমষ্টিমাত্র। মানসিক ও আধাাত্মিক ব্যাপার নামের অন্তর্গত— দৈহিক ও বাহ্য বিষয় রূপের অন্তর্ভূতি।

মৃত্যুকালে দেহনাশের দঙ্গে দঙ্গে স্বরপুঞ্জের বিয়োগ হইবা-মাত্র অন্তত্ত তাহাদের শংযোজন ঘটে, হয় ইহলোক অথবা অন্ত लाटक এই ऋर्भ नृजन नृजन की व रुष्टि इस। এই करमकि স্বন্ধের যোগাযোগেই মন্তব্যের মনুষাত্ব—মন্তব্যের চরিত্র —মন্তব্যের আত্মা। এই সমন্ত স্করের মূলে আত্মা যে আমি, আমি কতক গুলি গুণ ও সংস্থারের সমষ্টি মাতা। এই যে আমার নিয়তই পরিবর্ত্তন হইতেছে; আজ একর্মপ কল্য অন্তর্মপ। **শिशु या ति वालक नरह, वालक या ति यूवा नरह। এই** পরিবর্ত্তন অফুসারে নামের ভিন্নতা, যেমন একই ছগ্নের পরি-বর্ত্তনে ক্ষীর, দধি, ঘোল প্রভৃতি নাম ঙেদ হয়। ইহাতে একটা প্রশ্ন উথাপিত হইতে পারে—যদি আত্মা বলিয়া স্বতন্ত্র পদার্থ না থাকে তাহা হইলে শুভাশুভ কর্মানুসারে জীবের ভাল মন্দ যোনিভ্ৰমণ কির্মণে সম্ভবে ? আত্মা নাই ত যোনি ভ্ৰমণ কাহার ? যেমন কথার বলে, "মাথা নাই ভার মাথা ব্যথা।"-ইহার উত্তরে বৌদ্ধশাত্তে বলে, যদিও আত্মার অন্ত সমস্ত উপাদান (ব্ৰহ্ম) ধ্বংস প্ৰাপ্ত হয়, তথাপি কৰ্ম্মকল---

কর্মবল-অক্ষত থাকে ! জীব নিজ নিজ কর্মবলে নৃতন জন্ম ধারণ করে। যে সকল সংস্থার এই ভিন্ন ভিন্ন যোনিতে কার্য্য করিতেছে, মৃত্যু তাহাদিগকে বিয়েজিত করে, কিন্তু কর্ম-বলের উপর মৃত্যুর কোন অধিকার নাই। মৃত্যু ঘটনার সঙ্গে সক্ষে জীব দেহ হইতে বিশ্লেষিত আত্মার অবয়ৰ খণ্ড নৃতন ষোনিতে সংযোজিত হয়—নৃতন কর্মাঞ্চেত্র প্রেরিত হয়; এইরপে জীবন প্রোত অব্যাহত থাকে। পূর্বজন্ম ও নবজন্মের মধ্যে কর্মপুত্রই একমাত্র বন্ধন। মনে কর্মন ভাডিত শক্তির স্থায় কর্মবল বলিয়া একটি শক্তি থাছে, তাহার গতিবিধিতেই জীবন গঠিত হইতেছে—শংসার চলিতেছে। বেমন র্থচক্র उँ इ नी इ नाना जान नाना मृत्श्वत यथा मित्रा भगन करत, অথবা দীপশিখা কিয়ংকাল জলিয়া আবার নিবিয়া যায়-পুনর্বার জলিয়া উঠে—তাহাকে পূর্বাপর একই শিখা বলা যায় না অথচ ভিন্নও নহে। এইরপে কর্মবলে জীবনচক্র নিয়তই ঘুর্ণমান-অথচ বৌদ্ধধর্ম আত্মার অমুবর্তির, আমার আমিত্ব অঙ্গীকার করেন ন। আমার কর্ম্মের স্রোত জীবনে প্রবাহিত হইতেছে, কিন্তু কণ্ম-কর্ত্ত। কোন পুরুষ নাই। মোটামুট, বৌদ্ধধের দার্শনিক তত্ত্বে দারাংশ এই-- মাত্মার পৃথক সতা নাই। দেহ এবং আত্মা ও আত্মার উপকরণ সমস্ত মৃত্যু বারা ছিল্ল বিছিল হইয়া যায়; কর্মবলে সেই সকল ছিল অবয়ব-খণ্ড সংসারের ক্রীড়াক্ষেত্রে নৃতন নৃতন জড়পিণ্ড ও জীবাকারে পরিণত হইতেছে—বিশ্বসংসার এই অথগুনীয় নিয়মে চলিয়া আসিতেছে। কোন্ত সম্প্রদায়ী লোকেরা (ইংরা-জীতে যাদের Positivist বলে ) তাদের মতও কতকটা এই-

রপ। তাঁহারা ব্যক্তিকে—পুরুষকে দিংহাসনচ্যুত করিয়া তাহার স্থানে মন্থ্য জাতিকে সংস্থাপিত করেন। মন্থ্যের বিনাশ— মানব জাতির অমরতা। মৃত্যুকালে মন্থ্যের দেহ মন বিযুক্ত হইয়া আদি ভূতে মিশিয়া যায়; যাহা অবশিষ্ট থাকে তাহা তাহার স্থকতি এবং সাধু দৃষ্টাস্ত;—অন্ত কথায় কর্ম্মবল এবং কর্মফল; তাহা তাঁহার, তাঁহার পরবর্তী সন্তান সন্ততি ও অন্তান্ত লোকের মধ্যে প্রবাহিত হইয়া জনসমাজ সংরক্ষণ এবং তাহার উন্নতি সাধনে সহায়ভূত হয়।

সে যাহাই হউক, এই প্রশ্ন উৎপন্ন হইতেছে, এই কর্ম্মবল কাহার ? আমার, তোমার, কি জন্য কোন জীবের ? আত্মা বিনষ্ট হইলে কর্মবল কিসের উপর স্বীয় শক্তি চালনা করিবে ? কর্ত্তঃ ব্যতিরেকেই বা কর্মবল কিরপে দেহের বাহিরে ও অভ্যন্তরে কায়্য করিবে ? বৌদ্ধর্মের সহস্র ব্যাথাাতও এই সকল প্রশ্নের সমর্পক উত্তর পাওরা যায় না। কর্ত্তা ছাড়িয়া দিলে কর্মের বল আপনাপনি বিনষ্ট হইয়া যায়; স্বাধীন প্রক্ষ ছাড়িয়া দিলে শুভাশুভ কর্ম্মের জন্য দায়িছ্ব চলিয়া যায়। প্রকালে বিশ্বাস্থ এই আত্ম জ্ঞানের উপর অনেকটা নির্ভর করে। আমি আছি, আমি পরে থাকিব, আমার আমিত্ব নিরস্তর বহমান থাকিবে, এই বিশ্বাস পরকাল-বিশ্বাসের মূল। আমার আমিত্ব গেলে কর্ম্মবলের মেরুদ শুভাগ্নিয়া যায়—পরকালে বিশ্বাস্থ হীনবল হয়।

তবে কি এই কর্ম নিবন্ধন জ্বমের পাক্চক্র হইতে জীবের কিছুতেই পরিত্রাণ নাই? আছে, এবং বৃদ্ধদেব সে উপায় বলিয়া দিয়াছেন! তিনি সেই পথ প্রদর্শন করিয়াছেন "যদ্মাৎ ভূরো ন জায়তে"। তাঁচার প্রদর্শিত পথ অবলম্বনের শেষফল নির্মাণ মৃক্তি। এই নির্মাণ মৃক্তি কি 

গুরিয়া
ফিরিয়া এই প্রশ্নে আসিয়া পড়িতে হয় 

বৌদ্ধশাস্ত্রে
নির্মাণের অনেক কথা, অনেক উপদেশ আছে। বুদ্ধের
নির্মাণ যে অবস্থা তাহা ভাবাভাব এতত্ত্তয়েরই অতীত
এক অভাব নীচ অবস্থা—

"ন চাভাবোহপি নির্বাণং কৃত এবাস্থ ভাবতা। ভাবাভাব বিনিমুক্তিঃ পদার্থো নির্বাণ মূচ্যতে।" (রত্ন কৃট স্ত্র)

মিলিল প্রশ্নে নাগদেনের নির্বাণ ব্যাখ্যার কিয়দংশ নিয়ে উদ্ধৃত করিয়া দিতেছি—

"হঃথ শোক পাপতাপ হইতে মৃক্তি লাভ—শান্তি আনন্দ পবিত্তা—এই নির্বাণের অবস্থা।'

"থিনি সীয় জীবনকে পুণ্য পথে নিয়োজিত করিয়া চতুর্দিক অবলোকন করেন তিনি কি দেখেন ? জন্ম রোগ শোক জরা মৃত্যু, চতুর্দিকে পরিবর্ত্তন—সকলই অন্তির—সর্বত্রই অশান্তি। এই দুশ্যে তাঁহার শরীর জরে অভিভূত হয়, মন অশান্তিতে পূর্ণ হয়, কিছুতেই তাঁহার সন্তোষ নাই, তৃপ্তি নাই, পুনঃপুনঃ জন্ম ভয়ে তিনি সদাই ভীত ও ত্রস্ত থাকেন ও সেই ভীতি বশতঃ আরোগ্য লাভে অসমর্থ। এই অবস্পায় তিনি চিন্তা করেন, এই জালা যয়ণা হইতে কি উপায়ে নিয়্কৃতি লাভ করা যায় ? এই অশান্তির মধ্যে শান্তি কোথায় পাওয়া যায় ? যদি এমন অবস্থায় উপনীত হওয়া য়ায়, সেধানে জন্ম ভয় নাই, মৃত্যু ভয় নাই, বাসনার দংশন নাই,

### বৌদ্ধধৰ্ম।

আসক্তি বিহীন হইয়া শান্তি, আরাম, নির্মাণ উপভোগ করা যায়, তাহা হইলেই আমার সকল কামনা পূর্ণ হয়। সাধনা ধারা তাঁহার সেই অবস্থা উপলব্ধ হয়, যেখানে জন্মভ্রম করিয়া তিনি শান্তি লাভ করেন। তথন তিনি পুলকে উৎফুল্ল হইয়া মনে করেন, এতক্ষণে আমি আশ্রয়স্থান লাভ করিলাম। সেই মোক্ষধাম অর্জ্জন ও রক্ষণ করিতে তিনি কায়মনে সচেষ্ট হন; সংঘমী জিতেজিয় ও অহিংসাপরায়ণ হয়েন, সর্মভূতে দয়া ও প্রেমে তাঁহার হলয় অভিষিক্ত হয়। এইরূপ সাধনায় তিনি সিদ্ধিশাভ করিয়া এই পরিবর্ত্তনশীল সংসারের অতীত যাহা স্থায়ী, যাহা সত্যা, অহৎ মণ্ডলীর চিরকাজ্জিত ফল, তাহা তাঁহার হস্তগত হয়। তথনই তিনি নির্মাণ মৃক্তি লাভ করেন।"

এই নির্বাণ মুক্তি স্থানবিশেষে বন্ধ নহে। ধর্মই তাহার আশ্রম স্থান। চীন, তাতার কাশ্মীর, গানার, স্থর্গ মর্ত্তা যেথানেই থাকুন, প্রত্যেক সাধু পুরুষ বৃদ্ধনির্দিষ্ট ধর্ম পথে চলিয়া নির্বাণ মুক্তি লাভের অধিকারী। ঘাঁহার চরিত্র পবিত্র, যিনি ধ্যান ও বিবেক অর্জন করিয়াছেন, যিনি আসক্তি বিহীন মুক্তহাদয়, তিনি জন্মবন্ধন হইতে বিমুক্ত হইয়া নির্বাণরূপ অমৃত লাভ করেন।"

নাগদেন আবার কহিলেন, নির্বাণের বেমন স্থান নির্দেশ করা যায় না, তেমনি তাহার কারণও নির্দেশ করা যায় না। যে পথ নির্বাণে লইয়া যায় সে পথ প্রদর্শন করা যাইতে পারে; কিন্তু নির্বাণের উৎপত্তি কোথা হইতে তাহা বলা যায় না। আরু জিনিস্টা যে কি তাও স্পষ্ট বলা যায় না। রাজা-তুমি যাহা বলিতেছ, তাহাতে দাঁড়ায় এই 'নির্ন্নাণ' কি না 'নির্ন্নাণ' অর্থাৎ তাহা কিছুই নয়।

নাগদেন কহিলেন—"মহারাজ তা নয়—নির্বাণ আছে ইহা সতা।

ব্ৰস্কজ্ঞান সধন্ধেও উপনিষদের এই উপদেশ "অস্তীতি ব্ৰুবতোহস্তত্ৰ কথং তত্বপ্ৰভাতে", "আছেন'' এ বল। ভিন্ন আনু কিসে তিনি উপ্লব্ধ হন ?

নাগদেনের এই সমস্ত উপদেশেও নির্বাণের প্রকৃত শ্বরপ অবগত হওয়া গেল না। যে অবস্থায় আসক্তি নাই, জন্মভয় মৃভ্যুভয় নাই, রাগ দেব স্নেহ মমতা প্রভৃতি সকলই নষ্ট, মনোর্ত্তি সমুদায় তিরোহিত, সে যে কি অবস্থা কে বলিতে পারে ? কাহার সাধ্য ভাবিয়া উঠে? ক থত আছে বৃদ্ধদেব শ্বয়ং এই নির্বাণ প্রাপ্ত হইয়াছিলেন; তাঁহার শিষ্যেরা সে অবস্থা বর্ণন করিয়া গিয়াছেন; দেখা যাক্ এই বর্ণনা হইতে বেশী কিছু জ্ঞানলাভ হয় কি না?

বুদ্ধদেব তাঁহার আসন্ন মৃত্যুকালে শিষ্যদিগকে ডাকিয়া উপদেশ করিলেন, পৃথিবীর তাবং বস্তই অনিত্য, তোমরা যত্ন পূর্বক আপনারা আপন মুক্তি-সাধন কর।" এই কয়েকটি কথা তথাগতের শেষ কথা।

পরে বৃদ্দেব গভীর ধানে মগ্ন হইয়া নির্বাণের প্রথম সোপানে পাদনিক্ষেপ করিলেন। প্রথম দোপান উত্তীর্গ হইয়া দিতীয় সোপানে, দিতীয় সোপান হইতে তৃতীয় সোপানে, তৃতীয় হইতে চতুর্থ সোপানে। তথনও তাঁহার সংজ্ঞা সম্পূর্ণ নষ্ট হয় নাই, কতক জ্ঞান, কতক আনন্দ অবশিষ্ট আছে)

আরও উচ্চে উঠিতে হইবে। চতুর্থ মহাধ্যান-সোপান অতিক্রম করিয়া তিনি সেই সোপানে পদক্ষেপ করিলেন, যেখানে েকেবল অনুত্ত আকাশ বিরাজমান। অনুত্ত আকাশের সোপান হইতে অনন্ত জ্ঞানের সোপান। অনন্ত-জ্ঞান-সোপান হইতে তথায় পদার্পণ করিলেন, যেখানে কোন চিস্তা, কোন ভাব, েকোন মনোবৃত্তি বিদ্যাসন নাই—সুক্লি শুক্ত। কিন্তু ইহা-তেও নিস্তার নাই। (শূন্যতার অনুভবেও আনন্দু,) তাহাও বিনষ্ট করা আবত্তক। পরে শুন্তভার সোপান হইতে এমন ন্থানে উপনীত হইলেন যাহা জ্ঞান ও অজ্ঞানের মধ্যবন্তী স্থান। এই সোপান উল্লঙ্খন করিয়া এমন স্থানে পৌছিলেন বাহা সম্পূর্ণ চেতনাশূনা, বেখানে সমুদয় মনোবৃত্তি তিরোহিত, ্<sub>যেখানে</sub> কোন ভাব-জানও নাই অভাব-জানও নাই। এই— শিথর দেশে পৌছিবার পর তিনি সোপানপরস্পরা দিয়া নিয়দেশে প্রত্যাবর্ত্তন করিয়া পুনর্কার প্রথম ধ্যান-সোপানে আসিয়া পড়িলেন। দিতীয়বার উঠিতে আরম্ভ করিয়া চতুর্থ ধাপের উচ্চে আর উঠিতে পারিলেন না, তাহার পূর্বেই তাঁহার মৃত্যু হইল; তিনি নির্বাণ রাজ্যে প্রবেশ করিলেন।

বৃদ্ধদেব উল্লিখিত প্রকারে নির্মাণ প্রাপ্ত হইলেন। বৌদ্ধমতে আমরাও সাধনাবলে, পুণ্যবলে, বিষয় তৃষ্ণা পরিহার করিয়া, সত্য সাধুতা স্বাধীনতা উপার্জন করিয়া, আমাদের জীবদশার অথবা পরলোকে এই নির্মাণ মুক্তিলাভে জীবনের সাফল্য সম্পাদন করিতে পারি। বৌদ্ধেরা বলেন, অর্হ নির্মাণ প্রাপ্ত দনজ পুণ্যবলে এই অবস্থা প্রাপ্ত হন। (নির্মাণ প্রাপ্ত অর্হ চরিত্র বৌদ্ধদের আদর্শ চরিত্র) এই নির্মাণাবস্থা

জ্ঞান কিম্বা অজ্ঞানাবস্থা, চেতন কিম্বা অচেতন ভাব, বুদ্ধের উপদেশে তাহার ব্যথা নাই। তবে এই পর্যান্ত বলা হইয়াছে, ্ৰ অবস্থা কাৰ্য্যকারণ শৃত্তালের অতীত। দেখানে কাৰ্য্যকারণ শৃথাণ বিদ্যমান নাই। এরপ অবস্থা "নেতি "নেতি" ভিন্ন আর কোন শবেরাক্ত হইতে পারে ? এখানে বাসনা ছিল্ল-মূল-ছ:খ ক্লেশ জালা মন্ত্রণার পরিসমাপ্তি-এক কথায় আমার ুসামিত্ব লোপ। বৌদ্ধর্মে মহুষ্য জীবনের এই চরম ফল—এই শেষ গতি। এখন কথা এই বেদোপনিষদের ত্রহ্ম অথবা বুদ্ধের নির্বাণ-আমাদের ঘণার্থ লক্ষ্যভান কি হইতে পারে? এই ছই আদর্শের মধ্যে কোন্টা ঠিক ? নির্বাণের অর্থ যদি শৃস্ততা হয়, তাহা হইলে ইহা নিঃসন্দেহ বলা যাইতে পারে যে মানব প্রকৃতি এই শূন্ততা অবলম্বন করিয়া তিষ্টিতে পারে না। মর্ম্য শূক্তা চায়না, মনুষ্য পুঁক্ষের আশ্রয় চার। আমরা ধর্মরার্জ্যে পুरुष्यत्र প্রাধান্তই দেখিতে পাই, তার সাক্ষী এই বৌদ্ধধর্মী (मथून। त्कारमवह कि व धर्मात आर्ग नरहन ? आरता रमथून, क्रेमात शुक्रवकाद शृष्टेश्रत्यंत्र मर्क्य-क्रेमारक हाजिया नित्न शृष्टे-धरमंत्र जात्र कि जनभिष्ठे थारक 🔋 महम्मनः विहरन मूननमान धर्म কোধার থাকে ? চৈততা প্রভুর প্রভুষ ছাড়িয়া দিলে বৈষ্ণব ধর্মহ বা কোথায় গিয়া গাড়ায় ? এই সকল ধর্মবীরেরাই মহা-পুরুষ। এই সকল মহাপুরুষ সময়ে সময়ে অভ্যাদিত হইয়া মহুষ্যের অচেতন আত্মাকে দচেতন করিয়া তোলেন—হুর্গতি প্রাপ্ত মহব্য সমাজকে উদ্ধার করেন। পুরুষ শব্দ পূর্ণতা ব্যঞ্জক। ভজের উপাস্ত দেবতা বে পরমাক্ষ্ তিনিও পুরুষ— ভিনি পূর্ণ পুরুষ া—"জ্ঞানে পরিপূর্ণ—প্রেমে পরিপূর্ণ, আর

অটল প্রশাস্ত মহরল এবং মহোদ্যমে পরিপূর্ণ,।" আমি যে কথাগুলি বলিলাম বৌদ্ধর্ম স্বয়ং তাহার সত্যতা সপ্রমাণ করিতেছে। আমরা দেখিতে পাই যে বৌদ্ধ নির্বাণ নানাস্থানে নানারূপ ধারণ করিয়াছে। বৃদ্ধ এককে স্বীয় ধর্ম মন্দিরে স্থান দান করেন নাই; তথাপি তিনি স্বয়ং যেমন অনেকানেক ভক্ত কর্তৃক দেবতা রূপে পৃক্তিত হইয়াছেন, সেইরূপ নির্বাণের শ্লুতাও স্বর্গস্থকরনায় ক্রমশঃ পূর্ণ হইয়া আসিতেছে। ইহাতে প্রমাণ হইতেছে, শ্লুত। আশ্রয় করিয়া কোন ধর্মই টিকিতে পারে না।

আমার মনে অনেক সময় এই তর্ক উপস্থিত হয় বৈদাস্তিক मुक्ति आत दोक निर्साण देशात मर्सा अस्ति कि? এই इहे যেমন সমুদ্রে পড়িয়া বীশ্ব নামরূপ পরিত্যাপ করিয়া তাহার সহিত মিলিত হইয়া যায়, জীবাত্মাও সেইরূপ মোক্ষাবভায় নিজ'ৰ ছাড়িয়া প্রব্রন্ধে বিলীন হইয়া যায় 🖟 "বেদাস্ত দর্শনের চৌতালা দেবমন্দিরে বৈখানর, হিরণাগর্ত এবং ঈশান, এই তিন দেবতার তিনটি বিভিন্ন বাসস্থান নির্দেশ করিয়া দেওয়া হই-ষাছে: চৌতালায় দেওয়া হইয়াছে তুরীয় অবস্থাকে; এস্থানটি জীবেশ্লরের ঐক্য হান বা প্রাধিহান্। এ অবহার জীব 'লোহহুম' জ্ঞানে ব্ৰহ্মত্ব লাভ করে— এখানে রোগ নাই শোক নাই, ''তরতি শোকং তরতি পাপ্যানং গুহা গ্রন্থিভ্যা বিমৃক্তোং-मृत्छा ভवछि।" तोक को जाना मन्तिस्त्र निर्वाण मुक्ति हेराइ অবিকল প্রতিজ্ঞবি।" আসল কথা এ অবস্থায় আমার ব্যক্তি-গত স্বাতন্ত্র-জামার আমিত বজার থাকিবে কিনা? যি মামার আমির বিলুপ্ত হইল, তবে আমি প্রস্তরে পরিণত হই, किश उत्तर विनीन इहे, अथवा निर्तान महामागर मिनिया বাই, আমার পক্ষে দে একই কথা। আমি জানিতে চাই, আমার ব্যক্তিগত জীবন-আমার আমিত্ব বিকাশ প্রাপ্ত হইবে অথবা ক্রমোন্নতি সহকারে উচ্চ হইতে উচ্চতর শিপরে আর্চ হইয়া জ্ঞান ধর্ম স্বাধীনতায় উন্নত হইবে ? যদি জিজ্ঞাদা করেন 'আমি কি',—ইহা যুক্তি ও তর্কের কথা নহে, আমরা প্রত্যেকে অন্তরাত্মাতে জ্ঞানালোকে তাহা অনুভব করিতেছি। আমি জড় হইতে পৃথক — অন্ত জীব হইতে পৃথক্, এই পাৰ্থক্য হইতেই স্মামার আমিত্ব ফুটিয়া উঠে। আমার এই আত্মা কর্ম বাসনা-প্রেম মমতা ও অক্তরূপ সহস্র আকর্ষণের মধ্য দিয়া, এই ক্ষণ-স্থায়ী বাসগৃহে থাকিয়া তঃখ ক্লেশের মধ্য দিয়া, উন্নতির পথে অগ্রসর হইতেছে। আমি যে অনন্ত জীবন প্রতীক্ষা করিতেছি. তাহাতে আমার আমিত্ব স্থরক্ষিত থাকিবে; আমার নিজের ভভাগুভের জন্ম আমি নিজেই দায়ী: আমার নিজের কর্ম ফল যথন আমি নিজেই ভোগ করিব: আমার পুণাফল পাপের ভোগ আমারই। বৌদ্ধর্ম এবং বেদান্ত দর্শন এ উভয়ের উপ-रमण अञ्चलात यमि आभाद आभिक लार्शिह मूक्ति इत्र, जरव আমার পক্ষে এ ছুইই সমান। ব্রহ্মতে আত্মার লয় কিয়া महानिकीर बाबाद नम्न, हेरात मर्था প्ररुप कि ? वोक्षधर्म यान এই অহুমিকার উচ্ছেদে, এই আত্মবাতে মুক্তি অম্বেষণ করিতে প্রবৃত্ত হন তবে বুদ্ধের উপদিষ্ট সার্বভৌম মৈত্রের আধার কোথায় মিলিবে ? অন্তের প্রতি আসক্তি ছাড়িয়া দিলে কি প্রেমের মূল শুক্ষ হয়না ? আসক্তিবিহীন প্রীতি—এ ত আমাদের কল্পনাতীত! মহুষ্য যদি কথন ঈশ্বর লাভে সমর্থ হন তবুও তাঁহার জীবিত প্রোত পৃথক ভাবে প্রবাহিত হওয়া প্রােজনীয়। মহুষ্য জন্ম হংশময় বিলয়া তাহার উচ্ছেদ সাধন করা—কর্মবন্ধন ছেদন করিয়া প্রশংহীন অচল নিশ্চেষ্টতার মধ্যে প্রশে করা—সকল জীবনের মূল যে ব্যক্তিগত স্বাতস্ত্র্য, তাহা সমূলে উৎপাটন করিয়া ব্রন্ধে কিশা শৃত্তে মিশিয়া যাওয়া, ইহার পরিগামে মহুষ্যতের আর কি অবশিষ্ট রহিল ? ভক্তিভাজন দিজেজনাথ ঠাকুর যেমন তাঁহার বৌদ্ধর্ম ও আর্য্যধর্মের পরস্পর সম্বন্ধবিষয়ক প্রবন্ধে বলিয়াছেন, 'বিদান্তিক চৌতালা মন্দিরের ত্রীয় অবহা এবং বৌদ্ধ চৌতালা মন্দিরের নির্বাণ্মক্তি এ পিঠ ও পিঠ।" বেদান্ত মতে জীবান্মার পরত্রন্ধে বিলীন হওয়া—বৌদ্ধ মতে নির্বাণ প্রলম্বাগরে ডুবিয়া যাওয়া—ইহার উদ্ধি আর কিছুই নাই = অন্ধকার, নিস্তব্ধতা, শ্ন্ত্রতা, বিনাশ!

## টিপ্লনী—বুদ্ধদেব বৈশালীর কূটাগার শালায় বে উপদেশ দেন তাহার ব্যাখ্যা।

চারিটী স্থতি-উপস্থান (ধ্যান)—		৩।	बौर्या।
2 1	কায় অপবিত্র	8	শৃতি
	সংসার ছঃখমর	<b>e</b> (	প্রজা
	हिन्ह हक्ष्म	সপ্ত বোধাঞ্চ	
8 (	পদাৰ্থ সমূহ অলীক		
+F-	The water and the		শ্বৃতি
চারিটা ধর্ম-চেষ্টা		२ ।	বিবে <del>ক</del>
<b>5</b> I	অভিত পুণ্যের সংরক্ষণ	७।	ধীৰ্য্য
२।	অলব্ধ পুণ্যের উপার্জন	8	প্রীতি
	পূর্ব্ব সঞ্চিত পাপের পরিত্যাগ	e 1	শ্ৰদ্ধা
	নুতন পাপের অমুৎপত্তি	<b>6</b> [	বৈরাগ্য
চারিটা ঋদ্ধিপাদ		۹ ۽	नमाथि
অলৌকিক সিদ্ধি লাভের—		অষ্ট্ৰ	আৰ্য্যমাৰ্গ—
۱ ډ	অভিলাৰ .	١ د	ममाक् पृष्टि
२ ।	চিম্বা	२ ।	नगुक् नक्स
	উৎসাহ	01	সম্যক্ বাক্
8;	क्रास्य	8	সমাক্ কর্মান্ত
-	•	. 61	সমাক্ আজীব
পঞ্বল—		91	সম্ক্ ব্যায়াম
51	শ্ৰদ্ধা	9 †	সম্যক্ শ্বৃতি
२।	সমাধি	١٧	স্মাকু স্মাধি

# চতুর্থ পরিচ্ছেদ।

### বৌদ্ধ সঙ্ঘ।

উপক্রমণিকা।—

বৌদ্ধর্ম ত্রিরত্নে থচিত—বৃদ্ধ, ধর্ম এবং সজ্য। হিন্দুধর্মের ত্রিমৃত্তির ন্যায় বৌদ্ধর্ম ক্ষেত্রে এই তিনের ত্রিমৃত্তি কলিত দেখা যায়। মুমূকু ব্যক্তি বৌদ্ধর্মে দীক্ষিত হইবার সময় এই ত্রিবর্গের শ্রণাপন্ন ইইয়া দীক্ষা লাভ করেন।

> तूकः भत्रनः शष्टांभि धर्माः भत्रनः शष्टांभि भड्यः भत्रनः शष्टांभि

(वोक्तरमत्र এই मौका मछ।

সঙ্গ।---

এ পর্যান্ত 'বৃদ্ধ' ও 'ধর্মা' এই ছই অঙ্গ লইয়াই অন্ধ-বিস্তর
চর্চা করা গিয়াছে। বৃদ্ধের জীবন বৃত্তান্ত সংক্ষেপে বর্ণিত এবং
তাঁহার উপদিষ্ট ধর্মাতন্ত্ব যথাসাধ্য সমালোচিত হইয়াছে। বৌদ্ধধর্মের তৃতীয় অঙ্গ বে সক্ষ এই প্রবন্ধে তাহার অবতারণা করাই
সঙ্গত বোধ হয়।

আমরা দেখিরাছি যে, বৌদ্ধর্মের মূলস্ত এই যে মহুব্য জীবন নিরবচ্ছির তঃখনম; বিষয় ভৃষ্ণাই সেই তঃখের মূল এবং বৃদ্ধ নির্দিষ্ট আর্যামার্গ অবলম্বন পূর্ব্বক তৃষ্ণা পরিহারই সেই মৃলোচ্ছেদের উপার। এইরপ বিশ্বাস ও উপদেশের সঙ্গে সঙ্গেই বৌদ্ধ সজ্জের উৎপত্তি। গৃহস্থাপ্রমে বাস করিয়া বৌদ্ধ-ধর্মের উচ্চ অক্ষের উপদেশ সমাক্রপে পালন করা গৃহীর পক্ষে সম্ভব নহে। সংসারের মারা মমতা পরিত্যাগ করিয়া গৃহের বাহির হওয়া নির্বাণ লাভের উৎকৃত্তি সাধন; সহজ্প কথার, নির্বাণ পথের পথিক হইতে গেলে গৃহন্থের সন্মাসী হওয়া আবশুক। বৃদ্ধদেব স্বয়ং মৃত্তিত কেশে, গৈরিক বেশে, ভিক্ষাপাত্র হস্তে সেই জীবন ব্রত অবলম্বন করিলেন এবং স্বকীয় দৃষ্টাস্ত ও উপদেশ ঘারা অন্তকে সেই পথে নিয়োজিত করিলেন। কাজেই তাঁর শিষ্যবর্গ মিলিয়া এক উদাসীন সম্প্রদায় স্বতই সংগঠিত হইল। বৃদ্ধ সম্প্রদায়ী উদাসীনের নাম ভিক্ষু এবং সমাজ বদ্ধ ভিক্ষুদ্বের নাম সঙ্ঘ।

মধ্যপথ।--

অন্তান্ত উদাদীন সম্প্রদায়ের সহিত বৌদ্ধ সভেবর এক বিষয়ে পার্থকা প্রতীয়মান হয়। শরীর-শোষণ, উপোষণ, ইন্দ্রির নিগ্রহ প্রভৃতি কপ্র সাধন বৃদ্ধ দেবের অফুমোদিত ছিল না। তাঁহার মহাভিনিক্রমণের পর ৭ বৎসর ধরিয়া তিনি ণোরতর তপশ্চর্যায় নিযুক্ত থাকেন। প্রথমে তিনি আলার ও উদ্ৰক এই তুই গুৰুর নিকট যোগ শিক্ষা করেন, তাহাতে কোন ফল না পাইয়া রাজগৃহ হইতে উরুবেলার বনে গিয়া আর পাঁচ জন সন্নাদী দহ নিঃখাদ-রোধ, দীর্ঘ উপবাদ, শরীর শোষণকারী অশেষ প্রকার কঠোর তপস্থা আরম্ভ করি-লেন। তাঁহার আহার কমিয়া কমিয়া ক্রমে এক মুঠা চাউল, তাহা अ दिश्व ना । भारत এक िन अपन इटेल स्व हिलाएक हिलाएक মূর্জ্লিয়াভূতলে মৃতপ্রায় হইয়াপড়িলেন। মূর্জ্লা ভকের পর এই সমস্ত কঠোর দাধনা নিতান্ত নিক্ষল বিবেচনায় তাহা হইতে বিনিবৃত্ত হইলেন। অনশন ত্রত পরিত্যাগ পূর্বক পূর্ববং আহারাদি হারা শরীরে বল পাইলেন—তথন ধর্ম সাধনের অন্ত পছা চিন্তা করিতে লাগিলেন। বুদ্ধত্ব পাইবার পর তাঁহার বারাণদী বক্তৃতায় বলেন যে একদিকে কঠোর তপস্তায় শরীরক্ষয়, षण मिरक जारमान প্रযোग विनामिना, जिनि এই উভয়ের मधा-भेथ आविकृष्ठ क्रिजाट्डन। উপবাস বা শরীর শোষ্ণ প্রকৃত ধর্মদাধন নহে কিন্তু আত্ম-সংযম ও সত্যাহুশীলনই আধ্যান্থিক উন্নতির উপায়; শরীরে বল না থাকিলে আত্মার ও বলহানি হয় বুদ্ধদেব তাহা পরীক্ষায় জ্ঞানিয়াছিলেন। বৌদ্ধ শাস্ত্রে আধ্যাত্মিক জীবনের বীণাতন্ত্রীর সহিত সাদৃশ্র দেওয়া

হয়—খুব জোরে বাঁধিলে তার ছিঁড়িয়া যায়, বেশী ঢিলা থাকিলে ও সুধর হয় না। অতএব শারীরিক কট কলনা ছাড়িয়া অন্তরের দিকে দৃষ্টি করা-ধাণ ধারণা আত্ম-সংযম দ্বারা মনো-বুত্তি সমূলায়ের সামঞ্জ সাধন করা বুদ্ধ এই রূপ উপদেশ দিতেন। তাঁহার ভিক্ষুদল সেই উপদেশাতুসারে চলিত। আহার বিহার বাদ বদনে অভাভ দল্লাদী দম্প্রদায় হইতে তাহাদের চাল চলন স্বতম্ত ছিল। বৌদ্ধ ভিক্ষ ভিক্ষায়গীবি ছিলেন সত্য কিন্তু তাঁহার কোন অন্ন কষ্ট ছিল না। স্বহন্ত-স্থাত চীরপুঞ্জ তাঁহার পরিধেয় বস্তু কিন্তু বৌদ্ধ সন্ন্যাসী দিগম্বরের ভার বিবন্ধ থাকিতেন না-ত্রিবদন মণ্ডিত স্থক্চি সঙ্গত ভদ্র সাজে সজ্জিত হইয়া সর্বত্র বিচরণ করিতেন। কথিত आहि य এकिन अनाथिशिकित वाड़ी धकनन किंगिती, ভশ্ব-বিভৃতি মাধা, বীভংস নগ্ন সন্নাদী আনসিয়া উপস্থিত হয়। ঠাহার স্ত্রী আপন পুত্রবৃ স্থমাগধাকে ডাকিয়া বলিলেন "আদিয়া দেখ কেমন সন্নাদী আদিয়াছে।" স্থমাগধা ভাবিলেন मात्रीभुव कि आंत (कान त्योक मन्नामी प्रिथिट शाहरवन। এই মনে করিয়া মহোল্লাসে তাডাতাড়ি নামিয়া আসিয়া দেখেন. একি অভুত দৃশ্য। এই দকল বীভংদ মূর্ত্তি দেখিরা তাঁর চক্ষু স্থির! अपनि विधर्ष ভাবে कितिया পেলেन। छाँशांक विधर्ष मिथिया শ্বাশুড়ী ঠাক্ত্ৰণ জিজাদা করিলেন "বাছা, তোমার বিষয় ए बिटि एक न ?" जिनि विगालन "हे होता यहि **जिक् गांधू ह**त्र তবে না জানি হৰ্জন কাহাকে বলে ?"

সজ্জের গঠন—দলাদলি।— এই উদাদীন সম্প্রদায় যে কঠোর সামাজিক শাদনতত্ত্ত

বদ্ধ ছিল চাহা নহে। রাজার স্থায় কোন শাসনকর্তার উপর সজ্যের শাসন ভার ভাত ছিল না; স্থাসন উদ্দেশে ঐ সম্প্র-দায়ের কোন প্রতিনিধি সভাও সংস্থাপিত হয় নাই। বুদ্ধদেব মঠপতি দদশ আপনার কোন উত্তরাধিকারী নির্দেশ করিয়া যান নাই, তাঁহার মরণানন্তর তাঁহার শিষ্য আনন্দ তাহা স্পষ্টই বলিয়াছিলেন। আনন্দ তথন রাজগৃহে অবস্থিতি করিতে-ছিলেন। মহারাজ অজাতশক্র দেখানে এক ছর্গ নির্মাণের আদেশ করেন ও তাঁহার প্রধান অমাত্য এই কার্য্যের তত্ত্বাব-ধানে নিযুক্ত ছিলেন। তিনি আনলকে জিজ্ঞানা করেন, "বৃদ্ধদেব কি তাঁহার কোন শিষ্যকে আপন উত্তরাধিকারীরূপে निर्फ्न कतियाद्यन ?" जानन जाशात उउदा कहिलन-ना। মন্ত্ৰী জি জ্ঞাসা করিলেন, "সঙ্ঘ হইতে কি কোন একজন ভিক্ষু মঠাধিকারী রূপে নিযুক্ত হইয়াছেন ?" তাহার উত্তরেও বলিলেন "এরপ কোন ভিক্ষ নিযুক্ত হন নাই।" "যদি তোমাদের কোন পথ প্রদর্শক আশ্রয় না থাকেন তবে তোমাদের মধ্যে ঐক্য বন্ধনের উপায় কি ?" উত্তর—"আমাদের সে আশ্রয়ের অভাব নাই—আমাদের শরণ—ধর্ম।" ভিক্ষুদল যে সমস্ত আদেশ পাসন করা কর্ত্তব্য বিবেচনা করিতেন তাহা ভগবান বুদ্ধের আদেশ বলিয়া প্রচারিত হইত। বুদ্ধই ভিকুদলের দলপতি-তাঁহার আদেশ, তাঁহার উপদেশ ও অহশাসন ভিকুদের সকলেরই মাননীয় ও পালনীয়। তিনি যতদিন জীবিত ছিলেন ততদিন তাঁহার শাসন অনতিক্রমণীয় ছিল কিন্তু তাঁর ়মৃত্যুক্স পর আরে সে শাসনের বল রহিল না। তথ্ন তাঁহার বিষম ভন্গ নিবারণের একমাত্র উপায় ছিল ভিক্ষুসভা আহ্বান

করিয়া তাহাদের মন্ত্রণা গ্রহণ: এই উদ্দেশেই রাজগৃহ ও বৈশালীতে বৌদ্ধসভা হয় কিন্তু এই স্কল সভার স্থানীয় অধিকার ভিন্ন অধিক কিছু কল্পনা করা যায় না। সে সভার শাসন-বল কতটা ৷ সে সভার মতামত সাধারণ বৌদ্ধসমাজে প্রচলিত করিবার উপায় কি ছিল ? তাহার কোন নিয়ম জারী হইলে তাহা যদি কেহ স্বেচ্ছাপূর্বক পালন করে সে অক্তবণা কিন্তু না করিলেই বা কি ? বৃদ্ধদেবের মৃত্যুতে সাধারণ ভক্তমগুলীর মধ্যে যেমন শোকধ্বনি উঠিয়াছিল তাহার সঙ্গে সঙ্গেই আবার এই কথাও গুনা গেল—"আঃ গৌতম গেল বাঁচা গেল। এখন আমরা মনের সাধে চলিয়া ফিরিয়া বেড়াইতে পারিব, আমাদের শাসন করিবার জন্ত কোন গুরু মহাশয় নাই।" এই কথা শুনিয়া কাশুপের মনে অত্যন্ত ব্যথা লাগিল ও তাঁহারই মন্ত্রণায় ভিক্ষু সভা বসিল। কিন্তু তাহার বিধান মানে কে ? এইরপ কথিত আছে যে রাজগুহের সভা-স্তলে স্থবির ভিক্ষু পুরাণ উপস্থিত ছিলেন না। সভাভক্ষের পর তিনি আসিয়া উপস্থিত হইলে তাঁহাকে বলা হইল—"হে পুরাণ, স্থবিরদের মতে এই যে শাস্ত্র নির্দ্ধারিত হইয়াছে তাহা অনুমোদন করিতে আজ্ঞা হউক।'' পুরাণ কহিলেন "তাঁহারা শাস্ত্র বাঁধিয়াছেন ভালই কিন্তু স্বয়ং বৃদ্ধ ভগৰানই আমার গুরু; তাহার মুখে আমি যে উপদেশ এবণ করিয়াছি আমি তাহাতেই অমুরক্ত থাকিব।" বৈশালীর সভাও এই দলাদলি হইতে উৎপন্ন, কতকগুলি ভিক্ষু সজ্ব-নিয়মের কঠোরতা নিবারণ জন্ত কোন কোন নিয়মের পরিবর্ত্তন হয় এইরূপ অভিপ্রায় প্রকাশ করেন। তাঁহারা এইরূপ দশট নিয়ম নির্দেশ করেন—অশক

বদন সম্বন্ধে কতকগুলি ছোটখাট নিয়ম, তাছাড়া দোনার্মপা গ্রহণের যে নিষেধ ছিল তাহা দুরীকরণ। এই সকল বিষয়ে অনেক তর্কবিতর্কের পর নবীন মত অগ্রাহ্য হইয়া সজ্যের প্রাচীন পন্থীদের মর্যাদাই রাখিতে হইল। তথাপি প্রতিপক্ষীয়েরা সম্ভষ্ট হইলেন না। তাহারাও স্বপক্ষ হইতে এক সভা করিলেন, এই সভা 'মহাদঙ্গীতি' বলিয়া অভিহিত। এই বিপক্ষ দলের প্রতি কটাক্ষ করিয়া দীপবংশ বলেন—''ইহারা ধর্মনষ্ঠ ও শাস্ত্র উল্টাইতে চায়--বুদ্ধের উপদেশের নৃতন অর্থ ক্রিয়া স্বমত সমর্থন করে—স্ত্র বিনয় ও পরিবার পাঠ, অভিধর্ম, নিদেশ, জাতক প্রভৃতি একদিকে ফেলিয়া দিয়া নিজেদের মনগড়া শাস্ত্র পর্যান্ত প্রস্তুত করিতে উন্নত।'' বেছিধর্ম্ম প্রচারের সঙ্গে সঙ্গে এই মতভেদ দলাদলি আরো বাড়িয়া উঠিল-ক্রমে বৌদ্ধেরা অষ্টাদশ সম্প্রদায়ে বিভক্ত হইয়া পড়িল—তাহাদের গুরুও ভিন্ন ভিন্ন। এই কেন্দ্রাতিগ শক্তির প্রতিকৃলে বুদ্ধের উপর ভক্তি শ্রদ্ধা, বৌদ্ধশান্তে আহা, ধর্ম-বন্ধনে সাধারণ অনুরাগ ও উৎসাহ এ ভিন্ন আর কোন শক্তি ছিল না। ভারতে বৌদ্ধ-সজ্য নির্মূল হইবার এক কারণ মনে হয় সজ্বের এই প্রকৃতিগত হর্কলতা। বৃদ্ধদেবের জীবদশা হইতেই এইরূপ মতভেদের স্থ্রপাত দেখা যার, তাহার একটি দৃষ্টান্ত দিলে আলোচ্য বিষয়ের স্পষ্টীকরণ হইবে; আমরা ও आমাদের এথনকার সমাজের বিচ্ছেদ দলাদলি দূর করিবার সচপায় স্থির করিতে পারিব।

যখন ভগবান্ বৃদ্ধ কৌশখীতে বাস করিতেছিলেন সেই সময় জনৈক ভিক্ষর প্রতি অকারণে দোষারোপ করা হয় কিন্তু তিনি

নিজ দোষ কিছুতেই স্বীকার করেন না; ভিক্ষু মণ্ডলী ভাঁহার প্রতি বিরক্ত হইয়া বহিষ্কার দণ্ড বিধান করে।

সেই ভিক্সু বিদ্বান বৃদ্ধিমান ধর্মশাস্ত্র বিশারদ এবং বিনীত স্বভাব ছিলেন। তিনি নিজ্ঞ বন্ধুগণের নিকট গিয়া বলিলেন "জামি ত কোন দোষ করি নাই আমাকে অনর্থক দণ্ড বিধান করা হইরাছে। আমি আপনাকে সভ্য হইতে বহিন্ধত মনে করিতে পারি না। আপনারা আমাকে এই অন্যায় দণ্ড হইতে মুক্তি করুন।"

তাঁহার বন্ধুগণ বিচারকদের নিকট গিয়া আপনাদের অভি-প্রায় ব্যক্ত করিলে পর ছই দলের মধ্যে ঘোর কলহ বিবা-দের উপক্রম হইল।

বুদ্ধের নিকট ইহার মীমাংসার জ্বন্ত উভয় দলই উপস্থিত হইল। বুদ্ধদেব গুপক্ষকে অনেক করিয়া বুঝাইলেন ও যাহাতে সম্ভাব রক্ষিত হয় তাহার উপদেশ দিলেন।

তব্ও দলাদলি ভাঙ্গে না। উভয় পক্ষ শ্বতন্ত্রভাবে উপবাস
প্রভৃতি নিজ নিজ ধর্মামুষ্ঠানে তৎপর হইল। বুদদেব
ভাহা দেখিয়া বলিলেন ছই দলের মধ্যে যথন
ঐক্য নাই তথন তাহাদের শ্বতন্ত্র ভাবে নিজ নিজ্
ধর্মাকুত্য অমুষ্ঠান করাই বিধেয়। এবং তিনি বিবাদের স্ত্রধারদিগকে তির্হ্মার করিয়া কহিলেন "হিংসা প্রতিহিংসা দারা
পরাহত হয় না কিন্তু প্রেমগুণে বিজিত হয়। অজ্ঞানবশতঃ যে
ব্যক্তি বিবাদ কলহে প্রবৃত্ত হয় ভাহাকে কিছু বলিনার নাই
কিন্তু জানিয়া গুনিয়া এইরূপ অসন্ত্রহার দ্বণীয়। ভোমরা
সকলে শাস্তি সন্তাবে বাস করিতে শিক্ষা কর, এই স্থামার

উপদেশ। আর তা না পার ত বনে গিয়া নির্জ্জনে বাস কর। 
ছপ্টের সহবাস অপেকা অরণ্যের নির্জ্জনতা শতগুণে শ্রেষস্কর।"

এইরপ উপদেশে ও ভিক্লালের বিবাদ ভঞ্জন না হওয়াতে ভগবান্ বৃদ্ধ কোশখী পরিত্যাগ করিয়া শ্রাবস্তীতে গিয়া বাস করিতে লাগিলেন। তাঁহার অবর্ত্তমানে এই কলহ বিবাদ আরো অধিক প্রজ্ঞালিত হইয়া উঠিল। পরে কৌশখীর গৃহস্কেরা দ্বির করিল এই সকল ভিক্লু মহা গগুগোল বাধাইয়াছে, ইহাদের দৌরাত্ম্যে বৃদ্ধদেশও চলিয়া দ্বে গমন করিলেন। এই সকল ভিক্লুদিগকে আমরা আর ভিক্লা দান করিব না। ইছারা গৈরিক বসন ধারণের ভৈপত্তল নহে—ইহারা সংসারে ফিরিয়া গেলেই ঠিক হয়।" গৃহীদের এইরপ আচরণে ভিক্লুদলের চৈতন্ত হইল ও তাহারা তথন পরম্পরের মধ্যে শান্তি স্থাপনে কৃতনিশ্চম হইল।

উভয় পক্ষের লোকেরা প্রাবস্তী গিয়া উপস্থিত হইল।

শারীপুত্র বৃদ্ধদেবের নিকট নিবেদন করিলেন, ভগবন্ এই

সকল কলহপ্রিয় ভিক্ষুদল সমাগত হইয়াছে, ইহাদের সহিত

কিরূপ ব্যবহার করিব ?

### वृक्षाप्तव कशिलन।-

ইহাদিগকে ভর্পনা করিও না—কর্কশবাক্য কাহারো ভাল লাগে না। উভয়পক্ষের কথা শুনিয়া বিচার কর। এক পক্ষের কথা শুনিয়া ইতি কর্ত্তবা স্থির করা অসম্ভব। উভয় পক্ষের দোবগুণ প্রণিধান পুরঃসর বিচার করা মুনির লক্ষণ।

কুলন্ত্রী প্রজাপতি আসিয়া জিজ্ঞাসা করিলেন এইকণে কি করা কর্ত্তব্য ? বৃদ্ধদেব উপদেশ দিলেন "উভয় দলকেই গ্রাসাচ্ছাদন দিয়া পরিতৃষ্ট কর—কোন এক দলের প্রতি পক্ষপাতী হইও না।"

উপালী জিজ্ঞাসা করিলেন, ইহাদের কলহের ব্যাপার তদন্ত না করিয়া কি ইহাদের মধ্যে সদ্ধি স্থাপন বিধেয় ? বৃদ্ধ কহিলেন—"না এরপ হইতে পারে না। অসুসন্ধান দারা ইহাদের দোষ গুণ বিচার না করিয়া এর শেষ পর্যান্ত তলাইয়া না দেখিলে সদ্ধি স্থাপনের উপায় নির্ণন্ন করা অসাধা। মৌধিক সন্ধি, কোন কার্য্যের নহে—অন্তরের সহিত পরস্পরের দোষ মার্জ্জনা না করিলে স্থায়ী ফল প্রত্যাশা করা বুথা। এক মৌধিক সন্ধি—অন্য যে আন্তরিক স্থা-বন্ধন তাহাই প্রকৃত সন্ধি।" এই বলিয়া তিনি দীর্ঘায়ুর গল্প

প্রাকালে কাশীতে ত্রহ্ম দত্ত নামক এক প্রবলপ্রতাপ নরপতি ছিলেন। তিনি দীর্ঘেতি নামক কোশল রাজের সহিত যুদ্ধ করিতে কৃতসঙ্কর হইলেন। কারণ তিনি মনে ভাবিলেন কোশল এক কৃত্র রাজ্য—দীর্ঘেতি আমার সৈন্যের সহিত যুদ্ধে পারিয়া উঠিবে না। দীর্ঘেতি নিজের ছর্মলতা অমুভব করিয়া রাজ্য ছাড়িয়া পলায়ন করিলেন ও নানাস্থানে ভ্রমণ করিতে করিতে অবশেষে কাশী আসিয়া উপনীত হইলেন। তথায় তিনি সন্নাসী বেশে এক কৃষ্ণকার গৃহে রাণীকে লইয়া বাস করিতে লাগিলেন। রাণীর এক সন্তান জ্বিল, তাহার নাম দীর্ঘায়ু। দীর্ঘায়ু বয়:প্রাপ্ত হইলে রাজা তাহার অমলল আশক্ষা করিয়া তাহাকে দ্বে পাঠাইয়া দিলেন।

যথন ব্রহ্মদন্ত স্থানিতে পারিলেন যে কোশল রাজ ছন্মবেশে রাণীর সহিত কুপ্তকার গৃহে বাদ করিতেছেন তথন তিনি তাহাদের উভয়কে ধৃত করিয়া প্রাণদণ্ড স্থাদেশ করিলেন।

তাঁহাদের পূত্র দীর্ঘায় কাশীর বাহিরে বাস করিতেছিল, তাঁহার পিতা মৃত্যুর পূর্বে তাঁহাকে আনাইয়া উপদেশ দিলেন— "হে পূত্র দীর্ঘায়, অধিক দেখিও না—অল্ল দেখিও না। হিংসা প্রতিহিংসা দারা পরাজিত হয় না—মৈত্রীগুণে হিংসাকে পরাজয় করিবেক।"

দীর্ঘায়ু বনে গমনু করিয়া কাতর স্বরে ক্রন্দন করিতে লাগিলেন। পরে তিনি নগরে ফিরিয়া আদিয়া নৃপতির হস্তীরক্ষকের অধীনে কর্মগ্রহণ করিলেন।

পরদিন প্রত্যুষে উঠিয়া তিনি বীণা বাজাইয়া মধুর স্বরে গান আরম্ভ করিলেন। রাজা শুনিয়া জিজাসা করাতে পরিজনেরা বালকটীকে রাজার নিকট লইয়া গেল ; রাজা সম্ভষ্ট হইয়া তাঁহাকে পার্শের অন্তর করিয়া রাথিলেন।

একদিন রাজা মৃগয়ায় বাহির হইয়া তাঁহার অন্তচর বর্গ হইতে দুরে গিয়া পড়িলেন—দঙ্গে কেবল দীর্ঘায়ু রহিল। দীর্ঘায়ুর ক্রোড়ে মাথা রাখিয়া রাজা নিজা গেলেন।

দীর্ঘায়ু মনে মনে ভাবিলেন, রাজা আমাদের প্রতি অত্যন্ত নিষ্ঠুর ব্যবহার করিয়াছেন—আমার পিতা মাতাকে হনন করিয়া আমাদের রাজ্য কাড়িয়া লইয়াছেন। এখন তাহার প্রতি-শোধের সময় আসিয়াছে। এই ভাবিয়া তিনি কোষ হইতে তরবারি উলোচন করিলেন। তথন পিতার শেষ কথাগুলি দীর্ঘায়র স্মরণ হইল—স্মরণ করিয়া আবার খড়া কোষমধ্যে রাখিয়া দিলেন।

রাজ্বা এক ভয়য়র ছঃস্বপ্ন দেখিয়া জাগিয়া উঠিলেন। কারণ জিজ্ঞাসা করাতে রাজা কহিলেন "আমার কখনই স্থানিদা হয় না, আমি সর্বাদাই এই ছঃস্বপ্ন দেখি যে দীর্ঘায়ু তরবারি হত্তে আমাকে মারিতে আসিতেছে—দেখিয়া আমার নিদ্যাভঙ্গ হয়। আমি তোমার কোলে মাথা রাখিয়া নিদ্যা যাইতেছি এই স্বপ্ন দেখিয়া ভয়ে জাগিয়া উঠিলাম।"

তথন যুবক বাম হস্ত রাজার মস্তকে রাখিয়া দক্ষিণ করে খজা ধারণ পূর্বক বলিলেন "মহারাজ"! আমিই দীর্ঘায়ু দীর্ঘেতি রাজার পূত্র—আমার পিতাকে হনন করিয়া আপনি তাঁহার রাজ্য লুঠন করিয়াছেন। দেখুন এখন প্রতিশোধের সময় আসিয়াছে।"

রাজা আপনাকে অরক্ষিত দেখিয়া কহিলেন "হে দীর্ঘায়ু আমার প্রাণ ভিক্ষা দাও—আমাকে বাঁচাও—প্রাণে মারিও না।"

দীর্ঘায়ু বলিল—"কেমন করিয়া আপনার প্রাণদান করিব যথন আমার নিজের প্রাণ সঙ্কট উপস্থিত। যদি আপনি আমাকে অভয় বচন দেন তাহা হইলে আমিও আপনার প্রাণ রক্ষা করিব।"

ব্যাজা দলত হইয়া কহিলেন "তুমি আমার প্রাণদান কর, আমিও তোমাকে অভয়বচন দিতেছি।"

পরে তাঁহারা পরম্পর হাতে হাত দিয়া বন্ধুত্ব শপথ করিলেন। ব্রহ্ম দত্তকে দীর্ঘায়ু তাঁহার পিতার শেষ উপদেশগুলি ভালিয়া বলিলেন। ব্রহ্মদত্ত জিজ্ঞাস। করিলেন, তোমার পিতা মৃত্যু কালে যে কথাগুলি বলিয়াছেন তাহার অর্থ কি ? "অধিক দেখিও না—অল্ল দেখিও না—হিংসা প্রতিহিংসা দ্বারা জিত হয় না।"

দীর্ঘায়ু কহিলেন—"অধিক দেখিও না অর্থাৎ হিংসা অধিক কাল মনে স্থান দিও না। অল্প দেখিও না অর্থাৎ বন্ধ্বিচ্ছেদ অলে হইতে দিও না। হিংসা প্রতিহিংসা দ্বারা নিবারিত হয় না— তাহার অর্থ এই তুমি আমার পিতা মাতাকে বধ করিয়াছ— আমি যদি তাহার প্রতিশোধ লইবার মানসে তোমাকে হঁত্যা করি তাহা হইলে তোমার পক্ষের লোকেরা তাহার প্রতিশোধ তুলিরা আমাকে বধ করিবেও আমার পক্ষের লোকেরা আবার তাহার শোধ তুলিবার চেষ্টার ফিরিবে— প্রতিহিংসা দ্বারা হিংসা জিত হয় না। মহারাজা এখন তুমি আমার জীবন রক্ষা করিয়াছ—আমিও তোমাকে প্রাণদান করিলাম—অহিংসা দ্বারা হিংসার পরাক্ষয় হইল।"

ব্রহ্মদত্ত দীর্ঘার কথার সন্তুষ্ট হইরা তাঁহার রাজ্য **অশ রথ** সেনা সম্পত্তি তাঁহাকে প্রত্যর্পণ করিলেন। এবং স্বীয় ক্রার সহিত তাহার বিবাহ দিয়া দিলেন।

হে ভিক্পণ ! বড় লোকদের এই দাধু দৃষ্টান্তে তোমরাও ক্ষমা দরা অভ্যাদ কর ; গুরুজনকে ভক্তি কর—সকলকে প্রেম দৃষ্টিতে দেখ। তোমরা পরস্পর হইতে বিচ্ছিল্ল থাকিও না—শাস্তি ও সভাবে মিলিত হইলা বাদ কর এই আমার উপদেশ। আশীর্কাদ করি যে গৃহত্তেরা তোমাদের দাধু দৃষ্টান্ত অনুসরণ করিলা স্থধী হউক।

ভগবান বৃদ্ধ গল্লছেলে এই উপদেশ প্রদান করিয়া ভিক্সু-দিগকে বিদায় করিলেন।

ভিক্ষুদল মিলিত হইরা তাহাদের বিবাদ কলছ মিটাইরা ফেলিল ও সেই অবধি তাহারা স্থাধ সন্তাবে কাল্যাপন করিতে লাগিল। সজ্বের মধ্যে শান্তি স্থাপন হইল।

বৈদিক ক্রিয়া কাগু।

পৌরোহিত্য।—

বৌদ্ধদর্শ্বর আবির্ভাব কালে আর্ঘা সমাজে বলি, হোম, যাগ, যজ্ঞ ক্রিয়া কলাপ প্রবহমান ছিল এবং এই সকল কর্ম কাণ্ডের অধিনায়ক হোতা ঋত্বিক্ অধ্বর্ঘ প্রভৃতি নানা শ্রেণীর পুরোহিত বিদ্যমান ছিলেন। এই আড়ম্বর পূর্ণ ক্রিয়া কর্ম ও পৌরোহিত্য পরিবর্জন পূর্বাক বিশুদ্ধ ধর্মানীতি ভিত্তির উপর বৃদ্ধদেব তাঁহার সজ্জ্ব স্থাপন করিলেন। তিনি বৈদিক ক্রিয়া কাণ্ড, বিশেষত পশু বলির প্রতি কিরূপ বীভ্রাগ ছিলেন তাহার নিদর্শন বৌদ্ধ শান্তের অনেক স্থানে প্রাপ্ত হওয়া যায়। এই বিষয় লইয়া এক ব্রাহ্মণের সহিত্ তাঁহার বাদান্ত্রাদ হয় তাহাতে বৃদ্ধদেব এইরূপে উপদেশ দেন:—

পুরাকালে এক মহা প্রতাপশালী নরপতি ছিলেন, তিনি এক মহা যজ্ঞের আয়োজন করিলেন। কুল পুরহিতকে ডাকিয়া ঠাহার মতামত জিজ্ঞানা করাতে পুরোহিত কহিলেন, মহারাজ! এই কার্যো প্রবৃত্ত হইবার পূর্বে প্রজাদের স্থথ শান্তি ও কল্যাণ সাধনে মনোনিবেশ করুন। এই পরামর্শ ক্রমে রাজ্যের সমস্ত অকল্যাণ দূর করিয়া পরে তিনি যজ্ঞারস্ত করিলেন। সে যজ্ঞে কোন পশু হত্যার ব্যবহা নাই। কোন বৃক্ষ চ্ছেদন, একটা

ভূণের ও উচ্ছেদ সাধনের প্রয়োজন হইল না। ভূতোরা বেচ্ছা
পূর্বাক নিজ নিজ কর্ত্তব্য পালন করিয়া গেল। ক্ষীর হর্ষ মধুপর্ক এই সমস্ত বলিতে যজ্ঞের কার্য্য সমাধা হইল। কিন্তু বৃদ্ধ
কহিলেন ইহা অপেক্ষাও মহত্তর বলি আছে অপচ তাহা অপেক্ষা
ক্বত সহজ্বসাধা—দে কি, না ভিক্ষ্দিগকে অন্ন দান, বৃদ্ধ ও
সজ্ঞের জন্ম আশ্রম নির্মান। ইহা অপেক্ষাও উৎক্রম্ভ বলি
যথন ভক্ত আসিয়া বৃদ্ধর্ম ও সজ্ঞের শ্বণাপন্ন হয়—যথন তিনি
কোন প্রাণী হিংসার প্রশ্রম দেন না, তাহার প্রতাপে সর্ব্ প্রকার মিথা। প্রবঞ্চনা স্থদ্র পরাহত হয়; যথন তিনি ভিক্ষ্র
ন্তায় স্থ্য হৃংথ হইতে নিবৃত্ত হইন্না শান্তি সলিলে নিমন্ম হয়েন।
কিন্তু সেই সর্ব্যোৎকৃষ্ট বলি যথন তিনি ছৃংখ শোক হইতে উত্তীর্ণ
হইন্না জন্ম মৃত্যু অতিক্রম করিন্না জ্ঞান নেত্রে এই নির্বাণাবস্থা
অন্তব করেন ও জানিতে পারেন "আর আমাকে এই মর্ত্যা
লোকে ফ্রির্মা আদিতে হইবে না।"

বুদ্ধের এই উপদেশ শ্রবণ করিয়া রাহ্মণ তথনি বিনীত ভাবে বৃদ্ধ, ধর্ম ও সভ্যের শরণাপন্ন হইলেন। তিনি এক বৃহৎ যজ্ঞ করিবার মানসে অনেক পশু সংগ্রহ করিয়াছিলেন সে সকলকে ছাড়িয়া দিয়া বৃদ্ধকে কহিলেন

"দেখুন আমি এই সকল জীবকে মুক্ত করি ধ্রানামুলারে গৃহমনের স্থেত চরিয়া বেড়াক্—মুক্ত বায় ইহার দিন তাহারা পূর্ব বংশ
এইরূপ কথিত আছে বে বুদ্ধের উই পুত্রীয় ভিকু নামেই
তাহার রাজ্যে বজ্ঞে পশু হতা। উঠাই স্রাাসধর্মের উপদেশ
দিলেন "এখন হইতে যজ্ঞে আর পশু কোন রাজভ্তা বা অমুপ্রতি মন্ত্র্যা সদয় হইলে দেবতারা ই কার্মনোবাক্যে শুলাচারী

পুরোহিতের কর্ম কাও ছাডিয়া দিলে পৌরোহিত্য কাজেই চলিয়া যায়—বৌদ্ধ সভ্যে ও তাহাই দেখা যায়। গুণ ও বয়সে বৌদ্ধ ভিক্লদের প্রাধান্ত ছিল-বৌদ্ধ সভ্যের প্রথম বয়সে তাহার মধ্যে পৌরোহিত্যের প্রভাব উপলক্ষিত হয় না। সে প্রভাব কেনই বা থাকিবে? যে ধর্মে দেবতার আসন নির্দিষ্ট নাই— भांकि चरुवायत्मत विधान नाहे—त्य धर्मा यांग यक किया कर्मा ভজন পূজনের কোন বিধি ব্যবস্থা নাই সে ধর্মে পুরোহিত কিসের জন্ম ? যাগ যজ্ঞের অধীশ্বর, দেব মানবের মধ্যস্থ এরূপ কোন কাৰ্য্যকৰ্ত্তীৰ কিছুই প্ৰয়োজন নাই।—বৌদ্ধ মতে প্ৰভ্যেক মুম্বা নিজ পুণা প্রভাবে নির্মাণ লাভের অধিকারী, প্রত্যেক বৌদ্ধ আপনি আপনার প্রদীপ, আপনি আপন নির্ভর যষ্টি। প্রত্যেক বৌদ্ধ ভিক্ষ আপনই আপনার পুরোহিত, আপনই আপনার যজমান। বৃদ্ধদেব মুমূকু মাত্রকেই সংসার ও গৃহ সম্পত্তি বিসৰ্জ্জন দিয়া তাঁহার প্রদর্শিত পুণ্য পথে আহ্বান করিতেছেন কিন্তু সাধকের মোক্ষ লাভ নিব্বের যত্ন চেষ্টা ও সাধনার উপরেই নির্ভর।

এই নিয়ম যাহা বলা হইল তাহা আদি বৌদ্ধ সমাজে খাটে,

' শ্কারে ও স্থান বিশেষে ইহার বিপর্যায় দৃষ্ট হয়। বৌদ্ধ

' ক্ষা সঙ্গে সিংহল, চীন, তিব্বত প্রভৃতি ভিন্ন

'কার প্রকার নিয়ম বিভিন্ন হইয়া গিরাছে।

' ইহা যে অপরপ রূপ ধারণ করিয়াছে

'বি অমুমোদিত কে বলিবে ? আচার্য্য

শীর মণ্ডিত পণ্ডিত-পুরোহিত, সমস্বরে

'ণ্টার ঘটা, বৃহৎ মঠ মন্দিরে পট

পুত্রলী প্রতিষ্ঠা, শান্তি জ্বল সিঞ্চন, উপোষণ ও গুরু সরিধানে আত্মদোষ স্থীকার, পার্গেটরি সদৃশ নরকে পাপের প্রায়শিচন্ত ভোগ, দেণ্ট প্রতিম বোধিদন্ত কর্না, পোপের স্থানীয় ধর্ম বাজক লামার অধিকার ইত্যাদি অনেক বিষয়ে তিক্তেতী বৌদ্ধর্ম মূলধর্ম ইইতে বহুদ্রে গিয়া পড়িয়াছে, বরং আফুষ্ঠানিক ব্যাপারে ক্যাথলিক খুইধর্মের সহিত উহার সাতিশয় সাদৃগু দৃষ্ট হয়।

জাতি বিচার।—

বর্ণাশ্রমের সহিত বৌদ্ধ সজ্বের সম্পর্ক কি ? এই প্রশ্নের উত্তরে গুটি কতক কথা বলা আবিশ্রক।

যদি ও জাতিভেদ প্রথা উন্মূলিত করিয়া হিন্দু-সমাজ ভাঙ্গিয়া কেলা বৃদ্ধদেবের মুখ্য উদেশু ছিল না, তথাপি ইহা বলা যাইতে পারে যে বর্ণ বিচার তাঁহার সমাজের পত্তন ভূমি নহে— ব্রাহ্মণ ক্ষত্রিয়াদি প্রেষ্ঠ বর্গের স্থায় নীচ বর্ণের লোকে ও ভিক্ষু সজ্যে প্রবেশের অধিকারী। বৃদ্ধদেব একস্থানে বলিয়া গিয়াছেন "হে ভিক্ষ্ণণ—যেমন গঙ্গা যমুনা—মহী অচিরাবতী প্রভৃতি নদনদী যেমনই হউক না কেন সাগরে প্রবেশ করিয়া নিজ নিজ পুরাতন নাম ধাম হারাইয়া একই সাগর নাম ধারণ করে তেমনি যথন ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশু শুদ্র চতুর্বর্ণ আমার বিধানামুসারে গৃহত্যাগী হইয়া সন্ন্যাস ধর্ম গ্রহণ করে তথন তাহারা পূর্ব্ব বংশ মর্য্যাদা পূর্ব্ব নাম পরিত্যাগ করিয়া শাক্য প্রত্রীয় ভিক্ষু নামেই অভিহিত হয়।" রাজা অজাতশক্রকে সন্ন্যাসধর্ম্মের উপদেশ প্রদান কালে বৃদ্ধ বলিতেছেন—"যদি কোন রাজভৃত্য বা অম্বন্ধ বৈগিরক বসন পরিধান পূর্বক কায়মনোবাক্যে গুলাচারী

হইয়া ভিক্ষু বৃত্তি অবলগন করে, হে রাজন্ তথন কি তৃমি
বলিবে এ আমার ভৃত্য—আমার সমূথে দাঁড়াইয়া কথা কহিবে
—আমার নিকট প্রণতভাবে আমার আজ্ঞাধীন থাকিবে —সকল
সময় আমার কথা মত চলিবে—আমার সেবা তৎপর থাকিবে ?"
রাজা উত্তর করিলেন "প্রভো তাহা নহে—আমিই তাঁহার নিকট
প্রণত হইব—তাঁহাকে বসিবার আসন দিব—তাঁহাকে অন বস্ত্র
উষধ পথা যথন যাহা আবগুক তাহা দান করিব—তাঁহার সকল
অভাব মোচন করিয়া যাহাতে তিনি স্ক্রতোভাবে স্কুর্ফিত
থাকেন তাহার উপায় বিধান করিব।"

বুদ্ধ শিষ্যের গৈরিক বদনে রাজা প্রজা ব্রাহ্মণ শূদ্র সকলেই একীভূত। একমাত্র উচ্চবর্ণের লোকে নির্বাণ লাভের অধিকারী তাহা নহে—স্থরনর উচ্চ নীচ সকলেরই কল্যাণ উদ্দেশে এই ধর্ম প্রচারিত।

বুদ্ধের প্রথম শিষ্যদলের মধ্যে আমরা রাজনাপিত উপালীর নাম দেখিতে পাই। থেরাগাথায় স্থনীত নিজ কাহিনী যাহ। বলিতেছেন তাহা শ্রবণ করুন—

"নীচকুলে আমার জন্ম আমি দীন দরিদ্র অজ্ঞান ছিলাম, মন্দিরের শুদ্ধ ফুল বাঁট দিয়া মন্দির পরিচ্ছন্ন রাথা এই আমার কাজ। লোকে আমায় হেয়জ্ঞান করিত, আমি বড়লোকের নিকট ভূমিষ্ঠ হইয়া প্রণত হইতাম। ভগবান বৃদ্ধ যথন তাঁহার শিষ্যগণ সহ মগধের মধ্য দিয়া চলিয়া যাইতেছেন তথন তাঁহার দর্শন লাভ মানসে আমার মাথার বোঝা ফেলিয়া দিয়া ধাবিত হইলাম। আমায় দেখিয়া তিনি কুপালু হইয়া ক্ষণেকের তরে দাঁড়াইলেন। রাজাধিরাজ তুলা কোথায় সেই ভগবান্ বৃদ্ধ আর

কোথায় আমার মত এই দীনহীন অকিঞ্গ—আমার আবেদন গুনিবার জন্ম থামিলেন। আমি প্রভুচরণে দণ্ডবং প্রণাম कत्रिन्ना निर्दारन कतिनाम- अल्डा এই अधीनरक आपनात ভিকুদলে গ্রহণ করুন, তথন পরম রূপালু ভগবান বুদ্ধ কহিলেন—"হে ভিকু এস—আমার সঙ্গে চল।'' এই আমার একমাত্র দীক্ষা<sup>1</sup>" পরে স্থনীত কহিতেছেন "আমি অরণ্যে গিয়া ধ্যানধারণায় নিযুক্ত রহিলাম এবং মুক্তির উপায় অবেষণ করিতে লাগিলাম। তথন দেবতারাও আমার প্রতি প্রদার হইয়া আমাকে ঘিরিয়া দাঁড়াইলেন। বুদ্ধদেব আমাকে দেখিয়া হাস্ত করিয়া কহিলেন ''সদাচার শুদ্ধাচার পুণাবলে হীনবর্ণও ব্রাহ্মণ হয়—ব্রাহ্মণত্বের প্রকৃত লক্ষণ তাহাই।" জনমিয়াই ব্ৰহ্মণ হয় না, কৰ্মগুণেই প্ৰকৃত ব্ৰহ্মণ হওয়া যায়—বৌদ্ধাস্ত্ৰে এইরূপ ভূরি ভূরি বচন প্রাপ্ত হওয়া যায়। বুদ্ধদেব মাতক্ষের গলে বলিয়াছেন- "মাতঙ্গ চণ্ডাল নিজ কর্মগুণে ব্রন্ধলোক প্রাপ্ত হইয়াছেন। জনািয়াই কেহ চণ্ডাল হয় না—জনিায়াই প্রাহ্মণ হয় না—নিজ কর্মগুণেই ব্রাহ্মণ—নিজ কর্মদোষেই চণ্ডাল ।" ( হত্ত নিপাত ) "তিনিই ব্রাহ্মণ যিনি সত্য প্রেম ক্ষমা দয়া অভ্যাস করেন—যিনি সংযমী ও জিতেক্রিয় অজ্ঞান ও পাপ-কলঙ্গ হইতে বিনিশ্ম ক্র।" (ধর্মপদ) কিন্ত ইহা হইতে মনে করিবেন না যে বুদ্ধদেব জ্বাতিভেদ প্রথা উন্মূলন করিয়া সমাজ শংস্কারে সচেষ্ট ছিলেন। সমাজের মধ্যে ঘাঁহারা পিছিয়া পড়িয়াছে जाशास्त्र উদ্ধারের চেষ্টা, शैনবর্ণকে উন্নত করিবার চেষ্টা, অথবা সামাঞ্জিক কুরীতি কুদংস্কার সংশোধন চেষ্টা, ইহার কোন লক্ষণ দেখা যায় না। সমাজ সংস্কার তাঁহার ধর্মপ্রচারের অঙ্গীভূত ছিল না। রাজ্য ও সমাজ যে অবহায় থাকুক না কেন, ভিক্ষু যিনি সমাজের বাহির হইয়া পড়িয়াছেন তাঁহার তাহাতে কোন ক্ষতি বৃদ্ধি নাই। তিনি আপনার সজ্য নিয়ম রক্ষা করিয়া চলিলেই হইল। ত্রাহ্মণের প্রতি সম্মান প্রদর্শন, ও চাতুর্বণ্যের অন্তান্ত নিয়ম রক্ষায় ভিক্ষুরা হস্তক্ষেপ করিতেন না—তবে এই মাত্র বলা যাইতে পারে যে বৈদিক আচার ক্রিয়া কাণ্ড বৃদ্ধদেব ভিক্ষু সজ্যে প্রবিষ্ট হইতে দেন নাই। 'বিভার আক্রর' বলিয়া তাঁহার নিকট বেদের কোন মাহাত্ম্য ছিল না; তিনি নিজে প্রবৃদ্ধ হইয়া যে মহাসত্য উপার্জ্জন করিয়াছিলেন তাহা বেদের ও অনধিগ্য্য, বেদবাক্য হইতেও উচ্চতর। সে সত্য বিশ্বজ্ঞনীন, দেশ বিশেষে অথবা জাতিবিশেষে বদ্ধ নহে। জিনি সেই সত্য ব্রাহ্মণ শৃদ্ধ, উচ্চ নাচ সকলেরই মধ্যে প্রচার করিতে ব্রতী হইলেন, তাঁহার সজ্যের দ্বারও সকলেরই জন্ম উন্মুক্ত হইল।

# পঞ্চম পরিচ্ছেদ।

# मर्ज्यत नियमावली।

প্রবেশ।--

বৌদ্ধ সভ্যের অবারিত দার, যাহার ইচ্ছা প্রবেশ করিতে পারে; প্রথম প্রথম প্রবেশ নিয়মের কঠোরতা ছিল না। বৃদ্ধ দেবের জীবদশায় যে সকল শিষা ধর্ম ও সজ্বের শ্রণাপন্ন হইত তাহার প্রীক্ষার কাল দামান্ততঃ ৪ মাদ নিরূপিত ছিল কিন্তু যোগ্য পাত্র হইলে সে নিয়মের ওবাতিক্রম ঘটিত। দৃষ্টাস্ত স্বরূপ বলি, বুদ্ধ যথন সল্লেধের শালবনে মৃত্যু শ্যায় শ্যান সেই সময় স্বভদু নামক একটা বাহ্মণ স্থাসিয়া উপস্থিত হইলেন এবং আনন্দকে ডাকিয়া কহিলেন "আমি অনেকানেক বয়োবদ সাধু পুরুষের নিকট শুনিয়াছি তথাগত বুদ্ধের আবির্ভাব *জ*গতে ছৰ্লভ, তিনিই এইক্ষণে আবিভূতি হইয়াছেন। আজ রাতে না কি শ্রমণ গৌতম হইলোক পরিত্যাগ করিয়া ঘাইবেন। আমার মনে নানা সংশন্ন আসিয়া সত্যকে আছেন্ন করিয়া রাখিয়াছে, আমার গ্রুব বিশ্বাস এই যে একমাত্র শ্রমণ গৌতম সেই সকল ন 🛪 🚎 দুর করিতে সক্ষম। আমি তাঁহার দর্শন লাভের তাহাদে: আনিয়াছি —তাঁহার কি দর্শন পাইব ? অথবা সাম্বনন্দ কহিলেন—"এখন থাক্—আর না—ভথাগতকে লক্ষণ দেক্ষেক্ত করিও না। তিনি এখন পীড়িত।"

এই কথোপকথন ভগবান বৃদ্ধ তাঁহার রোগশ্যায় শুনিতে পাইয়া আনন্দকে ডাকিয়া কহিলেন — আনন্দ। স্বভদকে আসিতে দেও। তিনি জ্ঞানলাভ মানসে আসিয়াছেন, আমাকে বিরক্ত করিবার জন্য নয়। তিনি যাহা শুনিতে চান আমি সাধ্যমত উত্তর দিয়া তাঁহাকে ব্রাইয়া দিব, তাঁহাকে আসিতে বারণ করিও না।

তাঁহার অনুমতি ক্রমে স্থভ্র তাঁহার সহিত সাক্ষাং করিলেন। বৃদ্ধদেব স্থভ্রকে ধর্মোপদেশ প্রদান করত তাঁহার
সকল সংশয় ভঞ্জন করিলেন। স্থভ্র কহিল "ভগবন্, আপনার জ্ঞানগর্ত্ত উপদেশ শ্রবণে আমি ধন্ত হইলাম। যাহা গুছ
তাহা মৃক্ত হইল, যাহা ভাঙ্গিয়া পড়িয়াছে তাহা গড়িয়া তুলিলেন। বিপথগানীকে আপনি সরল পথ প্রদর্শন করিলেন —
আমার সমক্ষে সত্য ধর্ম প্রকাশিত করিলেন। অত হইতে
আমি বৃদ্ধ, ধর্ম ও সজ্জের শরণাপন্ন হইতেছি। এখন হইতে
প্রভ্রামাকে শিষ্যরূপে গ্রহণ কর্জন।"

বৃদ্ধ কহিলেন "যে কোন ব্যক্তি আমার এই ধর্ম ও সজ্যে দীক্ষিত হইবার প্রার্থনা করে সাধারণ নিয়মান্থসারে তাহার পরীক্ষার কাল চার মাস কিন্তু তোমাকে অব্যাহতি দিলাম তুমি এখন হইতেই সজ্যভুক্ত হইলে।" এই বলিয়া আনন্দকে ঐরপ আদেশ করিলেন। আনন্দ স্কভন্তের মস্তকমুগুন ও তাঁহাকে বসন্তর পরিধান করাইয়া এবং ত্রিশরণ মন্ত্র দিয়া শিষ্যদলে গ্রহণ করিলেন, পরে তিনি আসিয়া ভগ্রান বুদ্ধের পার্ম্বে উপবিষ্ট হইলেন। স্কভ্রু বৌদ্ধ ভিক্কুরূপে প্রব্রম্ঞা গ্রহণ করিলেন এবং সাধনার গুণে কালক্রমে তিনি আহ্ণ পদে উন্নীত হইলেন।

ইনিই বুদ্ধের স্বহস্ত-দীক্ষিত শেষ শিষ্য। (মহা পরিনির্বাণ সূত্র) িইহা হইতেই প্রমাণ হইতেছে যে বুদ্ধের সময় দীক্ষা বিধির কোন আড়ম্বরময় অনুষ্ঠান ছিল না। কালক্রমে প্রবে-শিকার কতকঞ্জি বিশেষ নিয়ম প্রবর্ত্তিত হইল। যাহার। কোন গুরুতর অপরাধে অপরাধী, কুষ্ঠ প্রভৃতি মহাব্যাধিগ্রস্ত, রাজ ভত্য বা দৈনিক পদধারী, তাহাদের প্রবেশ নিষেধ। ঋণগ্রস্ত ব্যক্তি এবং অপ্রাপ্ত বয়ন্ত বালক পিতা মাতার সম্মতি ব্যতীত সংজ্য প্রবেশের অনধিকারী, বার বৎসরের নীচে কেহ প্রথম সোপানে পদার্পণ করিতে পারিবে না---২০ বৎসরের কমে ভিক্ষুর পূর্ণাধিকার প্রাপ্ত হইবে না। সজ্যের হুই সোপান— প্রথম প্রব্রুয়া—দ্বিতীয়, উপসম্পদ। কোন গৃহস্থ ভিক্সু-সজ্যভূক হইবার প্রার্থী হইলে নিয়মিত দিবদে দশ অথবা দশাধিক ভিক্ একত্রিত হন।) প্রার্থীকে একজন ভিকু সভাত্তলে আনয়ন করিলে পর তিনি প্রবিরদিগকে প্রণাম করিয়া যথাসাধ্য গুরু पिका क्या उपविष्टे श्राम । তৎপরে তিনবার সভ্যে নিবেদন করেন "আমাকে অনুগ্রহ করিয়া দীক্ষাদান করুন যাহাতে আমি তুঃথ শোক অতিক্রম করিয়া নিরুতি লাভের অধিকারী হইতে পারি।" সভ্যপতি তাহার ঋদ্ধে ভিক্ষুর বসন্ত্রের গাঁঠরী ঝুলাইয়া দেন। প্রার্থী বদনত্তয় পরিধান পূর্বক সন্মাদী বেশে সমাগত হইয়া তিনবার মন্ত্রদ্ধ পাঠ করেন:--

প্রথম—ত্রিশরণ মন্ত্র (বুদ্ধং শরণং গচ্ছামি ইত্যাদি)—বিতীয়;
দশশীল মন্ত্র যথা—

১। জীবহত্যা, ২। জপহরণ, ৩। ব্যভিচার, ৪। মিণ্যাক্থন, ৫। স্বরাপান এই পঞ্চপাপ হইতে নিবৃত্তি—সাধারণ নিষেধ। ৬। অকাল ভোজন, ৭। নৃত্যগীতাদিতে অনুরক্তি, ৮। গন্ধমাল্য প্রভৃতি সেবন, ৯। আরাম শধ্যায় শয়ন, ১০। সোণারূপা গ্রহণ এই পঞ্চব্যসন হইতে নিবৃত্তি—ভিক্ষুদিগের প্রতি বিশেষ বিধান।

পরিবাদোত্তীর্ণ যুবকের দক্তে পূর্ণ প্রবেশ কালে স্বতন্ত দীক্ষা বিধি অনুষ্ঠিত হয়; তাহার নাম উপসম্পদ। ভিক্ষু যুবক সঙ্ঘ সমীপে উপনীত হইয়া স্থবিরদের মধ্য হইতে একজন উপাধ্যায় বাছিয়া লন। পরে ভিক্ষা পাত্র তাহার ক্ষকে সংলগ্ন হয়। তৎপরে উপাধ্যায় ও অপর একজন ভিক্তু এই হুইজনের মধ্যে **मधायमान हरेल युवकरक अक्ष कता हम, डांहात नाम कि** ? তাঁহার উপাধ্যায়ের নাম কি ? তিনি ভিক্ষাপাত্র ও বসনত্রয় পাইয়াছেন কি না ? তিনি কুঠ প্রভৃতি মহাব্যাধিগ্রস্ত কি না ? তাঁহার বয়দ কত ? তিনি স্বাধীন কি না ? দীক্ষায় তাঁহার অভিভাবকের দম্বতি আছে কি নাণ এই দকল প্রশ্নের সম্ভোষজনক উত্তর পাইলে প্রীক্ষার ফলাফল সভ্যে জানান हन्न। পরে যুবক দীক্ষার জন্ম তিনবার প্রার্থনা করেন, কাহারও কোন আপত্তি না থাকিলে সত্যভুক্ত হন। সত্যের নিয়মাবলী পঠিত হইবার পর তিনি বৈধরণে গৃহীত হন। দীক্ষার পর আচার্য্যের নিকট ৫ বৎসর অধ্যয়নের নিয়ম আছে। দীক্ষিত বৌদ্ধ সন্ন্যাসীর নাম ভিক্ষ অথবা শ্রমণ। ইহাদের ব্রত সংযম এবং দারিদ্রা।

দীক্ষা বিধি সমাপ্ত হইলে দীক্ষিতের কর্ত্তব্যগুলি আচার্যা উপদেশ করেন—

ন্ধাহার, ভিক্ষা করিয়া যাহা সংগ্রহ করা যায়। পরিচ্ছদ, স্বহস্ত-স্যুত চীরপুঞ্জ। বাসস্থান, অরণ্যের বৃক্ষতণ। ঔষধ, গোমৃত্র।

চতুরমুশাসন---

জীব হত্যা করিবেক না। ব্যভিচার করিবেক না। চুরি করিবেক না।

আপনাতে দৈবশক্তি আরোপ করিবেক না।

এই শেষ অমুশাসনটা জারী হইবার বোধ হয় বিশেষ কারগ ছিল, কেন না বিনয় পিটকে দেখা যায়, এক সময়ে বৃজী প্রদেশে ভয়য়য় য়ভিয়য় হইয়াছিল। তাহাতে একদল ভিয়ু মহা কঠে পড়ে। কেহ কেহ গৃহস্থ ঘরে চাকুরি করিয়া জীবিকা উপার্জ্জন করিবার প্রস্তাব করিলেন; এক জন ধৃর্ত্ত ভিয়ু এক ফলী বাহির করিল, এস আমর। সিদ্ধ যোগী বলিয়া আপনাদের পরিচয় দিয়া পরস্পরকে থ্ব বাড়াইয়া তৃলি, 'এই ভিয়ু মহা সাধু,'—'ইনি ত্রিবিদ্যা কঠন্ত করিয়াছেন', 'ইনি সিদ্ধ যোগী'। তাহার মতলব সিদ্ধ হইল। গৃহস্থেরা বলিল, এই সকল মহা পুরুষেরা আমাদের মধ্যে বর্ধা যাপন করিতে আসিয়াছেন, আমাদের পরম ভাগ্য বলিতে হইবে। তাহাদের দান ও সেই পরিমাণে ফাঁপিয়া উঠিল, ভিয়ুরা থাইয়া পরিয়া হাইপ্রই হইয়া পরম স্থ্যে কালহরণ করিতে লাগিল। এইরপ ভণ্ডামি নিবারণের জন্য চতুর্থ অমুশাসনটা উপদেশের মধ্যে নিবিষ্ঠ হইয়া থাকিবে।

সভ্যদলে যেমন প্রবেশ সহজ সভ্য হইতে নির্গমনও তেমনি সহজ। চৌর্য খুণ প্রভৃতি গুরুতর অপরাধ সাব্যস্ত হইলে ভিক্ষু বহিন্ধার দণ্ড যোগ্য—ভাহা ছাড়া স্বেচ্ছাপূর্বক সজ্য ছাড়িয়া যাইবার কোন বাধা নাই। যিনি বলিবেন পিতা মাতার জন্ত আমার ভাবনা হইতেছে, স্ত্রী পুত্রের জন্ত আমার ভাবনা হইতেছে, আমার পূর্বকার জীবনের জন্ত ভাবনা হইতেছে, তিনি সজ্ব ছাড়িয়া সংসারে ফিরিয়া যাইতে পারেন। হয় একাকী কাহাকেও কিছু না বলিয়া কহিয়া চলিয়া যাইতে পারেন কিম্বা একজন ভিক্কুকে সাক্ষী মানিয়া বুদ্ধ, ধর্ম ও সজ্ব পরিত্যাগ করিয়া যাইতে পারেন, কেহ ভাঁহাকে বারণ করিবে না। সজ্বের প্রবেশ ছার যেমন মুক্ত, নির্গমনের পথও তেমনি সোজা—কোন দিকে কোন কণ্টক নাই।

ভিক্ষণের আহার পরিচ্ছন ইত্যাদি বিষয়ে অনেক খুঁটনাটি নিয়ম আছে সে সমস্ত দেখিতে যত কঠোর কার্যাতঃ তত নয়, অনেক বিষয়ে শৈথিলা দৃষ্ট হয়, বাঁধাবাঁধির মধ্যেও কতকটা স্বাধীনতা আছে।

#### আহার।

ভিক্ষা একাহারী; দ্বারে দ্বারে ভিক্লা প্র্যুটন পুরুক আহার
দ্রব্য সংগ্রহ করিয়া পূর্কাছে এক স্থানে একত্রে ভোজন করা
ইহাদের নিয়ম। ভিক্লার সময় কোন কথা কহিবেক না। যদি
কেহ ভিক্লা দান করে তাহাকে আশীর্কাদ করিয়া অন্ত দ্বারে
গমন করিবে; কিছু না পাইলেও মৌনভাবে পরদ্বারে চলিয়া
যাইবে। অনেক সময়, বিশেষতঃ পূর্ণিমার দিনে গৃহস্থ ব্যক্তি
ভিক্কদিগকে মধ্যাত্ব ভোজনে নিমন্ত্রণ করিত, ভিক্কমঠে আহার
পাঠাইয়া দিবার ও রীতি ছিল।

## পরিচ্ছদ।---

সহত্ত-স্থাত চীরপুঞ্জ পরিধান করা নিয়ম কিন্তু কেহ বস্ত্র দান করিলে তাহা গ্রহণ করা নিষেধ নহে। গৈরিক বসনত্রম ভিক্ষুকের পরিধেয়, অন্তর-বাসক, মধ্য-বসন, আর উত্তরীয়। 'কসায়' (পাপ) হইতে বিমুক্ত না হইলে 'কাষায়' অর্থাৎ গেরুয়া বসনের বোগ্য হয় না। এতন্তির কোন বেশভূষা ব্যবহারের বিধান নাই। মন্তক ও শাশ মুগুন ভিক্ষুদলের সন্ন্যাস ব্রতের বাহ্য লক্ষণ।

#### বাসস্থান ৷ --

বুদ্ধ মনে করিতেন যে নির্জ্জন বনবাস আত্ম-সংযম শিক্ষার প্রকৃষ্ট সাধন কিন্তু বিজন বাস করিতেই হইবে এরপ কোন নিয়ম প্রচারিত হয় নাই। ভিক্লদের দলবদ্ধ হইয়া থাকিবারই রীতি ছিল। তাহারা উদ্যানে, বনে, গ্রাম ও নগরের প্রাত্তে যেখানে মন যায় দলে দলে বাস কবিত, ক্রমে তাহাদের জন্ম মঠ বিহার প্রভৃতি বাদগৃহ প্রস্তুত হট্ল। গ্রীষ্ম ও শীতের সময় দেশ ভ্রমণ—বর্ষার ৩ মাস এক স্থানে স্থির হইয়া বসা, এই ↔ তাহাদের নিয়ম। কিন্তু অরণ্যই যাহাদের প্রশন্ত বাসন্থান তাহারাই ভারতে গৃহনির্মাণ কৌশলের স্ত্রপাত করিয়া যায়। ভারতবর্ষের নানা স্থানে যে জৃপ চৈত্য বিহারের ভগ্নাবনেষ **मृष्टे हत्र जाहा जाहारमबर्हे हन्छ-ब्रह्मा। शिवि धूमिया खहालय** নির্মাণ করায় যে কি বিপুল পরিশ্রমের ব্যয় তাহা যিনি দেখিয়াছেন তিনিই বুঝিতে পারেন। এই সকল গিরিমন্দির কোন কোনটা দ্বিতীয় বা তৃতীয় খৃষ্টাব্দে বিরচিত; এইরূপ নিশ্বাণের উৎকৃষ্ট নমুনা পুণা সমীপত্ত কার্লীগুছা পৃষ্টাব্দের প্রথম

শতাব্দেরচিত হয়। হিন্দের দেবদেবী মন্দির সে দিনকার রচনা—বেন বৌদ্ধ মন্দিরের দেখাদেখি তাহাদের স্থত্রপাত মনে হয় আর যে বৌদ্ধ ধর্ম কঠোর জ্ঞান ও নীতির ধর্ম, যাহাতে ভজন পূজনের বিধি ব্যবস্থা কিছুই নাই, ক্রিয়া কাণ্ডের কোন বাহাড়ম্বর নাই, আশ্চর্যা যে তাহারই দেবকেরা প্রকাণ্ড শিলান্তন্ত ন্ত্ৰ বিহার প্রভৃতি নির্মাণ করিয়া তাঁহাদের इस्ड-हिङ्क मकल नाना छाटन विक्किश्व कविषा शिषाट्यन । विशास ও হৈত্য ব্যতীত বৌদ্ধেরা তাহাদের তীর্থক্ষেত্রে বুদ্ধের স্মৃতি-চিহু ধরুপ ঘন্টাকৃতি স্তুপ সমূহ নির্মাণ করিত, কোন কোন স্তৃপ আশ্চর্যা কারুকার্যাময় রেলিং বেষ্টিত, এই সকল স্তৃপের মধ্যে ভূপালের অন্তর্গত ভিল্পা স্তুপ স্থাসিদ। কাশীযাত্রীগণ সারনাথ কেত্রের ভকাবশেষ দর্শন করিয়াছেন তাঁহারা দেখান-কার স্তৃপও দেখিয়া থাকিবেন, তাহা সেই ক্ষেত্র স্বরণ করাইয়া দেয় যেখানে গৌতম তাঁহার ধর্মচক্র প্রথম প্রবর্ত্তিত করেন। এতম্ভিন্ন গিরিগুহা-নিহিত চৈত্য বিহার প্রভৃতি কোথার না প্রক্রিপ্ত ? শতপ্নী যেখানে প্রথম বৌদ্ধ সভার व्यविदर्यन इब्र, नामिरकंद्र लिना, काली, अञ्चल्ला, मानरम्हे দ্বীপস্থিত কান্তেরীর গুহামন্দির, ভূবনেশ্বরের পগুগিরি উদয়-শিরির গুহাশ্রম, এই সমস্ত চিরম্মরণীয় বৌদ্ধকীর্ত্তি ভারতে প্ৰকীৰ্ণ দেখা যায়।

দারিদ্র্য ত্রত।—

দারিদ্রা ও সংযম বৌদ্ধমগুলীর এই ছই মহাত্রত ৷ দোনা রূপা গ্রহণ করা ভাহাদের একেবারেই বারণ, যদি কোন গৃহস্ত দান করেন ভিক্ষু ভাহা নিজের জন্ম রাখিতে পারিবেন লা। হয় তাহা দাতাকে প্রত্যর্পণ করিতে হইবে কিম্বা অন্ত কোন গৃহস্থের হত্তে অর্পণ করিতে হইবে যিনি তাহার বিনিময়ে ঘৃত লবণ তৈল তণ্ডুল প্রভৃতি আবশুকীয় দ্রব্য সকল দান করিলে, তাহা অপর ভিক্ষুদের জ্বন্ত গ্রহণ করিতে পারিবে, নিজের জন্ত নয়। সোনা রূপার ব্যবহার লইয়া অতি প্রাচীন কাল হইতে ভিকুদলে মহা গওগোল উপস্থিত হয় এবং বৈশালী সভায় এই বিষয় লইয়া বিষম আন্দোলন হয়। যে সকল ভিক্ষু এই নিয়ম পরিবর্ত্তনের পক্ষ-পাতী ছিলেন অবশেষে তাহাদেরই পরাভব হইল ও অনেক শতাকী পর্যান্ত এই নিবৃত্তি ব্যবস্থা ভিক্ষু মণ্ডলীর মধ্যে স্থরক্ষিত থাকে। ইহা ছাড়া ভূমি দাস দাসী রাখা অথবা অশ্ব গো মেয়াদি পশু পালন করা ভিক্ষদের নিষেধ। চাস বাস কৃষি-কার্য্য ও নিষিদ্ধ ও দণ্ডনীয়। এক কথায়, ভিক্ষুর পক্ষে দারিদ্র্য ত্রত প্রাণপণে পালন করা বিধেয়। তাঁহাদের বিষয়-সম্পত্তি সব মিলিয়া অষ্টবিধ-বসনত্ত্র, কটিবন্ধ, ভিক্ষাপাত্র, ক্ষুর, স্থচি, জীবহত্যা নিবারণোপ্যোগী জল ছাঁকিবার বাসন। যদিও-প্রত্যেক ভিক্ষর জন্ম এই ব্যবস্থা, তথা প ভিক্ষুসভ্যের কথা বতর। গ্রন্থ প্রভৃতি অস্থাবর বস্তু ছাড়িয়া দেও, ভূমি বিহার প্রভৃতি স্থাবর সম্পত্তি, সজ্ব তাহারও অধিকারী ছিল। বুদ্ধদেব স্বরং সজ্মের জ্ন্য এই সমস্ত উপহার গ্রহণ করিতেন তাহার অনেক দৃষ্টান্ত দেখা গিয়াছে। বৌদ্ধ ভিক্ষু প্রত্যেকে যতই নির্ধন হউন না কেন. অনেকানেক বৌদ্ধক্ষেত্র,রাজা ও শ্রীমন্ত গৃহস্থদের अमारत विश्वन अवर्धामानी हिन मत्न्द नारे; रेडेरतारभत मधा-যুগের খৃষ্টীয় দেবালয় অপেকা তাহাদের ধনদশ্যত্তি অর ছিল না।

পূজা ৷—

আমরা দেখিয়াছি বৌদ্ধধর্ম নীতি প্রধান ধর্ম, তাহাতে বৈদিক হোম যাপ ক্রিয়াকলাপ নাই—যজ্ঞে পশু বলি তাহার অহিংসাধর্মের অহুমোদিত নহে। ত্রান্ধণ্যের ভজন পূজনের বিধিব্যবস্থাও তাহাতে নাই। বেদ্ধিদের দেবপৃঞ্জার পাত্র ও প্রণালী স্বতম্ব এবং দেবালয় প্রভৃতি পূজার উপকরণও নাই। ধর্ম সাধনের জন্ম আশ্রম চাই তাই দেবমন্দিরের বদলে বৌদ্ধ ক্ষেত্র সাধকমগুলীর বাসোপযোগী চৈত্য বিহারে সমাকীর্ণ। তবে কি বৌদ্ধ শাস্ত্রে পূজার নিয়ম আদতেই নাই ? এই প্রশ্নের উত্তরে বলা ঘাইতে পারে যে আমরা যাহাকে সহজ ভাষায় পূজা বলি—কোন দেবতাকে লক্ষ্য করিয়া ন্তব স্তুতি প্রার্থনা এরপ সাধনা আদি বৌদ্ধর্ম্মের অঙ্গ নহে। বুদ্ধের वृक्षाप्त व्यष्टिरे विषया शियाट्यन त्य त्र रेख, त्र त्याम, त्र वक्रव, এইরূপ প্রার্থনার কোন ফল নাই। বৌদ্ধ জগতে স্বয়ং বৃদ্ধদেব 🛶 বতার আপনে আসীন ছিলেন। তিনি যতকাল জীবিত ছিলেন ভতকাল তাঁহার মুখ পানে চাহিয়া ভক্তেরা তাঁহার আদিষ্ট ধর্ম গ্রহণ করিত এবং তাঁহার পরিনির্মাণের পর কাল ক্রমে বৃদ্ধই দেবাসনে প্রতিষ্ঠিত হইলেন। বৃদ্ধ ছাড়া বোধি-গত্ব-কল্পনা বৌদ্ধদের মধ্যে কিরূপে উদয় হইল তাহার বিবরণ পরে দেওরা যাইবে। এইক্ষণে এইটুকু বলিলেই যথেষ্ট ছইবে य हिन्दू द्वरापरी आंत्र तोक्ष त्वरणा, हेशापत माधा अक •বিষয়ের পার্থক্য আছে। হিন্দু শান্তের মতে রামকৃষ্ণাদি দেবগণ মহ্যা জন্ম ধারণ করিয়া ভূমগুলে অবতীর্ণ হন; বৌদ্ধ মডে

মহ্য্যপণ সাধনাগুণে অর্হৎ, বোধিসন্ত, বৃদ্ধ এইরূপে উত্তরোত্তর দেবত্ব পদ প্রাপ্ত হইরা থাকেন। সে বাহা হউক মোটাম্টি বৈলা বাইতে পারে যে বৌদ্ধদের মধ্যে আমাদের মত দেবপূজার ব্যবস্থা নাই—প্রাক্ষণ্যের দেবতার স্থানে বৃদ্ধ ও বোধিসন্ত প্রতিষ্ঠিত—তাহাদের লইরাই বৌদ্ধদের পূজার্চনা।—এই সকল দেবতার মধ্যে বৃদ্ধ দেবের সর্কোচ্চ আসন—ভক্তি প্রদ্ধা সহকারে বৃদ্ধের অর্চনা—তাহার স্থতিচিফ্ল রক্ষণ—তীর্থ দর্শন—তাহা ছাড়া তাঁহার উপদিষ্ট ধর্ম পালন—এই সমস্তই পূজার সাধন।

ভাবনা ধ্যান, সমাধি।-

অন্যান্ত ধর্মে যেমন দেবারাধনা, স্ততি প্রার্থনা ভজন পূজনের ব্যবস্থা আছে, বৌদ্ধদের দেইরপ ভাবনা, ধ্যান ও সমাধি। বিষয় বাসনা হইতে বিরত হইয়া ভিক্ল্লিগকে বিরবে পঞ্চ ভাবনা সাধন করিতে হয়।—মৈত্রী, করুণা, মুদিত, অভভ ও উপেক্ষা, ভাবনা এই পাঁচ প্রকার।

মৈত্রী—কি দেবতা কি মন্থ্য সকল জীবই স্থ**ী হউক,** শক্তর ও কল্যাণ হউক, সকলেই রোগ শোক পাপ তাপ হ**ইতে** মুক্ত হউক এইরূপ শুভ চিস্তাকে মৈত্রী ভাবনা বলে।

করণা—হঃধীর হুংথে সমবেদনা অন্তব করা, জীবের কিসে হুংথ মোচন ও সুথ বর্জন হয় অহরহ এইরূপ চিন্তা করা করুণা ভাবনা।

মুদিত—ভাগ্যবান্ ব্যক্তির স্থথে স্থী হওয়া, তাহাদের স্থ নৌভাগ্য স্থায়ী হউক এই চিন্তা মুদিত ভাবনা।

অভভ-শরীর ব্যাধিমন্দির, তড়িৎসম ক্ষণস্থায়ী, মরীচিকার
ভার অসত্যা, এবং মৃত্র প্রিষে পরিপূর্ণ ঘুণিত বস্তু, মানব জীবন

জার মৃত্যুর অধীন, হংখমর ও জণভঙ্গুর, এইরপ ভাবনাকে। অভ্যভ ভাবনাবলে।

উপেক্ষা—সকল জীবই সমান, কোন প্রাণী অপর প্রাণী আপেক্ষা অধিকতর প্রীতি বা অধিকতর ঘূণার আম্পদ নয়; বল ছর্বলতা, দ্বেষ মমতা, ধন দারিদ্রা, যশ অপ্রথশ, জ্বা যৌবন, সুন্দর অস্থলর, সকল গুণ, সকল অবস্থাই সমান—এই সাম্য ভাবনা উপেক্ষা ভাবনা বলিয়া অভিহিত হয়।

ভিক্ষুগণ প্রাতঃসন্ধ্যা বিরলে বসিয়া এই পঞ্চ ভাবনা অভ্যাস করিতেন ।

#### ধ্যান।-

বৌদ্ধনতে ধ্যান পরম পদার্থ। জীবনের মহান্ উদ্দেশ্ত দিদ্ধ করিতে হইলে ধ্যান ও সমাধি বারা চিত্তের একাগ্রতা সাধন একাস্ত আবশুক। যে নকল বিষয় চিত্তকে সেই মহান্ লক্ষ্য হইতে বিচ্যুত করে দে সমস্ত দুর্ব করিতে হইবে—"তত্রত্রাভিনন্দিনী" চিত্তবৃত্তি অর্থাং প্রজাগতির ন্তার ফুল হইতে ফুলে রমণ করিতে চায় এমন যে চপলা প্রবৃত্তি, তাহা বশীকৃত করিয়া বিষয়াদক্তি হইতে বিরত হইতে হইবে, এইরূপ নির্ণিপ্ত ভাবে নির্দ্ধনে ধ্যানানন্দ উপভোগ করা ধ্যানের প্রথম সোপান। ধ্যানের এইরূপ উত্তরোত্তর চারিটী সোপান আছে। উচ্চ হইতে উচ্চতর ধাপে উঠিতে হইলে চিত্তকে অধিকতর সংযত করিয়া যে বিষয়টী ভাবিতেছ তাহার সহিত একাস্ত তন্মর হইয়া যাওয়া আবশুক। ধর অরপলোকের ধ্যান করিতেছ— রূপ-লোকের সমুদার ভাব, সমুদার করনা মন হইতে দুর করিতে হইবে, এই সমস্ত ইন্দ্রিকরের বিষয় হইতে নির্ত হইরা ইন্দ্রিরের

অনোচর অনৌকিক ভাব ও অবস্থার চিত্তের তলমতা সাধন করিতে হইবে, ধেন তুমি এ পৃথিবীর জ্ঞাব নও, অরপলোকে বাদ করিতেছ। বৌদ্ধমতে কদিন ধোগ সাধনা দ্বারা কোন কোন ধোগা এই প্রকার অলৌকিক শক্তি-বাহিনী দিদ্ধি লাভ করিয়াছেন। ধ্যানবলে ধ্যানের বিষয়ের সহিত বে পরিমাণে তলমীভাব হইবে দেই পরিমাণে দিদ্ধিলাভ। ধ্যানের সর্বেচ্চি অবস্থা সেই যাহাতে জ্ঞাব স্থুখ হুংও ইইতে উত্তীর্ণ হুইয়া শাখত শান্তিরদে নিমগ্ন হয়েন—বে অবস্থায় ভাব জ্ঞানও নাই, অভাব জ্ঞানও নাই, কেবল অরণমাত্র অবশিষ্ট থাকে। চিত্ত শান্তি-দলিলে মগ্রুণ হয়। এই মহা ধ্যানে নিমগ্ন হইয়া বৃদ্ধদেব নির্মাণ প্রাপ্ত হন।

## সমাধি।-

বহিবিষয় হইতে নিবৃত হইয়া আত্মার একাগ্রতা সাধনের নাম সমাধি। পঞ্চত অনিত্য ও পরিবর্ত্তনশীল একাগ্রচিত হইয়া এই সমস্ত অনিত্য ভাবাদি পুনঃপুনঃ চিস্তা করিবে। করিতে করিতে সেই ভাব মনোমধ্যে নিতান্ত পরিস্ফুট হইয়া উঠিবে। সমাধি ইহার উত্তরীয় অবস্থা। গৌতমবৃদ্ধ বে সমগ্র চারি প্রকার ধ্যানের অফুঠান করেন তাহার দ্বিতীয় ধ্যান্টী সমাধিজাত বলিয়া লিখিত আছে। সমাধি দারা ছয় প্রকার অভিজ্ঞা উপার্জন করা যায়; দিব্য দর্শন, দিব্য শ্রবণ, অন্তের মনোভাব পরিজ্ঞাত, পূর্ব্ব জন্ম স্মৃতি রিপুদমন ক্ষমতা, অলৌকিক শক্তি (শক্ষি) অর্জন।

তীর্থদর্শন।-

পূজার অপর অন্ন তীর্থ দর্শন, অতি প্রাচীন কাল হইডেই

বৌদ্ধ সমাজে প্রচলিত দেখা যার। বৌদ্ধ শাস্ত্রে চারিটী তীর্থ স্থান নির্দ্ধি আছে—

- ১। যেখানে বুদ্ধের জন্ম
- ২। যেখানে তাঁহার বৃদ্ধত্ব প্রাপ্তি
- ৩। যেখানে তিনি ধর্মচক্র প্রবর্ত্তিত করেন
- ৪। যেখানে তাঁহার নির্বাণ

এই দকল স্থান পরিদর্শন মানদে তিকু তিকুণী উপাদক উপাদিকা তীর্থ ভ্রমণে বাহির হন। বুদ্ধদেব বলিয়া গিয়াছেন বিনি এই চতুন্তীর্থ দর্শন করিয়া দেহত্যাগ করেন তিনি মৃত্যুর পুর স্বর্গলাভ করেন

এই সমস্ত বৌদ্ধ তীর্থক্ষেত্র এখন কতক ভগ্ন, কতক ভগ্ন-প্রায়, কতক রূপাস্তরিত, কতক বা একেবারেই বিলুপ্ত হইয়া গিয়াছে।

### কপিলবাস্ত।---

বুদ্ধদেবের জন্মভূমি যে কপিলবাস্ত সে এখন কোথায় ?
তাঁহার জীবদ্দশাতেই তাহার ধ্বংস হয়। তিনি নিজে ত
রাজ্যতাগ করিয়া ধর্মপ্রচারে জীবন উৎসর্গ করিলেন, পরে
তাঁহার পুত্র রাহল ও আত্মীয় স্বজনকে স্বপক্ষে আনিয়া রাজ্যের
তাত্মকল শিথিল করিয়া দিলেন—ইহাদের বিয়োগে তাঁহার
পিতার যে ভয়ানক কন্ত হয় তাহার উল্লেখ করা হইয়াছে;
কন্তের কারণ যথার্থই ছিল। ছিল্র পাইয়া বাহির হইতে শক্রণল
রাজ্য আক্রমণ করিল। বুদ্ধের নির্বাণের তিন বৎসর পূর্বে
কোশলাধিপতি প্রসেনজিতের পুত্র ও উত্তরাধিকারী কপিলবাস্ত
ধ্বংস এবং শাক্যবংশ নিপাত করেন। চীন পরিব্রাক্তকেরা এই

বিখ্যাত নগরীর ভগাবশেষ মাত্র দেখিয়াছিলেন। কালক্রমে তাহার চিহ্ন মাত্রও রহিল না। সম্প্রতি বিস্তর অনুসন্ধানের পর প্রত্নতত্ত্বিৎ পণ্ডিতেরা অশোকের একটি খোদিত স্তম্ভ হইতে কপিলবাস্তর বাস্তভূমি নেপাল সমীপে নির্ণয় করিয়াছেন। হুরেন সাঙ্রের বর্ণনার আধারে ঐ স্তম্ভ আবিষ্কৃত হয়।

# বুদ্ধ গয়া।—

এই স্থানে বুরু বুদ্ধত্ব পাইয়াছিলেন বলিয়া ইহা বৌদ্ধদের মহাতীর্থ; Jerusalem যেমন খুষ্টানদের, বৌদ্ধদের পক্ষে ইহাও সেইরূপ। ইহার সঙ্গে বৃদ্ধদেবের অশেষ স্মৃতিচিত্র জড়িত আছে। অশোক রাজা এইস্থানে এক বৌদ্ধ মন্দির নির্মাণ करत्रन- এই मन्दित्र मर्था मर्था ज्ञा । नवीकृत इत्र, এইकार আবার পুন-র্বীকৃত হইয়া হুয়েন্ সাঙের বর্ণনাত্র্যায়ী তাহার পূর্বাকার ধারণ করিয়াছে। এইক্ষণে আর সেই বোধিবৃক্ষ নাই যাহার তলে বুদ্ধের বোধনেত্র খুলিয়াছিল। পিছনে তাহার প্রতিনিধি স্বরূপ এক অর্থ বৃক্ষ তৃতীয় খুষ্টাব্দে রোপিত হয় এখন তাহাই আছে। প্রবাদ এই যে মূল বুকের এক শাখা মহেক্রের ভগিনী সঙ্ঘমিত্রা সিংহলে লইয়া যান, দেখানে তাহা প্রকাণ্ড অশ্বথে পরিণত হইয়াছে। হায়, বৌদ্ধ ধর্মেরও দশা এইরূপ! জন্মভূমি হইতে বিতাড়িত হইয়া পর দেশে তাহার শাথা প্রশাথা বিস্তৃত হইয়া পড়িল। বুদ্ধ গয়ায় বোধিবৃক্ষ কোথায় কি অবস্থায় ছিল তাহা হুয়েন সাঙের ভ্রমণ বৃত্তান্ত হইতে জানা যায়। বৃক্ষের পূর্বভাগে স্বর্ণামলক-চূড় এক বিহার ছিল, তাহার প্রবেশ দ্বারের খোপে একদিকে অবলোকি-তেখর, অন্যদিকে মৈত্রেয়ী সূর্ত্তি প্রতিষ্ঠিত। বুক্ষের উত্তরে বুদ

বুদ্ধ পাইবার পর পদব্রজে চলাচল করিতেন। তিনি সাত্দিন ধ্যানময় থাকেন পরে উঠিয়া যেথানে তিনি সাত দিন পায়ে চালি করিয়া বেড়ান; আবার যেথানে তিনি ছই বণিক পুত্র ত্রপুষ ও ভল্লিকের হস্ত হইতে উপোষণান্তে ছগ্ধ পান করিয়াছিলেন, এই সকল স্থান ও আন্যান্য অনেক বিষয় হুয়েন সাং তাঁহার গ্রন্থে বর্ণন করিয়াছেন। এই প্রদক্ষে বলা ঘাইতে পায়ে যে এপুষ এবং ভল্লিক বুদ্ধের ছই প্রথম গৃহস্থ শিক্ষরূপে তাঁহার 'ধর্ম্মে' দীক্ষিত হন—'সভ্য' তথনও প্রতিষ্ঠিত হয় নাই। বৃদ্ধ গ্রায় বুদ্ধের এইরূপ কত কত কীর্ত্তি-চিত্র বহিয়াছে তাহার অস্ত নাই।

#### সারনাথ।---

কাশী সমীপস্থ বৌদ্ধতীর্থ; এই স্থান হইতে বৃদ্ধদেব তাঁহার
ধর্মচক্র প্রথম প্রবর্ত্তিত করেন। সরনাথ বৌদ্ধ সম্প্রদারের
একটা প্রধান স্থান ছিল। বৃদ্ধ বর্ত্তমান থাকিতেই সারনাথ
বিহার প্রস্তুত হয়। তথায় বৌদ্ধদের অনেক দেবালয় ও দেবমূর্ত্তি এবং একটা উৎকৃষ্ট বিভালয় ছিল। এই সারনাথ একেবারে নষ্ট হইয়া গিয়াছে। তাহার চারিদিকে এরপ প্রভুত
ভন্মরাশি বিদ্যমান আছে যে, দেখিয়া বোধ হয় বৌদ্ধদেবী
শক্রপক্ষীয়েরা সমুদায় ভন্মীভূত করিয়াছে। এই ক্ষেত্রে
আশোকের সময়ে একটা স্তৃপ নির্মিত হয়। এখন যে স্তৃপ
রহিয়াছে তাহা হয়েন সাং দেখিয়াছিলেন। এই স্তৃপের
অনতিদ্রে কনিজ্যাম সাহেব একটা প্রস্তর থণ্ড আবিদার
করিয়াছেন তাহাতে বৃদ্ধের জন্ম, বৃদ্ধ প্রাপ্তি, কাশীতে
উপদেশ ও নির্মাণ, এই চারি ঘটনাসম্বনীয় প্রতিমৃত্তি সকল
খোদিত আছে।

## রাজগৃহ।—

(য

বিশ্বিসারের রাজধানী। বৃদ্ধ কপিলবাস্ত হইতে নিজ্ঞান করিয়া এখানে হুইজন ব্রাহ্মণ আলাড় কালাম এবং উদ্রকের निक्रे अथरम धर्माभरम्भ গ্রহণ করেন।—यमिश **তাহাদের** প্রদর্শিত পথ তাঁহার মনোনীত হয় নাই তথাপি তাহাদের मिका ७ छे भरतम अरक वार्त्र है निवर्शक है है शाकिन वना यात्र नी. **দে শিক্ষার ফল ভবিষাতে তাঁহার নিজের উপদেশে ফলিত** দেখা যায়। রাজগৃহের বেণুবন ও গৃধকৃট পর্বত বুদ্ধদেবের প্রিয় আবাদস্থান ছিল। বৃদ্ধের জীবনী সংক্রান্ত আরও অনৈক ঘটনা এই স্থানে সংঘটিত হয়। সারীপুত্র ও মুলালায়ন গৌতমের চুই প্রধান শিষ্যের অশ্বজ্ঞিতের সঙ্গে এথানেই প্রথম আলাপ পরিচয়। গুরুর বিরুদ্ধে দেবদত্তের যড়চক্রের ও এই छान। ইহার নিকটেই সপ্তপর্ণী গুহা, যেখানে বৌদ্ধ সভার প্রথম অধিবেশন হয়। বুদ্ধের শেষ বয়সে যথন তিনি **জে**তবনের বিহার হইতে রাজগৃহের গুরুকুটে ফিরিয়া <del>যান</del> তথন রাজা অজাতশক্র বুজি জাতীয় লোকদিগকে আক্র-মণের পম্বা দেখিতেছিলেন। ঐ জাতি গঙ্গার উত্তর পাড় মগধের দামনে বাদ করিত। অনায়াদে বুজি জাতির দমুচ্ছেদ সাধন করিতে পারিবেন কি না, তাহা জানিবার জন্ম অজাত-मक श्रीय श्रमाका वर्षकांद्रक वृद्धारत्वत निक्र थ्याद्र करा । গৌতম বলিয়াছিলেন যতদিন বুজিগণ পরস্পর ঐক্য বন্ধনে বন্ধ থাকিবে, যতদিন উহারা মিলিত হইয়া কার্য্য করিবে, স্বধর্ম পালনে त्रक शांकित्व, यक्तिन छेशात्मत्र मत्था कृत्रश्ची ও कृतकुमात्रीशन পৃঞ্জিত হইবেন, ষতদিন উহারা অহংগণের রক্ষা ও পালন

বৃদ্ধি, ততদিন বুজি জাতির স্বাধীনতা বিনষ্ট হইবে না।
এ প্রসঙ্গে তাঁহার ভিক্ষু সভব বাহাতে ধর্মের আগ্রয়ে ঐক্যুস্ত্রে
মিলিত হয়, তাহাদের পরস্পরের মধ্যে বিচ্ছেদ সংঘটন না হয়
ভবিষয়ক উপদেশ প্রদান করেন।

# পাটলী পুত্ৰ ৷—

শুরুজী গঙ্গাপার হইবার সময় দেখিলেন—অজাতশক্ত্র পাটলীপুত্রের ঠিকানায় বৃজিদের আক্রমণ নিরোধ উদ্দেশে এক হর্গ নির্মাণ করিতেছেন। সেই সময়ে তিনি পাটলী-পুত্রের ভাবি গৌরব ও শ্রীবৃদ্ধির কথায় সকলকে আখাসিত করিয়া তাহার ভাবি হর্গতির কারণ ও নির্দেশ করিলেন। "নগরের তিন শক্র, অগ্নি, জল ও গৃহ-বিচ্ছেদ।" এই ভবিষ্য-দ্বাণীতে প্রীত হইয়া যে য়ার দিয়া গৌতম গঙ্গাবতরণ করেন নগরাধাক্ষ তাহার নাম 'গৌতম-দার' রাথিবার আদেশ করি-লেন। রাজগৃহের পর পাটলীপুত্রই মগধের রাজধানী হইল— জ্বশোকের রাজধানী তাহাই। এই নগরীর আধুনিক নাম শোটনা।

## শ্রাবস্তী।---

রাজগৃহে দিতীয় বর্ষা যাপন করিয়া বণিক অনাথপিণ্ডিকের আমন্ত্রণে বুদ্দেব প্রাবন্তী গমন করেন। ইহা কাশীর
উত্তর পশ্চিম রাপ্তী নদীতীরস্থিত। গৌতমের সময় ইহা
কোশল-রাজ প্রদেনজিতের রাজধানী ছিল। প্রাবন্তীর জেতবন উদ্যান অনাথপিণ্ডিকের বহুমূল্য দান; যত স্বর্ণ-মূলা সেই
ভূমি থণ্ডের উপর বিছাইয়া ঢাকিয়া দেওয়া যায় বণিক তাহা
তত মুলায় ক্রেয় করিয়া বৌদ্ধ সংক্ষে উপহার দেন। জেতবন

বুদ্দদেবের দাধের আশ্রম ছিল; দেখান হইতে তিনি যে দকল উপদেশ দেন তাহা বৌদ্ধ শাস্ত্রে প্রথ্যাত। জেতবনে যে বিহার নির্ম্মিত হয় হরেন সাং তাহার ভগ্নাবশেষ দেখিয়া যান। ফাহিয়ান বলেন শ্রাবস্তীতে প্রদেনজিৎ বুদ্দের চন্দন কার্চের এক বৃহৎ প্রতিমূর্ত্তি নির্মাণ করেন। ওখানকার এক মন্দির খনন করিতে করিতে বুদ্দের এক বড় প্রস্তর মূর্ত্তি পাওয়া যায় কিন্তু কাঠ মূর্ত্তির কোন চিহ্ন দেখা যায় নাই।

## বৈশালী ।—

বৈশালীতে ও বুদ্ধদেব অনেক উপদেশ দেন। কুর্শীনগর বাত্রাকালে এথানে অধপালীর উদ্যানে তিনি শেষবারের মত বিশ্রাম করেন। বুদ্ধের মৃত্যুর পর তাঁহার দেহের ভন্মাবশেষের উপর লিচ্ছবীরা এই স্থানে একটী স্তুপ নির্মাণ করে।

## কৌশাস্বী।--

আলাহাবাদ হইতে ১৫ ক্রোশ দ্র। ইহা এক প্রাচীন নগরী, রামায়ণেও ইহার উল্লেখ আছে। ইহা সেই রাজা উদয়নের স্থান যাহার নাম মেঘদ্তের এক শ্লোকে কীর্ত্তিত আছে।

# 'উদয়ন কথা কোবিদ গ্রাম বৃদ্ধান্'

রক্লাবলী নাটকের রঙ্গভূমি ও এই। বুদ্ধ এখানে আনেক সময় আসিয়া উপদেশ দিতেন। কথিত আছে বুদ্ধের এক চন্দন কাঠের প্রতিমূর্ত্তি শ্রাবস্তীতে যেমন, এখানে তেমনি গঠিত হয়। এটি বুদ্ধের জীবদশাতেই নির্মিত হইরাছিল। যে স্থপতি ইহা নির্মাণ করে তাহাকে এয়প্রিংশ স্বর্গে পাঠান' হয়, সেখানে গিয়া সে বুদ্ধদেবের দর্শন পায়, তথায় তিনি তাঁহার মাতা মায়া-দেবীকে ধর্মোপদেশ দিবার জন্ত গমন করিয়াছিলেন।

#### नालमा ।---

নালন বিহার বৌদ্ধদের একটা অত্যংক্ষ্ট বিশ্ব-বিদ্যালয়। ইহার আধুনিক স্থান বারাগাঁও, বুদ্ধগয়া হইতে ৪০ মাইল দুর। হুয়েন সাং বলেন বৃদ্ধ এখানে ৩ মাস অবস্থিতি করিয়া ধর্মোপদেশ করেন। ভ্রেন সাং নিজে এই বিহারে ৫ বৎসর কাল থাকিয়া শাস্ত্র অধ্যয়ন করেন। শিলাদিতোর রাজত কালে নালন্দ-বিহার পূর্ণ মহিমায় বিরাজিত ছিল। রাজকোষ হইতে ইহার বায় নির্কাহ হইত। হুয়েন সাঙ্কের বর্ণনা এই "ছয়টাঁ ভিন্ন ভিন্ন বিহারে প্রায় ১০.০০০ ভিক্র অধায়নে নিযক্ত— বৌদ্ধ সম্প্রদায়ের অষ্টাদশ শাথা এথানে একত্রিত। এথানকার ছাত্রেরা সকলেই প্রথর-বৃদ্ধি, স্প্রপণ্ডিত ও প্রিত্ত চরিত্ত। मकान इटेंटि मक्ता भग्ने टक्टन धर्माठकी ও धर्मानाभ, দুর দুর হইতে মহা মহা পণ্ডিত তাঁহাদের ধর্মবিষয়ক সন্দেহ ভঞ্জন করিতে আসিয়া থাকেন। ত্রিপিটক যাহাদের কণ্ঠত নাই তাহার। লজ্জায় মুথ হেঁট করিয়া থাকে। নালন্দ ছাত্রদের িপাণ্ডিত্যের এমনি খ্যাতি যে অনেকানেক ভণ্ড তপস্বী তাহাদের উপাধি ধারণ করিয়া পাণ্ডিত্য ভান করিয়া বেড়ান।"

## কুশীনগর।---

এই স্থানে বৃদ্ধদেব নির্বাণ প্রাপ্ত হম। চীন পরিবাজকের।
এথানকার ভগাবস্থা দেখিয়া যান। এই প্রসঙ্গে হয়েন সাং
বলেন বৃদ্ধের মৃত্যু সংবাদ শ্রবণ করিয়া কাশ্রপ কুশীনগর যাত্রা
করিতেছেন এমন সময় কতকগুলি ভিক্ষু আনন্দ প্রকাশ করিয়া
বিলয়া উঠিল "তথাগত গোলেন বাঁচা গেল। আমরা কেহ
কোন দোষ করিলে এখন কে আমাদের শাসন করিবেন?"

এই কথা শুনিরা কাশাপ ধর্ম প্রতিষ্ঠার উপায় চিন্তা করিতে লাগিলেন। উপস্থিত সকলকে ডাকিরা বলিলেন "আমাদের ধর্মশাস্ত্র বাঁধিরা দেওয়া আবশুক। যে সকল ভিকু বুদ্ধের বিধান সমৃদয় ভালরপ জানেন—গারা নিজে সেই ধর্মে অহ্বক্ত—
গাঁহারা অধীত ও স্থবিচারী তাঁহারা সভা করুন, অপ্রবীন নৃতন শিষ্যেরা চলিয়া যান "

ইহা শুনিয়া অনেকে চলিয়া গেল—>০০০ লোক অবশিষ্ট রহিলেন — তাঁহাদের মধ্যে আনন্দ একজন। কাশুপ আনন্দকে ও গ্রহণে সন্মত হইলেন না। তাঁহাকে সম্বোধন করিয়া কহিলেন "তোমাকে সম্পূর্ণ দোষশূন্য বলিতে পারি না। তুমিও এ সভার যোগ্য নও। তুমি বুদ্ধের পার্ম -সহচর প্রিয় শিষ্য ছিলে—তাঁহাকে পিতার ন্যায় ভক্তি করিতে ও ভাল বাসিতে, তুমি এখনো সম্পূর্ণ আসক্তি বিহীন হইতে পার নাই এই আমার ধারণা।"

আনন্দ নির্জন অরণ্যে গিয়া যোগ সাধন ঘারা অর্থ-সিদ্ধি
লাভ করিলেন। পরে যথন তিনি সভাস্থলে ফিরিয়া ঘারে আদিয়া দাঁড়াইলেন, কাশুপ তাঁহাকে বলিলেন "তুমি আসজি শৃত্ত হইয়াছ তাহার প্রমাণ দেখাও। তুমি স্ক্ষ্ম শরীরে এই কদ্ধ ঘার দিয়া সভায় প্রবেশ করিতে পারিলে বুঝা যাইবে।" আনন্দ তথনি ঘারের ছিদ্র হইতে স্ক্ষ্ম শরীরে প্রবেশ করিলেন ও উপস্থিত স্থবিরদিগকে প্রণাম করত সভা মধ্যে উপবিষ্ট হইলেন।

এই ত ভারতের প্রধান প্রধান বৌদ্ধ তীর্থের কথা বলা হইল। ইছা ছাড়া সিংহল, ব্রহ্মদেশ, খ্যাম, চীন, তিকাত প্রভৃতি দেশে বুদ্ধের শ্বরণ চিহ্ন সকল বিক্ষিপ্ত-এই স্থলে তাহাদের বিবরণ দিবার প্রয়োজন নাই।

প্রায়শ্চিত্ত বিধান।--

থুটার ক্যাথলিকদের মধ্যে গুরু সয়িধানে আত্মপাপ স্বীকার করিবার বে একটা রীতি আছে, বেদ্ধি সমাজে তাহার অন্তর্মপ একটা প্রথা প্রচলিত ছিল। প্রত্যেক ভিক্সুকে প্রতিমাদে ছইবার অর্থাৎ পূলিমা ও অমাবশ্রার দিবসে উপবাস পর্ব্বে প্রতিমোক্ষের বিধানান্মসারে সজ্য সয়িধানে আত্মপাপ অঙ্গীকার করিয়া প্রায়শ্চিত্ত গ্রহণ করিতে হইত। দশ পূর্ণমাসী বৈদিক বিধির অন্তক্রণে সম্ভবতঃ বৌদ্ধদের মধ্যে এই পাক্ষিক পর্ব্ব প্রবিত্তিত হয়। যেথানে এই পাক্ষিক সভার অধিবেশন হইত সেথানে সেই ভাগের যত ভিক্ষুদল সকলকেই উপস্থিত হইতে হইত। ভিক্ষু সজ্য সমবেত হইলে পাপ ও প্রায়শ্চিত্ত বিধানের মন্ত্র পাঠ হইতে সভার কার্য্য আরম্ভ হইত।

"ভিক্ষদের মধ্যে যিনি যে কোন পাপ করিরাছেন তাহা মুক্ত কণ্ঠে স্বীকার কর্মন। যদি কোন দোষ না করিয়া থাকেন চুপ করিয়া থাকুন; যিনি মৌন থাকিবেন ধরা যাইবে তিনি নিরপরাধা। যিনি পাপ করিয়া জানিয়া শুনিয়া অস্বীকার করেন তিনি মিথ্যাবাদী। ভগবান বুদ্ধ বলিয়া গিয়াছেন মিথ্যাই বিনাশের মূল। অতএব যদি কোন ভিক্ম কোন বিষয়ে অপরাধ করিয়া থাকেন ও তাহা হইতে মুক্তি লাভের ইছে। করেন ভিনি তাহা প্রকাশ্যে অস্বীকার করুন; অনুতাপে পাপভার লঘু হইয়া যায়।"

প্রতিমোক্ষ নামক গ্রন্থে প্রায়শ্চিত্ত বিধান গুলি সন্নিবেশিত হইয়াছে। কাণত আছে যে বুদ্ধদেব প্রথম কাশী হইতে রাজ- গৃহে প্রবাস কালে এই সমন্ত প্রায়শ্চিত্ত বিধান বিধিবদ্ধ করেন। ভিক্স সভেবর পাক্ষিক অধিবেশনে এই প্রতিমোক্ষের নিয়ম সকলের আবৃত্তি ও ব্যাখ্যান হইত। (কোন্ অপরাধের কি দও, প্রায়শ্চিত্তই বা কিরূপ, তাহা বুঝাইয়া দেওয়া হইত। নানা শ্রেণীতে বিভক্ত। \* নরহত্যা ব্যভিচার প্রভৃতি কতকগুলি গুরুপাপের দণ্ড সভ্য হইতে বহিষার। অপেক্ষাকৃত লঘুতর পাপ যথা, দৃষিতভাবে রমণীর অঙ্গ স্পর্শ, কোন ভিকুর প্রতি অস্তায় ব্যবহার তাহার বিশেষ বিশেষ প্রায়শ্চিত্ত নির্দ্ধিষ্ঠ আছে। পরে আহার বিহার পরিচ্ছদ সম্বন্ধে অনিয়ম, মিথ্যা কথা, অতি-লোভ,পরনিন্দা, ভিক্ষুণীর সঙ্গে একাকী ভ্রমণ/এই সমস্ত ছোটপাট দোষ 'হৃষ্ণত' ( হৃষ্ণুত ) বলিয়া গণ্য, অমূতপ্ত হৃদয়ে অঙ্গীকারেই ইহাদের থণ্ডন। এই দকল ছোটখাট ছম্বতের স্বরূপ ও বিধান দেখিলে জানা যায় ভিক্ষু সভ্য কি কঠোর ধর্ম শাসনে নিয়ন্ত্রিত ছিল ! কোন কুটীর নির্মাণ করিতে হইলে তাহার কি **মাপ** হইবে, ছাতা দৰ্পণ ব্যবহাৰ্য্য কি না, দান্তনের মাপ কি, ভিক্ষা পাত্র কিরূপ, বদিবার আসন কতবংসর চালাইতে হইবে— হাঁচিলে 'দীর্ঘজীবি হও' বলিয়া আশীর্বাদ করা বিধেয় কিনা-কি উপালে 'আরাম' বিহার পরিফার পরিচ্ছন্ন রাখিবে, কিরুপে ন্নান আহার করিবে—ওঠা বদা ভোজন শয়ন নিদ্রা, জীবনের প্রত্যেক কার্য্যের জন্ত বৃদ্ধদেব নিয়ম বাঁধিয়া দিয়াছেন। বুদ্ধের

<sup>\*</sup> অপরাধের শ্রেণী বিভাগ।

পারাজিক, সজ্বাদিশেব, থুলচ্চয়, পাচিন্তীয়, শেথীয়, প্রতিদেশনীয়,
য়্কৃত, ফুর্ভাষিত ইত্যাদি।

উপদেশ কোন্ ভাষায় প্রচারিত হওয়া উচিত এই লইয়া অনেক সময় কথা উঠিত। একবার ছই জন ব্রাহ্মণ বুদ্দেবের নিকট প্রস্তাব করিলেন, "প্রভু আপনার উপদেশ চলিত ভাষায় লোকের মুখে মুখে অশুদ্ধ ও নই হইয়া যায়, আমাদের ইচ্ছা বুদ্ধের উপদেশগুলি সংস্কৃত ছলে রচিত হইয়া প্রচারিত হয়।" বুদ্ধ ভাহাতে সম্মত হইলেন না। তিনি কহিলেন, "এরপ হইলে ধর্মপ্রচারের সাহায্য হইবে না বরং তাহার উন্টা হইবে। লোকেদের অবোধ্য ছ্রহ ভাষায় ধর্ম-প্রচারের ব্যাঘাত জন্মিবে। ভিকুগণ! ভোমরা প্রভ্যেকে নিজ নিজ মাতৃ-ভাষায় বুদ্ধ-বচন গ্রহণ কর এই আমার উপদেশ।" (চুল্বব্র্ণ্ণ)

এই সমস্ত নিয়মাবলীর পাঠ ও আবৃত্তি সমাপ্ত হইলে পাঠক নিবেদন করেন "ভগবান বুদ্দের বিধানামুসারে পাঠাবৃত্তি সমাপ্ত হইল, তোমরা সকলে শাস্ত সমাহিত চিত্তে, সম্ভাবে নির্বিবাদে ইহার মুর্ম গ্রহণ কর।"

#### পঞ্চায়ৎ।—

কিন্তু এই সত্পদেশ সত্ত্বে ও সজ্যে অনেক সময় বাদানুবাদ ও মতভেদ উপস্থিত হইত; চুল্লবগ্গে এই সমস্ত বিবাদভঞ্জনের অনেক প্রকার নিয়ম পরিকল্পিত দেখা বায়। তাহার মধ্যে বিবাদ মীমাংসার জন্ম পঞ্চায়তের বাবস্থা উল্লেখ যোগ্য। প্রায়শ্চিত্ত সম্বন্ধে কোন প্রশ্ন উত্থাপিত হইরা পঞ্চায়তে সমর্পিত হইলে অধিকাংশ লোকের মতে তাহাব নিশ্বতি হইত। যে সকল ভিক্ষু পঞ্চায়তে নিযুক্ত হইবেন তাঁহাদের কতকগুলি গুণ থাকা আবিশ্রক। অপক্ষপাতী, রাগ হেয় ভয় শৃন্ত, বিদ্যাবৃদ্ধি সম্পন্ন ব্যোজ্যেষ্ঠ ভিক্রাই এই পঞ্চায়তে বিচার করিতেন।

মত গ্রহণের তিন প্রকার রীতি ছিল—গুপ্ত, অপ্রকাশ্র, প্রকাশ্র। যথন নিসংশয়ে জানা যায় যে কোন একটা বিষয় সাধারণ মতে ধর্ম নিয়নের অনুবন্তী তথন আর গুপ্তমত গ্রহণের আবশ্যক नाहे, প্रकामा ভাবে গ্রহণ করিলেই হইল। তর্ক বা সন্দেহ স্থলে মত-গ্রাহক ভিক্ষু চুই রঙ্গের টিকিট প্রস্তুত করিবেন ও বিনি মত দিতে আদিবেন তাঁহাকে বলিবেন 'এই মতের লোকের জন্ম এই চিকিট: অন্মতের লোকের জন্ম এই অন্থ টিকিট: যেটা ইচ্ছা গ্রহণ কর। অন্ত কাহাকেও দেখাইও না।" বিজ্ঞাপক যদি বিবেচনা পূর্বক স্থির করেন থেঁ ধর্ম বিক্রদ্ধ পক্ষের মত বলকত্তর তাহা হইলে সেমত অগ্রাহ্য করি-বেন। আর ধর্মের অনুবায়ী স্থির হইলে সে মত গ্রাহ্ম করি-বেন। মত গ্রহণের এই গুপুরীতি (ব্যালট)। অপ্রকাশ্য রীতি হচ্ছে ভিক্ষুর কানে কানে বলা, "এই টিকিট এই মতের পোষক, এই অন্ত টিকিট অন্ত মতের পোষক -বেটা ইচ্ছা গ্রহণ কর। তুমি কোন মতে মত দিবে আর কাহাকেও বলিও ना।" विकाशक यनि वित्ति। शूर्वक श्वित करत्रन (य धर्मा বিরোধী মত বলবত্তর তাহা হইলে সে মত অংগ্রাহ্য করিবেন; অধিকাংশের মত ধর্ম্বের অনুযায়ী স্থির জানিলে সে মত গ্রাহ্ করিবেন। অপ্রকাশ্য ভাবে মত গ্রহণের এই নিয়ম। (চুল্লবগ্গ)

বর্ষার ৩ মাস ভিক্ষুদের সন্মিলন ও উৎসবের সময় বিহার ও অত্যান্ত আশ্রমে তাঁহারা এই উৎসবের মাসত্রয় যাপন করি-তেন; তথন ধর্মালাপ, শাস্ত্রালোচনা, আবৃত্তি প্রভৃতির ধ্ম লাগিয়া যাইত। শাবকেরা দেশ দেশান্তর হইতে আসিয়া বুদের জাতক উপাধ্যান শ্রবণের পুণ্যার্জন করিতেন এবং সকলে

সন্তাবে মিলিত হইরা উৎসবে যোগদান করিতেন। আমার শারণ আছে যথন বোষারে আমার সর্ভিদের প্রথম ভাগে আহ-মদাবাদে কর্মা করিতাম তথন অনেক সময় কৌত্হলাক্রান্ত হইরা ঐরূপ বর্ষার উৎসবে উপস্থিত হইতাম। উহা জৈনোৎসব, বৌদ্ধদের উৎসব নহে কিন্তু অনেক বিষয়ে এই উভয়ের সাদৃশ্য আছে। আহমদাবাদ ও অঞ্লোর জৈন সম্প্রদারের প্রধান স্থান। চাতুর্মান্ত যাপন, ধর্মশান্ত পাঠ ও প্রবণ, উপবাস ব্রত ধারণ প্রভৃতি বৌদ্ধ রীতি অনুসারে জৈনদের মধ্যেও বর্ষার উংসব ক্রিয়া সুম্পন্ন হইত।

বর্ধাৎদবের শেষে এবং প্রব্রজনের আরস্তে বৌদ্ধদের এক বার্ষিক সভা হইত, তাহার নাম 'প্রবারণ' অর্থাৎ আমন্ত্রণ। এই আমন্ত্রণে ভিক্ষুদল মিলিত হইলে উল্লিখিত প্রকার পাপ ও প্রায়শ্চিত্ত বিষয়ক কথাবার্ত্তা চলিত। যিনি প্রায়শ্চিত্ত প্রার্থী তিনি ভিক্ষু-সভ্যকে সংখাধন করিয়া বলিতেন—

"হে ভিক্সুগণ! আমার বিরুদ্ধে যদি আপনার। কেহ কিছু
• দেখিরা থাকেন, গুনিরা থাকেন, আমার চরিত্র বিষয়ে কাহারে।
কোন সন্দেহ থাকে, অনুগ্রহ ক্রিয়া বলুন। যদি সভ্য হয়
আমি তাহার জন্ম প্রায়শ্চিত গ্রহণ করিতে প্রস্তুত।"

"ক্রমশঃ গৃহী লোকের মধ্যে ও এই প্রথা প্রচলিত হয় কিন্তু তাহার অস্ক্রিধা সংঘটন প্রযুক্ত অশোক রাজা পাপের প্রায়-শিচন্ত সাধনার্থ একটা মহোৎসব প্রতিষ্ঠিত করেন, তাহাতে প্রথম আত্মদোষ স্বীকার ও সঙ্গে সঙ্গে দান ধর্মের অস্ক্রান উভয়ই প্রচলিত ছিল। ঐ দানোৎসবটি ৫ বৎসর অন্তর সম্পন্ন হইত। খুষ্টাব্যের সপ্তম শতালীতে প্রয়াগক্ষেত্রে একবার ঐ উৎসবের অফুষ্ঠান হয়; চীন দেশীয় তীর্থধাত্রী হিউএন সাং তাহা দর্শন করিয়া থান। তাহার বর্ণনা এইরূপ আছে:—

"ঐ স্থবিস্থত উৎসব ক্ষেত্র একটী আনন্দক্ষেত্র ছিল, চারি-দিকে সহস্র সহস্র গোলাপ গাছের স্থরমা বৃত্তি, তাহাতে অপর্য্যাপ্ত মনোহর পুষ্পশ্রেণী অহরহ প্রস্ফৃটিত এবং মধ্যস্থলে স্বর্ণ রজত পট্রবন্ত ও অপরাপর বহুমূল্য দান দ্রব্যে পরিপূর্ণ স্থদজ্জ গৃহশ্রেণী। তাহার সমীপে সারী সারী একশত এরপ ভোজন-গৃহ ছিল যে তাহার প্রত্যেক গৃহে শত ব্যক্তি ভোজন করিতে পারিত। শিলাদিত্য (হর্ষবর্দ্ধন) তথ্ন ঐ অঞ্চল রাজ্য প্রতিষ্ঠিত করেন ৷ বৌদ্ধর্মে তাঁহার শ্রদ্ধা ছিল অথচ তাঁহার রাজ্যে ব্রাহ্মণ্যের প্রতিপত্তি ও সামান্ত নহে। শিনাদিত্যের আহবান ক্রমে বিংশতি রাজ্যের রাজারা ব্রাহ্মণ শ্রমণ দৈতা সামন্ত সহ পঞ্চাশ সহত্র লোক সমভিব্যাহারে তথার আগমন করেন। সার্দ্ধ ছই মাস ব্যাপিয়া দান ভোজনাদি সহকারে ঐ উৎসব ব্যাপার সম্পন্ন হয়। এই ধর্ম-মহামগুলীর পশ্চিমে এক বৃহৎ দজ্যারাম ও পূর্বে ৬০ হস্ত উচ্চ এক স্তম্ভ নির্শ্বিত হয়। মধ্য ভাগে বৃদ্ধের স্বর্ণ মৃত্তি মহুষ্যাকৃতি প্রমাণ স্থাপিত। বৃদ্ধ, সবিতাও শিব এই তিনেরই প্রতিমূর্ত্তি একে একে প্রতিষ্ঠিত হয় এবং হিন্দু ও বৌদ্ধ সমস্ত সমাগত ব্যক্তিদিগকে বহুমূল্য সামগ্রী দান করা এবং চর্ব্য চোষ্য লেহা পের নানাবিধ স্থাদ দামগ্রী ভোজন করান' হয়। বুদ্ধের এক ক্ষুদ্র প্রতিমূর্ত্তি এক স্থদজ্জিত গদ্ধপৃষ্ঠে স্থাপিত, শিলাদিত্য ইক্রবেশে বামপার্শ্বে এবং কামরূপের রাজা দক্ষিণে, ৫০০ রণহন্তী প্রত্যেকের সঙ্গে সঙ্গে চলিয়াছে। শিলাদিত্য চতুঃপার্থে মুক্তা রক্ত কাঞ্চন

ও অস্তান্ত বহুম্ন্য জিনিদ ছড়াইতে ছড়াইতে চলিয়াছেন।
বৃদ্ধ মুর্স্তি ধোত হইলে শিলাদিতা তাহা নিজ ক্ষমে উঠাইয়া
পশ্চিম স্তস্তে লইয়া বান ও তত্বপরি বহুম্লা বেশভ্বা স্থাপন
করেন। ভোজনের পর ব্রাহ্মণ শ্রমণ মিলিয়া একতে ধর্ম চর্চা
ও বাদাম্বাদ হয়! এদিকে রাহ্মণ শ্রমণে বাক্ষ্ম, অস্তদিকে
মহাবানী হীন্যানীদের মধ্যে ও ঘোর তর্ক বিতর্ক বাধিয়া যায়।
এই উৎসবে রাজা স্থীয় রাজকোষ নিঃশেষিত করিয়া প্রায়
সমস্ত ধনই বিতরণ করিতেন। এমন কি, তাঁহার নিজের
পরিচ্ছদ, কর্ণক্তান, রত্রমালা প্রভৃতি বেশভ্ষা সম্দয় ও দেহ
হইতে উল্মোচন করিয়া দিতেন।" \* অবশেষে প্রাতন জীর্ণ
বস্ত্র পরিধান পূর্বকি দীন বেশে বৃদ্ধদেবের মহাভি নিক্রমণ
অভিনয় করিতেন।

হিউদ্বেন সাং বলেন যে উৎসবের শেষে স্তস্তে আগুণ লাগিয়া যায়; তাঁহার বিশ্বাস এই বে রাজা শিলাদিত্যের বৌদ্ধর্মে শ্রদ্ধা দেখিয়া ব্রাহ্মণেরা ঈর্ষাবশে এই অংঘার ক্বত্য ঘটাইয়া দেন এবং রাজহত্যার ও চেষ্টায় ফেরেন—ভাগ্যক্রমে সে চেষ্টা সকল হয় নাই।

# ভিক্ষুণী সজ্ঞ (বৌদ্ধ সন্ন্যাসিনী)

বৌদ্ধ সভ্যের প্রথম পত্তন কালে তাহা কেবল ভিক্ষণলে পরিপুট্ট হয়। প্রথমে স্ত্রীলোকের সভ্যে প্রবেশাধিকার ছিল না। বৃদ্ধদেব যিনি মানব প্রকৃতির হর্মপ্রতা সম্যক্ অবগত ছিলেন, যিনি সংযম দারা কাম ক্রোধ লোভ প্রভৃতি ষড়রিপুর

<sup>\*</sup> ভারতব্রীয় উপাসক সপ্রাদীয়, দ্বিতীয় ভাগ। অক্ষয় কুমার দত্ত।

উপর জয়লাভের উপদেশ প্রদান করিতেন তিনি বে সজ্ব-গণ্ডীর ভিতর রমণীর প্রবেশে বাঁতরাগ হইবেন তাহাতে বিচিত্র কি ? স্ত্রী জাতিকে সন্ন্যাসী দলে মিশিতে দিলে তাহার অশুভ পরিণাম হইবে ইহা তাঁহার বিলক্ষণ আশঙ্কা ছিল। যথন বৃদ্ধদেবের নিকট আনন্দ প্রথমে এই প্রসঙ্গ উত্থাপন করেন তথন বৃদ্ধ বলিলেন, "স্ত্রীলোকেরা যদি গৃহত্যাগিনী হইয়া সন্ন্যাসিনী না হয় তাহা হইলে এই ধর্ম সহস্র বৎসর অব্যাহত থাকিবে আর তাহাদের বৌদ্ধ সজ্বে প্রবেশাধিকার দিলে এ ধর্মের পবিত্রতা শীঘ্রই নপ্ত হইবে, অল্পকালের মধ্যে সত্য ধর্ম লোপ হইবে"। বৌদ্ধ সজ্বে প্রাত্রী জাতির প্রবেশাধিকার সহজে অর্জিত হয় নাই; অনেক সাধ্য সাধনার পর বৃদ্ধদেব রমণীগণকে ভিক্ষ্দলে গ্রহণ কবিতে স্বীকৃত হন এবং স্থীয় ধাত্রী মহাপ্রজাপতিকে তাঁহার প্রথম স্ত্রী-শিষ্য রূপে বরণ করেন।

ন্ত্রী সংসর্গ হইতে দূরে থাকিবার জন্ম আট ঘাট যতই বাঁধিয়া রাথা বায়, ফলে তাহাদের সংঘর্ষ এড়াইবার উপায় নাই। ভিক্ষায় বাহির হইয়া ছারে ছারে পর্য্যটন কর অথবা গৃহস্থেরী গৃহে ভোজনের নিমন্ত্রণে যাও, হে ভিক্ষু! রমণী সমাগম হইতে তোমার কিছুতেই নিস্তার নাই। তুমি চাও আর না চাও, তাহাদের দয়া মায়া তোমাকে বেষ্টন করিয়া থাকিবে। বিশেষতঃ প্রাচীন ভারতে যথন অবরোধ প্রথা তেমন কঠোর ভাবে প্রচলিত ছিল না, লোক সমাজে স্ত্রীলোকের ও মেলা সেশা ছিল, যথন জাতীয় উদ্যুদ্ধে স্ত্রীলোকের ও যোগ দিতে কুষ্টিত হইতেন না তথনকার ত কথাই নাই। রমণীর স্থানর ছবি আমরা প্রথম হইতেই বৌদ্ধ সমাজে চিত্রিত দেখিতে পাই।

বুদ্ধের বৃদ্ধ লাভের পূর্বেই স্কলাভার বৃত্তান্ত দেখ। বৃদ্ধদেব যথন ৬ বংসর ধরিয়া কঠোর তপশ্চধাায় য়য়য়য়ন হইয়া পড়িলেন তথন কে তাঁহাকে ময়য়ানে সঙ্গীব করিল ? স্কলাভা প্রতিজ্ঞা করিয়াছিলেন, আমার একটা শিশু সন্তান হইলে বন দেবতার নিকট পূজা দিব। বৃদ্ধ তথন উক্রেলার বনে তপশ্যা করিতেছিলেন, স্কলাভা তাঁহার সন্মুথে ভেট লইয়া আসিলেন। বৃদ্ধদেব জিজ্ঞাসা করিলেন "বাছা, কি আনিয়াছ ?"

স্থাতা কহিল "ভগবন্ সদ্যঃ প্রস্ত শত গাভী হুগ্নে ৫০টী গাভী পোষণ করিয়াছি, তাহাদের হুগ্নে ২৫, তাহাদের হুগ্নে আবার বারটী গাভী পুষ্ট; এই দাদশ গাভীর হুগ্ন পান করাইয়া আমার পালের মধ্যে ভাল ভাল ৬টী গক্ষ বাছিয়া তাহাদের হুগ্ন ছিয়া লই—সেই হুগ্ন স্থান্ধি মদলায় উৎক্রপ্ত তভুলে পাক করিয়া আনিয়াছি। আমার ব্রত এই যে দেবতার অনুবাহে আমার একটী সন্তান জ্বিলে এই অন্নদানে দেবার্চনা করিব—প্রতা এখন সেই প্রমান্ধ লইয়া তোমার নিকটে আসিয়াছি, শৈসন্ধ হইয়া গ্রহণ করন"

বৃদ্ধ স্থজাতাকে আশীর্কাদ করিয়া কহিলেন "তৃমি থেমন তোমার এত পালন করিয়া স্থা হইয়াছ আমি ও বেন সেইরূপ আমার জীবন-এত দাধন করিতে সমর্থ হই।" এই ছগ্ধ পানে তিনি শরীরে বল পাইয়া সেই স্থান-হইতে বোধি বৃক্ষতলে গিয়া ধ্যান মগ্গ হইলেন; সেই ধ্যানে তিনি সত্যালোক দর্শন করিয়া বৃদ্ধ প্রাপ্ত হইলেন।

Light of Asia

EDWIN ARNOLD.

# অম্বপালী গণিকা।--

বৃদ্ধদেব যথন বৈশালীতে অন্বপালী গণিকার আত্রবনে বিশ্রাম করিতেছিলেন এমন সময় অন্বপালী তাঁর দর্শনার্থ আগমন করিল। তাহার বেশভ্বা সামান্ত অথচ স্কর মোহন মৃর্তি! তাহাকে দেখিয়া বৃদ্ধের ও ক্ষণভর তাক লাগিয়া গেল। তিনি মনে মনে ভাবিলেন "স্ত্রীলোকটা কি পরমাস্থলরী! রাজ্য পুরুষেরা ও ইহার রূপ লাবণো মোহিত ও বশীরুত অথচ একেমন স্থার শাস্ত, সচরাচার স্ত্রীলোকের তায় যৌবন-মদ-মত্ত চপল অভাব নহে। জগতে এরূপ নারী-রত্ম তুল ভ।" অস্বপালী বৃদ্ধের পার্শে আসিয়া বিলি। বৃদ্ধদেব তাহাকে ধর্মোপদেশ দিয়া তাহার চিত্তচাঞ্চল্য দ্র ও বাদনার মূলোচ্ছেদ করিলেন। তাহার মন বিগলিত হইল, ধর্মে তাহার মতি স্থির হইল। গণিকা বৃদ্ধের শরণার্থী হইয়া তাহাকে কহিল—"প্রভু কল্য ভাত্মগুলী সহ আমার গৃহে পদার্পণ করিয়া আহারাদি করিলে আমি অনুগৃহীত হইব।" বৃদ্ধদেব মৌনভাবে সম্বতি প্রকাশ করিলেন।

এই সমর লিচ্ছবি নাগরিক যুবকেরা রথারোহণ পূর্বক সেই আমবনে উপনীত হইল। তাহারা কেহ শুলু, কেহ রঙ্গীন বেশে, নানাবিধ অলঙারে ভূষিত। বুদ্দেব ভিকুদিগকে তাহাদের দেখাইয়া কহিলেন, দেখ ইহাদের কেমন সাজ সজ্জা, ঠিক যেন দেবতারা ভূতলে জীড়া কাননে অবতীর্ণ হইয়াছেন। তাঁহারা আসিয়া বৃদ্ধকে পুনর্বার ভোজনে নিমন্ত্রণ করিলেন কিন্তু তিনি পূর্বেই গণিকার নিকট প্রতিশ্রুত বলিয়া তাহাদের নিমন্ত্রণ অগ্রাহ্থ করিতে বাধ্য হইলেন। তাঁহারা চা'ন অহুপানী

A Deline St.

তার আমন্ত্রণ বাকা প্রত্যাহার করে — তাহাকে হাত করিবার জন্ম কত সাধ্য সাধ্না, কাকুতি নিনতি করিলেন, কত ধন-লোভ দেবাইলেন কিন্তু কিছুতেই দে সম্মত হইলানা। বলিল — তোমরা সমস্ত বৈশালী — নগর উপনগর সর্ব্ধ শুদ্ধ — আমাকে দান কর, তাহা হইলেও আমি এই নিমন্ত্রণ বারণ করিয়া পাঠাইতে পারিব না।" লিজ্বিগণ অন্ধপালীকে ধিকার দিওে দিতে অধোবদনে ফিরিয়া গেলেন।

প্রদিন প্রাতে বৃদ্ধদেব গংগ্রোখান করত বসন্ত্র পরিধান পূর্বক অলপালীর ভবনে সশিষ্য সমাগত হইলেন।

অন্বপালী নানাবিধ অন্নব্ৰন্ধনাদি হারা তাহাদের পরিতোষ
সাধন করিল। আহারান্তে ভগবান্ ব্ককে করজোড়ে নিবেদন
করিল—"আমার এই উদ্যান গৃহ ভগবান্ ব্ক, ও তাঁহার সজ্যে
সমর্পণ করিতেছি এই সামাপ্ত উপহার গ্রহণ করিয়া আম্বার
অভিলাষ পূর্ণ করুন।" ব্কদেব গণিকার দেই প্রীতির উপহার
গ্রহণ করিলেন ও তাহাকে বহুতর ধর্মোপদেশ-দানে শিষ্যুত্বে
রুবণ করিয়া তথা হইতে প্রস্থান করিলেন।

#### বিশাখা ৷—

বৌদ্ধ শাস্ত্রে যে সকল সাধনী কুলস্ত্রীর উল্লেখ আছে বিশাখা তাহাদের শীর্ষগুনীয়। তিনি ধনে পুত্রে সৌভাগ্যবভী—দানশীলতার জন্ম বিখ্যাত ছিলেন। গৃহ কর্ম্মেও অফুষ্ঠানে সর্ক্রে তাঁহার প্রধান আসন ছিল—তাহার মত অতিথির আতিথা সংকারে বহু পুণা উপার্জিত হয় লোকের এই ধারণা। বৃদ্ধ যথন তাঁহার শিষ্যগণ সমভিব্যাহারে কোশল রাজধানী শ্রাবস্তি আদিয়া পৌছিলেন তথন বিশাখা ভিক্লদের অভ্যর্থনা জন্ম

প্রচ্র আয়েজন করেন। একদিন বিশাধার গৃহে বুদ্ধদেব শিষামগুলী সহ ভোজন করেন। ভোজনাত্তে বিশাধা কুতাঞ্জলিপুটে নিবেদন কারলেন—"ভগবন্ আমার কয়েকটা নিবেদন
আছে শ্রবণ করুন।" বৃদ্ধ কহিলেন, বল কিন্তু সকল গুলি
গ্রাহ্ছ হবৈ কি না বলিতে পারি না।

# বিশাখা কহিলেন,—

"আমার ইচ্ছা আমি যতদিন জীবিত থাকি ভিক্স্দিগকে বর্ষার বন্ত্রদান করিব, নবাগত লাভূগণকে অন্নদান করিব— পীড়িত ব্যক্তিদিগকে উষধ পথ্য প্রদান, তাহাদের অন্তর বর্গকে অন্নদান—ভিক্স্দিগকে ভিক্ষান্ন বিতরণ, ভিক্স্ণী-দিগকে বন্ত্রদান, এই সকল সৎপাত্রে দান করি আমার একাস্ত ইচ্ছা।"

বৃদ্ধ কহিলেন "তোমার কি অভিপ্রায় স্পষ্ট করিয়া বল।" তথন বিশাথা তাঁহার অভিপ্রায় ব্যক্ত করিয়া কহিলেন।

"ভগবন্ বিদেশ হইতে এথানে অনেক ভিক্ষু আসেন তাহারা এথানকার পথ ঘাট কিছুই জানেন না। তাহাদের ভিক্ষা সংগ্রহ বহু আরাস সাধ্য। এই সমস্ত আগস্তক ভিক্ষু-দিগকে আমি যে অরদান করিব তাঁহারা তাহা আহার করিয়া ইচ্ছামত নগর পরিদর্শন করিতে পারিবেন। আমি ইহার-দিগকে অরদান করিতে ইচ্ছা করি। কোন পরিবাজক শ্রমণ শ্রমণের সময় যদি অরসংস্থানে ব্যন্ত থাকেন তাহা হইলে তিনি হয়ত তাঁহার দলের পিছনে পড়িয়া থাকিবেন, না হয়ত তাঁহার গম্য স্থানে সময় মত পৌছিতে পারিবেন না। তিনি যদি আমার অয়ছত হইতে প্রস্তুত অয় ভোজন করিতে পান তাহা হইলে এইরপে কণ্ঠভোগ হয় না, তিনি ইচ্ছামত প্রমণ ও বিশ্রাম করিতে পারেন। পরিব্রাজকদিগকে জয়দান, এই জামার দিতীয় ইচ্ছা। প্রতা! আবার দেখুন, জনেক সময় এইরপ ঘটে যে অচিরাবতী নদীতে ভিক্লুণীরা স্নান করিতে নামে আর তাহাদের সঙ্গে অনেক বারাক্ষনা ও একই সময়ে স্নান করিতে আসে। এই নিল্জি স্ত্রীরা উপহাস করিয়া বলে, "এই বয়সে তোমরা ধর্মসাধনে কেন এত কণ্ঠ করিতেছ? এই রেলা মনের সাধে হেসে থেলে নেও—শেষ বয়সে যা ধর্ম করিবার করিও—ইহকাল পরকাল ছদিক রক্ষা হইবে।" এইরপ উপহাসে বেচারী ভিক্লুণীধা বড়ই লজ্জিত ও বিরক্ত হয়। লজ্জাই স্ত্রীলোকের ভূষণ, বিষস্ত্রা হইয়া নিল্জ্জ ভাবে নদীতে স্নান করিতে নামা তাহাদের পক্ষে শোভন নহে। ভাহাদের স্নান-বস্ত্র যোগাইতে পারি, এই আমার ভৃতীয় ভিক্ষা।"

বৃদ্ধ কহিলেন "আছো, তোমার এই সকল সাধু ইচ্ছা পূর্ণ
"হউক আর আশীর্কাদ করি কুধার্ত্তকে অল্লনন, তৃষ্ণাভূরে
পানীর দান, পরিপ্রাস্ত জনে আসন, রোগীকে ঔষধ পথ্য
প্রদান—অশন বসন ঔষধ পথ্য যাহার যা চাই তাহা যথেচ্ছা
দান করিবার ক্ষমতা তোমার অক্ষয় থাকুক। পরের ছঃখ হরণ
ও কুশল বর্দ্ধন—এই সকল পূণ্য কার্য্যে নিরস্তর রত থাকিয়া
স্থর্গে তোমার স্কৃত্তির ফল ভোগ করিতে থাক।"

বিশাধার নিকট বৌদ্ধ সভ্য অনেক বিষয়ে ঋণী; তিনি নগত্তের পূর্বাদিকস্থিত একটী স্থরম্য উদ্যান সভ্যে উৎসর্গ করেন তাহার নাম "পূর্বারাম।"

# সুজাতা।—

উপরে এক সতী সাধবী স্কন্ধাতার কথা বলিয়াছি, এবার আর এক ধরণের দ্রী "ঘরের কত্রী রুক্ষ মৃত্তি" রঙ্গ-ভূমিতে অবতীর্ণা দেখিবেন। ইনি একজন বড় মানুষের ঘরের আছরে মেয়ে, ইহার নামও স্কলাতা। বৃদ্ধদেব ইহার প্রতি কিরপ বশীকরণ মন্ত্র প্রয়োগ করিলেন তাহার বৃত্তান্ত এই। তিনি একদিন ভিক্ষা-পর্যাটনে বণিক অনাথপিগুকের বাজী আসিয়া শুনিতে পাইলেন সেই গৃহে মহা কলরব উপস্থিত। বুদ্ধ জিজ্ঞাসা করিলেন "এ কিসের গোল, মনে হয় যেন মেছনীদের মংসা চরী গিয়াছে।" 'অনাথপিণ্ডিক তাঁহার ছঃখের কাহিনী বৃদ্ধের নিকট খুলিয়া কহিলেন; "আমার একটি পুত্রবধ্ বড় ঘরের মেয়ে — সে আজ আমার বাড়ী আসিয়াছে। মেয়েট वड़ अवाधा, काहारता कथा छत्न ना, सामीत कथा मारन ना, খণ্ডর খাণ্ডতীর অবমাননা করে—বৃদ্ধের পরেও তার কোন অনুহাগ নাই।" বৃদ্ধ স্থপাতাকে ডাকিয়া কহিলেন"এদ হে স্কাতা, কাছে এস।" স্কাতা নিকটে আসিলে বৃদ্ধদেব কহি-• লেন "স্বন্ধাতা, স্ত্রী দাত প্রকার, কেহ ভীমা উগ্রচণ্ডা, কেহ কুটিলা কলহপ্রিয়া, কেহ প্রিয়ম্বদা, কেহ স্থশীলা, কেহ স্থগৃহিণী, কেহ প্রিয়দখী, কেহ দেবিকা। তুমি কোন ধরণের স্ত্রী? স্থজাতা তথন তার মান অভিমান ভূলিয়া গিয়া উত্তর করিলেন "প্রভু যে প্রশ্ন করিতেছেন আমি তার অর্থ বুঝিতে পারিলাম না আমাকে বুৱাইয়া বলুন।" বুদ্ধ—"আমি তোমাকে বুৱাইয়া। বলিতেছি, প্রণিধান পূর্ব্বক শ্রবণ কর।" পরে তিনি সাত প্রকার স্ত্রীর বর্ণনা করিলেন, "অসতী স্ত্রী চপল স্বভাবা, কুল

ক্লঙ্কিনী, স্বামীকে বিনি ভাল বাদেন না, এই অধমা হইতে আরম্ভ করিয়া উত্তমা দতীলক্ষী পবিত্রতা—পতি বাঁর একমাত্র ধন, বিনি দাদীর ন্যায় পতিদেবা তৎপর ও পতির একান্ত বাধ্য ও আজ্ঞাবহ। জিজ্ঞাদা করিলেন, এই দাত প্রকার স্ত্রীর মধ্যে তুমি কার মতন ?" তথন স্ক্লোতার চৈত্ত হইল, তিনি কহিলেন, "ভগবন্ আমাকে পতিত্রতা দতী স্ত্রীর মত মনে করুন, আমি অন্ত কোন রূপ স্ত্রী হইতে ইচ্ছা করিনা।"

'এই সকল গল্পের স্রোতে অনেক দ্র আসিয়া পড়িয়াছি, এখন ফিরিয়া গিয়া আসল কথা পাড়া কর্ত্তব্য।

পূর্ব্বে বলা হইরাছে যে বৌদ্ধ সজ্যে স্ত্রীজ্ঞাতির প্রবেশাধিকার অনেক সাধ্য সাধনার ফল। প্রথমে গৌতমী মহাপ্রজাপতি স্ত্রীলোকদিগের জন্ম এই অধিকার প্রার্থনা করেন কিন্তু তাঁহার সেই আবেদন অগ্রাহ্ম হয়। পরে আনন্দ আবার এই প্রসক্ষ উত্থাপন করিয়া বৃদ্ধদেবের নিকট নিবেদন করিলেন "স্ত্রীলোক সন্ম্যাসধর্ম অবলম্বন করিলে কি তাহার ফললাভে সক্ষম হয় না ? তাহারা কি আর্য্য মার্গ অনুসরণ করিয়া অর্হৎ হইবার অধিকারিণী নহে ?" বৃদ্ধদেব উত্তর করিলেন "তাহারা অধিকারিণী, সত্য।" "তবে কেন মহা প্রজাপতিকে সজ্যভুক্ত করা না হয় ? ভগবন্, তিনি আপেনার মাত্রিয়োগে স্বীয় স্তন্য হগ্ম দিয়া আপেনাকে লালন পালন করিয়াছেন, তিনি প্রভুর পরম ভক্ত, পরম উপকারিণী সেবিকা, তাঁহাকে এ অধিকার হইতে বঞ্চিত রাখা কি উচিত হয় ?" পরে বৃদ্ধদেব বৌদ্ধ তপস্থিনীদের জন্ম ক্রকণ্ডলি নিয়ম বাঁধিয়া দিলেন তাহার সারাংশ এই যে

ভিক্ষণীরা স্বাতস্ত্র্য অবলম্বন না করিয়া সর্পত্যোভাবে ভিক্
মগুলীর আজ্ঞাবহ থাকিবেন। মহুর যে বিধান" শৈশবে পিতার
অধীন, যৌবনে পতির অধীন, বৃদ্ধ বয়সে সন্তানের অধীন,
স্ত্রীলোক কোন কালেই স্বাতস্ত্র্য অবলম্বন করিবেন না"
ভিক্ষণীর প্রতি বৃদ্ধার্যশাসন ইহারই অনুযায়ী। সয়্ন্যাসিনী
হইয়াও স্ত্রীলোকের কোন বিষয়ে স্বাতস্ত্র্য নাই। তাঁহাদের
প্রতি যে অপ্রান্থশাসন আছে, তাহা এই:—

- ১। ভিকুদিগকে সম্ভ্রম ও ভক্তি শ্রদা করিবে।
- ২। যে প্রদেশে ভিকু নাই ভিকুণী দেখানে বর্ষায়াপন করিবেন না।
- ত। প্রত্যেক পক্ষে ভিক্ষ্ণী ভিক্ষ্-সজ্যের অন্তমতি লইরা উপবাদাদি ধর্মানুষ্ঠান করিবেন ও সজ্যের নিকট হইতে উপ-দেশ গ্রহণ করিবেন। \*
- ৪। বর্ষার উৎসব উদ্যাপিত হইলে ভিক্স্-সঙ্ঘ ও ভিক্ষ্ণী-সঙ্ঘ উভয়ের সমক্ষে পাপের প্রায়িশ্চিত্তের জন্ম (প্রবারণ) ব্রভ পালন করিবেন।
  - ে। উভয় সজ্য হইতে 'মানত' শাসন গ্রহণ করিবেন।
- ৬। গৃই বৎসর অধ্যয়নের পর উভয় সভ্ব হইতে উপসম্পদ
  দীক্ষা লাভ করিবেন।
- ৭। শ্রমণদের নিন্দা ও তাহাদের প্রতি পরুষবাক্য প্রয়োগ করিবেন না।
- ৮। ভিক্সুরা তাঁহাদের দোষ বলিয়া দিয়া তাঁহাদিগকে সং পথে রক্ষা করিবেন কিন্তু ভিক্সদের প্রকাঞ্চে দোষ ধরা ভিক্স্থী-দের সর্বতোভাবে নিষিদ্ধ।

মহাপ্রজাপতি এই ধর্মাফুশাদন গ্রহণ করিয়া বৃদ্ধের প্রথমা শিবাা রূপে দীক্ষিত হইলেন। পরে তিনি এক দময়ে ভিক্
ভিক্ গী যাহাতে গুণ ও কর্মাফুদারে দমান মানমর্য্যাদার অধিকারী হয় এই রূপ প্রস্তাব করেন কিন্তু বৃদ্ধদেব তাহাতে দল্লত
হইলেন না। কাল্ক্রমে ভিক্ গীদের উপযোগী স্বতন্ত্র নিম্নাবলী প্রস্তুত হইল। ভিক্ গী ভিক্ষমগুলীর সহচরী হইয়া ফিরিবেন, স্বেচ্ছাচারিণী হইয়া কুরাপি গমনাগমন করিবেন না। বুদ্ধের আদর্শ সন্ন্যাদিনী কিরপে জীবন যাত্রা নির্মাহ করিবেন তাহা
মহাপ্রজাপতির প্রতি তাঁহার যে উপদেশ তাহাতেই ব্যক্ত
হইয়াছে। তৃষ্ণা পরিহার, স্বল্লতে দল্ভই থাকা, রূথা আমোদ
প্রমোদ হইতে দ্রে থাকিয়া নির্জ্জনে ধ্যান ধারণা ধর্ম্মাধন
করা, আলদ্য ত্যাগ করিয়া শ্রমশীলা হওয়া, স্বভিমান পরিত্যাগ
করিয়া স্থশীলা, বিনয়ী ও নম্র হওয়া, দকলের দহিত দ্রেবে
দস্তোবের দহিত জীবন যাপন করা, বৌদ্ধ তপস্থিনী এইরূপ
শুদ্ধাচার অবলম্বন পূর্বক স্বকীয় ব্রত পালন করিবেন।

বৌদ্ধ সন্ন্যাসিনীর সংখ্যা ভিক্ষণের তুলনার অনেক কম, তাহাদের উপদেশ ও দৃষ্টাস্তের বল বৌদ্ধ সজ্যে সেই পরিমাণে আর হইবারই কথা। অথচ এদিকে দেখা যায় বৌদ্ধতাপদীগণ জনসমাজে বহু মানের পাত্র ছিলেন। তাঁহাদের বিদ্যা, বুদ্ধি, নয়কোশন, সম্রাস্ত পরিবারে গতিবিধি, তাহাদের সামাজিক প্রতিষ্ঠার পরিচয়, মালতী মাধব প্রভৃতি সংস্কৃত নাটকের স্থানে ছানে প্রাপ্ত হওয়া যায়। বৌদ্ধ পরিত্রাজ্বিকা নিজ বিদ্যা বুদ্ধি পুণ্যবলে শ্রমণাপদে আরঢ় হইতে পারিতেন; এমন কি, তিনি আর্হৎ হইবারও অধিকারিণী ছিলেন। ক্ষেমা প্রভৃতি

অনেকানেক বৌদ্ধতপশ্বিনীদের প্রথর বৃদ্ধি ও পাণ্ডিত্যগুণে বৌদ্ধসমাজে বিশক্ষুণ খ্যাতি প্রতিপত্তি দৃষ্ট হয়।

স্ত্র পিটকে থেরাগাথা ও থেরীগাথা নামক তুইখানি গাথা সংগ্রহ পুস্তক আছে তাহাদের ভাষো রচয়িত্রা রচয়িত্রীদের নাম ও জীবন কাহিনী বর্ণিত হইয়াছে। তাহা হইতে দেখা যায় যে অনেকানেক স্থবিরা তপস্থিনী গৌতমের জীবদ্দশার থেরীগাথা গুলি রচনা করেন। অনেকগুলি গাথা অতি স্থল্পর ও লেখিকার স্থবৃদ্ধি ও ধর্মশীলভার পরিচয় প্রদান করে। এই সকল তপস্থিনী বৌদ্ধ ধর্মের উচ্চ অঙ্গের শিক্ষা ও উপদেশ দিতেন, ভিক্ ভিক্নগাঁগণ সেই উপদেশ শ্রবণ করিতে আসিও ও শুনিয়া মোহিত হইত। থেরীভাষো সোমা নামক একটী তাপসীর কথা আছে, তিনি রাজা বিশ্বিসারের সভাপগুতের কল্পা, দীক্ষালাভের পর ধ্যান ধারণা সাধনা ছারা অর্থতপনা লাভ করেন। তিনি শ্রাবন্তীর নিকটস্থ এক উপবনে বৃক্ষতলে ধ্যান মগ্রা আছেন এমন সময় 'মার' আসিয়া তাঁহার ধ্যান ভঙ্গ করিবার মানদে ভয় দেখাইতে লাগিল—

বহু তপভার ফলে যোগী ঋবি শভরে যে পদ তুমি নারী, কেমনে পাইবে তাহা, ছক্তহ, ছুর্গম। চিরকাল রাঁধ বাড় তবুও ত পাকিলনা হাত, টিপিয়া দেখিতে হয় বার বার ফুটেছে কি ভাত!

তখন স্থবিরা উত্তর করিলেন---

নারীজন্ম লভেছি যদিও ভবে ক্ষতি কিবা তাহে ! অচল যাহার চিত্ত, সত্যের শিপর লভিবারে না মানে কোনই বাধা, আপনায় করিয়া নির্ভর
অর্হৎ যে পথে চলে সেই পথে হয় আগুয়ান।
বিষয় বাদনা তার পুণ্যবলে হয় ছিয়-মূল,
অবিদ্যার অন্ধকার ঘুচে যায় সত্যের আলোকে।
জান্ ওরে ভাল ক'রে, আপনারে দেখ্ ছরাশয়,
আমিত চিনেছি ভোরে, নাহি আর নাহি কোন ভয়।

বৌদ্ধ গৃহস্থ।--

বৌদ্ধর্ম গৃহস্থাশ্রমের উপর প্রতিষ্ঠিত নহে এ তাহার এক अधान त्नाष, त्कन ना देश त्क ना श्रीकांत्र कतित्व त्य जेनात्रीन সম্প্রদার বিস্তৃত হইলে সমাজ রক্ষা স্কঠিন। সকলেই সর্যাসী হইয়া বাহির হইলে মতুষ্যকুল ধ্বংস হয়, তাহার সঙ্গে সঙ্গে স্বয়ং मन्नामी प्रवाद विनष्टे श्रेषा यात्र। त्वर्यन जिक्क्रापत सत्ना-পার্জনের পথ বন্ধ-তাহাদের গ্রাসাচ্চাদন, বক্ষণাবেক্ষণ সকলি গৃহত্তের বদান্ততার উপর নির্ভর। ভিক্মু গৃহীর অরেই প্রতিপালিত, গুহীর প্রসাদেই তাহার বাস পরিচ্চদের সংস্থান। 'গৃহস্থেরা যদি গৃহত্ত্যাগ করিয়া ভিক্ষু হইয়া বাহির হয় তাহা इटेरन मः नात यस्त्रत कन वस हिया यात्र, अज्ञां जारव मखाना जारव মুফুষ্যসমাজ--বৌদ্ধ সভ্য---সকলি উচ্ছন্ন হইয়া যায়। বুদ্ধদেব স্বন্ধং ইহা সম্যকরূপে অবগত ছিলেন, এই হেতু ভিক্ষু ছাড়া গৃহত্ব শিষাও বৌদ্ধ সমাজের অঙ্গীভূত ছিল। কিন্তু বৌদ্ধ সজ্বের সহিত বৌদ্ধ গৃহস্থের তেমন ঘনিষ্ট সম্বন্ধ ছিল না। গৃহস্তকে বৌদ্ধধর্মে দীক্ষিত করিবার এক ত্রিশরণ মন্ত্র ভিন্ন আর কোন বিশেষ অমুষ্ঠান ছিল না। আচার বিচারে বৌদ গৃহত্তবধর্ম রক্ষা করিয়া চলুন তাহাতে কাহারো কোন আপত্তি

নাই—বৌদ্ধ ভিক্ষ্দিগকে অন্নাজ্ঞাদনে পোষণ করাই তাহাদের কার্যা। বৌদ্ধ গৃহস্থের নাম উপাদক উপাদিকা, তাঁহারা এক প্রকার কনিষ্ট অধিকারী। বুদ্দের খাদ শিষ্যমগুলীতে প্রবেশ করিতে গেলে সজ্জভুক্ত হওয়া আবশ্রক—তাঁহারা অনেকে ততদ্র যাইতে প্রস্তুত ছিলেন না; ভিক্ষ্দিগকে সংরক্ষণ করাই তাহাদের বুদ্ধরের লক্ষণ।

ভিক্দের জন্ত ব্দদেব যে দকল নিয়ম বাঁধিয়া দেন তাহার কতকগুলি নিয়ম গৃহস্থদেরও পালনীয়। ধার্মিক • স্ত্রে গৃহস্থদের কুলধর্ম বলিয়া যে দকল বিধান দেওয়া হইয়াছে তাহার মধ্যে জীবহত্যা, চুরি, মিথ্যা ভাষণ, ব্যভিচার ও স্থরাপান এই পঞ্চ নিষেধ দর্ম দাধারণ—ইহা ছাড়া আরো কতক গুলি অনুশাদন আছে যথা—

অকাল ভোক্ষন করিবে না
মাল্য গদ্ধতার প্রভৃতি ব্যবহার করিবে না
মাত্র বিছাইয়া ভূমিতে শমন করিবে
এই তিনটি বিধান গৃহস্থের প্রতি ততটা বন্ধনকারী নয়,
তথাপি শুদ্ধাচারী গৃহস্থের পালনীয়।

### উপবাস-

অমাবদ্যা, পূর্ণিমা ও আর ছ দিন—মাদের মধ্যে এই চার দিন উপবাদ। তা ছাড়া প্রতিহার পক্ষও রক্ষণীয়।

প্রতিহার পক্ষ কি না বর্ষার ৩ মাস এবং বর্ষার পর-মাস যাহাকে চীবর মাস বলে অর্থাৎ নৃতন চীবর ধারণের সময়। চীবর ধারণের অর্দ্ধমাস উপবাস প্রভৃতি ব্রন্ত পালনের প্রাশস্ত কাল। এই সমস্ত নিয়ম ও ব্রত পালন ভিক্ষু ও গৃহত্তের পক্ষে সমান, প্রভেদ এই যে কতকগুলি বিধান বাহা ভিক্ষ্পের অবশ্র পালনীয় গৃহত্তের উপর তাহার ততটা বন্ধন নাই আর হইটি নিষেধ ভিক্ষ্পের জন্তই করা হইয়াছে—অর্থাৎ নৃত্য গীত নাট্যাদি দর্শন না করা এবং সোনা রূপা গ্রহণ না করা—এ ছই গৃহস্থ সমাজে থাটে না। তেমনি আবার গৃহীদের প্রতি কতকগুলি বিশেষ বিধান আছে যথা, সাধুজীবিকা অবলম্বন করা, পিতা মাতাকে ভক্তি করা, গুরুজনকে মান্য করা, ভিক্ষ্দিগকে অয় বস্ত্র দান ঘারা পোষণ করা ইত্যাদি। শৃগালবাদ স্থ্রে গৃহীধর্ম আরো বিস্তারিতরূপে ব্যাধাত হইয়াছে, তাহার সারাংশ এই স্থলে উন্ধৃত করিয়া দিলাম।

বৃদ্ধদেব রাজগৃহের নিকটবর্তী বেমুবনে অবস্থিতি করিতেছিলেন। ভিক্ষার বাহির হইবার সমর দেখিলেন শৃগাল নামক
জনৈক গৃহস্থ আর্দ্রকেশ আর্দ্রবেশে ক্লভাঞ্জলিপুটে উপরে
আকাশ নীচে পাতাল, চারিদিক্ নিরীক্ষণ করত নমস্কার
করিতেছেন। কারণ জিজ্ঞাসা করাতে শৃগাল বলিলেন—
"ভগবন, পিতৃকুলের ভর্পণ উদ্দেশে এইরূপ করিতেছি।" পরে
এই আট দিক্ কি উপায়ে স্কর্রিক্ত হইতে পারে বৃদ্ধদেব সেই
বিষয়ের উপদেশ প্রদান করিলেন।

জল দিঞ্চনে নয় কিন্ত শুভ চিন্তা ও কর্ত্তব্য পালনে দর্মদিক্
ত্বর্গিকত হয়। পূর্ব্ব দিকে আলোক দঞ্চার হয়, পূর্ব্বম্থী
হইয়া পিতা মাতার প্রতি কর্ত্তব্যে মনোনিবেশ করিবে। দক্ষিণে
ধনাগম, দক্ষিণ মুথে শুরুর প্রতি কর্ত্তব্য চিন্তন করিবে। পশ্চিমে
দিবসাবসানের স্বরাগ ও শান্তি—পশ্চিম মুণী হইয়া স্ত্রীপুত্রের

মঙ্গল চিস্তা করিবে। উত্তরে বন্ধু বান্ধব আত্মীয় স্থজন — উর্দ্ধের ক্ষান শ্রমণ সাধু সজন, অধোতে দাস পরিজনের প্রতি কর্ত্তব্য স্রব্য ও মনন করিলে ছয় দিক্ স্থরক্ষিত থাকিবে — সর্ব্ব অমঙ্গল দূর হইবে।"

মন্নষ্যের পরস্পরের প্রতি কর্ত্তব্য দাধনের নিয়ম এই— পিতা পুত্র-–

পুত্রের প্রতি পিতার কর্ত্তব্য

- ১। পুত্রকে পাপ হইতে নিবৃত্ত করা
- ২। ধর্ম শিকাদান
- ৩। বিদ্যাদান
- ৪। পুত্রের বিবাহ—সৎপাত্রে কন্যাদান
- c। বিষয়াধিকার প্রদান

## পুত্রের কর্ত্তব্য

- ১। পিতা মাতার ভরণ পোষণ করা
- ২। কুলধর্ম রক্ষণ
- ৩। বিষয় রক্ষা
- ৪। পিতার যোগ্য পুত্র হইবার চেষ্টা
- ে। পিতা মাতার স্মৃতি রক্ষা

### গুরু শিষা

## গুরুর প্রতি শিষ্যের কর্ত্তব্য

- ১। গুরুভক্তি
- ২। গুরুর সেবা শুশ্রায়া
- ৩। আজ্ঞা পালন

- ৪। গুরুদক্ষিণাদান
- ৫। বিদ্যাভ্যাস

## শিষ্যের প্রতি গুরুর কর্ত্তব্য

- ১। ক্ষেহ ও শিষ্টাচার
- ২। ধর্মশিকা ও উপদেশ প্রদান
- ৩। আপদ বিপদ হইতে সংরক্ষণ

## স্বামী স্ত্রী

# ন্ত্রীর প্রতি স্বামীর কর্ত্তব্য

- ১। সন্মান প্রদর্শন
- ২। ভালবাসা
- ৩। একনিষ্ঠতা
- ৪। ভরণ পোষণ বেশ ভ্ষায় তৃষ্টি সাধন
   স্বামীর প্রতি স্ত্রীর কর্ত্ব্য
- ১। গৃহ কার্য্যে দক্ষতা
- ২। অতিথি দোবা
- ৩। সতীত্বকা
- ৪। মিতব্যয়ী হওয়া
- ে। প্রমশীলতা

## বন্ধু বন্ধুর প্রতি

- ১। উপহার দান
- ২। মধুরালাপ
- ৩। কল্যাণ কামনা

- ৪। আত্মবৎ ব্যবহার
- ৫। প্রথ সম্পত্তি বাঁটিয়া ভোগ করা

#### স্থ্য লক্ষণ

- ১। বিপদে রক্ষা করা
- ২। বিষয়রকা
- ৩। আশ্রয় দান
- ৪। বিপদ কালেও বন্ধুকে পরিত্যাগ না করা
- ে। পরিবার পোষণ

## প্রভু ভূত্য

# ভৃত্যের প্রতি প্রভুর কর্ত্তব্য

- ১। যথাশক্তি তাহার কর্ম বিভাগ করিয়া দেওয়া
- ২। অন্ন, বেতন, পারিতোষিক দান
- ৩। ঔষধ পথ্য প্রদান
- ৪। ভাল জিনিদ পাইলে বাঁটিয়া দেওয়া
- ৫। কর্ম হইতে মধ্যে মধ্যে অবকাশ দান

# প্রভুর প্রতি ভৃত্যের কর্ত্তব্য .

- ১। উঠিয়া দাঁডাইয়া সম্মান প্রদর্শন
- ২। সকলের শেষে বিশ্রাম করা
- ৩। সম্ভোষ অবলম্বন
- ৪। কায়মনে প্রভু সেবা করা
- ৫। সবিনয় সন্তাষণ

# ব্রাহ্মণ শ্রমণের প্রতি গৃহীর কর্ত্তব্য

১। কাশ্বমনোবাক্যে প্রিম্নকার্য্য সাধন

- ২। আন্তিথ্য
- ৩। অন্নবস্তুদান

গৃহার প্রতি ভিক্ষুর কর্ত্তব্য

- ১। পাপ হইতে নিবৃত্ত করা
- ২। ধর্মোপদেশ প্রদান
- ৩। শিষ্টাচার
- ৪। ধর্ম বিষয়ে সন্দেহ ভঞ্জন
- ( ) मुक्ति भथ श्रीमर्भन

এইরূপে পরস্পার কর্ত্তব্য পালন করিলে ছয় দিক্ স্থুরক্ষিত ও গৃহস্থের সর্কপ্রকার কল্যাণ হয়।

দান সৌজন্য দয়। দাক্ষিণ্য নিঃস্বার্থতা গৃহত্ত জীবনের প্রম স্থল।

শুগাল বৌদ্ধর্মে উপাদকরূপে গৃহীত হইলেন।

এই সমন্ত ধর্মানুষ্ঠান অষ্টাঙ্গিক আর্য্যমার্গের প্রথম সোপান।
এই পথে চলিতে চলিতে মুমৃক্ ব্যক্তি কালক্রমে অর্হংমগুলীর
সহবাসের যোগ্য হইয়া সেই শান্তিধামে উপনীত হয়েন যেথানে
রোগ নাই, শোক নাই, মৃত্যু নাই, সকল পাপের ক্ষয়, সর্ব হৃংথের অবসান হয়। সেই নির্বাণ—সে অবস্থা দেবভাদিগের
ও স্পূহনীয়।

# ষষ্ঠ পরিচ্ছেদ।

#### বৌদ্ধ ধর্ম্মশাস্ত্র।

শাক্য সিংহ কোন লিখিত গ্রন্থ রাখিয়া যান নাই: বৌদ্ধ-শাস্ত্রজ্ঞ পণ্ডিতেরা বলেন যে তাঁহার কথা বার্ত্তা উপদেশ নিয়ুমাদি শ্রুতি পরম্পরায় শিষ্য মুথে দীর্ঘকাল জীবিত থাকে, পরে কোন ममरम श्रष्टाकारत निश्चिष रम। वृष्कत मत्रागाखत योक्षरमत्र চারিটি মহাসভার উল্লেখ করা গিয়াছে এই স্থলে তাহার পুনরা-বুত্তি করা যাইতে পারে। বুদ্ধদেবের মৃত্যুর কিছু পরেই মহাকাশ্রপের মন্ত্রণায় রাজা অজাতশক্রর আশ্ররে রাজগৃত্ সপ্তপূর্ণী গুহার প্রথম সভার অধিবেশন হয়। উহার এক শতাব্দী পরে কালাশোক, তৎপরে অশোক রাজা, এবং খৃষ্ট পূর্ব্ব ১৪৩ শতাবেদ কাশ্মীরের শকজাতীয় রাজা কণিষ্ক ষথাক্রমেণ বৈশালী, পাটলিপুত্র ও জালন্ধরে এক একটা সভা করেন। ইহার প্রথম ও দ্বিতীয় সভায় বুদ্ধের উপদেশ ও কথাবার্তা সঙ্কলিত হইয়া বৌদ্ধশাস্ত্র প্রস্তুত ও অশোকের সভায় সেই শাস্ত্র পুনর্বার সমালোচিত ও স্থিরীকৃত হয়। ঐ শাস্ত্র তিন প্রকার বিনয় পিটক, হত্ত পিটক ও অভিধর্ম পিটক। এই তিনের সম-(त्रु नाम जिलिएक। ইहारा दोह मस्यानारम् मा ७ ७ विश्वाम, षर्कान थाना, थाय्रिक विधान, नीजि, डेशायान, नर्नन শাস্ত্র প্রভৃতি বিনিবেশিত আছে।

পালিভাষায় লিখিত বৌদ্ধ শাস্তগুলি সমধিক প্রাচীন বলিয়া অমুমিত হয়। তথাপি ত্রিপিটক শাস্ত্র ঠিক কোন সময়ে পঁৃথি ও গ্রন্থাকারে লিপিবদ্ধ হয় তাহা নির্ণয় করা স্থকটিন। প্রবাদ এই যে পাটলিপুত্রে যে ত্রিপিটক শাস্ত্র প্রণীত হয় অশোক পুত্র মহেন্দ্র তাহা লইয়া সিংহলে গমন করেন এবং তিনি ঐ সময়ে ত্রিপিটকের পালি ভাষ্যও মগধ হইতে আনাইয়া সিংহলী ভাষায় অমুবাদ করেন। কেহ কেহ বলেন ত্রিপিটকের অঙ্গ জাত্যঙ্গ কণ্ঠস্থ করিয়া তিনি সিংহল যাত্রা করেন। সে যাহা হউক, এ কথা নিঃসংশয়ে বলা যাইতে পারে যে রাজা বত্ত-গামনীর রাজত্ব কালে অর্থাৎ গুষ্টাব্দের প্রারম্ভে পালি শাস্ত্র দিংহলে প্রথম লিপিবদ্ধ হয় এবং বৃদ্ধঘোষের সময় অর্থাৎ খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দে যে ঐ শাব্দ্রের পালি পাণ্ডুলিপি বিদ্যমান ছিল ইহাও এক প্রকার খির দিদ্ধান্ত। খুব সন্তব ঐ পাণ্ড-लिशि मरहत्त्वत \* ममरत्र विमामान हिल। এथन विरवहा এই তাহার কত পূর্বে উহা প্রস্তুত হয়। এই বিষয়ের **°আভান্তরীন প্রমাণ এক এই পাওয়া যায় যে প্রচলিত ত্রিপিটকের** ভিতরে রাজগৃহ ও বৈশালী সভার উল্লেখ আছে অভএব তাহার উত্তর কালে ত্রিপিটক রচনা হওয়াই যুক্তি সঙ্গত। আর এক কথা এই যে ত্রিপিটকের মধ্যে পাটলিপুত্র সভার কোন উল্লেখ नारे अड व उ ९ पृर्व रेशत तहना कांग निर्कातिक रहेरड भारत । ইहा हहेरल निमान এই টুকু श्वित वना यात्र य देवनानी এবং পাটলিপুত্র সভার মাঝামাঝি কোন সময়ে ত্রিপিটক

<sup>\*</sup> Introduction to Sacred Books of the East Vol. X

শান্ত্র প্রথম প্রস্তুত হয়। আবার ঐ শান্ত্র আলোচনা করিয়া দেখিলে বুঝা যায় যে তাহার কিয়দংশ অপেকাক্তত প্রাচীন, যেমন বিনয়ের প্রতিমোক্ষ ভাগ এবং বৃদ্ধ উপদেশের কিয়দংশ। এই সমস্ত কারণে ত্রিপিটকের কিয়দংশ ধর খৃষ্টপূর্ব্ব চতুর্থ শতাব্দে, কতক বা তাহার ও পূর্ব্বে বির্চিত। দক্ষিণ মঞ্চলের বৌদ্ধেরা ঐ শান্ত্র সিংহলী ভাষায় অমুবাদ করেন ও পরে তাহা ব্রহ্মদেশাদির ভাষায় অমুবাদিত হয়। এ ভিন্ন উহা ভোট, চীন, মোগল, কালম্থ প্রভৃতি উত্তর দেশীর অস্তান্ত ভাষায় অমুবাদিত হইয়া প্রচারিত হইয়াছে।

বৌদ্ধ শাস্ত্রান্তর্গত গ্রন্থাবলীর তালিকা নিম্নে প্রদর্শিত হইল—

# विनय शिष्ठक ( मध्य नियमावनी )

২। **ধন্ধক** 
$$\left\{ egin{array}{ll} মহাবৰ্ণ্য, মহাবৰ্ণ \\ চুল্লবৰ্গ্য, ক্ষুদ্ৰবৰ্ণ$$

৩। পরিবার পাঠ, পরিশিষ্ট।

# সূত্ত পিটক ( বুদ্দের উপদেশ)

- ১। দীঘ নিকায়, ৩৪ দীর্ঘ হত্ত সংগ্রহ (মহাপরিনির্কাণ হত্ত প্রভৃতি)
  - ২। মধাম নিকার, ১৫২ মধাম স্ত্র-সংগ্রহ।
  - ৩। সংযুক্ত নিকায়, সংযুক্ত স্ত্ত-সংগ্ৰহ।
  - ৪। অঙ্গুত্তর নিকায়, বিবিধ হুত্ত-সংগ্রহ।

- ৫। ক্ষুদ্রক নিকায়, ক্ষুদ্র স্ত্র-সংগ্রহ, ইহার মধ্যে
   নিয়োদ্রত ১৫ খানি গ্রন্থ সয়িবেশিত।
  - ১। কুদ্রক পাঠ
  - ২। ধশ্বপদ
  - ৩। উদান, স্তুতি (৮২ সূত্র)
  - ৪। ইতিবৃত্তক, বুদ্ধ কথাবলী
  - ৫। সৃত্ত নিপাত, ৭০ সূত্র
  - ৬। বিমান বজু, স্বৰ্গ কথা
  - গ। পেত বত্তু, প্ৰেত কথা
  - ৮। থেরাগাথা, স্থবির-গাথা
  - ১। থেরীগাণা, স্ববরা-গাণা
  - ১০। জাতক, পূর্মজন্ম কাহিনী
  - ১১। নিদ্দেস, সারীপুত্রের ব্যাখ্যান
  - ১২। পতিসন্বিধামাগ্র, প্রতিসংখাধমার্গ
  - ১৩। অপদান, অর্হৎ চরিত্র
  - ু১৪। বুদ্ধবংশ, গৌতম ও পূৰ্ববৰ্তী ২৪ জন বুদ্ধের জীবনুত্ত।
    - ১৫। চরিয়া পিটক, বৃদ্ধ-চরিত

## অভিধন্ম পিটক ( দর্শন )

- ১ ৷ ধন্ম সঙ্গ
- ২ বিভক
- ৩। কথা বন্ত্পকরণ
- ৪। পুগ্গল পগ্নতি, সন্ববোধ
- ह। शांजूकथा, नद नादी हित्रव

- ৬। ধনক, পরস্পর বিরোধী যুগল কথা সংগ্রহ
- ৭। পথানপকরণ, কার্য্যকারণ নির্ণয়।

চুল্লবর্গের শেষ ছই খণ্ডে রাজগৃহ ও বৈশালী সভার বিবরণ বর্ণিত আছে এবং কথিত হইয়াছে যে প্রথম সভায় উপালী 'বিনয়' আবৃত্তি করেন, আনন্দ 'ধর্ম' পাঠ করেন। ইহা হইতে প্রতিপন্ন হইতেছে যে ঐ সময়ে শাস্তের ছই অঙ্গই ছিল, তৎপরে 'ধর্ম' ছই ভাগে বিভক্ত হয়, স্ত্র এবং অভিধর্ম। এই অভিধর্ম ধ্যু ক্রমে অপর ছই পিটকের সমকক্ষ হইয়া গাঁড়ায়।

## সূত্র বিভঙ্গ। —

বৌদ্ধ সজ্বে অমাবস্থা পূর্ণিমার যে দোষ ও প্রায়শ্চিত্ত-বিধান পঠিত হয়, সেই ব্যবস্থাগুলি ইহার মূল স্থ্রে গ্রথিত। ক্রমে ভাষ্যের উপর ভাষ্য ও টীকা সংযুক্ত হইয়া গ্রন্থানি বাজিয়া গিয়াছে। এই সমস্ত নিয়মাবলী স্ত্র বিভক্ষের অস্পীভূত।

### প্রতিমোক্ষ।—

প্রায়শ্চিত্ত-বিধানগুলি স্বতন্ত্র আকারে প্রতিমাক্ষ গ্রন্থে প্রকাশিত হয়। ইহা বৌদ্ধর্ম্ম শান্ত্রের প্রাচীনতম গ্রন্থ, সজ্বের নিয়মাবলী বৃদ্ধ স্বরং যাহা প্রবর্ত্তিত করেন তাহা ইহার মধ্যে থাকাই সম্ভব। তথাপি আশ্চর্য্য এই যে বৌদ্ধেরা ইহার শান্ত্রীয় মর্য্যাদা স্ত্র বিভঙ্গের সমান জ্ঞান করেন না।

মহাবণ্গ ) কালক্রমে নানা প্রক্ষিপ্ত অংশে পুষ্টিলাভ চুল্লবগ্গ ) করিয়া বন্ধিত আকার ধারণ করিয়াছে। পরিবার পাঠ পরবর্ত্তী কালে সঙ্কলিত।

মহা পরিনির্বাণ স্ত্র স্ত্র-পিটকের দীর্ঘনিকায়ের অন্তর্গত।

ইহাতে বৃদ্ধ জীবনীর শেষ ৩ মাদের ঘটনাবলী ও মরণ বৃত্তান্ত বর্ণিত আছে। ইহাতে বৃদ্ধের মুখে পাটলিপুত্রের ভাবি উন্ধৃতি বিষয়ের যে কথাগুলি দেওরা হইরাছে তাহা হইতে ইহার রচনাকাল পাটলিপুত্র মগধ রাজধানী রূপে প্রতিষ্ঠিত হইবার উত্তরকাল বলিয়া অনুমান হয়, খৃষ্টপূর্ব্ব চতুর্থ বা পঞ্চম শতান্দী ধরা যাইতে পারে।

#### ধশ্বপদ।---

স্ত-পিটকের অন্তর্ভ ক্দুক নিকায়ের পঞ্চদশ গ্রন্থের একটী গ্রন্থ। ইহার নাম হইতেই বিষয়ের পরিচয় পাওয়া যাইতেছে, ধর্ম-নীতি বিষয়ক পদাবলী। ইহাতে যে সকল ধর্ম-প্রচন ও হিতোপদেশ আছে আমাদের মহাভারত, গীতা, এবং অন্তান্ত নীতিশাল্পে তাহার অনুরূপ কথার অপ্রত্ন নাই, কতক বিষয়ে অবিকল সাদৃশ্য ও উপলক্ষিত হয়—তথাপি ইহার কোন কোন ভাগে বৌদ্ধর্মের বিশেষত্ব উপলক্ষি করা যায় অবশ্রুই স্বীকার করিতে হইবে। ইহার কতিপয় শ্লোক নিয়ে অমুবাদ করিয়া দিতেছি তাহা হইতেই ইহার স্বরূপ ও মতামত কতকটা বৃষ্ধিতে পারিবেন।

এই থানে প্রথমে ছইটী শ্লোক বলিব তাহা বৃদ্ধদেব প্রবৃদ্ধ হইবা মাত্র উচ্চারণ করেন বলিয়া লোকের বিখাদ।

> অনেক জাতি সংসারং সৃদ্ধাবিস্সং অনিবিসং গহকারকং প্রেসস্তো তুঃথাজাতি পুণপ্পুণং। গহকারক ! দিট্ঠোহসি, পুণ পেহং নকাহসি স্বাতে ফাস্থকা ভগ্গা গহকুটং বিসংথিতং। বিস্থারগতং চিত্তং তণ্হানং ধ্রমঞ্বা।

শর্ধ—জন্ম জনাস্তর পথে ফিরিয়াছি পাইনি সন্ধান
সে কোথা গোপনে আছে এ গৃহ যে করেছে নির্দ্ধান।
পূনঃ পুন তুঃথ পেরে দেখা তব পেরেছি এবার—
হে গৃহকারক! গৃহ না পারিবি রচিবারে আর।
ভেঙেছে ভোমার স্তম্ভ, চুরমার গৃহভিত্তিচর,
সংস্কার বিগত চিত্ত, তৃষ্ণা আজি পাইয়াছে ক্ষয়।
মনেতেই ধর্ম ১. ২

মনেতেই ধর্ম; ধর্ম মনোগামী। যে ব্যক্তি মন্ধ্রভাবে আলাপ ও কার্য্য করে, টানা গাড়ী বেমন বলদের পিছনে পিছনে যায় তুঃথ দেইরূপ তার অনুগামী হয়।

মনেতেই ধর্ম; ধর্ম মনোগামী। বিনি ভাল ভাবে আবাপাপ কার্য্য করেন, ছায়ার ক্সায় সুথ তাঁর অনুগামী হয়।

যে যা করে, সে তা হয়; উল্টে না কদাপি,
সাধুকারী সাধু হয়, পাপকারী পাপী।
(পদ্যে ব্রাহ্মধর্ম)

পাপ পুণ্য ১৭,১৮

পাপকারী ইহলোক পরলোক উভয়ত্র ছঃখ ভোগ করে। ইহলোকে পাপাচরণ করিয়া সন্তাপ, পরলোকে ছুর্গতি প্রাপ্ত হইয়া আরো যন্ত্রণা।

পুণ্যান্ ইহলোক পরলোক উভয়ত্র স্থ ভোগ করেন।
ইহলোকে পুণ্য কর্ম করিয়া আনন্দিত, পরলোকে সক্ষতি প্রাপ্ত
ইয়া অধিকতর আনন্দ উপভোগ করেন।

পাপ করি পাপ কীর্ত্তি দহে পাপানলে পুণা করি পুণা কীর্ত্তি বাড়ে পুণা ফলে।

ø

পুণ্য আচরণে আত্মা হয় পুণ্যময়, পাপ আচরণে হয় পাপের আলয়॥ ঐ

২২১। পাপ আসিবে না মনে করিয়া পাপ বর্জনে অবজ্ঞা করিবেক না; জল বিলুপাতে অলে অলে জল কৃষ্ড পূর্ণ হয়, আলে অলে সঞ্চয় করিয়া মূর্ব পাপে পূর্ণ হয়।

> ক্ষরিলে ইন্দ্রিয় কোনো বুদ্ধি ও ক্ষরিতে স্থক করে, কলসের ছিদ্র দিয়া জল যথা ক্রমশঃ নিঃসরে।

> ২২ । পুণা আসিবে না মনে করিয়া পুণ্যার্জনে অবজ্ঞা করিবেক না। জল বিন্দুপাতে অল্লে অল্লে জল ক্স্ত পূর্ণ হয়, ধীর বাক্তি অল্লে অল্লে পুণ্য সঞ্চয় করিয়া পূণ্যে পূর্ণ হয়েন।

> কুদ্রকীট পুত্তিকা বিরচে যথা প্রকাণ্ড আলয় অলে অলে তেমনি ধরম ধন করিবে সঞ্চয়। ঐ

১৬৫। মুষ্য আপনিই পাপ করে, আপনিই তার ফল ভোগ করে। আপনি পাপ কর্ম হইতে বিরত হয়, আপনিই ভূদ্ধি লাভ করে। পাপ পূণ্য আমার নিজেরই জিনিস, আপনি ভিন্ন আর কেহ আমাকে পরিত্রাণ করিতে সক্ষম নহে।

> একাই জনমে নর, একা হয় মৃত ; একাই স্কৃত ভূঞ্জে, একাই হয়ত।

চির-প্রবাসী দ্র হইতে নির্বিল্লে প্রত্যাগত হইলে আত্মীর বজন বন্ধ তাহাকে বাগত বলিয়া অভ্যর্থনা করে, সেইরূপ প্ণ্যবান্ ব্যক্তি পূণ্য কর্ম করিয়া ইহলোক হইতে অপকৃত হইলে পর তাঁহার পূণ্য তাঁহাকে বন্ধর ভায় প্রতিগ্রহণ করেন। চিরপ্লবাসিং পুরিসং দ্রতে। সোঁখিমাগতং জ্ঞাতি মিত্তা স্কৃহজ্ঞা চ অভিনন্দন্তি আগতং তথেব কৃত পুঞ্চিপ অস্থা লোকা পরং গতং পুঞ্চানি পর্তিগণ্হন্তি পিয়ং জ্ঞাতীব আগতং।
(পালি)

অহিংসা ১৩০,১৩১

সকলেই দণ্ডকে ভগ্ন করে, জীবিত সকলেরই প্রিয়। তুমি ও আপনাকে তাহাদের উপমান্তলে আনিয়া কাহাকে ও বধ বা হিংসা করিবে না।

যিনি আত্ম সূথ কামনায় অন্ত সূথকামী জীবের হিংদা করেন তিনি ইহলোক হইতে অবস্থত হইয়া সূথ প্রাপ্ত হন না।

> সক্ষে তসন্তি দশুস্ব সক্ষেমং জীবিতং পিয়ং অন্তানং উপমং কত্বা ন হনেযা ন ঘাত্য়ে স্থুপ কামানি ভূতানি যো দশুেন বিহিংসতি অন্তনো সুথ মেসানো পেচ্চ সো ন লভতে সুথং।

( পালি )

প্রাণা যথাত্মনোহভীষ্টা ভূতানাং অপি তে তথা আত্মোপম্যেন ভূতেরু দয়াং কুর্বস্তি দাধবঃ

(হিতোপদেশ)

तिशूममन ७,८,५, २२२. २२७

"ও আমাকে মারিরাছে, ও আমার গালি দিরাছে, আমার চুরী করিয়াছে" এই সকল চিন্তা মনে স্থান না দিলে বৈদ্বী আপনাপনি প্রশমিত হয়; কেননা হিংসা প্রতিহিংসা দারা দ্বিত হয়।

ক্রোধকে অক্রোধ দার। জয় করিবে, অসাধুকে সাধুতা দারা জয় করিবে, রূপণকে দান দারা, অসৎকে স্ত্য দারা জয় করিবে।

ष्यत्कारधन जितन कांधर त्याधर त्याधर त्याधर कांध्र कांध्र

অক্রোধে জিনিবে ক্রোধ
অসাধুতা সাধু আচরণে
অসত্য জিনিবে সত্যে
কদর্য্যে কবিবে বশ—ধনে।

সেই সারথী যে ক্রোধকে আপনার বশে রাখিতে পারে, অপর ব্যক্তি কেবল রাশ-রক্জ-ধারী।

বৃদ্ধিহীন যেই জন, মন যার সতত অন্তর, তাহার ইন্দ্রিরণণ তৃষ্ট অথ যেন সার্থীর। যেই জন স্থবৃদ্ধি, কর্ত্তব্যে যার নাহিক আলস্য। তাহার ইন্দ্রিরণণ সার্থীর বশীভূত অথ।

আত্ম সংযম ৮০, ১০৩

কৃপথস্তা জলের গতি নিয়ন্ত্রিত করে, ইযুকুার মনের মত বাণ গড়িয়া লয়, স্থতার কাঠ বাকা সোজা ইচ্ছামত গড়ে, জ্ঞানী ব্যক্তি আপনাকে আপনি নিয়মিত করেন।

উদকং হি নয়ন্তি নেতিকা, উন্থকারা নময়ন্তি তেজ্বনং,
দারুং নমযন্তি ভচ্চকা, অন্তানং দমযন্তি পণ্ডিতা।
বিনি যুদ্ধে সহস্র লোকের উপর জ্বয়লাভ করেন তিনি জ্বয়ী

गट्न, यिनि आश्रनाटक वैशाश्रनि अत्र कटत्रन जिनिहे यथार्थ विजयो।

সংসার ১৭০, ১৭১ 🗕

সংসার জলবিম্ব প্রায় দেখি বে, মরীচিকা সমান জ্ঞান করিবে; যিনি সংসারকে এইরূপে ' দেখেন মৃত্যুরাজ তাঁহার কাছে ঘেঁসিডে পারে না।

> যথা বুবব লকং পদ্দে যথা পদ্দে মন্ত্ৰী কৈং এবং লোকং অবেক্থন্তং মচ্চু রাজা ন পদ্দী কি (পালি)

এই চাকচিক্যময় সংসার যেন রাজার রথ, বাহির ইইডে দেখিবার জিনিস। মৃঢ় ইহার প্রতি আসক্ত, জ্ঞানী ব্যক্তি ইহাকে স্পূৰ্ণ করেন না।

মৃত্যু ২৮৬, ২৮৭ ২৮৮ ২৮৯ ৷—

"এই খানে শীত গ্রীম্ম কাটাইব, এখানে বর্ষা যাপন করিব"
মৃচ্ ব্যক্তি এই ভাবনায় অন্তির—মৃত্যুর অস্তরায় শ্বরণ করে না।
মুপ্ত গ্রামের উপর বঞ্চার ভাষা মৃত্যু আসিয়া পুত্র কলত্র শুদ্ধ
ভাহাকে ভাসাইয়া লইয়া যায়—ভাহার মন বিপর্যান্ত করিয়া
ফেলে। পিতা পুত্র জ্ঞাতি বন্ধু কেহই ভাহাকে রক্ষা করিতে
পারে না, ইহা জ্ঞানিয়া জ্ঞানী ও সাধুপুরুষ শীঘ্রই নির্ব্বাণ পথের
কণ্টক মোচন করিবেন।

পরলোকে সহায় হইয়া কেহ নাহি দিবে দেখা, পিতামাতা পুত্রদার, জাতি বন্ধু; ধর্ম রবে একা। কাষ্ট লোষ্ট্র সমান ভূতলে ত্যজি মৃত কলেবর বন্ধুগণ যায় চলি, ধর্ম হয় পথের দোসর। জরা মৃত্যু ১৪৩, ১৪৮ 1—

এত হাসি এত আমোদ প্রমোদি কিসের জন্ত ? সংসারের জালা যন্ত্রণা অবিশ্রান্ত রহিয়াছে। তোমরা অন্ধকারে বাস ক্রিয়াকেন না আলো অন্তর্মণ কর ?

এই দেহ ব্যাধিতে শীর্ণি, জরাজীর্ণ হইয়া ভগ হইয়া বায়, মৃত্যু আসিয়া জীবনকে: গ্রাস করিয়া ফেলে।

আত্মদোষ ৫ গ্ৰন্থছন্ত ২৫২

পুরের কি এ সহজেই দৃষ্টি পড়ে, আপনার দোষ দেখিয়াও দেশি না। প্রতিবেশীর দোষগুলি ভূদির ভায় বাহিরে ফেলিয়া দি –নিজের দোষ যতে ঢাকিয়া রাখি বেমন জুয়া খেলায় জুয়ারী পাশার অঠিক দান ঢাকিয়া রাখে।

কথা ও কাজ ৫১, ৫২ ।---

কথা মধুর কাজ বিপরীত, নির্গন্ধ ফুলের স্থায় দেখিতে রংচঙে অথচ গন্ধ নাই।

ভাল কথা ভাল কাজ স্থগন্ধ স্বৰণ পুষ্পের ভাষ সৰ্বাঙ্গ স্বন্ধ ।

সুখ ১৯৭, ১৯৮, ১৯৯।--

আমরা স্থে থাকিব, আমাদের যে রণা করে আমরা তাহাকে রণা করিব না। আমাদের যারা দেষ্টা আমরা তাহাদের মধ্যে দ্বেম্পুত হইরা বাস করিব। আত্রের মধ্যে আনাতুর হইরা থাকিব, লোভীর মধ্যে নির্লোভী হইরা বাস করিব। আমাদের আপনার কিছুই নাই অথচ প্রীতিভোজী দেবতাদের স্থায় আমরা স্বানন্দ।

স্থবির কে ? ২৬০, ২৬১।

বাঁহার শুক্লকেশ তিনি বৃদ্ধ নহেন; বন্ধসে বিজ্ঞ হয় না বিজ্ঞ হয় জ্ঞানে। সভা প্রেম ক্ষমা দয়া বাঁর, বিনি জ্ঞানবান ও শুদ্ধচিত্ত, তিনিই স্থবির।

শুক্রকেশ যাহার সে নহে বৃদ্ধ ;
দেবতা সকলে
তাহারেই জানে বৃদ্ধ
যৌবনেই বিতা যার ফলে।

মূনি কে ? ২৬৮, ২৬৯।—

মূর্থ যে সে মৌন হইলেই মুনি হয় না। জ্ঞানী ব্যক্তি
নিজির ওজনে সদসং বিবেচনা করিয়া যাহা শ্রেয় তাহা গ্রহণ
করেন, যাহা অসং তাহা পরিত্যাগ করেন।—তিনিই মুনি।
যিনি সংসারের ভাল মন্দ হই দিক্ বিচার পূর্বক দেখেন
তিনিই মুনী।

মোনে মুনী না হয়

না হয় মুনি জটাজুট ভারে
আপনাকে পছানে যে বিলক্ষণ

মুনি বলি তারে।

শ্রের আমার প্রেয় ফিরে ম ুষ্য মাঝারে ধীর ব্যক্তি উভয়ের প্রভেদ বিচারে। শ্রেয় যে গ্রহণ করে বিপত্তি এড়ায় প্রেয় যে বরণ করে সর্ক্ত হারায়। তৃষ্ণা ২৭১, ২৭ ই 一

ত্রত অনুষ্ঠালে, শান্ত অধ্যানে, ধ্যান বা বিবিক্ত শয়নে, সংসারীর অপ্প্রাপ্য মোক লাভ হয় না। হে ভিক্ষু! তৃষ্ণা নিবৃত্তি শা হইলে এই সমন্ত সাধনায় আখাসবুক্ত হইও না।

> কামনা যে তাজে তার সব ধন মিলে, স্থের প্রবাহ বহে লোভ তেয়াগিলে। ব্রাক্ষণ

ভিক্ষু কে ? ৯, ১০, ৩৬৮, ৩৬৯, ৩৭০ ৷—

থে ব্যক্তি কশায় (পাপ) ইইতে বিমুক্ত না ইইয়া কাষায় (গেক্যা বসন) পরিধান করিতে চান, যিনি মিতাচারী ও সত্য-বান্নহেন তিনি কাষায়ের যোগ্য নহেন। যিনি 'কশায়' ইইতে মুক্ত ইইয়াছেন, যিনি ধর্মনিষ্ঠ, মিতাচারী ও সত্যপরায়ণ তিনিই কাষায় বসনের উপ্যক্ত।

বিনি হস্ত পদ বাক্য বশে রাথেন, বিনি সংযত ও জিতেক্সিয় বিনি আপনাতে আপনি আনন্দময়, যিনি সন্তুষ্টচিত্তে বিজনে বাস করেন তিনিই ভিক্ষু।

হে ভিক্ষু! নৌকার বোঝাই ফেলিয়া দিয়া ইহাকে হালক। কর, হালকা হইলে ক্রভ চলিবে। রাগ দ্বেষ দূরে ফেলিয়া নির্বাণ পথের যাত্রী হও।

পঞ্জেরের বন্ধন ছেদন কর; যিনি এই পঞ্চ শিকল ভালিয়াছেন তিনিই 'ওঘোতীর্ণ' ভিকু।

৩০ মুর্থের সহবাস অপেক্ষা একাকী বিজ্ञনে বাস ভাল।
পাপাচরণ করিও না, অরণ্যে বেমন হন্তী চরিয়া বেড়ার তুমিও
সেইরপ একা একা মনের স্থাথে ফিরিয়া বেড়াও।

২৭৬ মুক্তি দাধনে তোলার আপনার চেষ্টা চাই তথাগত উপদেষ্টা মাত্র। নির্দ্ধাণ পথে সংব্যান গুইয়া চল নহিলে মারের হস্ত হইতে পরিত্রাণ নাই।

৩০৭-০০৮ বৃক্ষ কাট্যা কেনিলেই নই হয় না, তাহার মূল যতক্ষণ অক্ষত থাকে ততক্ষণ দে মবে না, আবার বাড়িয়া ওঠে, তৃষ্ণার বিষয় বিনষ্ট হটলেও তঃগ প্নঃ প্নঃ ফিরিয়া আসে। মারের হস্ত হইতে বদি পরিন্তাণ চাও, তৃষ্ণা সম্লে উৎপাটন কর।

একটা গাছ কাটিলে কি হটল ? মমুদ্র বন কাটিয়া ফৈলা চাই। হে ভিকু ! সমস্ত বন জলল প্রিকার করিয়া নিভীক ও নিকুকি হও।

যে ব্যক্তি স্বাচারী শাস্ত স্থাহিত হট্যা বুদ্ধের আদেশ ।
পালন করেন তিনি বাস্না চইতে নির্ভ হইয়া শান্তি ও নির্বাপানন উপ্ভোগ করেন।

উলঙ্গ হইরা ভ্রমণ, জটা ধারণ, ভ্রম লেপন, ভূমি-শয়ন, এ সকলি নিক্ষণ যতক্ষণ অন্তরে বাদনানল প্রদীপ্ত রহিয়াছে।

ব্রাহ্মণ কে ৭ ৩৯১, ৩৯৬, ৩৯৯, ৪০১, ৪২২

জটাজুট ধারণ করিলে রাজাণ হর না, রাজাণকুলে জনিয়া ও রাজাণ হয় না, যাহাতে ভারে সত্য অধিগান করে তিনিই রাজাণ।

রে মূর্ণ! জটাধারণে কি ফল ? অজীন বদন পরিয়া কি লাভ ? ভিতরে লোভ ভরপূর, বাহিরের চাকচিক্যে কি হইবে ?

ধিনি লোভী ও অহজারী ত্রাহ্মণ জন্মিগাই তিনি ত্রাহ্মণ নহেন। যিনি নির্ধন অথচ বিষয় সুথে নির্লিপ্ত তিনিই ত্রাহ্মণ। ভিনিই ব্রাহ্মণ বিনি সকল শৃত্থল ভালিয়া নির্ভন্ন হইয়াছেন— বিনি মুক্ত ও স্বাধীন।

বিনি বিনালোষেও দণ্ড তিরস্কার অবমাননা অকাতরে সম্থ করেন, ক্ষমা থাঁর বল, তিতিক্ষা থাঁর সেনা, তিনিই ব্রাহ্মণ। বিনি পদ্মপত্রে জ্বলবিন্দ্র স্থায়, হচি অপ্রে সরিশার বীজের স্থায় সংসারের স্থা ছংখে নির্লিপ্ত থাকেন তিনিই ব্রাহ্মণ। ৩৯১। মনোবাক্ কর্মো বিনি জ্কুত শৃন্ত, এই তিনেতেই বিনি সংবত ও শুদ্ধাচারী তিনিই ব্রাহ্মণ

মনোবাক্যে কর্মে থার।
না করেন পাপ-আচরণ
তাঁহারাই তপস্বী, তপস্থা নহে
দেহের শোষণ——ব্রাহ্মধর্ম

জানিরা যিনি ব্রাক্ষণ তাঁহাকে আমি জ্রাক্ষণ বলি না—সে ত ধনবান, নিমন্ত্রণ আমন্ত্রণে ভো ভো বলিয়া বেড়ায় (ভো-বালী); কিন্তু যিনি আসক্তি হীন অকিঞ্চন তিনিই ব্রাক্ষণ।

রাগ দ্বেষ মদমাৎসর্য্য স্থাচি অত্যে সরিশার বীজের স্থায় বাঁহা হইতে পাতিত হইয়াছে তিনিই বাহ্মণ।

> ষদ্দ রাগো চ দোসো চ মানো মক্থো চ পাতিতো দাদপো রিব আরগ্গে তমহ ক্রমি রাহ্মণং

ষিনি সংসারের মোহময় তুর্গম পথ অতিক্রম করিয়া পরপারে উত্তীর্ণ হইয়াছেন, যিনি ধ্যাননীল অকপট গুদ্ধ-ভাষী অনাসক সন্ধ্য চিত্ত তিনিই ব্রাহ্মণ।

व्यानिका निवरम मौश्रि भान, हक्तमा बाद्य श्रीकान भान,

ক্ষত্রিয়ের তপস্থা কবচ ধারণ, ব্রাহ্মণের তপদ্যা ধ্যান, বৃদ্ধ ক্ষত্যে-রাত্রি স্বকীয় তেজে প্রকাশিত।

ব্ৰাহ্মণ কি না বাহিত পাপ, শমচৰ্য্যা হইতে শ্ৰমণ, যিনি মালিক্ত পরিবর্জন করেন তিনি পরিব্রাক্ষক।

বিনি আপনার পূর্ব নিবাস জানেন, স্বর্গ নরক দিব্য চকু ধারা দেখিতে পান, বার জন্মবন্ধন ছিন্ন হইয়াছে, সম্বশুণের আধার বে মুনী তিনিই আক্ষণ।

### নিৰ্ববাণ-

নখি রাগসমো অস্থি নখি লোস সমো কৰি
নখি কথলাদিসা তুক্থা নখি সন্তিপরং স্থাং
জিঘছা পরমা রোগা সন্থার পরমা তুথা
এতং জ্ঞতা যথা ভূতং নির্বাণং পরমং স্থাং
আরোগ্য পরমা লাভা সম্ভট্ট পরমং ধনং
বিস্পাস পরমা জাতী নির্বাণং পরমং স্থাং
রাগ সমান অগ্নি নাই, হিংসার ভার পাপ নাই,
শরীরের ভার তুংখ নাই, শান্তির ভার স্থা নাই।
হিংসা পরম ব্যাধি, সংক্ষার পরম তুংখ, নির্বাণ
পরম স্থা, যিনি এই জানেন তিনি সত্য জানেন।

আরোগ্য পরম লাভ, সম্ভোষ পরম ধন, বিশ্বাস পরমান্ত্রীয়, নির্বাণই পরম স্থা। সম্ভোষ স্থাধর মূল ইথে নাহি ভূল অসম্ভোষই যত কিছু অস্থাধর মূল। অন্ত কভু নাহি জানে ছরস্ত পিয়ান, সম্ভোষ কেবলি এক স্থাথের নিবাস। ক্ষমাই পরম শাস্তি, ধর্মই কল্যাণ মূর্ত্তিমান, বিস্থাই পরম ভৃপ্তি, অহিংসাই স্থাথের নিদান।

শরৎ কুমুদের ভার আগণন হাতে স্নেহ মমতা ছিঁড়িয়া ফেল, শাস্তি মার্গ অন্থরণ কর; স্থগত (বৃদ্ধা) নির্বাণ রূপ স্থগতি প্রদর্শন করিয়াছেন।

যিনি হংখ, হংখের কারণ, হংখনাশ, হংখাস্তকারী অপ্তাঙ্গ মার্গ, এই চতুরার্য্য সত্য সম্যক্ জ্ঞান দারা উপলব্ধি করিয়া বৃদ্ধ, ধর্ম ও সজ্জের শরণাপল্ল হন, তিনি ক্ষেম পদ, পরম শরণ লাভ করেন। এই শরণ লাভ করিয়া জীব সর্কহংখ হইতে মুক্ত হয়েন।

এই দকল শান্ত ভিন্ন অনেকানেক ভাষ্য, টীকা, গাথা,
ইতিবৃত্ত ব্যাকরণাদি পালি ও দিংহলী ভাষায় বিরচিত হইয়াছে।
ভাষ্যকারের মধ্যে বৃদ্ধ ঘোষের নাম দর্কাগ্রগণ্য। ইনি বৌদ্ধদের সামনাচার্য্য। বৃদ্ধগন্নার প্রাক্ষণকুলে ইহার জন্ম—রেবত
নামক এক মহান্থবিরের উপদেশে ইনি বৌদ্ধর্শে দীক্ষিত হন।
ইহার ঘন ঘোর কণ্ঠরব বৃদ্ধের অনুরূপ কলনায় 'বৃদ্ধঘোষ
ইহার নামকরণ হয়। এই বৌদ্ধাচার্য্য চূড়ামণি পঞ্চম খুষ্টাব্দে
দিংহলে গমন করত রাজা মহানামের রাজত্ব কালে অনুরাধাপুরে
বাদ করেন (খুঃ ৪১০—৪৩২) ও তথায় ত্রিপিটকের মহাভাষ্য
(অর্থক্থা) রচনা করেন। তাঁহার প্রণীত 'বিশুদ্ধি মার্গ', ধর্মশাল-ভাষ্য, ও বৌদ্ধর্শ্ব বিষয়ক অন্যান্য অনেক গ্রন্থ বিশ্বমান
শাহে।

### भिनिक थ्रन ।-

ধবনরাজ মিলিক্দ এবং বৌদ্ধ সন্ত্রাসী নাগসেন, ধর্ম বিষয়ে ইংলের পরস্পর কথোপকথন। খৃষ্টাব্দের দিশতাকী পূর্বের এই গ্রীক রাজের রাজত্বলাল। বৃদ্ধবোষের গ্রন্থে মিলিক্দ প্রান্ধের উল্লেখ আছে অত এব ইং। অপেক্ষাক্বত প্রাচীন গ্রন্থের মধ্যে গণনীয়। খৃষ্টাব্দের প্রথম করেক বৎসরের মধ্যে এই গ্রন্থ কাল নির্দ্ধিষ্ট হইতে পারে।

### দ্বীপবংশ এবং মহাবংশ।--

সিংহলের তৃই প্রথাত পালি গ্রন্থ। এই গ্রন্থয় খৃষ্টাব্দের পঞ্চম শতাব্দে বিরচিত ও ইহাদের মধ্যে সিংহলের ধারাবাহিক ইতিহাস এবং বৌদ্ধর্মের ইতিবৃত্ত আত্যোপান্ত লিখিত আছে।

দাক্ষিণাত্যের হীনধান বৌদ্ধ শাস্ত্র উত্তর দেশীয় মহাধানীদের সর্বাংশে গ্রাহ্ম নহে। তাঁহারা ত্রিপিটক মান্য করেন বটে কিন্তু তাহার উপরে নিজস্ব অনেক ধর্ম ও দর্শনতত্ত্ব যোগ করিয়ৢ দেন, সে সমস্ত অধিকাংশ সংস্কৃতে রচিত। চীন ও জ্ঞাপান দেশীয় বৌদ্ধদের মধ্যে যে গ্রন্থত্ত্ব সমধিক আদর্শীয় তাহা

স্থাবতী বৃাহ--- ছইভাগ অমিতায় ধ্যান স্থ্ৰ

ফুই ব্যুহের একটা 'ক্থাবতী' স্বর্গবর্ণনা, অন্যটি অমিতাভের স্বর্গ বর্ণনা, স্বরং বৃদ্ধ তাঁহার শেষ ব্যুসে এই গ্রন্থভাল রচনা ক্রিয়াছেন বলিয়া প্রশিদ্ধি আছে। অমিতার্ধ্যান স্ত্রে রালা অকাতশক্রের জীবনবৃত্তান্ত ও তাঁহার প্রতি উপদেশ আছে। বজ্রছেদিকা নামক মায়াবাদ গ্রন্থানি জাপানে বছ আদেবর বস্তু, বুদ্দের মুথ হইতে ইহার ধর্মোপদেশ উদ্গীরিত। "সদ্ধর্ম পুগুরীক" প্রভৃতি অপরাপর সংস্কৃত গ্রন্থ উত্তর শাধার অন্তর্গত।

### ললিভ বিস্তর। --

ইতিপূর্বের যে সমস্ত গ্রন্থের উল্লেখ করা গিয়াছে, তাহা ছাড়া বৃদ্ধ-ছাঁবনী সংক্রান্ত এই গ্রন্থানি উল্লেখ যোগা। ইহা সংস্কৃত গত্ব পত্ম বিরচিত, পত্ম ভাগ প্রাচীনতর বোধ হয়; আর ইহার মধ্যে কতকগুলি অধিকতর প্রাচীন পালি গাথা সন্নিবেশিত। এই গ্রন্থ তিবেতী ও চীন ভাষায় অনুবাদিত হইয়াছে। ফরাসী পণ্ডিত কুকো (Foucaux) এই তিবেতী অনুবাদের ফরাসী অনুবাদ করেন। তাঁহার মতে তিবেতী অনুবাদের কাল ষষ্ঠ শতালী। চীনদেশীয় বৌদ্ধ গ্রন্থ লিখিত আছে যে এই গ্রন্থ শৃত্যালি চীনভাষায় অনুবাদিত হয়। তাহা হইলে খৃষ্টাল্প প্রবিদ্ধেই ঐ গ্রন্থ প্রচারিত ছিল বালতে হয়। ললিত বিস্তরে বুদ্ধের জন্ম হইতে ধর্মপ্রচার আরম্ভ পর্যান্ত জীবন বৃত্তান্ত বিশ্বিত আছে। গ্রন্থখনি পণ্ডিত প্রবর রাজেক্সলাল মিত্র কর্তৃক কলিকাতায় প্রথম প্রকাশিত হয়।

এতদ্বির তিব্বতী শাস্ত্র, সংখ্যা ভার ও বিস্তৃতি হিসাবে, এমনি প্রকাণ্ড ব্যাপার যে অস্তাস্ত দেশের সমুদায় ধর্মশাস্ত্র অতিক্রম করিয়া উঠে। কিন্তু উহাদের কোনটা মৌলিক গ্রন্থ নহে, পালি ও চান ভাষা হইতে অমুবাদিত।

#### পালি ভাষা।---

ভারতবর্ষীয় ভাষাবলী সামাগ্যতঃ তিন ভাগে বিভক্ত করা যাইতে পারে—(১) আগ্যভাষা: (২) দ্রাবিড়, (৩) অপর ভাষা। ্য প্রকার ভাষায় ঋ্লেদ সংহিতার মন্ত্র সমুদায় বিরচিত হয়, দেই যে বৈদিক সংস্কৃত ও যাহা কিছু কিছু রূপান্তর হইয়া উত্তর কালে সাহিত্য কাব্যের ভাষা, রামায়ণ মহাভারত মহু-मःहिजा कानिनात्मत्र **जावा—ःनोकिक मःकृ** छ इहेश्रा नाँजाश, সেই স্প্রাচীন সার্যাভাষা ক্রমণঃ পরিবর্তিত হইয়া পালি ও প্রাকৃত ভাষা সমুদায় উৎপন্ন হয়; সেই সমস্ত পুনরায় 'ক্রমে ক্রমে রূপাস্তরিত হইয়া অধুনাতন হিন্দী বাঙ্গলা মারাটী, গুজরাতী প্রভৃতি বিভিন্ন দেশ ভাষায় পরিণত হইয়াছে, একণা প্রধান প্রধান ইউরোপীয় সংস্কৃতজ্ঞ পণ্ডিতেরা এবং এতদ্দেশীয় আচার্যোরাও প্রায় সকলেই একবাক্যে স্বীকার করিয়া থাকেন। এই সমস্ত চলিত দেশভাষার প্রস্তি প্রাচীন প্রাকৃত, ইহার ব্যাকরণ কাব্য সাহিত্য বিষয়ক গ্রন্থ সকল আমাদের হস্তগত হইয়াছে; এই প্রাচীন প্রাক্তত এখন আমাদের নিকটে সংস্কৃতের স্থায় পণ্ডিতদের পাঠ্য ভাষা, মৃতভাষা হইয়া পড়িয়াছে। পালি এই প্রাচীন প্রাক্তরের শাখা বিশেষ। গৌতমের অভ্যুদর कारन शानि এवः मानधी मछवजः এक हे ভाষा हिन। काजामनी যিনি পালি ভাষার প্রথম ব্যাকরণ প্রণয়ন করেন তিনি প্রকারান্তরে ভাহাই বলিয়াছেন। এই মাগধী পরিবর্ত্তিত হইয়া हिन्मि, ताक्रना, दिहाती ও अन्याना উপভাষার রূপ ধারণ করিয়াছে কিন্তু পালির কোন পরিবর্ত্তন হয় নাই। গৌতমের সময় জাঁহার ভ্রমণক্ষেত্তে সম্ভবতঃ এই ভাষা অথবা ইহার অনুরূপ কোন ভাষা প্রচলিত ছিল। বৌদ্ধ শাস্ত্রের মূল গ্রন্থাবলী এই ভাষায় বিরচিত। অশোকের অনুশাদন গুলি যে ভাষায় প্রচারিত তাহার মধ্যে পরস্পর কিছু কিছু বিভিন্নতা সত্তেও মোটা মুট সে ভাষা পালি বলা যাইতে পারে। এই পালিভাষা त्यांकत्र नियरम अ श्विशीर्ग रवीक भारत्र वक्ष इहेग्रा हन शिक्त রহিত হইয়া পড়িল ও মৃতভাষার মধ্যে প্রবিষ্ট হইয়া গেল। একদিকে সংস্কৃত, অপর দিকে আধুনিক প্রাকৃত, পালি এই উভয়ের মধ্যবর্ত্তী। বৈদিক সংস্কৃত ছাড়িয়া দিলে ইহা ভারতের প্রাচীদ ভাষার মধ্যে পরিগণিত হইতে পারে। সম্প্রতি এই মহানগরীতে পালি শিক্ষার উপযোগী একটা বিদ্যালয় স্থাপন করিবার মহাবোধি দমাজ হইতে প্রস্তাব হইতেছে, সেই প্রস্তাব সমর্থন করিয়া শ্রীযুক্ত সতীশচক্র বিদ্যাভূষণ মহাশয় ষাহা বলিয়াছেন তাহা ক্লতবিদা ব্যক্তি মাত্রেরই প্রণিধান যোগা। কি ভাষা-তত্ত্ব, কি তত্ত্ব-বিদ্যা, কি আদি বৌদ্ধপ্রের মত ও বিখাদ, কি বুদ্ধের জীবনবৃত্ত ও উপদেশ, কি তৎকাল-বর্ত্তী ভারতের ইতিবৃত্ত ও দামাজিক অবস্থা ইহাদের যে কোন বিষয় বলুন তার সমাক্ জ্ঞান লাভ করিতে হইলে পালি ভাষা শিক্ষা ও আয়ত্ত করা অতীব প্রয়োজনীয় সন্দেহ নাই। বাঙ্গলার মূল প্রস্রবন যথন মাগধী তখন পালি আয়ত্ত করা যে আমাদের পক্ষে সহজ সাধ্য তাহা বলা বাহুল্য।


সংস্কতের অপভ্রংশে যে সকল প্রাক্ত উৎপন্ন হর তাহা
আর্য্যাবর্ত্তের ভিন্ন ভিন্ন প্রদেশে বিভিন্ন আকার ধারণ করিয়াছে।
প্রচলিত আর্য্য দেশ-ভাষা গুলি নিম্নলিখিত রূপে শ্রেণীবদ্ধ

## ১। পশ্চিম শাখা

# (ক) উত্তর পশ্চিম শ্রেণী

			লোক সংখ্যা
সিশ্বী			२६,२०,०००
কাশ্মীরী			80,50,000
	(খ) মং	্য∙পশ্চিম শ্ৰেই	î
পঞ্জাবী			১,ঀঀ,ঽ৽,৽৽৽
গুঙ্গরাটী			٥٠٠,٥٥,٥٥,
রাজপুতানী			5,05,60,000
<b>शि</b> न्न			৩, ৫৮,২০০০০
	(গ)উ	ত্তর শ্রেণী	
পাহাড়ী			>>,৫०,०००
নেপালী			७०,२०,०००
	প্রাচ	্য শাখা	
	(চ)ম	ধ্যে প্রাচ্য শ্রেণ	ì
বৈশারী			२,००,००,०००
বিহারী	,,	>9	೨,೦೦,೦೦,೦೦೦
		কিণ শ্ৰেণী	
<b>শারাঠী</b>		,,	०००, ०७, ६४,८
,,,,,,	**	" গাচ্য শ্ৰেণী	
	(4)-	1(0) 6-4 11	4
বাঙ্গলা	23	•	8,50,80,000
আসামী	20	v	28,80,000
উড়িয়া	,so	D	٥٠٥,٥٥٥ ه
			২০,৯৩,২০,০০০

এই সকল উপভাষার মূল যে প্রাক্ত তাহাও দেশ ভেদে বছরুপী হইরা ছড়াইরা পড়ে। আর্যাবর্তের পূর্ক থণ্ডে (দক্ষিণ বেহারে) পালি ও মাগধী; পশ্চিমে অর্থাৎ গঙ্গা যমুনার মধ্যস্থানে সৌরসেনী। এই ছই.প্রদেশের মধ্যভাগে যে ভাষা ব্যবহৃত হইত তাহা ঐ উভর ভাষার দক্ষিশ্রণে 'অর্দ্ধ মাগধী' নামে অভিহিত। এই আর্য্য ভাষা গুলির বহিভূতি উত্তর পশ্চিমাঞ্চলে প্রচলিত যে ভাষা তাহা 'অপভ্রংশ' বলিয়া পরিচিত। প্রাক্তরে এই চতুরঙ্গ হইতে আধুনিক গ্রাম্য ভাষা সম্দান বিনিঃস্তরণ অন্যান্ত প্রাকৃতের সঙ্গে পালি ভাষার কিরপ সম্বন্ধ তাহা নিম্নলিখিত লাতিকা দৃষ্টে অনায়ামে বোধ গম্য হইবে। ১



\* এই লডিকা Calcutta Review পজের Oct. 1895 সংখ্যার প্রকাশিত Grierson's Indian Vernaculars প্রবন্ধে দৃষ্ট ছইবে।

# সগুম পরিচ্ছেদ।

## বৌদ্ধধর্মের রূপান্তর ও বিক্রতি।

### গহাযান ও হীন্যান।—

বৌদ্ধ সম্প্রদায়ের প্রধান ছই শাখা হীন্যান ও মহাযান, ইতিপূর্বে উলিখিত হইয়ছে। গ্রীপ্রপূর্বে প্রথম শতান্দী পর্যান্ত এই ছই শাখার স্বাষ্ট হয় নাই। রাজা কণিকের সময় হইতে এই প্রভেদের স্বলগাত হয়। তিনি সংস্কৃত ভাষার পক্ষপাতী ছিলেন। দাক্ষিণাতো পালি যেমন শান্তীয় ভাষারূপে গৃহীত হইল তিনি সেরপানা করিয়া সংস্কৃত ভাষায় বৌদ্ধশাস্ত্র রচনার আদেশ করিলেন এবং সেই আদেশান্ত্রসায়ে তাহার জালন্ধর সভায় বৌদ্ধশাস্ত্রের ভাষাত্রয়, ১। হয়ে পিটকের উপদেশ, ২। বিনয়-বিভাষা-শাস্ত্র, ৩। অভিধর্ম-বিভাষা-শাস্ত্র, সংস্কৃতেই বিরচিত হয়। কাণ্ডের প্রবর্ত্তিত শাস্ত্র মহাযান নামে আভিহিত এবং তাঁহার প্রতিপক্ষ মত হীন্যান বলিয়া পরিগণিত। দক্ষিণের বৌদ্ধরা এই নামে আপনাদের পরিচম্ব দিতে প্রস্তুত্ত কি না বলিতে পারি না—বৌদ্ধাচার্য্য ধর্ম্মপাল এ বিষয়ের খাঁটী খবর বলিতে পারেন। সে যাহা হউক, মহাযান 'হীন্যান'

এই নাম-করণ হইতে বুঝা ঘাইতেছে যে মহাধানীরা হীন্ধানকে নিরুষ্ট পত্না বিবেচনা করেন ও তাঁহাদের বিশ্বাস এই যে মমুযোর সলাতি-সাধন পক্ষে মহাবানই উত্তম সাধন। মহাবান মত যে সমগ্র আর্য্যাবর্ত্তে প্রচারিত হয় তাহা বলা যায় না, ঐ প্রদেশেও হীন্যান মতাবলম্বী লোক দেখিতে পাওয়া যায়; আবার দাক্ষিণাত্যের বৌদ্ধেরাও অনেকে কণিক্ষের প্রভাবে মহাযান মত গ্রহণ করেন। তবে এই কয়েকটী ব্যতিক্রম ছাডিয়া দিলে সামান্ততঃ বলা যাইতে পারে যে সিংহল শ্রাম ও ব্রন্ধদেশে হীন্যান মত প্রচলিত: চীন, জাপান, নেপাল, তিকাতীয় উত্তর-বাসীগেণ মহাযান মতাবলম্বী। অশ্বঘোষ, বস্থমিত্র, নাগার্জ্বন প্রভৃতি বড় বড় পণ্ডিতেরা মহাযান মতের প্রধান পোষক ছিলেন। কিন্তু আমার ক্ষুদ্র বুদ্ধিতে যত দূর বুঝিতে পারিয়াছি, আমার মতে নামকরণ উল্টা হইয়াছে। বুদ্ধোপদিপ্ট মূল ধর্ম্বের আভাস যদি কোথাও থাকে তাহা পালি ধর্ম্মণাত্তে পাকাই সম্ভব, আর হীন্যান মত যদি দেই শাস্ত্র-সন্মত হয় তাহা হইলে ঐ মতটীই আদিম ধর্ম্মের<u>.</u> অনুযায়ী হওয়া সম্ভব। উহারই নাম "মহাধান" হওয়া সঙ্গত বেধি হয়।

### ত্রাহ্মণ্য ও বৌদ্ধর্ম্ম।—

বৌদ্ধধর্মের ইতিহাসে ব্রাহ্মণ্য ধর্মের সহিত তাহার ঘনিষ্ট সম্বন্ধ পদে পদে প্রতিভাত হয়; বিশেষতঃ সংস্কৃত ভাষায় মহাযান শাস্ত্র রচনা ও প্রচারের সঙ্গে সঙ্গে ঐ উভয় ধর্ম্মের সন্মিশ্রণ ও একীকরণ আরো ঘনীভূত হইয়া আসে। বৈদিক

দেবতা অগ্নি ইক্রাদি বৌদ্ধ দেব-রাজ্যে স্থান লাভ করিয়াছেন। ইক্স অনেক সময় মর্ত্ত্যলোকে নামিয়া আসিয়া সাধু পুরুষদের ধর্মকার্য্যে সহায়তা করেন। পৌরাণিক ত্রিমূর্ত্তি, ব্রহ্মা বিষ্ণু মহেশ্বর, এই তিন দেবতা ও বৌদ্ধদের মধ্যে পরিগুহীত হইয়াছে। মহাব্রহ্মার জন্ম বৌদ্ধ দেবমগুলীর মধ্যে প্রথম হইতেই আসন নির্দিষ্ট ছিল। বন্ধা সহাম্পতি বৃদ্ধদেবের জীবদ্দশায় **তাঁ**হার পরম হিতকারী বন্ধরূপে সময়ে সময়ে আবিভূতি হয়েন। বৃদ্ধের মৃত্যুকালে প্রথমেই যে বিলাপধ্বনি সমুখিত হয় সে ব্রহ্মার্য আকাশবাণী। উত্তরকালে বিষ্ণুও বৌদ্ধ দেবাসন গ্রহণ করেন। পদ্পানি অবলোকিতেশ্ব এক প্রকার বিষ্ণু-অবতার। অধ্যাপক মোনিয়র উইলিয়ম্স বলেন তিনি সিংহলের বিখ্যাত নগরী ক্যাণ্ডিতে মহাবিষ্ণুর মন্দির দর্শন করিয়াছেন. তাহাতে বিষ্ণুদেবের এক রূপার প্রতিমা আছে। ঐ সকল স্থানে কিন্তু বিষ্ণুর অন্ত অবতার ক্লফের কোন নাম গন্ধ নাই। শিব তাঁহার পত্নীসহ বৌদ্ধরাজ্যে অবাধে প্রবেশ লাভ করিয়াছেন। <u>শিব</u> মহাযোগী, মহাকাল, ভৈরব ভীমরূপে এবং তাঁহার পত্নী পার্ব্বতী, হুর্গারূপে উত্তর দেশীয় বৌদ্ধদের মধ্যে অর্চিত হইয়া থাকেন। নেপালে শিবের মন্দির এবং বুদ্ধের মন্দির পাশাপাশি অবস্থান করিতেছে—এক দেবতার প্রীত্যর্থ রীতিমত পশুবলি চলে, অন্ত দেবতা না জানি তাহা কি ভাবে দৃষ্টি করেন। দেবীগণের মধ্যে তারাদেবী প্রধানা, ছয়েন সাং মগধে তাঁহার মন্দির ও প্রতিমূর্ত্তি দর্শন করেন। নেপালে পঞ্চশক্তির উপাসনা প্রচলিত-বদ্ধাত্রী, লোচনা, মামকী, পাগুরা, তারাদেবী এই প্<u>ঞ্দেবী।</u> দেব-

দেবীর সঙ্গে সঙ্গে ভূত, প্রেত, রাক্ষস, পিশাচ, নাগ, যক্ষ, কিন্নর গন্ধর্ব, গরুড়, কুস্তাও প্রভৃতি জীবেরাও বৌদ্ধর্ম্বে মিশিয়া গিয়াছে।

#### মার। --

বৌদ্ধদের যদি কোন নিজন্ত দেবতা থাকে তাহা 'মার'। যদিও 'মার' শব্দের ব্যুৎপত্তি ধরিতে গেলে মৃত্যুর সঙ্গে তাহার বিশেষ যোগ, কিন্তু মৃত্যুরাজ যমের সহিত তাহার তেমন माष्ट्रभा नाहे। मात्रदक द्योक मग्नजान अथवा शांत्रमीरमत अभक्ष দেবতা অহ্রিমান বলা যাইতে পারে। কতকটা শনি বা কলির প্রতিরূপ। ইঁহার এক নাম কামদেব। ইনি ইন্দ্রিয়ার দিয়া মনুষ্য শরীরে প্রবেশ করিয়া কামাদি রিপু সকল উত্তেজিত করেন। বুদ্ধত্ব পাইবার পূর্বের গৌতম যথন বোধিবৃক্ষতলে যোগাদনে আদীন ছিলেন তথন 'মার' স্বীয় পুত্রকন্তা দলবল লইয়া কত ভয়, কতপ্রকার প্রলোভন দেখাইয়া তাঁহার ধ্যান-ভঙ্গে প্রবৃত্ত হয়, কিন্তু কিছুতেই ক্নতকার্যা হইতে পারে নাই। वकरनव त्यांशामतन अठेन तहित्नन, अश्मतांशानत महस्य भाषा পরাহত হইল। আবার বুদ্ধ প্রাপ্তির পরেও 'মার' বুদ্ধকে অশেষ কুমস্ত্রণা দিয়া ধর্ম প্রচারের শুভ সংক্ষন হইতে ফিরাইবার কত চেষ্ঠা পার, ধীরে ধীরে অগ্রসর হইয়া মধুর স্বরে ফুদ্লাইতে থাকে "ভগবন, আপনি অনেক সাধ্য সাধনায় এই দিব্যজ্ঞান উপার্জ্জন করিয়াছেন, তাহা লোকের মধ্যে প্রচারের কি ফল 🛉 শাংদারী যারা তাহারা দকলেই বিষয় মোহে মুগ, কেহই আপনার কথায় কর্ণাত করিবে না, তাহার মর্ম কিছুই বুঝিতে

পারিবে না। আপনি বিজনে আপন মনে এক। একা নির্বাণানন্দ উপভোগ করুন।" বুদ্ধদেবের চিত্ত বিচলিত দেখিয়া ব্রহ্মা সহাম্পতি স্বর্গ হইতে নামিয়া আদিলেন ও বুদ্ধের সম্মুখে আবিভূতি হইয়া নিবেদন করিলেনঃ—

দেখগো মগধ রাজ্য হ'ল ছার ধার 
ছরাচার, অনাচার, অধর্মের স্রোতে।
প্রভু হে তারহ ভবে, থোল স্বর্গ-দার,
শুনাও তোমার ধর্ম্ম, বিনাশি সংশয়,
দেখাও হে প্রা পথ, পবিত্র, সরল।
অম্বর-চুম্বিত গিরি লজ্বিয়া যে জন
দাঁড়ায় শিথরে, দৃষ্টি প্রসারে স্বদ্র—
সত্যের শিথর দেশে উঠিয়াছ তুমি,
কপাদৃষ্টি কর প্রভু, মানবের পরে।
রোগ শোক জরা মৃত্যু গ্রাদে চরাচর দল তবে ধর্ম্মবীর! জয়-হস্ত তুলি
বিচর মর্ত মাঝে, জাগায়ে ভারতে
প্রচারো ছন্দুভি-নাদে সত্যের মহিমা,
স্বর নর সবাকার পরিত্রাণ তরে।

বুদ্ধদেব ব্রহ্মার বাক্যে উৎসহিত হইয়া ধর্ম প্রচারে বাহির হইলেন। 'মার' আত্তে আত্তে সরিয়া পড়িল।

'মারে'র প্রলোভন মন্ত্রতন্ত্র এড়াইতে হইলে কচ্ছপের স্থান্ত্র সর্ব্বদা সতর্ক থাকা আবশুক। বুদ্ধদেব গল্লচ্ছলে এই বিষয়ের উপদেশ দিতেন। "একটা কচ্ছপ সন্ধ্যার সমন্ত্র পানার্থে নদীতীরে গমন করে। সেই একই সমন্ত্রে একটা শুগাল তাহার আহার অবেষণে যায়। শৃগালকে দেখিয়া কচ্ছপ আপন খোলার ভিতরে লুকায়িত থাকিয়া নির্ত্রে জলে সন্তরণ করিতে লাগিল। কথন দে তাহার কোবের মধ্য হইতে গ্রীবা বাহির করিবে, শৃগাল তাহা প্রতীক্ষা করিয়া রহিল। কিন্তু কচ্ছপ কিছুতেই তাহার কোটেরের বাহিরে মুখ বাড়ায় না, শৃগাল অনেকক্ষণ বিসমা অবশেষে শীকার ছাঁড়িয়া চলিয়া গেল। হে ভিক্ষুগণ! 'মার' এইরূপ তোমাদের ছিদ্রায়্যণে ফিরিতেছে—তোমাদের চকুলার, কর্ণলার, নাসিকা জিহ্বা দেহ-মনোলার কথন কোন্দরজা খোলা পায় সেই অবসর খুঁজিতেছে, সন্ধি পাঁইলেই প্রবেশ করিবে। অতএব সাবধান! ইন্দ্রিয়ারের উপর নিয়ত প্রেরী নিযুক্ত রাখ, তাহা হইলে পাপান্মা 'মার' বিফল-প্রযক্ষ হইয়া তোমাদের ছাড়িয়া দ্বে যাইবে, শৃগাল যেমন কচ্ছপ হইতে দ্বে যাইতে বাধ্য হইয়াছিল।''

### বুদ্ধতন্ত্ৰ।

আদিম বৌদ্ধধর্মের নিরীশ্বর কঠোর ধর্ম্মনীতি বৌদ্ধ সমাজে মধিক কাল স্থায়ী হইতে পারে নাই। সে ধর্ম যে বে দেশে প্রবেশ করিরাছে তাহা সেই সেই দেশের প্রচলিত ধর্ম ও রীতি নীতি আচার ব্যবহারের সহিত সম্মিশ্রণে নব নব রূপ ধারণ করিরাছে। সেই আদি ধর্ম্ম কাল সহকারে পরিবর্ত্তিত হইয়া কোথায় কোন্মূর্ত্তি ধারণ করিরাছে, নেপালে শৈব শাক্ত তান্ত্রিক ধর্ম্মে মিশিয়া একরূপ, তিকতে যাছ ভূত প্রতে বিশ্বাস মিশ্রিত অন্তর্ত্ত্রপ, এক ঐতিহাসিক বুদ্ধ হইতে অগণ্য কালনিক বুদ্ধের সৃষ্টি প্রণালীই বা কিরুপ—সে এক

অপূর্ব্ব কথা। তাহার বিস্তৃত বিবরণ লিখিতে গেলে এক স্বতন্ত্ব গ্রন্থ রচনার প্রয়োজন হয় আর ঐ গ্রন্থের বিষয় সংগ্রহ ও সামান্ত পরিশ্রম ও গবেষণার কার্যা নহে। মহামহোপাধ্যার শ্রীযুক্ত হরপ্রসাদ শান্ত্রী মহাশয় যেমন স্বয়ং নেপালে অবস্থিতি করিয়া তথাকার পুরাতন পুঁথি অন্বেষণ ও বৌদ্ধপর্যের রহস্ত অনুসদ্ধানে প্রবৃত্ত হইয়াছিলেন তাঁহার মত শ্রম. অধ্যবসায় ও স্থানীয় গবেষণা ভিন্ন ওরূপ কার্য্যে ফললাভ করা অসম্ভব। দে যাহা হউক, এই স্থলে বৃদ্ধতত্ত্ব সম্বন্ধীয় স্থল স্থল গুটিকতক কথা বিলিলেই যথেপ্র হইবে। কিন্তু প্রকৃত প্রস্তাবে প্রবৃত্ত হইবার পূর্ব্বে বৃদ্ধ-কাহিনী সম্বন্ধে একটি কোতুকজনক বিষয় বলিবার আছে তাহা বলিয়া রাখি। সে এই যে খ্রীষ্টীয় সেন্ট মণ্ডলীর মধ্যেও বৃদ্ধদেবের আসন নির্দ্ধিষ্ট হইয়াছে।

### সেন্ট জোসাফৎ।

বৃত্তান্তটা এই যে জোয়য়য় নামে একজন গ্রীক গ্রন্থকার বোলাম ও জোয়ায়্বং' বলিয়া গ্রীক ভাষায় একটি গ্রন্থ রচনা করেন। সে উপাথ্যানটা বৃদ্ধ চরিতের অবিকল চিত্র। রোমান ক্যাথলিক খ্রীপ্রানেরা ঐ জোয়ায়্বংকে আপনাদের সেন্টর্মপে আত্মসাৎ করিয়া লন; এমন কি, ২৭ এ নবেম্বর তাঁহার মৃত্যুর দিন বলিয়া পালিত হইয়া থাকে। তাঁহার এই উপাথ্যান নানা ভাষায় অন্থবাদিত হইয়া এক সময়ে ইউরোপ, এসিয়া, আফ্রিকা মধ্যেও মহাসমাদরে পরিগৃহীত হয়। পরে জানা গেল এই জোসাফৎ বেধিসত্বের নামান্তর, ইনি আর কেহ নন স্বয়ং বৃদ্ধদেব। উল্লিখিত গ্রীক গ্রন্থকারের পিতা কালিফ আলমানস্থরের

একজন প্রধান মমাতা ছিলেন, স্কৃতরাং তিনি অপ্টম খুষ্টাব্দের লোক। গ্রন্থকার নিজেই স্বীকার করিয়াছেন, আমি ভারতবর্ষ হইতে প্রত্যাগত লোকদিগের মুখে এই উপাখ্যান শ্রবণ করিয়াছি। পণ্ডিতেরা বিবেচনা করেন যে জাতক-ভাষ্য বা ললিত বিস্তর হইতে উহার অনেক স্থল রচিত হওয়া সম্ভব। "মতএব অবনিমণ্ডলে বুদ্ধের মহিনা যেমন ব্যক্তভাবে, সেইরূপ অব্যক্ত ভাবেও পরিবাধি ইইয়া যায়।"

### বুদ্ধতত্ত্ব—হীনযান গত।—

হীনযান ও মহাবান এই ছই শাখার মধ্যে বৃদ্ধতন্ত্র বিষয়ে বিত্তর মততেদ দৃষ্ট হর। বিষয়টীর স্পাধীকরণ জন্ম বৌদ্ধধর্মের গোড়ার কথা হইতে আরম্ভ করা আবশ্যক।

বৌদ্ধধর্মের মত ও বিশ্বাস মালোচনা করিবার সময় বলা হইয়াছে যে ঐ ধর্ম্মে ভঙ্গন পুজনের কোন ব্যবস্থা নাই। বৌদ্ধবর্ম চা'ন সাধন। বৌদ্ধবর্মের উপদেশ এই যে আত্ম,-প্রভাব দারা ইন্দ্রিয়গণকে জয় করিয়া অন্তঃকরণকে কাম, ক্রোধ, দ্বেষহিংসা মদমাৎসর্য্য হইতে বিনিমুক্তি কর তাহা হইলেই স্বর্গাৎ স্বর্দে আরোহন করত যাত্রার চরম সীমা যে নির্ব্বাণ সেথানে গিয়া পৌছিতে পারিবে। নির্ব্বাণে উঠিবার চারি ধাপ ও পথের বিশ্বকারী দশ 'সংযোজন', বন্ধন বা শৃষ্কাল \* আছে। এক এক ধাপে

<sup>\*।</sup> দশ সংযোজন ( শৃঙ্খল )

১। স্কায় দৃষ্টি, অহমিকা

২। বিচিকিৎসা, সংশয়

৩। শীলব্রত, কর্ম্ম কাণ্ডে আস্থা

উঠিতে উঠিতে এই শৃঙ্খলগুলি কিয়ৎ পরিমাণে থসিরা যায়।

যিনি প্রথম ধাপে উঠিয়াছেন তিনি 'সোতাপরাে' (স্রোত-আপর ),
মন্থবার নীচে পর্যাদি যােনিতে তাঁহার জন্ম হয় না । দিতীয়
ধাপে কতকগুলি শৃঙ্খল ভাঙ্গিয়া যায়, যিনি সেই ধাপে চড়িয়াছেন
তিনি আরাে উন্নত তথাপি সংসার বন্ধন হইতে সম্পূর্ণ মুক্তিলাভ
করিতে পারেন নাই; তাঁহাকে আর্ একবার ফিরিতে হইবে,
তিনি সক্রৎ আগামী । তাহার উর্দ্ধে উঠিতে পারিলে কাম
ক্রোধ বিচিকিৎসা প্রভৃতি পঞ্চ বন্ধন হইতে সম্পূর্ণ মুক্তিলাভ হয়
তথন পাধক 'অনাগামী' পদ লাভ করেন, তাঁহার এই মর্ত্তালাকে
আর ফিরিয়া আসিতে হয় না । এই হ'ছের তৃতীয় ধাপ । যিনি
চতুর্থ সোপানে আরােহণ করেন তাঁহার সমুদায় বন্ধন ছিয় হয়,
জন্মান্তর-স্মৃতি, অভিজ্ঞতা ও সিন্ধিলাভ হয়, তথন হিন্দি জীবন্ম ক্র

প্রত্যেক বুদ্ধ। -

অর্হতেরা হাজার হৌক্ অপূর্ণ জীব। আধ্যাত্মিক জগতে ইঁহাদের নৃতন পাথা উঠিয়াছে, ইঁহারা সবে মাত্র উড়িতে

- ে। প্রতিঘ, ক্রোধ
- ७। রূপরাগ, বিষয় কামনা
- ৭। অরপরাগ, স্বর্গ-কামনা
- ৮। মান, অভিমান মদ মাৎসর্য্য
- ১। ঔদত্য
- ১০। অবিদ্যা

৪। কাম

শিথিয়াছেন। ইঁহাদের লক্ষ্যন্থান, গম্যন্থান এখনো বছ দ্র।
বৃদ্ধ ও ইঁহাদের মধ্যে ব্যবধান বিস্তর। যে মহাত্মারা ইঁহাদের
অপেক্ষাও জ্ঞানধর্মে উচ্চতর পদবীতে আরু হইয়াছেন,
তাঁহাদের নাম প্রত্যেক বৃদ্ধ, অর্থাৎ তাঁহারা নিজ নিজ সাধনা
ও পুণ্যগুণে দিব্যক্তান লাভ করিয়া বৃদ্ধ হইয়াছেন, অথচ
লোকমাঝে সেই জ্ঞান বিতরণে অক্ষম। তাঁহারা প্রত্যেকে
আপনার মহিমাতেই আপনি বিরাজ করেন। মহাবুদ্ধের
সহিত প্রত্যেক বৃদ্ধের তুলনা হয় না। মহাবুদ্ধের আবির্ভাব
কালে পৃথিবীতে তাঁহাদের আবির্ভাব হয় না আর উহারা
তথাগত, সিদ্ধার্থ, চক্রবর্ত্তী প্রভৃতি বৃদ্ধ-উপাধি ধারণের
যোগ্য নহে

প্রত্যেক বুদ্ধের উপরের শ্রেণীতে <u>বোধিসত্তকে স্থাপন</u> করা যাইতে পারে। তিনি অব্যক্ত বৃদ্ধ। বোধিসত্ত্বের ভিতরে বৃদ্ধত্বের বীজ নিহিত আছে কালক্রমে সে, বীজ অঙ্কুরিত হইয়া বৃদ্ধত্বে পরিণত হয়। বৃদ্ধেরা পূর্ব্বজন্ম বোধিসত্ত্ব ছিলেন ও ভবিষ্যতে যে বৃদ্ধ সত্যধর্ম পুনঃ স্থাপন

করিতে উদয় হইবেন তিনি এইক্ষণে বোধিসত্ত রূপে বিরাজমান।

#### বুদ্ধদেব।—

বোধিসর্ত্ত

এই সপ্ততল গৃহের সর্ব্বোচ্চ চূড়ায় স্বয়ং বৃদ্ধদেব আসীন। ইনিই সজ্ব-স্থাপয়িতা সম্যক্ সম্বৃদ্ধ সাক্ষাৎ ভগবান। ইনি এবং ই হার সমত্ল্য আর আর বৃদ্ধই নষ্ট ধর্ম উদ্ধারের নিমিত্ত, লোক পরিত্রাণের নিমিত্ত, স্থরনরের কল্যান উদ্দেশে যুগে যুগে আবিভূতি হয়েন।

হীনবান মতে গৌতম বুদের পূর্বে সর্বা শুদ্ধ চতুর্বিংশতি বুদ্ধ উদয় হইয়াছেন। বর্ত্তথান কল্পে তার মধ্যে চার জন— গোতম শেষবৃদ্ধ, ক্রকুছেন্দ, কনকমুনি, কাশ্রুপ এই তিন বৃদ্ধ তাঁহার অগ্রবর্ত্তী। করুণা ও মৈত্রীগুণের আধার যে মৈত্রের তিনি ভবিষ্যতে বুদ্ধরূপে উদয় হইবেন, এখনো তার কাল বিলম্ব আছে। ৫০০০ বৎসর পরে যথন লোকেরা নীতিন্রষ্ঠ হইবে<sup>‡</sup> গৌতমের ধর্ম নষ্ট হইয়া যাইবে, তথন সেই বিশ্ববিজয়ী মহাবীর জগৎ উদ্ধারের নিমিত্ত অভ্যুদিত হইবেন,। তাঁহার সে দিখিজয় সৈতা সামন্ত অন্তবলে নয়, ধর্মা ও প্রেম বলে। মৈত্রেয়ী এইক্ষণে বোধিসন্তর্রপে তুষিত স্বর্গে বাদ করিতেছেন। স্ত্র পিটকের অন্তর্গত 'বুদ্ধ-বংশে' গৌতম ও তাঁহার পূর্ব্ববর্ত্তী ২৪ বুদ্ধের জীবন বৃত্ত বৰ্ণিত আছে এবং জাতক-ভাষ্যে তাঁহারদের প্রত্যেকের আরও বিস্তৃত বিবরণ দেওয়া হইয়াছে। হীন্যান শাস্ত্র এই থানেই থামিয়া গিয়াছে। পূর্ব পূর্ব কল্পের একবিংশতি বুদ্ধ, বর্তমান ভদ্র কল্পের চারি বুদ্ধ, এবং বোধিসম্ব মৈত্রেয়ী ভাবিবৃদ্ধ, এই কয়েকটা বৃদ্ধ ও একটা মাত্র বোধিসম্ব লইয়াই হীন্যানীরা সম্ভষ্ট। অর্হৎ তাঁহাদের আদর্শ-সাধু, সাধুত্বের আরো উচ্চতর স্তরে উঠিতে তাঁহাদের আকাজ্ঞা নাই।

### বুদ্ধতত্ত্ব। মহাযান মত-

মহাধানগ্রন্থে বৌদ্ধদের বৃদ্ধ-কল্পনার আরো বিস্তৃত বিচিত্র গতি। হীন্যানের সহিত ইঁহাদের বীজমঞ্জে অনৈক্য নাই। ইঁহারাও

বলেন মহায্য জ্ঞানধর্মে উত্তরোত্তর উন্নতি লাভ করিয়া, ভিকু হইতে অৰ্হৎ, অৰ্হৎ হইতে বোধিসত্ব হইতে পারেন কিন্তু যদি তাহাই হয়, তাহা হইলে জল দাঁডায় কোথায় ৪ চ একটা বোধিসন্থ গড়িয়া কেনই ব' ্রির থাকিবে ৷ অনেকানেক ভক্ত সিদ্ধি লাভ করিয়া অৰ্হৎ হইয়াছেন-অনেকানেক অৰ্হৎ বোধিদত্ব পদে উন্নত হইয়া-ছেন তাঁহারা কি আমাদের শ্রন্ধা ভক্তির পাত্র নহেন ? এই মতের অব্যর্থ পরিণাম নর-দেবতা পূজা এবং এই পূজায় মহাযানীরা সিদ্ধ হন্ত। এই রূপে অসংখ্য অসংখ্য বে।।বসত্ত মহাযানীদের আরাধ্য **द्वित** इंदेश मांज़ादेशाह्म । वृत्कत व्यथम इंदे निया मौतीशूब মুদ্রলায়ন; কাশুপ আনন্দ উপাণী প্রভৃতি সজ্বের পিতামহর্গণ; গোতম ও রাহল; মহাযানীদের প্রধান আচার্য্য নাগার্জ্বন, আ সার্য্য অশ্ববোধ-এইরূপ কত কত সাধু সজ্জনকে তাঁহারা বোধিসত্ব পদে তুলিয়া পূজা করিতেছেন তাহার ইয়ত্তা নাই। শুধু তা নয়, এ দিকে যেমন মানুষী বোধিসত্ব তেমনি আবার গুণাত্মক, ধ্যানাত্মক নানা ধরণের কারনিক বোধিসন্ত নির্ম্মিত হইয়াছে। গৌতম বৃদ্ধের পরিনির্বাণ স্থার মৈত্রেয়ী বৃদ্ধের আবির্ভাব, এই গুরের মধ্যকালে মন্থব্যের ত আরাধ্য দেবতা চাই— বৌদ্ধ-সন্তেবর রক্ষাকর্তা আবশুক—বোধিসত্বেরা এই অভাব পূর্ণ করিতেছেন। আর এক লাভ এই যে বোধিদত্ব পদলাভের আকা-জ্জার মন্তব্যের মনে ধর্মান্ত্র্চানে অধিকতর উৎসাহ সঞ্চার হইতেছে। বোধিসন্তের অবস্থা নিতান্ত মন্দ নহে। ইহাঁরা তুষিত স্বর্গে দিব্য আরামে কাল-হরণ করিতেছেন। পরিনির্কাণে নিবিয়া যাওয়া অপেকা ইহাঁদের বর্গকামনা বোধ হয় যেন বলবত্তর, স্থতরাং ইহাঁরা নির্বাণ পথ খুঁজিয়া বেড়াইবার কণ্ট ভোগ অপেকা যেমন

স্থথে আছেন তেমনি থাকিতেই ভাল বাদেন।

বোধিদত্ত্বের বেলায় মহাবানীরা বেমন কল্পনার লাগাম ছাড়িয়া দিয়াছেন, বৃদ্ধ বিষয়েও সেইরপ। হীনবানীরা বৃদ্ধ সংখ্যা সর্বাঞ্জ ২৫ জন নির্দিষ্ট করিয়াছেন কিন্তু তাহা কেন? তোমরা শীকার করিতেছ লোক পরিত্রাণার্থ যুগে যুগে বুদ্ধোদয় হইয়া থাকে। তবে ২৫ কেন, কত কত লোকে, কত যুগে, কত শত বুদ্ধের অভ্যুদয় হইয়াছে কে বলিতে পারে? কেন না,

"কালোহ্যাং নিরবধি বিপুলা চ পৃথ্নী" কালের নাহিক সীমা, বিপুলা ধরণী।

মহাযান মতান্ত্রসারে সম্পায়ে কত কুদ্ধ, স্থির করা কঠিন।
হজ্জসন সাহেব ললিত বিস্তর ও অপরাপর গ্রন্থ ইইতে ১৪৩ জন
তথাগতের নাম সংগ্রহ করিয়াছেন।

শুরু বুদ্ধ-সংখ্যা নয় ক্রেমে বুদ্ধ স্বরূপের ও অশেষ পরিবর্ত্তণ ঘটিয়াছে। পরিবর্ত্তণের প্রণালী আমার যাহা সঙ্গক মনে হয়, তাহা এই—

বুদ্দেব আপনাতে কখনই ঐশীশক্তি আরোপ করেন নাই;
এমন কি, শিষ্যদিগের মধ্যে তাঁহাকে ঈশ্বরবিষয়ক কোন প্রশ্ন
জিজ্ঞাসা করিলে তিনি নিরুত্তর থাকাই শ্রেয় বোধে মৌনাবলম্বন করিয়া নিস্তব্ধ থাকিতেন। তিনি তাঁহার ধর্ম এবং তাঁহার
সভ্য মৃত্যুর সন্ম এই ছইকে তাঁহার প্রতিনিধি স্বরূপ রাথিয়া
গোলেন। কিন্তু পৃথিবী হইতে যেননি তিনি অপস্ত হইলেন,
তাহার কিয়ৎ পরে বৌদ্ধেরা তাঁহাকেই ঈশ্বরের স্থলাভিষিক্ত
করিল—মহাষ্য-বৃদ্ধকে দেবতা-বৃদ্ধ গড়িয়া তুলিল। তাঁহার জীবনের
প্রত্যেক ঘটনা, পূর্বজন্মকাহিনী, স্বর্গ হইতে অবতরণ, গর্ভে বাস,

জন্ম, শৈশবে বিদ্যাভ্যাদ, মোবনের লীলা খেলা, মহাভি-নিক্রমণ, তপশ্চর্য্যা, মারের সহিত সংগ্রাম, ব্দ্ধত্ব প্রাপ্তি, ধর্ম প্রচার, নির্বাণ, ইহার প্রত্যেক ঘটনা ইন্দ্রজালে সংগঠিত হইল। এই গেল প্রথমাবস্থা। পরে ভাবি বৃদ্ধ যে মৈত্রেয় তাঁহার পূজাও প্রবর্ত্তি হইল। ব্দদেব ত পরিনির্বাণ গত হইয়াছেন, যাইবার সময় তিনি মৈত্রেয়কেই আপন উত্তরাধিকারী নির্দেশ করিয়া যান। মৈত্রের এখন জাগ্রত জীবন্ত দেবতা, তাঁহার প্রসাদ-লাভ ভক্তের পক্ষে অতীব প্রয়োজনীয়। তিনি করুণার সাগর, সৌন্দর্য্যের সার, প্রিয়দশী, মধুরভাষা, তাঁহার ত্রিত স্বর্ষ্থে গিয়া ভক্তেরা তাঁহার স্থরপ্ন দর্শন, মধুর বাণী শ্রবণ, ভাঁহার সহবাস-জনিত আনন্দ সম্ভোগ, এই জন্ম লালান্নিত: উার দক্ষিণ উভয় সম্প্রবায়ী বৌদ্ধেরাই তাঁহাকে মানিয়া চলিতেছে। অনেকানেক সিংহল বৌদ্ধ মন্দিরে বৃদ্ধ ও নৈত্রেয়ের মূর্ত্তি পাশাপাশি অবস্থাপিত। হয়েন সাং ও তাঁহার পূর্ব্বাপত্র অভাত ভক্তেরা মৃত্যুশব্যার মৈত্রেয়ের তৃষিত স্বর্গলাভের জন্ম প্রার্থনা করিতেন।

অতঃপর আমরা আর এক চিত্র দেখিতে পাই, — এক হইতে তিনে গিন্না পড়ি, নৈত্রের ছাড়া তিন বোধিদত্ত্বের আবির্ভাব দেখি। তাঁহাদের নাম

- ্য। মঞ্জু শ্রী অথবা বাণীশ্বর
  - ২। পদ্মপাণি অবলোকিতেশ্বর
  - ৩। বজ্রপাণি কিনা শক্তিরূপী মহেশ্বর

এই জ্ঞান শক্তি মঙ্গলের আধার বৌদ্ধ ত্রিমূর্ত্তি কালেতে কলিও হইল। বৌদ্ধার্শের আদি যুগে ইহাঁদের নাম গুনা যায় না, ললিত বিস্তর প্রভৃতি উত্তরণাথায় প্রাচীন গ্রন্থেও ইহাঁদের নাম

नारे, रिव नक्ष पृथतीक अवात कठक अनि श्राह देशाएमत কথা পাওয়া যায়, আর ফাহিয়ানের তীর্থযাত্রার সময় এই ত্রিদেবতার অর্চনা কোন কোন বৌদ্ধকেত্রে প্রচলিত ছিল, তাহাও দেখা যায়। তিনের আঙ্কে কি এক মোহিনীশক্তি আছে তাহার আদর পর্বত্রই: বিশেষতঃ আমাদের দেশে ত্রমীবিদাা, ত্রিগুণ, ত্রিবর্গ, ত্রিলোক ত্রিকাল ত্রিমূর্ত্তি অনেক স্পিনিসেই ত্রিত্ব স্থাসিয়া পড়ে: এমন কি, পরব্রহ্ম যিনি তিনি ও সং-চিং-মানন্দ ত্রিগুণাত্মক। বৌদ্ধদের মণ্যেও এই তিনের গৌরব রক্ষিত হইয়াছে। প্রথম, বৃদ্ধ ধর্ম সংজ্য ত্রিরত্ব—পরে মঞ্জুলী, অবলোকিতেশ্বন, বক্সপাণি ত্রিদেব। একটু ভাবিয়া দেখিলেই ব্ঝা যার যে এই তিন দেবতা ব্রহ্মা বিষ্ণু শিবেরই রূপান্তর। মঞ্জু শ্রী হিরণাগর্ভ ব্রহ্ম; বাগীশ্বর বিদ্যার অধিষ্ঠাত্রী দেবতা, এই ত গেল ব্রহ্মা-সরস্বতী। অবলোকিতেখর পদ্মপাণি বিষ্ণু, তাঁহাতে বিষ্ণুর পাनনীশক্তি আরোপিত। বজ্রপাণি বজ্রধর ইন্দ্র অথবা শূলপাণি মহেশ্বর, সর্বশক্তির মূলাধার। বোধিসত্ত্ব-শ্রেণীর মধ্যে অবলোকিতে-খারের বিশেষ মাহাম্ম। তিনি করুণার্ণব, লোকপাল, সকলের শরণা সম্ভলনীয় দেবতা রূপে বর্ণিত। ফাহিয়ান, ছয়েন সাং-দের ভ্রমণ বৃত্তান্তে বৌদ্ধক্ষেত্রে তাঁহার পূজার বহুল প্রচার লক্ষিত হয়। তাঁহারা নিজেও যে ঐ দেবতার পরমতক্ত ছিলেন তাহারও व्यत्नक निवर्गन शांख्या यात्र। काहियान वर्तान नमूर्त्त धकनात ঝড় উঠিয়া তাঁহার জাহাজ ডুবিবার উপক্রম হইয়াছিল তথন তিনি অবলোকিতেখনের নিকট প্রার্থনা করিয়া রক্ষা পাইলেন। চীন ও जाপात व्यवत्नाकित्वधततत कक्न्गामत्री नाती शक्कि कान्-रेन् **এবং कान्नन् नारम अर्फि**छ इम्र ।

### বৌদ্ধধর্ম।

ইহার উত্তর কালে এক প্রকার ধ্যানীবৃদ্ধের স্পষ্ট হইল ।
ধ্যানীবৃদ্ধ মুখ্য বৃদ্ধের অশরীরি প্রতিক্রতি, তাঁহারা অরূপ-লোকে
বাস করেন। পঞ্চ অরূপ-লোকের অবিষ্ঠাতা পঞ্চ ধ্যানী বৃদ্ধ।
তাঁহারা প্রত্যেকে ধ্যানপ্রভাবে আত্ম-স্বরূপ হইতে এক একটী
বোবিসন্থ উৎস্প্র করেন আবার প্রত্যেক বোধিসন্থ পর্যায়ক্রমে
রূপলোক স্পষ্ট করিয়া থাকেন। এইক্লণে চতুর্থ প্রেষিসন্থ
অবলোকিতেশ্বরের অবিকার বাইতেছে। আমাদের এই পৃথিবীর
স্পষ্টিকন্তা তিনিই।

এই বহুদেবতার পূজায় পরিতৃপ্ত না হইয়া বৌদ্ধেরা ক্রথে এক
আদিদেবে গিয়া পৌছিলেন, ইনি নিতা, নিরাকার, ভায় ও করুণার
আধার, জ্ঞাননয় আদিবৃদ্ধ—ইনিই পরব্রন্ধ। নেপালী বৌদ্ধদের
মধ্যে দশম শতাকে এই আদি বৃদ্ধের প্রতিষ্ঠা হয়। আদি বৃদ্ধ
ইচ্ছামুসারে আত্মস্তর্মপ হইতে অন্ত পাঁচটী ধ্যানীবৃদ্ধ উৎপন্ন
করেন। তাঁহারা আবার পাঁচটী বোধিসত্ত্বের জন্মনাতা। এই
পঞ্চ ধ্যানী বৃদ্ধ, পঞ্চ বোধিসত্ত্ব এবং গৌতম, মৈত্রেয় প্রভৃতি পঞ্চ
মান্ত্রী বৃদ্ধ সম্বলিত এক অপূর্ব্ব ত্রি-পঞ্চক হইয়া দাঁড়াইয়াছে
তাহা নিয়ে প্রদর্শিত হইল।

ধ্যানীবুদ	বৌধিসত্ত্ব	মা <b>ন্ত্</b> যী <b>বৃদ্ধ</b>
১ বিরোচন	১ দামস্তভদ্ৰ	> ক্রকুচ্ছন্দ
২ অক্ষোভ	২ বজ্ৰপাণি	২ কলকমুনি
৩ রত্নসম্ভব	ু রত্নপাণি	৩ কাশ্ৰপ
৪ অমিতাভ	৪ অবলোকিতেশ্বর	৪ গৌতম
<b>ে অমো</b> ব সিদ্ধি	৫ বিশ্বপাণি	৫ মৈত্ত্বেয়

#### वोक्रधर्मा।

দেখিবেন ইঁহাদের মধ্যে প্রকৃত ঐতিহাদিক বৃদ্ধ একমাত্র গৌতম আর দকলেই মন-গড়া কান্ননিক বৃদ্ধ। এই প্রক্যেক পঞ্চকের চতুর্য দেবতাই বাছিয়া লইবার যোগ্য। বাছিয়া বাছিয়া যে তিন দেবতা বৌদ্ধদের বিশেষ পূজার্হ হইয়াছেন উন্রোগ হচ্ছেন্ ১। আমিতাভ, ২। অবলোকিতেধর, ৩। গৌতম। গোড়ায় অপরিমিত জ্যোতিঃ অমিতাভ, মধ্যে তাঁহার অধ্যাম স্থত, শেষে তাঁহার ছায়ান্যী প্রকৃতি। থানী ব্রের মধ্যে কি জানি কি নিমিত্ত মঞ্জী স্থান পান নাই। আপাততঃ ধ্রিয়া নেওয়া যাইতে পারে ু বৌদ্ধং গতের কোন কোন ভাগে অমিতাভই সর্ব্বশ্রেষ্ঠ দেবতা। মহাযান শান্ত্র তাঁহার 'স্থাবতী' স্বর্গ বর্ণনায় পরিপূর্ণ। সে স্বর্গ মহন্দ্রদী স্বর্গের ক্রায় ইন্দ্রি-স্থুও ভোগের স্থান নয়, তাহা ধ্যানস্থ মুনি ঋষির আশ্রম তুলা। সেথানে 'হুরী' অপ্ররা 🔻 তাহাদের মারাজাল বিস্তার করে না, সেই অরপ-লোকে জ্যোতির্ময় ধ্যানী বৃদ্ধ বোবিসন্ত্ৰ-মণ্ডলে পরিবৃত হইয়া ধ্যানানন্দ উপভোগ করিতেছেন।

সহজ সত্য ছাড়িয়া কল্পনায় ঈশ্বর গড়িতে গেলে মনুষ্য-কল্পনা যে কোথায় গিয়া দাঁড়ায় বৌদ্ধর্মের ইতিহাসে তাহা বিলক্ষণ উপলব্ধি করা যায়।

### তান্ত্রিক মত প্রচার।—

মহাযান মতের উৎপত্তি ও প্রচারের সঙ্গে সঙ্গে উত্তর খণ্ডে ব্রাহ্মণ্য বৌদ্ধবর্দ্মের সন্মিশ্রণ আরম্ভ হয় এই যে বলা হইল, নেপাল তাহার মুখ্য দৃষ্টাস্ত স্থল। বৌদ্ধ ও হিন্দুদের পরস্পর ঘাত প্রতিঘাতে সে দেশে বৌদ্ধবর্দ্মের গণ্ডীর ভিতরে তান্ত্রিক ক্রিয়া কাণ্ড প্রবেশ

লাভ করিয়াছে। হিন্দুদিগের যে ধর্ম প্রণালী সর্বাপেক্ষা আধুনিক নেপালী বৌদ্ধেরা সেই তান্ত্রিক পদ্ধতি নিজ ধর্ম্ম মধ্যে নিবিষ্ট করিয়াছেন। ই হারা শিব শক্তি গনেশ, কুমার ভৈরব হন্তমান, রুদ্র মহারুদ্র, মহাকাল মহাকালী, অজিতা অপরিজিতা, উমা জয়া চণ্ডী, থজাহন্তা, ত্রিদশেধরী, ইন্দ্রী কপালিনী কম্বোজিনী, ঘোরী ঘোর-রূপ মহারূপা, মালিনী কপালমালা, খট্টাঙ্গা পরগুহস্তা, বক্তহন্তা, মাতৃকা যোগিনী পঞ্চ-ডাকিনী, যজ্ঞ গন্ধর্ব গৃহদেবতা, ভুত পিশাচ দৈত্য প্রভৃতি তন্ত্রোক্ত দেবদেবীগণকে স্ব-সম্প্রদায়ে স্থান-দান করিয়া-ছেন। কেবল তন্ত্রোক্ত দেবাদি গ্রহণ করিয়া নিরস্ত হ্বন নাই, তন্ত্র শাস্ত্রের মন্ত্রাদি এবং সাঙ্কেতিক আঁক জোঁক ও এহণ করিয়া-ছেন। ক্রিয়া স্থলে তত্ত্বাক্ত যন্ত্রমণ্ডল অন্ধিত করিবার রীতি আছে। হিন্দু ক্রিরাতে হিন্দুদেবতারই মণ্ডল করা হয়। বৌদ্ধ ক্ৰিয়াতে বৃদ্ধ মণ্ডলও অঙ্কিত হইয়া থাকে। নেপালী ৰৌদ্ধেরা শুক্ল ক্লফ উভয় পক্ষীয় সষ্ট্ৰমী তিথিতে সষ্ট্ৰমী ব্ৰত নামে একটি ব্রতের অমুষ্ঠান করেন। প্রথমে বৃদ্ধ বোধিসত্ব, দিকপাল প্রভৃতির পূজার পর উল্লিথিত দেবদেবীর আহ্বান ও অর্চনা হইয়া থাকে। (ভারতবধীয় সম্প্রদায়—অক্ষয়কুমার দত্ত।)

নেপালে এই তান্ত্রিকমতের আদিগুরু পেশওরার নিবাসী অসঙ্গ নামক একজন সন্ন্যাসী। ইনি ষষ্ঠ শতাব্দীতে প্রাত্ত্ত হইয়া "যোগাচার ভূমি শাস্ত্র" ও যোগ-দর্শন সংক্রান্ত বহু গ্রন্থ লিথিয়া উক্ত দর্শনের বহুল প্রচার করেন। হুয়েন সাং তাঁহার মঠের ভগ্নাবশেষ দেথিয়া যান। তিনি শৈব দেবদেবী, ভূত, পিশাচ, বৌদ্ধ ধর্মে মিলাইয়া সেই পার্ব্ধতা অধিবাসীদের উপাদের এক অপূর্ব্ধ থিঁচুড়ী প্রস্তুত করেন। তাঁহার শিক্ষাপ্রভাবে নেপালীদের মধ্যে বুদ্ধদেবের সঙ্গে সঙ্গে উল্লিখিত শৈব ও শাক্ত দেবদেবীর অর্চনা আরম্ভ হয় এবং তাঁহারা বৃদ্ধদেবের সরল নীতি মার্গ ছাড়িয়া
. অলোকিক সিদ্ধি লাভ মানসে, ধারণী মণ্ডল প্রভৃতি তান্ত্রিক অর্ফান অবলম্বন করেন। তাঁহাদের মঠ মন্দিরে এই সকল তান্ত্রিক দেব-দেবীর প্রতিমূর্ত্তি দেখা যায়।

### তিকতে বৌদ্ধর্ম ৷—

নেপাল ভোট সিকিম ঐ সকল প্রাদেশের বৌদ্ধর্ম্ম যেমন পৌরাণিক তান্ত্রিক সংস্পর্শে রপান্তরিত হইয়াছে, তিব্বতের ধর্মাও অভ্যান্ত কারণে অশেষ কুসংস্কার জালে আচ্ছর হইয়াছে। জপমালায় মন্ত্র উচ্চারণ তাঁহারা ধর্ম্মসাধনের এক প্রধান অক্স বিবেচনা করেন; শব্দ সংখ্যার উপর পুণ্যের ফলাফল নির্ভর করে, যত বার আবৃত্তি ততই বেশী পুণ্য। আরাধনার সময় যেমন সমস্বরে শ্লোকাবৃত্তির নিয়ম আছে, তেমনি আবার ভিন্ন ভিন্ন বচন অনেকে মিলিয়া একত্রে পাঠ করিয়া থাকেন—অল্ল সময়ের মধ্যে যত অধিক শব্দ উচ্চারিত হয় ততই ভাল। এই সকল বৌদ্ধের শ্রোর্থনা মন্ত্র হচ্ছে—

# \* ওঁমণি পদ্মে হাঁ।

এ প্রার্থনা অঙ্কিত চক্রধ্বজাদি বেথানে যাও চারিদিকে ছড়াছড়ি। "পদ্মে মণি" এই ছই শব্দের যে কি নিগৃঢ় অর্থ

<sup>\*</sup> হৃৎপদ্মে ধর্মের মণি! কেহ বলেন, পদ্মপাণি অবলোকিতেখরকে লক্ষ্য করিয়া এই প্রার্থনা মন্ত্র রচিত।

এই মন্ত্রের প্রকৃত অর্ধর্মপাল মহাশ্র ভাল করির। বৃথাইয়া বলিতে পারিবেন।

তাঁহারাই জানেন এবং তাঁহাদের বিশ্বাস যে এই প্রার্থনার দেবতার প্রসন্নতা লাভ ও মহাপুণ্য উপার্জন হয়। এই উদ্দেশে তাঁহারা অগণ্য অগণ্য প্রার্থনা-চক্র নগরে নগরে গ্রামে পথে ঘাটে ষেখানে সেখানে স্থাপন করেন, পথ্যাত্রীরা তাহা এক একবার ঘ্রাইয়া প্রার্থনার ফললাভ করেন। কল ফিরাইয়া প্রার্থনা করা. তিন্দতীরা এই এক নৃতন পন্থা আবিষ্কার করিয়াছেন। এই চক্র ঘোরানো লইয়া অনেক সময়ে তুই প্রতিযোগী ভক্তদলের মধ্যে দান্ধা হাঙ্গামা বাধিয়া যায়। জনকতক ফরাসী খুষ্ট মিসনরি এই বিষয়ের এক মজার গল্প করেন। একদিন তাঁহারা<sup>‡</sup> এক মঠের নিকটস্থ একটা •প্রার্থনা চক্রের কাছ দিয়া চলিয়া ষাইতে-ছেন. এমন সময় দেখিলেন হুই জন লামার মধ্যে মহাগগুগোল উপস্থিত। ব্যাপারখানা এই যে তাঁহাদের একজন চাকা ঘ্রাইয়া নিশ্চিস্ত মনে ঘরে ফিরিয়া যাইতেছেন, মুখ ফিরাইয়া দেখেন আর একজন লামা সে চাকা থামাইয়া নিজের খাতায় পুণ্যের আঁক পাড়িবার অভিপ্রায়ে চাকা ঘুরাইয়া দিতেছে, দেখিয়া তৎক্ষণাৎ পিছু ফিরিয়া তার চাকা বন্ধ করিয়া পুনর্বাক আপনি ফিরাইয়া দেয়। এ বলে আমি ঘুরাইব, আমার চাকার তুমি কেন হাত দেও? ও বলে আমি ঘুরাইব তুমি কেন হাত দেও ? ক্রমে উভয়তঃ গালাগালি, গালাগালি হইতে মারামারি। অবশেষে একজন বৃদ্ধ লামা বিবাদ স্থলে আসিয়া উভয় পুণ্যেচ্ছুর কল্যাণার্থ সহস্তে চাকা ঘূরাইয়া উহাদের কলহ মিটাইয়া দেয় । Buddhism—Monier Williams.

প্রার্থনা-চক্র ভিন্ন ঐ সকল প্রদেশে প্রার্থনার নিশান উড়িতে দেখা যায়—বোধ করি দার্জিলিং পাহাড়ে ঐ দৃশু অনেকে দেখিয়া থাকিবেন; নিশান বাতাদে উড়িয়া যেমন আকাশাভিমুখে যার ভক্তজন অমনি মন্ত্রোচ্চারণের পুণ্য উপার্জ্জন করেন। লামাধর্ম্ম।—

তিব্বতী বৌদ্ধদের আচার অফুষ্ঠান মতও বিশ্বাস, মূল ধর্ম্বের সহিত ইহার কোন বিষয়েই মিল নাই: উহাদের পৌরোহিত্য-প্রধান জনসমাজও স্বতন্ত্রভাবে গঠিত। তিক্বতী ভিক্র নাম শামা, জনপদের প্রায় পঞ্চমাংশ এই লামা শ্রেণীভুক্ত। লামাদের मर्पा इरे जन अवान नामा, नानारे नामा এवः वक्षन नामा; একটীর রাজধানী লহাসা, অন্ত লামার মঠ ভারতের প্রাস্তপীমার অদূরবর্ত্তী তাসি-লূনপো নামক নগরে প্রতিষ্ঠিত। প্রধান লামারা বুদ্ধাবতার বলিয়া পূজিত। লোকের বিশ্বাস এই যে ইহাঁদের কাহারও মৃত্যু হইলে, তাঁহার প্রেতাত্মা কোন একটা শিশু অথবা ছোট বালকে প্রবেশ করে, এই বালকটীকে চিনিয়া বাহির করাই এক সমস্তা। কখন কখন মৃতলামা মৃত্যুর পূর্বের বলিয়া যান কোন কুলে তিনি পুনর্বার জন্মগ্রহণ করিবেন; কখন বা চুই শামার মধ্যে যিনি জীবিত তিনি মৃত লামার উত্তরাধিকারী নির্দেশ করিয়া দেন, কথন বা দৈবজ্ঞের পরামর্শ, শাস্ত্রের বিধান ও অক্সান্ত লক্ষণ দারা মঠাধিকারী লামা নিরূপিত হয়। এই নির্বাচনে চীনরাজেরও মতামত গৃহীত হইয়া থাকে। নবাবতার আবিষ্ণত হইলে লামামণ্ডলীর কাছে আনিয়া তাঁহার পরীক্ষা হয়; তিনি মৃত লামার গ্রন্থ বস্ত্রাদি চিনিয়া বলেন, ও তাঁচার পূर्सजीवन चंग्ना मस्त्रीय श्रक्षावनीत छेखत (रान । পরীক্ষোর্তীর্ণ মহালামা মহাধুমধামে নিজ মঠে প্রতিষ্ঠিত হয়েন।

দালাই লামা আদি বুদ্ধের প্রতিনিধি; তাঁহাকে বৌদ্ধ

'পোপ' বলা অসঞ্চত হয় না। অনেক যুদ্ধ বিগ্রহের পর পঞ্চদশ খুষ্টাব্দে (১৪১৯ এ) তিব্বতে দালাই লামার আধিপত্য স্থাপিত হয়। এই লামা বিদেশীদের চক্ষে আকাশ ক্সুমের স্তায় তুর্লভ मर्नन। जाभनाता ७निया थाकिरवन रव करवक व<मत इडेन</p> (১৮৮২) আমাদের খ্যাতনামা পরিব্রাজক শ্রীযুক্ত শরৎচক্র দাস এই লামার সাক্ষাৎকার লাভ করেন; এ ঘটনাটি আমাদের সামান্ত গৌরবের বিষয় নহে। ইহার বিস্তৃত বিবরণ শর্ৎ বাবুর ভ্রমণ বুতান্তে বর্ণিত আছে। মোনিয়র উইলিয়মসের 'বৌদ্ধধর্ম' গ্রাম্থে ৩৩১ পৃষ্ঠার তাহার দারভাগ সন্নিবেশিত হইয়াছে। শামার প্রাগাদ-মঠ লহাসার উত্তরপশ্চিম পোতালার অবস্থাপিত। ইহা এক প্রকাণ্ড উচ্চ চৌতালা গৃহ, দশ সহস্র ভিক্রর বাদোপযোগী কক্ষরাজিতে স্থসজ্জিত; ইহার শিখরদেশ স্বর্ণ চূড়ায় বিভূষিত। দিঁডির পর দিঁডি উঠিয়া পরিব্রাজক মহাশয় লামা মঞ্চে আরোহণ করিলেন, সেই লে:হিত প্রান্ত্রের উচ্চ শিখর হইতে লহাসা নগরী ও তাহার আশপাশের শোভা গৌন্দর্য্য দর্শনে তাঁহার নয়ন মন মুগ্ন হইল। মহালামা ৮ বংসরের বালক, বক্র চকু ছাড়া মুখত্রী আর্য্যাকৃতি, উজ্জ্বল গৌরবর্ণ, রঙ্গীণ রেশম মণ্ডিত সিংহাসনে হুই সিংহমুর্ত্তি মাঝে উপবিষ্ঠ। দেহোপরি গৈরিক বসন, মাথায় পঞ্চধ্যানীবুদ্ধের নিদর্শন স্বরূপ পঞ্চকোণ পীতবর্ণ টোপর। প্রাচীরের গায়ে বৃদ্ধ বোধিসত্ত্বের চিত্রাবলী, জাফ্রাণ রঞ্জিত আরক্ত শান্তিজল निक्ष्न, धृপधूना দীপালোক আত্মন্তানিক ঘটার সীমা নাই। দর্শকমণ্ডলীর জন্ম নীচে নয় পংক্তিতে সারিসারি পশ্সের আসন বিছানো, সকলে শাস্ত সংযত ভাবে নিজ নিজ নির্দিষ্ট স্থানে গিয়া বসিলেন। শরৎ বাবুর আসন তৃতীয় পংক্তিতে।

পরে আশীর্কাদের সময় আসিলে দর্শকর্শ মাথা হেঁট করিয়া সিংহাসনের কাছে ঝুঁকিয়া পড়িল। শরৎ বাবু বলিতেছেন "বংল আমার পালা আদিল মহাপ্রভূ ামাকেও আশীর্কাদ করিলেন, তথন আমি তাঁহার দেবমূর্ত্তি দর্শন করিবার স্কুযোগ পাইলাম।" এই বিবরণে পোপের পদাঙ্গুলি চুম্বনের স্তায় কোন অন্ধর্ভানের আভাস নাই। এই অনুষ্ঠানের এক প্রধান অঙ্গ—চা-পান। লামারা সকলেই এক এক চায়ের পেয়ালা আপন বস্ত্র মধ্যে গচ্ছিত রাথেন। প্রথমে একজন পরিচরিক মহালামার স্বর্ণ পাত্তে চা ঢালিয়া পাত্র পূর্ণ করিয়া দিল, পরে দর্শকগণের পাত্র পূর্ণ হইলে তাঁহারা তিনবার পাত্র নিঃশেষ করিয়া নিঃশব্দে পান করিলেন, পরে শৃভ্ত পেয়ালা বক্ষের পকেটজাত করিলেন। তৎপরে একটা তণ্ডুলপূর্ণ স্বৰ্ণথাল মহালামার সম্মুথে আনীত হইল, তিনি তাহা স্পূৰ্ণ করিয়া দিলে, সেই মহাপ্রসাদ দর্শক মণ্ডলীর মধ্যে বিভরিভ ছইল। পরিশেষে বুদ্ধ ধর্ম সূজ্য, এই ত্রিরত্বের নামে আশিক্ষাদ এউচ্চারণের পর দরবার ভঙ্গ হইল। সভাস্থলে একজন লামা যিনি শরৎ বাবুর পাশে বসিয়াছিলেন তিনি তাঁহার কানে কানে কহিলেন, 'তুমি পূর্ব্বজন্মে না জানি কি পাপ করিয়া এমন দেশে জিমাছ যেখানে জীবস্ত বৃদ্ধনাই !

তিব্বতের দালাই লামার অধিকার ধর্মরাজ্যেই আবদ্ধ অথবা এই দক্ষে তাঁহার কোন রাজকীয় ক্ষমতা দমিশ্রিত, এই বিষয়, লইয়া এইক্ষণে অনেকস্থানে অনেক কথা শুনা যাইতেছে। সম্প্রতি রূষ সম্রাটের নিকট তাঁহার যে দৌত্য গিরাছে ভাহাই এই সমস্ত তর্ক বিতর্কের মূল এবং ভাহা হইতে আমাদের রাজপুরুষদের মনে নানা প্রকার সন্দেহ উপস্থিত হওয়া বিচিত্র নহে। মেষ ভল্লুকে মিত্রতা-বন্ধনের চেষ্টা দেখিলে লোকের মনে সন্দেহ হওয়াই স্বাভাবিক। ''উনবিংশ শতাকী'' সংবাদ পত্রে একজন ইংরাজ লেথক দালাই লামাকে বশ করিবার এক নৃতন উপায় উদ্বাবন করিয়াছেন। তিনি বলেন, মাক্রাজ প্রেসিডেন্সির রুষণ জিলায় যে বৃদ্ধ দস্তাতি আবিক্ষত হইয়াছে তাহা উপহার দেওয়া বেস একটা লামা বশীকরণ মন্ত্র। আমাদের বিবেচনায় আর কোন উপায় চিস্তা করা আবশ্রতক, যাহা বলা হইয়াছে তাহাতে কোন ফলৈাদয় হইবার সন্তাবনা নাই।•

চতুর্দশ শতাব্দীর শেষভাগে সং খাপা নামক একজন ধর্ম সংস্কারক উঠিয়া গাল্ডানে এক প্রকাণ্ড মঠ নির্মান করেন। এই লামার মৃত্যুর পর ই হার স্বর্গারোহণ উপলক্ষে এক দীপাবলির উৎসব প্রবর্তিত হয়। ইনিও বুরাবতার বলিয়া পূজিত এবং বৌদ্ধ মন্দিরে ই হার প্রতিমূর্ত্তি দালাই ও পঞ্চন লামা-প্রতিমূর্ত্তির মধ্যস্থলে প্রতিষ্টিত। এ ভিন্ন আরো কয়েক জন লামা-গ্রগণ্য মহালামা আছেন, যথা মোঙ্গোলিয়ার কুরুণ, তাতারের কুরু, পেকিনের মহালামা, ভোটের ধর্ম্মরাজ, বাহার উপাধিচ্ছটা আর্ত্তি করিতে কণ্ঠ-রোধ হয়—''বৃদ্ধশ্রেষ্ঠ, দেবাবতার, শাস্ত্রজ্ঞানে অমুপম, বিদ্যায় সরস্বতী সম, পাপ-হরণ, দানব-মর্দ্দন, নীতি-নিপুণ, সর্ব্ধর্মাশিরোমণি রাজাধিরাজ ধর্ম্মরাজ !'" নামাব-লির গৌরবে গৌতম বৃদ্ধকেও ছাড়াইয়া উঠিয়াছেন।

স্বর্গ নরক।

বৌদ্ধশান্তে স্বৰ্গ নরক কল্পনা এইরূপ ৷—

এই বিশ্বক্রমণ্ড প্রকাণ্ড চক্রবালে পরিপ্রিত। প্রত্যেক
চক্রবালে ছয় প্রকার জীবের বাসযোগ্য ৩০ টী সন্থলোক স্তরে স্তরে
বিনির্দ্ধিত, তাহাদের মধ্যভাগে স্থমের পর্বত। পাতালে
১৩৬ নরক বিভিন্ন জাতীয় পাতকী কুলের জস্ত নির্দ্ধিত, তাহাদের
মধ্যে বৃদ্ধ দ্বেষ্টাদের জস্ত 'অবীচি' নরক সর্ব্বাপেক্ষা ভয়ানক।
নরকবাস স্থণীর্ঘ কাল হইলেও অনস্ত নরক ভোগের বিধান
নাই। নরকের উপরিভাগে কামলোক চার প্রকার ১। পশুলাক; ২। প্রেত-লোক, ৩। অগুর-লোক, ৪। নর-লোক।
তত্তপরি ছয় দেব লোক। প্রথম, চার মহারাজা (দিক্পালের)
স্বর্গ—

পূর্ব্বদিকে, গন্ধর্বরাজ ধৃতরাষ্ট্র।
দক্ষিণে, কুন্তাগুরাজ বিরূধক ।
পশ্চিমে, নাগাধিরাজ বিরূপাক্ষ।
উত্তরে ধনপতি কুবের।

দ্বিতীয়, ত্রয়ন্তিংশ স্বর্গ, ইল্রের অমরাপুরী, যেথানে ইক্র ব্রয়ন্ত্রিংশ দেবতাদের সনে রাজত্ব করেন। বৃদ্ধ জননী মায়া-দেবীর মৃত্যুর পর বৃদ্ধ তাঁহাকে ধর্মোপদেশ দিতে এই স্বর্গে আরোহণ করেন। তাহা ছাড়া, পূর্ব পূর্ব জন্মে বৃদ্ধ নিজেই ইক্র ছিলেন।

তৃতীর, যমলোক
চতুর্থ, তুষিত স্বর্গ, বোধিসন্থ-ধাম, মৈত্রের যার অধিপতি।
পঞ্চম, নির্মাণ রতি স্বর্গ, স্পষ্ট কুশল দেবতাদের বাসগৃহ।
ষষ্ঠ, পর নির্মিত বাসবর্তী স্বর্গ, এখানে যাঁহারা বাস করেন
স্কলন কার্য্যে তাঁহাদের নির্দেশের ক্ষমতা নাই, তাঁহারা অপর

দেবগণের স্থাষ্ট-ভণ্ডুলে বিলক্ষণ পটু—বৌদ্ধ সম্বতান "মার" এই লোকে বাস করেন। এই ছয় দেব লোকের তালিকা।—

₫

- ১। চতুম হারাজ স্বর্গ
- ২। ত্রয়স্তিংশ স্বর্গ
- ৩। যম স্বৰ্গ
- ৪। তুষিত স্বৰ্গ
- ে। নির্মাণ রতি দেবগণের স্বর্গ
- ৬। পর নির্শ্বিত বাসবর্ত্তী স্বর্গ

এই ছয় দেবলোকের উপরিভাগে ১৬টী রূপলোক ধ্যানসিদ্ধ পুরুষদের জন্ত নির্দিষ্ট : বথা—

থ

#### প্রথম ধ্যান-ব্রন্মলোক

- ৭। ব্রহ্ম-পরিসজ্জা
- ৮। ব্রন্ধ-পুরোহিত
- ৯। মহাব্রহ্মা

দ্বিতীয় ধ্যান—আভাময় লোক

- ১০। পরিতাভা
- ১১। অপ্রমাণাভা
- ১২। আভাস্বরা তৃতীয় ধ্যান—শুভলোক
- ১৩। পরিত শুভ
- ১৪। অপ্রমাণ শুভ
- ১৫। শুভ কুৎম

#### **ह**जूर्थ शान—( महारागी अर्ग )

১৬। বুহৎ ফল

১৭। অসংজ্ঞাসত্ব

১৮। অবৃহ

১৯। অতপা

२०। ऋषंभी

२५। ऋतर्भन

২২। অকনিষ্ঠ

এটু ১৬ রূপ লোকের শিথরদেশে চারিটি অরূপ-লোক, অশরীরি ধ্যানী বৃদ্ধদের আবাস-স্থান

#### অরপ লোক

২৬ ৷ আকাশ আয়তন

২৪। বিজ্ঞান আয়তন

২৫। আকিঞ্চন আয়তন

২৬। নৈব সংজ্ঞা অসংজ্ঞায়তন

মভিধর্ম মতে অরপ লোকের সংখা। পাঁচ। পঞ্চ্যানীবৃদ্ধ এক এক জন করিয়া পঞ্চ অরূপ লোকের অধীধর। অতএব বৌদ্ধ স্বর্গ নরক সংক্ষেপে এই। বৌদ্ধ মতে জীব ছয় প্রকার---

১ দেবতা, ২ মানব, ৩ অশুর, ৪ পশু, ৫ প্রেত, ৬ নারকী। এই সমস্ত জীবের জন্ম ৪ কামলোক, ৬ দেবলোক, ১৬ রূপলোক ৪ অরূপ লোক, এবং ১৩৬ নরক অনস্ত আকাশে স্থমের পর্বতের উপর নীচে অবস্থাপিত।

বৌদ্ধ সম্প্রদায় ভেদ। দার্শনিক শাখা।—
বেমন আচার অন্ধ্রানে সেইরপ দার্শনিক তর-বিচারে ও

#### বৌদ্ধধর্ম।

বৌদ্ধ জগতে বিস্তর মতভেদ দৃষ্ট হয়। অল্ল কাল মধ্যেই বৌদ্ধের। অষ্টাদশ সম্প্রানায়ে বিভক্ত হইয়া পড়ে, যথা মহাসাজ্যিক, স্থবির, এক ব্যবহারিক, চৈত্যবাদ: সর্ব্বান্তিবাদ, বাৎশুপুত্রীয়, কাশুপীয়, এইরূপ নানা মুনির নানা মত প্রচারিত হয়। ভয়েন সাং এর ভ্রমণ বুক্তান্তে এবং দিংহল গ্রন্থাবলীতে এই অপ্তাদশ সম্প্রদায়ের উল্লেখ আছে। ইহাদের কোন্টা মহাযান, কোন্টা হীন্যান শাথান্তিত। গ্রন্থে এই যে সম্প্রদায়সমূহের নাম দেখা যায় ইহাদের কোন শাখা আধুনিক বৌদ্ধসমাজে বিশেষ পরিচিত বলিয়া বোধ হয় না। বৌদ্ধদের মধ্যে এইরূপ মতান্তর বিটিয়া ক্রমে চারিটি দর্শন উৎপন্ন হইরাছে। সর্ব্বদর্শন সংগ্রহে এই চারি মতের নামোলেথ আছে, যথা, মাধ্যমিক, যোগাচার, 'বৈভাষিক ও সৌত্রান্তিক। মাধ্যমিক দর্শন একপ্রকার বৌদ্ধ মায়াবাদ বলিলেই হয়। ইহার মতে সকল পদার্থ ই মায়া, নির্কাণ ও মায়া ভিন্ন আর কিছুই নহে। যোগাচার দর্শনের মতে বিজ্ঞানই একমাত্র সত্য পদার্থ আর সকলি মিথা।. এই মতের अर्थत नाम विकानवान। विकान इरे अकात, अकृति विकास এবং আলম্ব বিজ্ঞান। প্রত্যেক জ্ঞান-ক্রিয়ার নাম প্রকৃতি বিজ্ঞান। ঐ জ্ঞানধারা বা জ্ঞানসমষ্টির নাম আলয় বিজ্ঞান। জ্ঞান-সমহ নানা প্রকার। কালিক জ্ঞান, দৈশিক জ্ঞান, বস্তু প্রতি-বিকল্প জ্ঞান, এই সমস্ত জ্ঞানের যোগাযোগে নিথিক পদার্থের উৎপত্তি হইয়া থাকে! ঐ ধারাবাহিক জ্ঞানই 'অহং' বা আন্মা। যেমন অসংখ্য জলকণার সমষ্টি ভিন্ন নদী নামক কোন স্বতন্ত্র প্রার্থ নাই, সেইরূপ জ্ঞান সমষ্টিই আত্মা, 'অহং' পদবাচ্য কোন শ্বতন্ত্র পদার্থ নাই; তেমনি আবার জ্ঞানাতিরিক্ত বাহ্থ পদার্থও

### विश्वधर्य।

নাই। একমাত্র জ্ঞানই সত্য, ঘটপট প্রভৃতি জ্ঞেষ পদার্থনাত্রেই জ্ঞানের আনকার বিশেষ। মাধ্যমিক ও বোগাচার এই হুই মত, একটী বেদান্ত, অন্তটী যোগশান্তের কতকটা অনুরূপ! অপর হই সম্প্রনারী অস্তিবাদী অর্থাৎ তাঁহারা আত্মা ও বহির্জগৎ উভয়েরই অস্তিত্ব অঙ্গীকার করেন। কিন্তু কোন কোন বিষয়ে ইহাদের পরস্পার কিছু মতভেদ দৃষ্ঠ হয়। বৈভাষিকেরা কহেন, বাহ্ববস্তু সমুদার কেবল প্রভ্যক্ষ-সিদ্ধ। সৌত্রাস্তিক মতে বাহ্ববস্তু প্রত্যক্ষ সিদ্ধ নহে, অনুমান সিদ্ধ। আমাদের মনে বহির্জগতের প্রতিরূপ উংপর হয়। দেই প্রতিরূপ হইতেই বিষয় জ্ঞান জন্মে। জগতের ভিন্ন প্রতিরূপ যাহা ভিন্ন ভিন্ন ব্যক্তির মনোদর্পণে প্রতিফলিত হইতেছে, সেই মানসচিত্র হইতে আমরা বহির্বিধয়ের অস্তিত্ব অনুমান করিয়া লই। উভয় মতেই, যে সময়ে বস্তু প্রত্যক্ষ হয় দেই সময়েই তাহার অন্তিত্ব থাকে, প্রত্যক্ষ না **रहेरन**हे विज्ञालाव जास ध्वःम हहेस। यास। व्यर्थाए मृश्रमान জগৎ আমার একটা মনের ভাব মাত্র, তাহা আমি ভাবিলেই আছে —না ভাবিলে নাই। ভাব জগতের মূলে সত্য জগৎ নাই। এই নিমিত্ত হিন্দু পণ্ডিতেরা এই মতের নাম 'সর্কবিবনাশিক' निवाटहर । देव निविद्य का वात हुन्। भाषा- नर्वास्तिवान, सहा-দাজ্যিক, দমতীয়, স্থবির। ফাহিয়ান বলেন, প্রথমোক্ত তুই শাখার নিরমাবলী তিনি পাটনার মঠ হইতে সংগ্রহ করিয়া চীনভাষায় অমুবাদ করেন।

ইং সিং যিনি সর্বাশেষে এদেশে তীর্থ ভ্রমণে আদেন, তিনি 'সর্বান্তিবাদী' ছিলেন; তাঁহার সময়ে উত্তরে এই মত এবং দক্ষিণে 'স্থবির' মতের প্রচার ছিল। হীন্যান ও মহাযান সম্বন্ধে ইৎ সিং বলিয়াছেন—"এ ছইই বিশুদ্ধ মত, উভয়ই সত্যা, ইহারা উভয়েই ভিন্ন মার্গ দিয়া সেই একই নির্বাণে পৌছাইয়া দেয়।"

মাধবাচার্ণ্য দর্ববর্ণন সংগ্রহে বৌদ্ধ দর্শন প্রস্তাবে তাহার চারি তত্ত্ব নির্দ্দেশ করিয়া লিখিয়াছেন—

১ম। জগতের প্রত্যেক পদার্থই ক্ষণিক

২য়। সকলই ছঃখনয়

৩য়। সমুদয়ই স্বলক্ষণ—নিজ নিজ লক্ষণাক্রাস্ত

8र्थ। **म**कन हे मृख

বেমন পূর্ব্বে বলা হইয়াছে ফলে দাঁড়ায় এই যে বৌদ্ধ দর্শন শৃত্যবাদে পর্য্যবসিত। তাহার মতেঁ দকলই শৃত্য, মূলে দত্য বস্তু কিছুই নাই।

এই সংক্ষিপ্ত বিবরণ হইতে বৌদ্ধবর্ম কালক্রমে ভিন্ন ভিন্ন ক্ষেত্র কিরপ পরিবর্তিত ও বিক্বত হইরাছে তাহার কতক আভাস পাইরা থাকিবেন। যাহা বলা হইল তাহা ছাড়া কত দেশের কত উৎসব, পাণোডা বিহার ধর্মনন্দিরে বিচিত্র পূজার্চনা, বৃদ্ধদেবের মূর্ত্তি ও প্রতিমা পূজা, কত কত বৃদ্ধাবতার, বোদি সন্ধান্দিরে মারি ও প্রতিমা পূজা, কত কত বৃদ্ধাবতার, বোদি সন্ধান্দিরে মারি ক্ষেত্র কতনিকে কত স্তৃপ হৈত্য, কত মার প্রত্ত প্রেত দেব দেবীর কর্মনা, কত প্রকার স্বর্গ নরক কর্মনা, কত প্রকার মত ও সম্প্রদায়—দে সমস্ত আর কত বলিব ? ইহার স্বিশেব বৃত্তান্ত লিখিতে গেলে পঁয়ুখি বাড়িয়া যায়, আশাস্ত্ররপ ফল লাভ ও হর না। সার কথা এই যে আদিম বৌদ্ধধর্ম যাহা পালি বৌদ্ধ শান্ত্র মহন করিয়া প্রাপ্ত হওয়া যায় আর প্রচলিত ধর্মা, বিশেষত তাহার উত্তর শাধা—ইহাদের মধ্যে যে আকাশ পাতাল প্রভেদ ঘটিরাছে তাহা এরপ গুরুতর যে একটা চিত্র দেখিয়া স্বর্পরটাকে চিনিয়া লওয়া ছন্ধর।

# অফ্টম পরিচ্ছেদ।

## विद्वार प्रवास

পূর্ব্বে বলা হইরাছে শাক্য সিংহ বুরুত্ব পাইবার পর বারাণসীতে গিরা তাঁহার পূর্ব্ব পরিচিত পঞ্চ ভিক্কুকে উপদেশ প্রদান পূর্ব্বক শিষ্য করিয়া লইলেন; তথন হইতে তাঁহার মৃত্যুকাল পর্যস্ত তিনি যে উপারে শিষ্য মণ্ডলী সংগ্রহ করিলেন, তাঁহার শিষ্য সংখ্যা কিরূপে ক্রুমান্বয়ে পরিবর্ধিত হইল তাহার বিবরণ মহাবগ্গে প্রকাশিত। পঞ্চ ভিক্সুর দীক্ষার পর যশ নামক কাশীর জনৈক ধনী শেঠিয়া তাঁহার পিতা মাতা পত্নীসহ বৌদ্ধর্মের দীক্ষিত হয়েন। পাঁচ মাসের মধ্যে যাট জন শিষ্য হইল; বুরু তাহার দিগকে প্রচার কার্য্যে ভিন্ন ভ্রানে প্রেরণ করিয়া নিজে উপবেলার বনে গিয়া রহিলেন; তথায় কাশ্রণ অগ্নিহোত্রী আক্ষণ ও তাঁহার ছই প্রাতা, এই ভিন শিষ্য পাইলেন। ঐ অঞ্চলে কাশ্রণের বিশেষ প্রতিপত্তি ছিল, অনেকগুলি যুবক তাঁহার নিকটে বেদাধ্যয়নে নিযুক্ত ছিলেন। বুরুদেব কাশ্রণের আপ্রাম্বর নিকট থাকিয়া উপদেশ দিতেন ও ভিক্ষার সংগ্রহে তাঁহার

দ্বারে গমন করিতেন। একদিন গিয়া দেখেন, এক অজ্ঞাগর সর্প কাশ্যপের হোম-কক্ষে ফণা ধরিয়া বসিয়া আছে। বৃদ্ধ সাপকে মন্ত্রে বশ করিয়া আপনার ভিক্ষার ঝুলিতে পূরিয়া রাখিলেন। এইরূপ আরো কতকগুলি অলৌকিক শক্তির পরিচয় পাইয়া কাশ্যপ দল বলে গৌতমের শিষ্যরূপে দীক্ষিত হইলেন। উরুবেলায় শিষ্য সংখ্যা সর্ববিমতে ১০০০ হইল।

এই শিষ্যমগুলী সঙ্গে বৃদ্ধ একদিন গ্রার নিকট গ্রাণীর্থ পর্বতে উপবিষ্ট আছেন, রাজগৃহের অধিত্যকা তাঁহার সমূধে বিস্তৃত—এমন সময় সামনের এক পাহাড়ে ঘোর দাবানল গ্রাহার দৃষ্টি গোচর হইল। এই অনলের প্রতি লক্ষ্য করিয়া বৃদ্ধদেব এইরূপে উপদেশ দিলেন—তাহা "অগ্নি শর্মার উপদেশ" বলিয়া নির্দেশ করিতে চাই।

"হে ভিক্কগণ, সমস্ত ব্রন্ধাণ্ড কি হুতাশন জনিয়া উঠিয়াছে!
দেখ, আদিত্য আদীপ্ত; চক্ষু জনিতেছে, সম্পায় দৃশুমান জগতে
অগ্নিরৃষ্টি হইতেছে। শব্দ, স্পর্শ, রূপ, রুস, গন্ধ এই সকল ইন্ধন
পাইয়া পঞ্চেন্দ্র জনিয়া উঠিতেছে। বাসনাগ্নি, রাগাগ্নি, লোভাগ্নি,
মোহাগ্নি জনিতেছে—জন্ম মৃত্যু রোগ শোক নৈরাশ্র হর্মনশু সেই অনলে প্রস্তুও। ইন্দ্রিয়, ইন্দ্রিয়ের বিষয়, দেহ মন
চিন্তা সকলই এক বৃহৎ অগ্নিকুণ্ড। ইন্দ্রিয় সকল কাম্য বস্তুর উপভোগে উত্তেজিত—বাসনানল নিরস্তুর প্রজ্ঞনিত রহিয়াছে।
হে ভিক্ষ্গণ! এই অনিবার্যা জালা প্রত্যক্ষ করিয়া জ্ঞানী ব্যক্তি সংযত হন; পঞ্চেন্দ্রিয় দেহ মন সকলেরই প্রতি তাঁর বৈরাগ্য জন্মে। এই বিষম জালা কিসে প্রশমিত হয় এই সমস্ত হঃথ যন্ত্রণা হইতে কি উপায়ে উর্নার পাওয়া যায় তিনি তাহার উপায় চিন্তা করেন এবং অবশেষে সংযমও ব্রহ্মচর্য্য সাধনা ছুম্বর্যা সেই
নির্ব্বাণ রাজ্যে উপনীত হন যেথানে বাসনা ছিন্ন মূল; যেথানে তিনি
কম ভয় জরা মৃত্যু জালা ষদ্ধণা হইতে বিমৃক্ত হইয়া শাশত আনন্দ
উপভোগ করেন।"

তৎপরে তিনি উরুবেলা হইতে সেনীয় বিশ্বিসারের রাজধানী রাজগৃহে আসিয়া স্থপতীর্থের নিকট ষষ্টিবন নামক আরাম-কাননে বাস করিতে লাগিলেন। রাজা বুদ্ধের আগমন সংবাদ-পাইয়া স্বীয় অন্তর্বর্গসহ বুরুদর্শনে সমাগত হইলেন, তখন অগ্নিহোত্রী কাপ্তপকে দেখিয়া ও তাঁহার শিষ্যত্ব গ্রহণ বৃত্তান্ত প্রবণ করিয়া সকলেই বিশ্বয়ে অবাক্। বুদ্ধদেব তাহাদের মনের ভাব বুঝিতে পারিয়া রাজা, ব্রাহ্মণমণ্ডলী ও অন্তান্ত উপস্থিত গৃহপতিগণের সমক্ষে কাপ্তপকে জিজ্ঞাসা করিলেন—

"কাশুণ, তুমি তাপদজনের মধ্যে খ্যাতনামা অগ্নিহোত্রী ব্রাহ্মণ, বল কেন তুমি জপ তপ যাগ যজ্ঞ পরিত্যাগ করিয়া এই নবীন পহা অবলম্বন করিয়াছ? তোনার অগ্নিগৃহ শৃশু পড়িয়া রহিবার কারণ কি? হে উরুবেলার ব্রাহ্মণ, তুমি এমন কি সত্য উপার্জ্জন করিয়াছ যাহার জন্ম এতটা ত্যাগ স্বীকার করিতে প্রস্তুত ? স্বর্গ মর্ত্যে এমন কি আছে, যার জন্ম তুমি লালায়িত ?"

কাশ্রপ উত্তর করিলেন।

"আমি বেশ বৃঝিয়াছি হোম বাগ বজ্ঞ নিতান্ত নিক্ষণ, কেন না সে সমস্ত অমুষ্ঠান বাছ-আড়ম্বর মাত্র, তাহাতে এমন কিছুই নাই বদ্বারা বিষয়-গালসা প্রশমিত হয়, মোহপাশ হইতে মুক্তিলাভ করা বায়। আমি জানিয়াছি সংসারের সকলি অলীক, ক্ষণিক, মুণিত, শৃত্ত। আমি সেই মোক্ষাবন্ধার সন্ধান পাইয়াছি, বে অবস্থায় জন্ম-বন্ধন ছিন্ন হয়, লোভ মোহ দ্বেষ হিংসা বিনষ্ঠ হইনা যায়, বিষয়-ভৃষণা স্বৰ্গকামনা নিরস্ত হয়। আমি সেই পরম সম্পদ লাভ করিয়াছি, যাহার ক্ষয় নাই, পরিবর্তন নাই। এই হেতু হোম বলি যাগ যজে আর আমার প্রবৃত্তি নাই।" এই বলিয়া তিনি বৃদ্ধদেবের চরণে প্রণত হইরা কহিলেন—"ভগবান বৃদ্ধই আমার শুরু, আমি ইহাঁর শিষ্য—ভগবান বৃদ্ধই আমার শুরু, আমি ইহাঁর শিষ্য—ভগবান বৃদ্ধই আমার শুরু।" তথন উপস্থিত জনগণ সমস্ত বৃত্তান্ত অবগত হইলেন ও নির্দ্ধাল শুল্র বসনে যেমন সহজে রং ধরে তাহাদের মন ও সত্য ধারণের জন্ম প্রস্তুত্ত হইল। বৃদ্ধ তাহাদিগকে সহুপদেশ দিয়া সংসারের অসারতা হৃদ্য়ঙ্গম করিয়া দিলেন এবং আনেকে সেই উপদেশ গ্রহণ করিয়া গৃহী শিষ্যারূপে দীক্ষিত হইলেন। তাহার মধ্যে রাজা বিশ্বিসারও একজন।

পরে রাজা বিশ্বিদার বৃদ্ধদেবের নিকট কৃতাঞ্জলিপুটে নিবেদন করিলেন "প্রভো আমি যথন যুবরাজ ছিলাম, তথন আমার মনের সাধ এই পাঁচটী ছিল—প্রথম রাজ্যাভিষেকের অভিলাষ, দিতীয় আমার রাজ্যে বৃদ্ধদেবের চরণধূলি পড়ে এই ইচ্ছা; পরে তাঁহার দর্শন, উপদেশ শ্রেবণ এবং তাঁর উপদেশের মর্ম্মগ্রহণ—প্রভো, আমার এই পাঁচটী মনোরথই পূর্ণ হইরাছে, আমি এখন আপনাকে ধন্ত মনে করিতেছি। এইক্ষণে আমার মিনতি এই যে প্রভূতিকুমগুলী লইরা কল্য রাজ্যাটীতে মধ্যাহ্ন ভোজন করিয়া আমাকে অনুগৃহীত করেন।" বৃদ্ধদেব মৌনভাবে সম্মতি প্রকাশ করিলেন। পরদিন মধ্যাহ্ন পূর্বের্ধ বৃদ্ধদেব শিষ্যবর্গ সহ প্রাসাদে উপস্থিত হইলেন। রাজা স্বহত্তে অন্ধ ব্যঞ্জন মিষ্টান্ন পরিবেশন পূর্বাক তাঁহাদের যথোচিত আতিথ্য সৎকার করিলেন এবং ভোজন

নাত্তে বৌদ্ধ সভ্তেম বেণুবন উৎসর্গ করিয়া গুরুজীর মনস্তৃষ্টি সাধন করিলেন। (মহাবগ্গ)

এই আশ্রমে বুদ্ধদেব হুই মাদ অতিবাহিত করেন।

ঐ সময়ে রাজগৃহে সারীপুত্র ও মুদ্গলায়ন, এই হুই ব্রাহ্মণ বাস করিতেন। ইঁহারা পরিব্রাজক সঞ্জয়ের শিষা ছিলেন ও পরম বন্ধুভাবে গুরুর নিকট ধর্ম শিক্ষা করিতেন। তাঁহাদের প্রতিজ্ঞা এই যে আমাদের মধ্যে যিনি প্রথমে মুক্তির পথ খুঁজিয়া পাইবেন তিনি বৃদ্ধকে তাহা খুলিয়া বলিবেন। একদিন সারী-পুত্র বৃদ্ধ শিষা অর্থজিংকে দেখিতে পাইলেন; দেখিলেন তিনি রাজগৃহে ভিক্ষা পাত্র হস্তে দারে দারে ভিক্ষা করিয়া বৈড়াইতেছেন। তাঁহার স্থান্দর মুখন্দ্রী এবং প্রশান্ত গন্তীর মূর্ভি দেখিয়া বিশ্বয়ানন্দ ভাবে জিজ্ঞাসা করিলেন "ভাই, তোমার মুখন্দ্রী কি স্থানর! তাহাতে কি উজ্জল বিমল কান্তি দীপ্তি পাইতেছে! কাহার মন্ত্রে তুমি সয়্লাস গ্রহণ করিয়াছ? কে তোমাকে উপদেশ দিয়ছেন"?

অর্থজিৎ কহিলেন "শাক্য বংশীর গৌতম মুনি আমার গুরু, তাঁহারই উপদেশে আমি দীক্ষিত"।

সারীপুত্র—"তোমার গুরুর নিকট কি শিক্ষা পাইয়াছ ?"

আশ্বজিং— "আমি অল্প দিন হইল এই ধর্ম গ্রহণ করিয়াছি বিশেষ কিছু জানি না, আমি সবটা আপনাকে খুলিয়া বুঝাইতে পারিব না। আপনি আমার গুরুজির নিকটে গোলে যাহা জানিতে ইচ্ছা করেন তিন সকলি বলিরা দেবেন—আপনার সর্ব্ব সংশন্ন দূর করিবেন। বুদ্ধদেব কার্য্য কারণ শৃগুল সমস্তই অবগত আছেন.

হেতু-প্রভব ধর্ম সকলের হেতু এবং তাহাদের নিরোধ, তাহাদের আদি অন্ত সকলি জানেন ও সেইরূপ উপদেশ দিয়া থাকেন। \*

সারীপুত্র এই শুটি কত কথার মধ্যে সত্যের কতক জ্ঞান উপলব্ধি করিলেন, দেখিলেন বিশ্বচরাচর সকলি নশ্বর ক্ষণভঙ্গুর— যাহার জন্ম তাহার মৃত্যু, যাহার আদি তাহার অন্ত অবশুস্তাবি। এই নিয়ত ঘূর্ণায়মান ভবচক্র হইতে কিসে মুক্তি লাভ হয় তাহা ভাবিতে লাগিলেন; এবং কি সত্য জানিলে এই ভব-যন্ত্রণা হইতে নিস্তার পাওয়া যায় তাহা জানিবার জন্ম নিতাস্ত ব্যাকুল ইহয়া উটিলেন।

সারীপুত্র মূল্যলায়নের নিকটে গিয়া স্বীয় মনোভাব ও সংশয় সকল ব্যক্ত করিলেন। উভয়েই বুদ্ধের উপদেশ গ্রহণের জন্ত অধীর হইয়া পড়িলেন। তাঁহাদের গুরু সঞ্জয়ের অধীনে আর

লোকটা এই !—
বে ধন্মা হেতু গ্লন্ডবা
বেসাং হেতুৰ তথাগতঃ।
আহ বেসঞ্চ বো নিরোধো
এবদানী মহা সমনো ( পালি )।
বে ধর্মা হেতু প্রভবা হেতুন্তেষা তথাগতঃ।
হ্বন্দৎ তেবাং চ নিরোধ—এবদানী মহাক্রমণঃ ( সংস্কৃত )।
ভার্থ—ছঃধ্ময় এ ভবের উৎপত্তি কোপায়
শ্রমণ জানেন তার তথা সমূদায়।
কেমনে হয় বা সেই ছঃধের নিরোধ
তথাগত যথায়ধ করি দেন বোধ!

তাঁহারা থাকিতে চাহিলেন না, সঞ্জয়ের নিকট হইতে বিদায় লইয়া বুদ্ধের আশ্রমে উপনীত হইলেন। বুদ্ধদেব তাঁহাদের আদিতে দেবিয়া ভবিষ্যদাণী করিলেন, "এই যে ছজন ব্রাহ্মণ দেখছ ই হারা আমার শিষ্যদের মধ্যে কৃতী ও অগ্রগণ্য হইবেন।" এই বলিয়া তিনি স্বহত্তে তাঁহাদের দীকা দান করিলেন।

এই নবীন' শিষ্যদের প্রতি গুরুদেবের বিশেষ ক্ষেত্র ও অনুগ্রহ দৃষ্টে পূর্ব্ব শিষ্যেরা কিঞ্চিৎ মনঃক্ষা হইয়াছিলেন; পরিশেষে তিনি তাঁহাদের সকলকে একত্র করিয়া বৌদ্ধধর্ম-বীজের † ব্যাখান ও সত্তপর্বেশ দানে বিদ্বেষানল প্রশমিত করেন।

কথিত আছে এই রাজগৃহে অবস্থিতি কালে প্রতিমোক্ষের প্রধান প্রধান স্বত্ঞালি বিরচিত ও বৌদ্ধ সচ্ছেব পত্তন হয়—সেই প্রথম সভার নাম "প্রাবক সন্নিপাত।"

এই সুমস্ত ব্যাপার দেখিয়া শুনিয়া লোকেরা ক্ষেপিয়া উঠিল। কেহ বলিল গৌতম আমাদের গৃহবিচ্ছেদ ঘটাইতে আসিয়াছেন;

সর্বপাপস্স অকরণং
ক্সলস্স উপসম্পদা
সচিত্ত পরিরোদপণং
এতং বৃদ্ধান্ত্সাসনং
অর্থ—অকরণ পাপ-আচরণ,
মিয়ত কুশল-উপার্থন,
চিজ্তের সম্যক্ শোধন,
এই বৃদ্ধান্তশাসন।

<sup>া</sup> দীঘ নিকারের মহাপদান সতে বে বৌদ্ধ ধর্মবীজ দেওয়া হইয়াছে ভাহা এই—

কেছ বলিল, গৌতম আমাদের স্ত্রীদের বিধবা করিবার জক্ত আদিয়াছেন; তিনি আমাদের পরিবার সমাজ সকলি উলট পালট করিয়া দিতেছেন; সকলেই গৃহত্যাগী হইয়া সয়্যাসী হইতে চলিল। হাজার জটাধারী সয়্যাসীকে তিনি শিষ্য করিয়াছেন, সঞ্জয়ের আড়াই শো শিষ্য গুরুকে ছাড়িয়া গৌতমের পদানত; মগধ্ব ভাঙ্গিয়া যুবকেরা দলে দলে তাঁহার পদতলে আসিয়া লুন্তিত। নাগরিকেরা গৌতমের শিষ্যদের এইরূপে বিজ্ঞপ আয়ম্ভ করিল।

রাজগৃহে আইলেন গুরু মহাশন্ন,
আসিয়া পর্বত চূড়ে বাঁধেন আলন্ন।
সঞ্জয়ের শিষ্য-সবে ছিল যারা বৃদ্ধি-বৃহস্পতি
কোথায় কে গেল চলে, আর ভাই না জানি কি হুর্গতি!
ইহার উত্তরে গৌতম-শিষ্যেরা বলিতেন—

ধর্মবীর বৃদ্ধ যিনি সত্য তাঁর একমাত্র বল।
তাঁহার কি দোষ ভাই, মহিমা এ সত্যেরি কেবল।
এইরূপ শাক্য পক্ষীয় ও প্রতিপক্ষ দলের মধ্যে কথা কাটাকাটি
চলিত, তা ভিন্ন আর কোন গুরুতর হন্দ বিপ্লব উপস্থিত হয় নাই এ
বৃদ্ধ এই বাগ্বিতগুার ব্যাপার শুনিয়া কহিলেন, ভয় নাই এ
বিবাদ অধিক দিন স্থায়ী হইবে না, এক সপ্তাহের মধ্যেই সব গোল
মিটিয়া যাইবে। ফলে তাহাই হইল। (মহাবগ্রা)

বৃদ্দের যে কি আকর্ষণী শক্তি ছিল, তিনি নগরে গ্রামে বনে উপবনে বেখানে বাইতেন তাঁহার দর্শনার্থে, তাঁহার উপদেশ প্রবণ করিতে ঝাঁকে ঝাঁকে লোকেরা আসিয়া উপস্থিত হইত। অবস্তী প্রদেশে সোন নামক এক ভক্তের কথা শুনা যায়, ঐ দুর দেশে গৌতমের নাম তাঁহার শ্রুতিগোচর হইরাছে, ও তাঁহার দর্শনের নিমিত্ত তিনি বাাকুল। একবার বিরলে বিদিয়া তিনি ভাবিলেন, "আমি ভগবান বৃদ্ধের নাম শুনিয়াছি কিন্তু তাঁহাকে কথন চাকুষ দেখি নাই। আমার গুরুর আদেশ পাইলে আমি একবার তাঁহাকে দেখিয়া আসিব।" গুরুকে জিজ্ঞাসা করাতে তিনি কহিলেন, "যাও, গিয়া ভগবানের শ্রীচরণ দর্শন' কর। তিনি আনন্দের উৎস, মধুরভাষী, সংযমী, জিতেন্দ্রিয়, তাঁহার দর্শনে বহু পুণ্য উপার্জ্জন হইবে।" কিন্তু সোনের দাকা বিধি অনুষ্ঠানের জন্ম ১০ জন ভিক্ষ উপস্থিত থাকা আবশ্রুক—তিন বৎসর অপেক্ষা করিয়া অনেক কপ্তে এই দশজন ভিক্ষ্ সংগ্রহ পূর্ব্বক পোন শ্রাবন্তী যাত্রা করিলেন এবং জেতবনে গিয়া বৃদ্ধদেবের স্নির্বানে উপনীত হইলেন।

এই সকল ভক্ত বৃদ্ধের আশ্রমে আকৃষ্ট হইত, ইহা অপেক্ষা ও উক্ত দলের লোক তাঁহার উপদেশ শুনিতে আসিত। বৃদ্ধ যথন কোন প্রথাত নগরে বা কোন রাজার রাজধানীতে গাদিয়া উপস্থিত হইতেন তথন রাজা, নাগরিক বড় বড় লোকেরা কেহ রথে, কেহ গজপৃষ্ঠে, তাঁহার উপদেশ শ্রবণার্থ সমাগত হইতেন। 'সন্ন্যাস ধর্ম' নামক বৌদ্ধগ্রন্থের ভূমিকার আমরা এইরূপ একটা চিত্র দেখিতে পাই। এইরূপ লিখিত আছে যে একরাত্রে মগধরাজ অজাতশক্র তাঁহার প্রাসাদের ছাদে সচিব সহ উপবিষ্ট হইরা শরতের জ্যোৎলা উপভোগ করিতেছিলেন। আহা! সে জ্যোৎলা কি স্থলর, কি মনোহর! এই মধুর যামিনীতে সহসা রাজার মনে ধর্মতাব উদীপ্ত ইইল। তিনি মন্ত্রীদের পরামর্শ জিক্তাদা করিলেন, ব্রশক্ষণ শ্রমণের মধ্যে এমন সদগুরু কে আছে যিনি আমার মনের স্পৃহা পূর্ণ করিতে পারেন। মন্ত্রীরা কেছ একজনের নাম করিলেন। পরে রাজবৈত্য জীবককে জিজাসা করাতে তিনি কছিলেন "ভগবান বৃদ্ধ শিষ্য সমন্তিব্যাহারে আমার আত্রবনে বিশ্রাম করিতেছেন, তিনশত ভিক্ তাঁহার সহচর। ত্রিজগতে তাঁহার নাম ক্রীর্ত্তি—তিনি সর্ব্ধণাত্র-বিশারদ, স্থরনর-গুরু, মহাজ্ঞানী বৃদ্ধদেব। তাঁহার দর্শনে চলুন, তাঁহার উপদেশ শ্রবণে মহারাজ প্রীত হইবেন সন্দেহ নাই।" রাজা তথনি হত্তী সজ্জা প্রস্তুত্ত করিতে আদেশ করিয়া রাণীদের সঙ্গে স্সেই মধুময় জ্যোৎলা রাত্রে রাজগৃহ্ছার দিয়া জীবকের আত্রবনে উপনীত হইলেন এবং তথার বৃদ্ধের নিকট সয়্যাস-ধর্ম্মের উপদেশ শ্রবণানস্তর গৃহী শিষ্যরক্ষে গৃহীত হইলেন।

এই সমস্ত বর্ণনা হইতে আমরা বৃদ্ধ দেবের জীবন চিক্র কতকটা মনে আনিতে পারি। তিনি কোন নগরের সন্নিকট হইলে রাজা প্রজা ছোট বড় সকলেই তাঁহার দর্শন আথে বুঁকিয়া পড়িত। কুশীনগরের মন্নেরা, বৈশালীর লিচ্ছবি বৃবকণণ তাঁহার দর্শনার্থে সমাগত, তার সঙ্গে অবপালী গণিকা ও কেলা যার না। উপদেশ সমাপ্ত হইলে বৃদ্ধের ভক্তমশুলী পরদিন তাঁহাকে ভোজনে নিমন্ত্রণ করিত। মধ্যাহে আহার প্রস্তুত হইলে গৃহস্বামী বলিয়া পাঠাইতেন যে ভোজন প্রস্তুত তথন বৃদ্ধ তাঁহার বসনত্রর পরিধান পূর্ব্বক ভিক্ষাপাত্র হতে গমাস্থানে উপস্থিত হইতেন। তথার ফ্রান্থ অন্নব্যঞ্জন যাহা কিছু প্রস্তুত হইতে গৃহক্রীই পরিবেশন করিতেন। আহারাস্তে

শ্রাবকবর্গ দলবলে বৃদ্ধ পার্ষে উপবিষ্ট হইতেন ও তাঁহার উপদেশামৃত পান করিয়া আনন্দ মনে স্ব স্ব গৃহে প্রত্যাগমন করিতেন।

যদি ও ধরিয়া নেওয়া যায় যে বুদ্ধদেব বর্ণাশ্রম ধর্ম্মের উপর
আহাশৃন্ত ছিলেন, প্রত্যুত, ব্রাহ্মণ শৃদ্ধ আর্য্য রেচ্ছ নির্কিশেষে
ধর্ম ও সজ্যে সর্কান্তির সমান অধিকার বোষণা করিতেন, তথাপি
কার্য্যতঃ দেখা যায় যে বুদ্ধের প্রথম শিষ্যমগুলী প্রায় সকলেই
উক্ত কুলোদ্ভব। বুদ্ধ তিনি নিজে ক্ষত্রিয় ছিলেন, তাঁহার প্রধান
প্রধান শিষ্য ও উক্ত কুলজাত। তাঁহার নবোপার্জিত শিষ্য মণ্ডলীর
মধ্যে যে সকল নাম দেখা যায় তাহা—

সারীপুত্র, মুন্দল পুত্র, কাশ্মপ ব্রাহ্মণ সস্তান।
আনন্দ, দেবদন্ত বুদ্ধের আত্মীয়, রাহল তাঁহার পুত্র।
অনিক্ষম রাজা শুদ্ধোদনের ভাতৃম্পুত্র।

যশ বণিক সন্তান, তাঁহার কুলমর্যাদা কম মনে হয় না। ছই
একজন নীচবর্ণও দেখিতে পাওয়া যায় সত্য, যেমন উপালী কিন্তু
উশালী নিতান্ত সামান্ত লোক নহেন, তিনি রাজনাপিত।

সারী পুত্র ও মুগদলায়ন ছই ব্রাহ্মণ শিষ্য বৃদ্ধের প্রথম শিষ্যদের মধ্যে স্থপ্রিকি। তাঁহারা বৃদ্ধদেবের প্রেট্ বয়স পর্যান্ত জীবিত থাকিয়া তাঁহার বিশ্বস্ত ভক্ত বলিয়া পরিচিত ছিলেন। সারীপুত্র তাঁর সজ্জের জ্যেষ্ঠ পুত্র এবং বৌদ্ধধর্মের ভূষণ স্বরূপ গণ্য ছিলেন। আনন্দ তাঁহার প্রিয়শিষ্য আমরণ গুরু সেবায় নিযুক্ত ছিলেন। বৃদ্ধের শেষ বয়সের ঘটনাবলী আনন্দের সহিত জড়িত ও তাঁহার অন্তিমকালের শেষ উপদেশ আনন্দকে সম্বোধন করিয়াই প্রদন্ত হয়। উপালী ও বৌদ্ধ শাস্ত্র প্রণেতা বলিয়া বৌদ্ধ সমাজে থায়িত

লাভ করেন। বুদ্ধের শ্রালক দেবদত্তের সহিত আপনার। কতক পরিচিত আছেন। তিনি স্বীয় গুরুর বিরুদ্ধে যে সমস্ত ষ্ড্যন্ত্র করিয়াছিলেন তাহার বিবরণ পূর্বেই কিছু কিছু বলা হইয়াছে।

অতংপর বুদ্ধের অনেক গৃহস্থ শিষ্য ও দেখিতে পাওয়া যায়। তাঁহারা গৃহ সম্পত্তি পরিবারে পরিবৃত থাকিয়া ও বৌদ্ধ সঙ্গে দানাদি অমুষ্ঠানে খ্যাতিলাভ করিয়াছেন। ভিক্ষুদশের পার্ষে এই সমস্ত ধর্মনীল গৃহস্থেরা দণ্ডায়মান ছিলেন। ভিক্লুদের নিকট হইতে তাঁহারা উপদেশ গ্রহণ করিতেন ও তাহার বিনিময়ে অর বস্ত্র দান, ভূমি-দান দ্বারা ভিক্ষু সমাজ পোষণ করিতেন। এই ∤সকল ভক্তের মধ্যে মগ্রধাধিপতি বিশ্বিসার ও কোশলেশ্বর প্রসেনজিৎ (পশেনদী) পরিগণিত হইতে পারেন। বি**শ্বিসারের রাজবৈত্য** জীবক—তিনি শুধু রাজ পরিবারের বৈদ্য ছিলেন তাহা নহে কিন্তু বৃদ্ধ ও বৌদ্ধ সজ্বের চিকিৎসা ভার ও তাঁহার হত্তে সমর্পিত ছিল। তাহা ছাড়া অনাথপিণ্ডিক বণিক গাঁহার অমুগ্রহে বৌদ্ধ সভ্য বৃদ্ধ দেবের প্রিয় শান্তি-নিকেতন জেতবন উপার্জন করেন; ব্রুদেব প্রচারে পরিভ্রমণ কালে এই সমস্ত গৃহস্ত শিষ্য সংগ্রহ করিতেন এ ভিক্ষাদান, ভূমিদান, গৃহ ও উদ্যানে সভার আয়োজন, এইরূপে তাঁহারা ভিক্ষু দলের আতিথ্য সংকারে নিযুক্ত থাকিয়া বিবিধ উপায়ে ধর্ম প্রচারে সহায়তা করিতেন।

#### ধর্ম প্রচার।---

ভারতের প্রাচীন ধর্ম যে সমস্ত কুসংস্কার জালে আচ্ছর হইয়া-ছিল তাহা ফেলিয়া দিয়া, সেই ধর্মের যে সত্য স্থন্দর মধুর ভাব তাহা রক্ষা করিয়া, বাহাড়ম্বর বাদ দিয়া ধর্মের সহজ সত্য সকল আধ্যাত্মিক ভাবে গ্রহণ করিয়া, সম্দায় ভারতবাসীকে মৈত্রীবন্ধনে বন্ধ করিয়া বৃদ্ধদেব সরল সহজ ভাষায় জাতিকুল নির্বিশেষে আপামর সাধারণ জনপদের মধ্যে তাঁহার ধর্ম প্রচারে জীবন উৎদর্গ করিলেন। তাঁহার কর্ষণক্ষেত্র প্রয়াগের পূর্ব্ব, গোড়ের পশ্চিম, হিমালয়ের দক্ষিণ ও গন্দোয়ানার উত্তর এই চতুঃ-সীমার মধ্যবর্ত্তীত্বল— জ্বোধ্যা, মিথিলা, বারাণদী, মগধ এই সমস্ত রাজ্য। তাঁহার শিষ্যেরা তাঁহার হত্তের বীজ লইয়া দেশ দেশান্তরে ছড়াই-বার জন্ত বাহির হইলেন।

হিন্দ্ধর্ম প্রচার-স্থলভ বিশ্বজনীন ধর্ম নহে। হিন্দুক্লে জন্মগ্রহণ না করিলে হিন্দু হওয়া যায় না—এমন কি, হিন্দু সমাজ বর্ণাশ্রম ধর্মের কঠোর নিয়মে আটে ঘাটে এমনি বন্ধ যে, যে ব্যক্তি যে বর্ণে জন্মিয়াছে সে কোন উপায়েই তাহার বাহিরে যাইতে পারে না এবং স্ববর্ণের গণ্ডীর ভিতর অক্তকে গ্রহণ করিতেও অপারক। তাহা ছাড়া, ব্রাহ্মণ্য ধর্মের উচ্চ অঙ্গের শিক্ষা ও উপদেশ উচ্চ বর্ণেই আবদ্ধ। সে শিক্ষা সর্ব্ব জাতির সাধারণ সম্পত্তি নহে, উচ্চ বর্ণের এক চেটিয়া—শূজাদি হীণবর্ণ তাহা হইতে বঞ্চিত। বৌদ্ধর্ম্ম ইহার ঠিক বিপরীত। বৃদ্ধদেব তাহা হইতে বঞ্চিত। বৌদ্ধর্ম্ম ইহার ঠিক বিপরীত। বৃদ্ধদেব তাহার শিষ্যদিগকে যেমন স্বধর্ম পালনের উপদেশ দিতেন সেইরূপ দেশ বিদেশে বিভিন্ন জনপদের মধ্যে সেই ধর্ম্ম প্রচারেও উৎসাহিত করিতেন। তাঁহার উপদেশাক্ষ্যারে ভিক্ষ্পল দেশ দেশান্তরে বিক্ষিপ্ত হইয়া বৌদ্ধ ধর্ম্ম বীক্ষ বপনে প্রাণপণে সচেষ্ট্র হইলেন।

অশোকের পিতামহ চক্র গুপ্ত অথবা তাঁহার পিতা বিশ্বিসার বৌদ্ধর্শের পক্ষপাতী ছিলেন কি না তাহার কোন প্রমাণ পাওয়া যায় না , চন্দ্রগুপ্ত চানক্যের ষড়যন্ত্রে মগধ সিংহাসন অধিকার করেন, অভএব তাঁহার উপর ব্রান্ধণ্যের শাসন বলবত্তর থাকাই সম্ভব। বৌদ্ধবর্দ্মের প্রধান নায়ক ও অবলম্বন অশোক রাজা। অশোক রাজা।

বৈশালী মহাসভ্যের ১১৮ বৎসর পরে নুগাৎ খুষ্ট পুর্বে ২৫৯ অবে অশোক বৌদ্ধর্ম 🕙 🐪 হার উৎসাহ প্রভাবে বৌরধর্মের সাতিশয় প্রাত্তাব ্টনি এত চৈত<u>্</u>তা, এত স্তৃপ ও অন্ত অন্ত প্রকার বার্টি-নিকেতন প্রস্তৃত করেন তাহার চিহ্ন সকল ছুই সহস্র বৎসরাস্তেও কালের হস্তে বিলুপ্ত হয় নাই। মগ্রধ রাজ্যে অন্যন ৬৪০০০ বৌদ্ধ ভিক্ প্রতিপালিত হইত এবং উহাদের বাসোপযোগী বিহারে বিহারে ঐ প্রদেশ এমনি ভরিয়া যায় যে বিহার নামেই উহার নামকরণ হইল—ঐ নাম এখনো পর্যান্ত চলিয়া আসিতেছে। রোম-<u>শামাজ্যে কন্ট্রান্ট্রাইন রাজার খ্রীষ্ট্রধর্ম্মের সহিত যে সম্পর্ক.</u> মগধ রাজ অশোক বৌদ্ধধর্ম সম্বন্ধে সেই রূপ। তিনি সমগ্র ভারতে বৈদ্ধিবর্ম প্রচারে ব্রতী হয়েন; শুধু স্বরাজ্যে নর, ভারতের বহির্ভাগেও ধর্ম্মযাজকগণ প্রেরণ করেন। বলগা হইতে জাপান, সাইবিরিয়া মোঙ্গলিয়া হইতে সিংহল খ্রাম পর্য্যস্ত যেখানে যেখানে বৌদ্ধধর্ম্মের বিস্তার সেথানেই অশোকের নাম প্রকীর্ত্তিত। অশোক রাজার ধর্মামুশাদন গুলি \* কতক

যে অষ্ট শিলালেখ্য প্রসিদ্ধ তাহা—

 <sup>)</sup> নাহাবাজ-গড়—পেনোয়ারের উত্তর পূর্ব ২০ ক্রোশ দ্র উসফজাই বিভাগে।

গিরিপৃঠে বা গিরি গুহার খোদিত, কতকবা শিলা স্তম্ভোপরি মুদ্রিত। সমুশাসন স্তম্ভ সকল দিল্লী, আলাহাবাদ ও অস্থাস্ত স্থানে দেখিতে পাওয়া যার এবং শিলা লিপি সকল পেশোরার গিণার (কাঠেওফা মধ্য হিন্দুস্থান, মাক্রাজ এবং উড়িয়ার

- ২। খালসি—২ দেকা তিমালয় হইতে নিঃস্ত হইয়া চলিতে আরম্ভ কয়িঃ ন্নদীর পশ্চিমকুলে।
- ৩। গিণার—ব ত্রা জুনাগড়ের নিকট সোমনাথের ২০ ডেগশ উত্তরে।
- ৪। ধৌলী —উড়িষ্যা —কটকের ১০ ক্রোশ দক্ষিণে এবং পুরীর
   ১০ ক্রোশ উত্তরে।
  - ে। জৌগদ---গাঞ্জাম বিভাগ ( মাক্রাজ )
- ধরাট (জয়পুর রাজ্য) হইটি লেখ, একটি এসিয়াটিক সোসাইটির গৃহে স্থাপিত।
  - ৭। রূপনাথ ( কার্ম্র পর্বত তলে )
- ্ ৮। সহসরাম—ব্য়রার বা হুমরাও হইতে প্রায় ২৫ জ্রোশ দক্ষিণে।

#### স্তম্ভ ।---

- >। २। দিল্লী (ফিরোজসা লাট) ত্ইটি দেখা যার ফিরোজ সা বাদসা সিবালিক এবং মিরট হইতে স্থানাস্তরিত করিয়া দিল্লীতে রাথিয়া দেন।
  - 2। व्यामाश्चाम-अद्यात्भव कुर्ग मत्था ।
  - ৪। লৌরিয়া---বেটিয়ার নিকটস্থ লৌরিয়া গ্রামে।
  - 🛾 । লৌরিয়া--পাটনার উত্তর পশ্চিম ৭৭ মাইল।

আবিষ্কৃত হইয়াছে। সর্বাশুদ্ধ চতুর্দ্ধশ শিলাগিপি প্রাপ্ত ছওরা
গিয়াছে, তমধ্যে একটি লিপিতে পঞ্চগ্রীক রাজার \* সহিত সদ্ধি
স্থাপনের উল্লেখ আছে, প্রিয়দর্শীর রাজত্বের ১০শ বর্ষে এই
লিপি উৎকীর্ণ হয়। এই সমস্ত অনুশাসন হইতে প্রতিপন্ন
হইতেছে যে খৃষ্টপূর্ব্ব তৃতীয় শতাকে সীরিয়া, মিশর,
গ্রীস, মাাসিডন প্রভৃতি দূর দ্রান্তর প্রদেশও বৌদ্ধধর্ম
প্রচারের উল্লোগ চলিয়াছিল। ত্রয়োদশ আদেশ পত্রে প্রিয়দশী
বলিতেছেন—

"গ্রীকরাজ আণ্টিয়োকদের (antiochu») রাজ্যে এবং তুরময়

Ptolemy), আন্টিকিনি, (Antigonus), মক (Magus),

ত্বৈজ্যে এবং অস্তান্ত স্থানে দেবানাং প্রিন্ন প্রিয়দশীর ধর্মের অমুজ্ঞা

সকল যেথানে প্রচারিত হইতেছে, সেই থানেই লোকদিগেকে

ধর্মাভুক্ত করিতেছে। দেশ বিজয় বছপ্রকারে হইতে পারে।

কিন্তু ধর্মের জয় সক্রাপেকা আনন্দপ্রদ—এই প্রকার বিজয়ই

সর্কতোভাবে বাছনীয়।"

<sup>\*</sup> পঞ্জীকরাজ--

<sup>1.</sup> Antiochus of Syria.

<sup>2.</sup> Ptolemy of Egypt, father of Ptolemy Philadelphus.

<sup>3.</sup> Antigonus of Lycia &c.

<sup>4.</sup> Magus of Cyrene.

<sup>5.</sup> Alexander of Epirus, Maternal Uncle to Alexander the Great.

অশোকের অমুশাসন গুলি স্নেহ বাৎসল্য, দয়া দাক্ষিণ্য, ভক্তি
অহিংসাদি সাধারণ ধর্ম্মনীতির উপর দিয়াই গিয়াছে—তাহার
একটী ভিন্ন অপর কোন লেখে প্রিয়দর্শী আপনাকে বৌদ্ধ
বিলয়া পরিচয় দেন নাই; প্রত্যুত, একস্থানে ধর্ম্মবিষয়ক অপার
উদার্য্য প্রকাশ করিয়া লিখিয়া রাখিয়াছেন যে 'প্রিয়দর্শার ইচ্ছা
যে অবৌদ্ধ পাষণ্ডেরাও তাঁহার রাজ্যে নির্বিদ্ধে বাস করুক
কেননা তাহারাও ভাবভদ্ধি এবং ধর্ম্মের শান্তি কামনা করে।'
কেবল একটী অমুশাসনে বৌদ্ধর্মের বিশেষ প্রসঙ্গ দেখা
যায় সৈটি মগধ সজ্বকে সধ্যোধন করিয়া লিখিত—তাহাতে
আছে—

"রাজা প্রিয়দর্শী সভ্যের কুশল কামনা করিতেছেন। বৃদ্ধ,
ধর্মা ও সভ্যের উপর আমার কি প্রগাঢ় ভক্তি শ্রদ্ধা, মহাশয়েরা
অবগত আছেন। বৃদ্ধ যে উপদেশ দিয়াছেন তাহা সকলই সত্পদেশ—তাঁহার আজ্ঞামুরূপ চলিলে সত্য ধর্মা বহুকাল স্থরক্ষিত
থাকিবে।" পরে তিনি দৃষ্ঠান্ত স্বরূপ সাতটি ধর্মাতত্ত্ব পালি-শাস্ত্র
ছুইতে প্রকটন করিয়াছেন—

- >। বিনয় সমুৎকর্ষ ( প্রতিমোক্ষ হইতে )
- ২। আর্য্যবশ ( সঞ্চীতি স্ত্র হইতে )
- ৩। অনাগত ভয় (অঙ্গুতর)
- ৪। মুনি গাথা
- ে। মৌনী হুত্র
- ৬। উপতিস্স-পসিণ, উপতিষ্য = সারীপুত্র প্রশ্ন (বিনয়)
- ৭। রাহুল বাদ, রাহুলের প্রতি বুদ্দের উপদেশ।

"এই দকল কথা শ্রমণ শ্রমণা ও বৌদ্ধ গৃহস্থগণ প্রণিধান পূর্ব্বক শ্রবণ ও মনন করিবেন এই অভিপ্রায়ে আমি এই অফুশাসন প্রচার করিতেছি।" ('বিরাট' অনুশাসন)

#### ধর্ম মহামাত্র-প্রতিবেদক

এই সমস্ত অমুশাসন লিপি হইতে আরো জানা মায় বে অশোকের রাজত্ব কালে "ধর্ম মহামাত্র" নামে এক শ্রেণীর কর্মচারী
নিযুক্ত হন, ধর্মের পবিত্রতা রক্ষণ এবং ধর্মপ্রচার এই হুই বিষয়ের
তর্বাবধানের ভার তাঁহার প্রতি অর্পিত ছিল। প্রজাবর্গের নির্বৈত্তরেই
ধর্ম্ম প্রচারের বিশেষ আরেশ্রক এই হেতু অনার্য্য জাতিগণের সংরক্ষণ
ও উন্নতি সাধন উল্লিখিত ধর্মাধ্যক্ষের কর্ত্তবা মধ্যে গণ্য ছিল।
আর এক শ্রেণীর কর্মচারীর নাম প্রতিবেদক, প্রজাদিগের নীতি
সম্বন্ধে তত্ত্বাবধান করা ভাহাদের ও কার্য্য ছিল। প্রজাদের আচার
ব্যবহার হিতাহিত তন্ন তন্ন অমুসন্ধান করিয়া তৎসম্বন্ধীয় সকল
সংবাদ প্রতিবেদকেরা মহারাজের নিকট আনিয়া দিতেন।

অশোক স্বীয় রাজ্যে ধর্ম প্রচারের ব্যবস্থা করিয়াই নিরস্ত্ব হন নাই,—পথের ধারে বৃক্ষরোপন, কুপবাপী থনন, পশুহিংসা নিবারণ, পশু ও মন্তুর্যার মধ্যে স্বতন্ত্র স্বতন্ত্র চিকিৎসালয় স্থাপন, স অন্তঃপুর বাদিনা ও আর আর লোকের জন্ম ধর্ম ও নীতি-শিক্ষা-প্রণালী প্রবর্তন, এইরূপ বিবিধ উপায়ে প্রজাগণের হিত্যাধনের চেন্তা পান। তাঁহার অনুশাসন লিপিতে এই সমস্ত ধর্ম কার্যোর অনুষ্ঠানও কর্মচারী নিয়োগের বার্ডা লিখিত আছে।

অশোকের রাজত্বের অস্তাদশ বর্ষে পাটলিপুত্রে বোদ্ধদের তৃতীর মহাসভা হয়, সে সভায় প্রায় ১০০০ স্থবির ভিক্ষু উপস্থিত ছিলেন। মুক্রদাপুত্র তিষ্য তাহার অধ্যক্ষস্থানে ছিলেন এবং সভারকার্য্য প্রায়

মান ধরিয়া চলে। বিনয় ও ধর্মের পাঠ ও আবৃত্তি—তাহার কোন্
ভাগ শাস্ত্রীয় কোন্ ভাগ অশাস্ত্রীয়—কি গ্রাহ্ম কি ত্যজ্য তাহা
নিরূপণ, আদিসমাজের নিয়ম ও ধর্ম সংরক্ষণ, সাম্প্রদায়িক মত
খণ্ডন ইত্যাদি কার্য্য সম্পন্ন হয়। ইহা বলা আবশ্যক যে, উত্তর
দেশীয় বৌদ্ধ শাস্ত্রে এই পাটলিপুত্র সভার কোন উল্লেখ নাই;
ইহার বিষয় যাহা কিছু জানা যায় তাহা এক-দেশ-দর্শী দক্ষিণ শাখার
গ্রন্থ সকল হইতে জানা গিরাছে, বিরুদ্ধ পক্ষের কথা শুনিতে পাইলে
এ সভার বিবরণ আরো স্পষ্ট বুঝা যাইত।

কিন্তু এ সভার শাস্ত্রীয় বিচার যাহাই হউক না কেন, ধর্ম প্রচার কার্য্যে ইহার বিশেষ মনোযোগ আকর্ষিত হয় এবং এই কার্য্য স্থসম্পন্ন করায় ইহার সমধিক গৌরব বলিতে হইবে। সভার কার্য্য শেষ হইবামাত্র অশোক রাজা কার্ম্মীর, গান্ধার, মহীশূর, বনবাস (রাজস্থান), অপরস্তক (পশ্চিম পাঞ্জাব), মহারাষ্ট্র, যবন লোক (বজুিয়া ও গ্রাক রাজ্য), হিমালয়, স্থবর্ণ ভূমি (মূলয়) এবং লন্ধানীপে ধর্ম প্রচারকর্গণ প্রেরণ করেন। অশোকের অমুশাসন লিপিতে আরো অনেক দেশের নাম পাওয়া যায়; চোলা (তাঞ্জোর), পাও্য (মহুরা), সাতপুর (নর্ম্মদার দক্ষিণ পর্বাত্তরেশী) এবং আর্টিয়োকদের গ্রীকরাজ্য, এই সকল দেশকে ধর্ম্মদ্বেদ্ধে পরাজয় করা অশোকের মনোগত অভিপ্রায় ছিল এবং তিনি স্পষ্টই বল্লিয়, গিয়াছেন ধর্ম্ম বিজয়ই সমধিক বাশ্থনীয় ও আননক্ষনক।

निः हल वोष्मध्य।

ধর্ম প্রচার উদ্দেশে অশোক যে সকল বৌদ্ধ ভিকু দেশ

বিদেশে প্রেরণ করেন তাহাদের মধ্যে তাঁহার নিজের পুত্র মহেক্রের সিংহল প্রয়াণ বিশেষ উল্লেখ যোগ্য। তথন দেবানাং প্রিয়তিষ্য সিংহলের রাজা, তাঁহার নিকট অশোকপুত্র মহেন্দ্র দলবলে উপস্থিত হয়েন। তিয়া তাঁহাকে সাদরে অভ্যর্থনা করেন ও আপনি অনতিকাল বিলম্বে বৌদ্ধধর্ম গ্রহণ করেন। অমুরাধাপুরের অনতিদূরে মহিস্তালী পর্বত শিখরে যে বৌদ্ধ মঠ আছে তাহা তাঁহারই আদেশ ক্রমে নির্মিত হয়। এই পর্বতাশ্রমে মহেন্দ্র কতিপয় বংসর যাপন করেন। পাহাড় খুদিয়া তাঁহার জন্ম যে গুহাশ্রম নির্মিত হইয়াছিল ইতাহার চিত্র সকল অত্যাপি •বর্তমান। মহেল্রের পর্বতাশ্রম হইতে নিমদেশস্থ স্থবিস্থত অধিত্যকা দৃষ্টিগোচর হয়। গিরিচ্ছত্র ছারার আশ্রমটী সূর্য্যকিরণ হইতে সুরক্ষিত। জনমানব নাই সকলি নিস্তন: নিয়দেশ হইতেও জনকোলাহল শ্রুতি-গোচর হয় না কেবল ভ্রমরের গুণ গুণ শব্দ ও বুক্ষ পত্রের মর্ম্মর ধ্বনি ভিন্ন আর কিছুই শোনা যায় না। বৌদ্ধ শান্ত বিশারদ Rhys Davids এই মাশ্রম দর্শন করিয়া বলিয়াছেন "এই শান্তিপ্পর্ণ শীতল কক্ষে প্রবেশ করিয়া যে দিন এই স্থান দর্শন করিলাম— **এই ऋम्पत्र विक्रम** .श्राम राशात २००० वरमत भूर्का स्मर्ह মহোৎসাহী ধর্ম প্রচার ধ্যান করিতেন ও লোক দিগকে ধর্ম শিক্ষা দিতেন—সেদিন আমার স্মৃতি-পথ হইতে কথনই অপসারিত হটবার নহে।"

রাজার অন্তঃপুর বাসিনীদের মধ্যে অনেকে বৌদ্ধধর্ম গ্রহণের ইচ্ছা প্রকাশ করায় মহেন্দ্র তাঁহার বৌদ্ধ ভগিনী সঙ্ঘ মিত্রাকে ডাকিয়া আনাইলেন। পিতার নিকট হইতে বিদায় লইয়া সঙ্ঘমিত্রা কতকগুলি ভিক্ষুণী সহ সিংহলে উপস্থিত হইলেন ও নৃতন শিষ্যদিগকে বৌদ্ধধৰ্মে দীক্ষিত করিলেন।

সভ্যমিত্রা সঙ্গে করিয়া বোধিবৃক্ষের এক শাখা লইয়া আদেন—দেই অস্বথ বৃক্ষ যাহার তলে বৃক্ষেবে দিব্যজ্ঞান লাভ করিয়া প্রবৃদ্ধ হইয়াছিলেন। এই শাখা অন্থরাধাপুরে রোপিত হয় ও ইহা বন্ধুন হইয়া এইক্ষণে প্রকাণ্ড অর্থথ হইয়া দাঁড়াইয়াছে। ঐতিহাসিক বৃক্ষের মধ্যে ইহা অতি প্রাচীন বলিয়া
বিখ্যাত। খৃঃ পৃঃ ২৮৮ শতাকে ইহা রোপিত, স্তরাং ইহার বয়ঃক্রম হুই সহন্র বংসরের অধিক হইবে।

দেবানাং প্রিয় তিষ্য ২০ বৎসর রাজত্ব করিয়া মহেন্দ্রের পূর্বের কৈছতার করেন। তাঁহার মৃত্যুর পর বহুতর রাজ-বিপ্লব সংঘটিত হয় কিন্তু মহেন্দ্র যে বীজ বপন করিয়া যান তাহা সতেজ্ব সবল বৃক্ষ রূপে সিংহলে এরপ বদ্ধমূল হয় যে তাহার উপর দিয়া রাজ-বিপ্লবের প্রচণ্ড ঝড় বহিয়া গিয়াও তাহার কোন ক্ষতি করিতে পারে নাই। গোতমের মৃত্যুর ৩৩০ বৎসর পরে বন্ত-গামনীর রাজত্ব কালে ত্রিপিটক বৌদ্ধশান্ত্র সিংহলী ইইতে পালি ভাষায় প্রথম লিপিবদ্ধ হয়। (মহাবংশ)

মহেদ্রের কয়েক শতাকী পরে ব্রুঘোষ, সিংহলে আসিয়া
বৌদ্ধশাস্ত্রের ভাষ্য (অর্থকথা) প্রভৃতি প্রণয়ন করেন। মহেদ্রের
নীচেই তাঁহার নাম সিংহলে প্রকীর্তিত। ৪৫০ খুপ্তাকে তিনি
সিংহল হইতে ব্রহ্মনেশ্দে গমন পূর্বক বৌদ্ধর্ম্ম প্রচার করেন।
তৎপরে খ্রামদেশে ঐ ধর্ম প্রবেশ করে, তথা হইতে স্থমাত্রা যবদ্বীপ
ও তৎপত্রিহিক অস্তান্ত স্থানে নীত হয়। সপ্তম হইতে দ্বাদশ
শতাকী পর্যান্ত ভারতবর্ষ হইতে অনেকানেক বৌদ্ধ ভিকু তিব্বত,

নেপাল, সিংহল, শ্রাম, ব্রহ্মদেশ গমন করত ধর্ম প্রচার করেন। ধন্ত তাঁহাদের ধর্মান্ত্রাগ! ধন্ত তাঁহাদের উদ্যম ও অধ্যবসার!

### গ্রীকরাজ মিলিন্দ।---

উত্তবে খৃষ্টান্দ পূর্ব্বেই বৌদ্ধধর্ম প্রচার আরম্ভ হইরাছিল তাহার অনেক প্রমাণ প্রাপ্ত হওয়া যার। বে॰ সমর ভারতে গ্রীকরাজ্য প্রতিষ্ঠিত হয় তথনও ঐ ধর্মের প্রভাব অক্ল্ম ছিল। 'মিলিন্দ প্রশ্ন' নামক গ্রন্থে বৌদ্ধ ভিক্ষু নাগদেন ও গ্রীকরাজ্য মিলিন্দের মধ্যে যে বৌদ্ধমত সংক্রান্ত কথাবার্ত্তা আছে তাহাতে নাগদেন যবনরাজের সমৃদয় যুক্তি তর্ক খণ্ডন করিয়া কিরূপে স্বমত সমর্থন করিয়াছেন তাহা পাঠ করিয়া বৌদ্ধ তপস্বীর তীক্ষ বৃদ্ধি ও পাণ্ডিভারে বিলক্ষণ পরিচয় পাণ্ডয়া যায়।

### রাজা কনিক।--

খৃষ্ঠান্ধ প্রবর্তনের কিছু পূর্ব্বে এক শক জাতীয় নূপতি উত্তর ভারত খণ্ডে স্বীয় আধিপত্য স্থাপন করেন। ঐ জাতীয় তৃতীয় রাজা কনিক কাবুল হইতে পঞ্জাব, দিন্ধু হইতে আগ্রা পর্যান্ত এক স্থবিস্থত রাজ্য পত্তন, করিয়া যান। কাশ্মীর তাঁহার রাজধানী। কনিক একজন উৎসাহী বৌদ্ধ ছিলেন এবং তাঁহার রাজধানী। কনিক একজন উৎসাহী বৌদ্ধ ছিলেন এবং তাঁহার রাজধানী। জালদ্ধরে যে মহাসক্ত হয় তাহা হইতে মহাযান গ্রন্থ সকল বিনিঃস্তত। পূর্ব্বে বলা হইয়াছে এই সভায় বৌদ্ধশান্তের তিনটী মহাভাষ্য সংস্কৃত ভাষায় প্রস্তুত হয় কিন্তু এই সকল গ্রন্থ হইতে
মূলধর্শের বিশ্বদ্ধতা রক্ষার কোন সাহায্য হয় নাই। দক্ষিণে প্রথম হইতে বৌদ্ধশান্ত সমুদ্ধর পালি ভাষায় প্রস্তুত হওয়াতে ধর্শ্ব বিষয়ক

উচ্ছৃ ঋণতা অনেকাংশে নিবারিত হয় উত্তরে সেরূপ দেখা যায় না। সেখানে বৌদ্ধর্ম্ম কোন বন্ধন না পাইয়া কামরূপী মেঘের স্থায় নানা স্থানে নানা মূর্ত্তি ধারণ করিয়াছেন।

# **हीनएएम (वोक्ष धर्म।**—

৬১ খুষ্টাব্দে তীনদেশে বৌদ্ধ ধর্মের প্রকৃত পত্তন হয়। প্রবাদ এই যে তথনকার সম্রাট মিং-তি স্বপ্ন দেখেন যে একটি সোনার দেবতা তাঁহার প্রদাদে অবতীর্ণ হইয়াছেন —এইরূপ স্বপ্ন দেখিয়া তাহার অর্থ মন্ধ্রীকে জিজ্ঞাসা করেন। মন্ত্রী এই অর্থ করেন যে পশ্চিমা-ঞ্লে বৃদ্ধদেবের আবির্ভাব হইয়াছে হয়ত তাঁহার সঙ্গে এই স্বপ্লের কোন যোগ থাকিবে। চীন সম্রাট বৃদ্ধের আসল তথা জানিবার নিমিত্ত ভারতে দৃত প্রেরণ করেন। দৃতগণ তুইজন বৌদ্ধ সন্ন্যাসী ও পঁ,থি ছবি প্রভৃতি কতকগুলি জিনিস লইয়া প্রত্যাগমন করেন। সমাট ভিক্ষদের উপদেশে বৌদ্ধধর্ম গ্রহণ করিয়া তাঁহার রাজধানীতে এক বৌদ্ধ মন্দির নির্মাণ করিলেন। সেই সময় হইতে চীন দেশে অরে অরে বৌদ্ধর্ম প্রচার হইতে লাগিল। পঞ্চম শতাব্দীতে বৌদ্ধ-সন্ন্যাসী কুমারজীব অপর ৮০০ ভিক্ষুক সাহায্যে চীন ভাষায় বৌদ্ধশাস্ত্র অমুবাদ করেন। তৎপরে ফাহিয়ান হুয়েন সাং ইৎসিং প্রভৃতি চীন পরিব্রাজকগণ ভারতের তীর্থ হইতে ফিরিয়া খদেশে ঐ ধর্ম বিস্তার করেন, ক্রমে কনফ্যুসদ্, তাও-মত ও অক্তান্ত প্রচলিত ধর্ম দুংস্কারের সংশ্রবে চীনদেশীয় বৌদ্ধর্ম এইক্ষণ কার বিমিশ্র ভাব ধারণ করিয়াছে। ষষ্ঠ খৃষ্টাব্দে চীন ও কোরিয়া হইতে ঐ ধর্ম জাপানে প্রবেশ লাভ করে। এইরূপ দক্ষিণে উত্তরে কৌদ্ধর্ম্ম ক্রমশঃ বিস্তার হইয়া যায়।

### বৌদ্ধধৰ্ম।

# মার্কিণ দেশে বৌদ্ধধর্ম।—

ভারতবর্ষ হইতে দক্ষিণে সিংহল শ্রাম ব্রহ্মাদি দেশে, উত্তরে নেপাল তিব্বত কাবুল গান্ধার, পূর্ব্বে চীন, চীন হইতে মোঙ্গলিয়া, কোরিয়া জাপান ও মধ্য এসিয়া থণ্ডে কয়েক শতাব্দীর মধ্যে বৌদ্ধর্ম 'দ্রাৎ স্কদ্রে' ছড়াইয়া পড়ে—এ দকল ত জানা কথা কিন্তু কলম্বনের আবিক্রিয়ায় ১০০০ বৎসর পূর্বেও যে বৌদ্ধ প্রচারকগণ ঐ ধর্ম্ম আমেরিকায় লইয়া যান এ কথা অনেকের নৃতন ঠেকিবে। বাস্তবিক যে তাহাই ঘটিয়াছিল তাহার অনেক প্রমাণ সাওয়া গিয়াছে। বিষয়টী এরপ কৌতৃকাবহ যে পাঠকগণের সম্মুখে উপস্থিত না করিয়া ক্ষান্ত থাকিতে পারিতেছি না। "কলম্বনের পূর্বে আমেরিকার আবিক্রিয়া" শীর্ষক একটা সচিত্র প্রবন্ধ আমেরিকার এক মানিক পত্রে সম্প্রতি প্রকাশিত হইয়াছে এই স্থলে তাহা সংক্রেপে সঙ্কলিত হইল; বাহারা সবিশেষ বিবরণ জানিতে ইচ্ছা করেন তাহারা ঐ পত্র সানাইয়া দেখিবেন।

কতকগুলি প্রমাণ হইতে নিষ্পন্ন হইতেছে যে পাঁচজন বৌদ্ধ ভিক্ষু রুষের উত্তর সীমা কামাটকাস্কা হইতে পাসিফিক মহাসাগর উত্তীর্ণ হইয়া আলাস্কা দিয়া আমেরিকার প্রবেশ পূর্বক দক্ষিণে মেক্সিকো পর্যান্ত গমন করেন। ঐ পথ দিয়া আমেরিকা যাত্রা হরহ ব্যাপার নহে; মধ্যে যে আল্যুসিয়াদি দ্বীপপুঞ্জ আছে তাহা অতিক্রম করিয়া কি সহজে আমেরিকা পোঁছান যাম্ম মানচিত্র দৃষ্টে তাহা বৃঝিতে পারিবেন; বলিতে কি চীন পরিব্রান্তক দিগের স্থল-পথ দিয়া ভারতবর্ষ ভ্রমণ অপেক্ষা অনেক সহজ। মেক্সিকোও তৎসন্নিহিত আদিম আমেরিকান-

### বৌদ্ধর্ম্ম

াতহাস, ধর্মা, আচার ব্যবহার, প্রাচীন কীর্ত্তি-কলাপের
সকল এই ঘটনার সত্যতা বিষয় সাক্ষ্য প্রদান করিতেছে।
প্রাচীন চীন গ্রন্থাবলিতে ফুসং নামক এক পূর্বাদেশের উল্লেখ
আছে সে দেশের এক বৃক্ষ হইতে ফুসং নাম গৃহীত হয়। বর্ণনা
হইতে মেক্সিকো দেশে 'আগুরে' বা 'মাগুরে, যে বৃক্ষ জন্মে
তাহার সহিত তুসং রক্ষের সৌসাদৃশ্য উপলব্ধি হয়।

চীন সাহিত্যে হুইসেনের ভ্রমণ বৃত্তাস্ত নামে একটা গ্রন্থ আছে. তার লেখাটী অত্যন্ত সরল, এমন কোন অন্ত অলৌকিক ঘটনার বর্ণনা নাই যাহা লেখকের কল্পনা-প্রস্থৃত বলিয়া মনে হয়। এই বুতান্ত হইতে জানা যায় যে হুই-সেন কাবুলবাদী ছিলেন. ৪৯৯ পৃষ্ঠাব্দে য়-আন সম্রাটের রাজত্ব কালে ফুসং হইতে কিঞ্চেন রাজ-ধানীতে আগমন করেন। তথন বাজা-বিপ্লব বশতঃ তিনি সমাটেব সহিত সাক্ষাৎ করিতে পারেন নাই, বিদ্রোহ থামিয়া গেলে পরবর্ত্তী নৃতন সম্রাটের সাক্ষাৎকার লাভ করেন। তিনি ফুসং হইতে কৌতুক জনক নানা নৃতন নৃতন সামগ্রী ভেট লইয়া আদেন তাহার মধ্যে এক রকম কাপড় ছিল তাহা রেসমের মত নরম অ্থচ তার হতা এরূপ কঠিন যে কোন ভারি জিনিস বুলাইয়া রাখিলেও ছিঁড়িয়া যায় না। মেক্সিকোর 'আগুয়ে' গাছ হইতেও ঐ রকম রেসম উৎপন্ন হয়। আর একটা স্থন্দর ছোট দর্পণ উপহার দেন যাহার অমুরূপ দর্পণ মেক্সিকো অঞ্চলের লোকদের মধ্যে - ব্যবহৃত হইত। রাজাজার ছই-দেনের ভ্রমণ বুতান্ত তাঁহার কথা মত লিখিয়া লওয়া হয় তাহার সারাংশ এই।:---

পূর্বের ফুসং বাসীরা বৌদ্ধধর্মের কিছুই জানিত না, ৪৫৮ খ্রীষ্টাব্দে

স্থা বংশীয় তা-মিং সম্রাটের রাজত্ব কালে কাবুল হইতে ৫ জন বৌদ্ধতিক ফুসং গমন করত সে ধর্ম প্রচার করেন। সেথানকার অনেকে বৌদ্ধ ভিক্ষ রূপে দীক্ষিত হয় ও তথন হইতে লোকদের রীতিনীতি সংশোধন আরম্ভ হয়। পরিব্রাজক ভিক্ষুরা কামাটকাদা হইতে কোন পথ দিয়া কিরূপে যাত্রা করেন, কোন পথ কত দূর, অধিবাসী দিগের আঁচার ব্যবহার কিরূপ ঐ গ্রন্থে সকলি বিক্তন্ত আছে। ফুদং বুক্কের গুণাগুণ, তার ছাল হইতে সূতা বাহির হওয়া ও বস্ত্র বয়ন ও তাহা হইতে কাগজ প্রস্তুত হওয়া পর্যান্ত যথায়থ বর্ণিত আছে। সে দেশে এক প্রকার রাঙ্গা পিয়ারা জন্মে ও প্রচুর দ্রাক্ষা জন্মানোর কথা আছে বাহা মেক্সিকো প্রদেশের ফলের সঙ্গে ঠিক মেলে। ও বেশে তামু পাওয়া যায়, লোহ থনি নাই, সোনা রূপার ব্যবহার नाइ. क्षिनित्रत एएउत् ठिंक नाइ। अथानकात लाटकरएव রাজ্যতন্ত্র, রাতিনীতি, বিবাহ ও অত্যেষ্টি পদ্ধতি, নগর হর্গ দেনাও অস্ত্র শস্ত্রের অভাব এই সকল বিষয়ের যেরূপ বর্ণনা আছে তাহা, আর আদিম আমেরিকা, বিশেষতঃ মেক্সিকে অঞ্চলে বাহা দেখা ধার তাহার মধ্যে চমৎকার ঐক্য দৃষ্ট इटेर्ट ।

মেক্সিকো-বাসীদের মধ্যে এক জনশ্রতি আছে যে একজন খেতকার বিদেশী পুরুষ, লখা শুল বসন তার উপর এক আল-খাল্লা, এই বেশে আগমন করেন। তিনি লোকদিগকে পাপ পরিহার, ক্রায় সতা ব্যবহার, শিষ্টাচার, মিতাচার এই সমস্ত ব্যবহার ধর্মের উপদেশ দেন। পরে সেই সাধু পুরুষের উপর লোকের উৎপীড়ন আরম্ভ হওরাতে তিনি প্রাণ-ভরে হঠাৎ এক- দিন কোথার চলিরা গেলেন কেহই সন্ধান পাইল না, এক পাহাড়ের উপর তাঁর পদ চিত্র রাথিরা গেলেন। তাঁহার স্মরণার্থ
ম্যাগডালিনা প্রামে তাঁহার এক প্রস্তর মূর্ত্তি নির্মিত হয় তার
নাম উই-সি-পেকোকা, সম্ভবতঃ 'ছই-সেন-ভিক্নু' নামের অপদ্রংশ। আর একজন বিদেশী ভিক্নু কতকগুলি অনুচর সলে
প্যাসিফিক সাগর তীরে আসিয়া নামেন। হয়ত তাঁহারা
উল্লিথিত পঞ্চ ভিক্নু। এই সকল ভিক্নুরা যে ধর্ম্ম শিক্ষা দেন
তাহা অনেকটা বৌদ্ধনতের অনুরূপ। স্প্যানিষ জাতি কর্তৃক
আমেরিকা বিজয় কালে তাঁহারা মেক্সিকো ও মধ্য আমেরিকার
জনপদে যে ধর্ম্ম মত ও বিশ্বাস প্রচলিত দেখেন, তাহাদের
শিল্প, গৃহ নির্ম্মাণ-কৌশল, মাস গণনার রীতি প্রভৃতি যাহা
প্রত্যক্ষ করেন, এসিয়ার ধর্ম্ম ও সভ্যতার সহিত তাহার এমন
আশ্চর্য্য সৌসাদৃশ্র যে তাহা ছই দেশের পরস্পর লোক সমাগম
ভিন্ন আর কিছুতেই ব্যাখ্যা করা যায় না।

আর এক প্রকার প্রমাণ পাওয়া যায় তাহা ভাষাগত।
'এসিয়া থণ্ডে 'বৃদ্ধ' নামের তেমন চলন নাই। বৃদ্ধের জন্মনাম
গৌতম এবং জাতীয় নাম শাক্যই প্রচলিত। এই হুই নাম
এবং তাহার অপল্রংশ শব্দ মেক্সিকোর প্রদেশ-সমূহের নামে
মিলিয়া গিয়াছে। দেশীয় যাজকদের নাম এবং উপাধি ও
এক্রপ সাদৃশ্য বাঞ্চক।

থাতেমালা = গোতম-আলর, হরাতামো ইত্যাদি স্থানের নাম;
পুরোহিতের নাম থাতেমোট্-জিন—'গোতম' হইতে ব্যুৎপর
বোধ হয়। গুরাফালা, জালাটেকাদ, শাকাটাপেক, জাকাটলাম,
শাকা-পুলাদ এই দকলের আদি পদে শাক্য নামের দাদৃশ্য দেখা

যার। মিক্স্টেকার প্রধান পুরোহিত্তের উপাধি হচ্ছে "তার-সাক্তা"
অর্থাৎ শাক্যের মারুষ। পালেক্ষে একটা বৃদ্ধ প্রাতমূর্ত্তি আছে
তাহার নাম "শাক্-মোল" (শাক্যমূনি)। কোলোরাডো
নদীর একটা ক্ষুদ্র দ্বীপে একজন পুরোহিত বাস করিতেন তাঁর
নাম গৌতুশাকা (গৌতম শাক্য)। তিক্বতী কোন নাম চা'ন
ত দেখিতে পাইবেন মেক্সিকোর পুরোহিতের, নাম তুমা।
আর এক কথা—মেক্সিকো দেশের নাম সেথানকার এক বৃক্ষ
হইতে হইরাছে; ছই সেন যদি ঐ দেশে গিয়া থাকেন তাহা
হইলে কুসং বৃক্ষ হইতে দেশের নামকরণ করা তাঁহারে পক্ষে

পরিশেষে বক্তব্য এই যে আমেরিকায় এমন কতকগুলি জিনিস পাওয়া গিয়াছে যাহা সে দেশে বৌদ্ধর্ম্ম প্রচারের মূর্ত্তিনান প্রমাণ স্বরূপ। ধ্যানস্থ বৃদ্ধের প্রতিমূর্ত্তি, সন্ত্যাসী বেশধারী বৌদ্ধ-ভিক্ষু মূর্ত্তি, হন্তীর প্রতিমূর্ত্তি ( আমেরিকায় হন্তীর স্থায় কোন জন্তু নাই), চীন পাগোডাক্ততি দেবালয়, প্রাচীরের গায়ে চিত্র, থোদিত শিলা, ন্তুপ বিহার অলঙ্কার, এই সকল জিনিসে বৌদ্ধর্মের ছাপ বিলক্ষণ পড়িয়াছে,।

এই সমন্ত প্রমাণ হইতে অধ্যাপক ফ্রারর (Fryer) \* স্থির করিয়াছেন যে ১৪০০ বংসর পূর্বেব বৌদ্ধ ভিক্ষুগণ প্রচার কার্য্যে আমেরিকায় গমন করিয়াছিলেন। তাঁহারা অনেক বিদ্ধ বাধা আপদ বিপদ অভিক্রম করিয়া কিয়ং পরিমাণে কার্য্য-সিদ্ধি,ও

<sup>\*&</sup>quot;The Buddhist Discovery of America,"

Harper's Magazine,

July, 1901.

করিয়াছিলেন। এইক্ষণে জ্বাপানের সিন্-স্থা বৌদ্ধ সম্প্রদায়ী তাঁহাদের পদাস্ক অনুসরণে ব্রতী হইয়াছেন। স্যানফ্রান্সিস্কো সহর তাঁহাদের মিসনের পাঁঠছান। ইহার মধ্যে তাঁহারা ক্যালিফর্ণিয়া অঞ্চলে পাঁচজন প্রচারক প্রেরণ করিয়া মিসনের কার্য্য আরম্ভ করিয়াছেন। প্রচারকেরা সেথানে যে ধর্ম-সঙ্ঘ প্রতিষ্ঠা করিয়াছেন ৫০০ জাপানী বৌদ্ধ তাহার সভ্যালফর্ণিয়ার আর আর সহরে এই সভার ভিন্ন ভাষা সংস্থাপিত হইয়াছে। আমেরিকানদের জন্ম প্রতি রবিবারে ইংরাক্তি ভাষায় বৌদ্ধ ধর্মান্ত্র্যায়ী উপাসনাদি হইয়া থাকে। বিংশতি বা তভোধিক আমেরিকান তৃথায় উপস্থিত থাকেন, তাঁহাদের মধ্যে ১১ জন আমেরিকান বৃদ্ধ, ধর্ম্ম ও সজ্বের শ্রণাপন্ম হইয়াছেন, ইহা বৌদ্ধধর্মের সারবতার সামান্য পরিচারক নহে।

### উপসংহার ৷—

গৌতম যদি শুধু দর্শন শাস্ত্র প্রণয়ন করিয়াই ক্ষান্ত থাকিতেন
ত্বাহা হইলে তিনি তাঁহার ধর্ম প্রচারে ক্তকার্য্য হইতেন কি না
সন্দেহ। স্থায় সাংখ্য বেদান্তাদি ষড় দর্শনের পাশে হয়ত বৌদ্ধ
দর্শন সাত ভাইয়ের এক ভাই বলিয়া গণা হইত, আর কিছু
নয়। সেইরপ আবার বৌদ্ধনীতি শাস্ত্র বলে ও হিন্দু সমাজ
বিকম্পিত হইত না। জাতি বর্ণ ছোট বড় বিচার না করিয়া
বৃদ্ধদেব সাধারণ সকল মন্ত্রেরের উপযোগী বিশুদ্ধ ব্যবহার ধর্মের
শিক্ষা ও উপদেশ দিয়াছেন সত্য বটে কিন্তু তাঁহার উপদিপ্ত
নীতি শিক্ষা আক্ষণ্য ধর্ম-শাস্ত্রের ও অঙ্গীভূত, সেরপ উচ্চ
শিক্ষার গুণে তাঁহার ধর্ম প্রচারের বিশেষ সাহায্য হইবার ও

मञ्जावन। हिन ना। वाकी बहिल, विनय-भाक नियस त्वोक সমাজ বন্ধন, এক কথায় 'সজ্ব'--এই এক শক্তি বৌদ্ধধৰ্ম বিস্তারের মুখ্য সাধন বলিয়া প্রতীয়মান হয়। তাহা ছাড়া, সেই সময়কার রাজকীয় অবস্থা ও এই নৃতন ধর্ম বিস্তার পক্ষে অমুকুল বলিতে হইবে। নানাদিক হইতে নানা প্রকার শক্তি আসিয়া তথন ভারতের পরিবর্ত্তন সাধন করিয়াছিল। আসরা দেখিতে পাই যে তৎকালে দেশীয় আচার বিচারের অনেক পরিবর্ত্তন আরম্ভ হইয়াছে। বৈদিক ধর্ম কতকগুলি কর্মঞালে আছের হইয়। নিপ্রভ হইয়া গিয়াছে। সেই সময় আঁবার দেকন্দর-সা'র ভারত আক্রমণ হইতে যবন আধিপত্যের স্থত্রপাত: অবশেষে গ্রীক প্রতাপ রোধ করিরা মৌর্যবংশীর শুদ্র রাজাদের অভ্যাদয়। দেকলর এদেশে কোন চিরস্থায়ী কীর্ত্তি রাথিয়া যাইতে পারেন নাই। তিনি এদেশ ছাড়িয়া চলিয়া যাইবার कि ह निन भारत हक्त खेश होना कात्र माहारा नन्तर भ स्वरम করিয়া মগধ রাজ্য অধিকার করেন। চক্র গুপ্ত জাতিতে শুক্ত ছिলেন। त्योर्ग दश्मीय मृज त्राकारमत त्राक्ष विखादतत नरक সঙ্গে বৌদ্ধধর্মের অভ্যুদয় ও বিস্তার। মোর্ঘ্য বংশীয় রাজাদের এই ধর্মের প্রতি আন্তরিক টান থাকা স্বাভাবিক। ভারতে এ इट्टे नुजन मक्ति, উভয়েই बाक्षाणात विद्याधी—देविषक धर्माः সনে বৌদ্ধধর্ম-ক্রিয়ের আসনে শূদ্র রাজা। শীঘ্রই এই তুই मरलद भरश प्रथा रक्षन रहेग। **अर्गाक दक्षि। दोक्षिय अङ्ग** ও পোষর করিয়া তাঁহার ধর্মামুরাগ এবং রাজকীয় দুরদর্শিতা ছুয়েরই পরিচয় দিলেন। দুর দুর স্থিত রাক্সাদের সহিত অশোকের মিত্রতা-বন্ধন এই ধর্ম প্রচারের আমুষ্ট্রিক ফল। তাঁহার পুত্র মহেক্রকে দিয়া দাক্ষিণাত্যেও তিনি তাঁহার ধর্মাধিকার বিস্তার করিলেন। পরে একদিকে যেমন মৌর্যবংশের
অবনতি হইল, অক্সদিকে, অর্থাৎ ভারতের উত্তর থণ্ডে, কয়েক
শতান্দী ধরিয়া গ্রীক্, পার্থিয়ান শক্জাতির প্রভূত্ব বিস্তার হইতে
চলিল। বৌদ্ধর্মা এই রাজ্ব-বিপ্লবের ফলভাগী হইলেন।
ব্রাহ্মণ্য কেবল হিন্দু জাতিতেই আবদ্ধ, বৌদ্ধর্ম্ম সকল জাতির
সাধারণ সম্পত্তি। যবন রাজাদের সঙ্গে উত্তর হইতে যে সকল
অসভ্য জাতি ভারতে প্রবেশ করিল বৌদ্ধর্ম তাহাদের
আদর্রের বস্তু হইয়া দাঁড়াইল। তা ছাড়া অশোকের প্রতাপে
যেমন দাক্ষিণাত্য বিজিত হইয়াছিল, ঐ সকল রাজার
প্রভূত্ব বলে তেমনি হিমালয়ের ওদিক্কার প্রদেশ, আফগানি
স্থান, বাক্তিয়া, চীন প্রভৃতি দেশে তাহার প্রবেশ-পথ উন্মুক্ত
হইল।

উদয়াচল হইতে মধ্যাহে উঠিয়। পরে ঐ ধর্ম কালক্রমে অস্তোমুথ হইল। একদিকে যেমন সভ্য হইতে বৌদ্ধর্মের প্রচার ও উর্নতি আবার সে ধর্মের পতনের কারণ ও সেই সভ্য। ব্রাহ্মণ্য ধর্মের মজ্জাগত একটা ওদার্য্য আছে তাহাতে বিভিন্ন মতাবলম্বী লোকদিগকে স্বদলে টানিয়া লওয়া তাহার পক্ষেক্তিন নহে। মত ও বিশ্বাসের প্রভেদে তাহার এমন কিছু যার আসে না। মতের অমিলে তিনি খুষ্টীয় ইনকিজিসানের অস্ত্র শস্ত্র প্রয়োগ করিতে প্রস্তুত নন। কিন্তু একটা বিষয় তাহার অসহনীয়, সে কি না বাহ্নিক আচার অম্ঠানে হন্তক্ষেপ—জ্ঞাতি তেদ প্রথার ম্লোচ্ছেদ চেষ্টা। কোন নৃত্ন সম্প্রদার যতক্ষণ হিন্দু আচার অম্ঠানের বিরোধী হইয়ানা দাঁড়ায়, ততক্ষণ

তাহাদের মতামত তিনি নিরপেক ভাবে দৃষ্টি করেন। এই হেতুবৌদ্ধ দর্শন শান্ত ও নয়, বৌদ্ধ নীতি শান্ত ও নয়, বৌদ্ধ ধর্ম্মের প্রতি ত্রাহ্মণ্যের বৈরভাব উদ্রেক হইবার কারণ অক্ত। আমার মতে "সজ্ব"—ভাহার খাঁটী ধর্ম ভাগটুকু নয় সজ্বের সামাজিক বন্ধন –তুই প্রতিযোগী ধর্ম্মের মধ্যে বিচ্ছেদ ঘটাইবার প্রধান কারণ। যথন বৌদ্ধ সজ্ব কতকগুলি এবিশেষ নিয়মে গঠিত হইয়া হিন্দু সমাজ হইতে পৃথক হইয়া দাঁড়াইল, য়থন সে वाक्त मृज गृशी मन्नामी मकनरक रे व्यवार्ध व्यवन-जुक कतिराज লাগিল, বিশেষতঃ যথন রাজারা, ধনাচ্য গৃহস্থেরা ও টাহাকে বহুমূল্য দানাদি দারা প্রশ্রম দিতে প্রবৃত্ত হইলেন তথন তাহা হিন্দু সমাজের চকু:-শূল হইয়া দাঁড়াইল। ব্রাহ্মণ্য স্বীয় আধি-পত্য ও মর্গোপার্জনের পথ যুগপৎ অবরুদ্ধ দেখিয়া তাহার विकृत्क किविक इहेन। आभात भरन इयु त्वहाठात विकृत मरख्यत স্বতম্ভ গঠন প্রণালী হইতেই ব্রাহ্মণ্য ও বৌদ্ধর্দ্যের সাজ্যাতিক বিরোধের স্ত্রপাত। একদিকে ব্রাহ্মণ্যের গৃহাশ্রম, অন্তদিকে বৌদ্ধ সভ্যের সন্ন্যাসধর্ম : এক সমাজ বৈদিক ক্রিয়াকাঞ বর্ণাশ্রমের উপর প্রতিষ্ঠিত, অন্ত সমাজ মহুষ্যের সাম্যবাদী কঠোর ধর্মনীতি-মূলক; এই হুই পরস্পর বিরোধী শক্তি কত দিন আর শান্তি সম্ভাবে কার্য্য করিবে ? এই বিরোধ ক্রমে ঘনীভূত হইয়া অবশেষে ব্রাহ্মণ্যের জয়, বৌদ্ধর্ম্মের পতন সঙ্ঘটিত হইল।

ভারতবর্ষে বৌদ্ধধর্মের প্রভাবে হিন্দুধর্ম কোনকালে সমূলে নিমূল হয় নাই। অনেক বৎসর ধরিয়া এই ছই ধর্ম পরস্পর শাস্তি সম্ভাবে একত্রে বাস করে। হয়েন সাং-এর ভ্রমণ বৃত্তাস্ত

হইতে ইতিপূর্বে দেখান গিয়াছে যে, রাজা শিলাদিত্য ত্রাহ্মণ ख्रमण উভन्न পক्ष्यके जासूक्षा कतिरुक्त, উভन्न प्रतर्के আমন্ত্রণ দানাদি দারা পরিতৃষ্ট রাধিবার প্রয়াসী ছিলেন। প্রস্থাপে যথন তাঁহার মহাসভা হয় তথন তাহাতে উভয়ধর্মাবলমী আচার্যাদের মধ্যে ধর্মালোচনা চলে এবং বৃদ্ধ সবিতা শিবমূর্ত্তি এক এক দিনে এক এক প্রতিমা প্রতিষ্ঠা হয়। নাগানন নামক বৌদ্ধ নাটক ঐ সময়কার প্রণীত, তাহাতেও বিভিন্ন धर्म, विভिन्न मत्योगारात्र मरक्षा मह्यात्वत्र व्यत्मक পतिहास भाउसा যায়; ঐ নাটকের নান্দীতে 'মার ছহিতা অপ্সরাগণের মায়ামন্ত্রে অপরাজিত' ধর্মবীর বৃদ্ধের অবতারণা আছে। ইলোরা ও অন্তান্ত স্থানে বৌদ্ধ ও হিন্দু গুহামন্দির পাশাপাশি দেখা যায়, ভাহাও এই তুই ধর্মের সম্ভাব-স্থচক। খুষ্টাব্দের একাদশ শতাব্দেও পশ্চিমাঞ্চলে বৌদ্ধর্ম্মের প্রাতৃর্ভাব উপলক্ষিত হয়। বেহার ও গোদাবরী প্রদেশে ঘাদশ খৃষ্টাক পর্যান্ত বৌদ্ধ নুপতিগণের রাজত্বের প্রমাণ পাওয়া যায়। ত্রয়োদশ শতাব্দীতে ভারতে বৌদ্ধর্শের নিতান্ত হীনাবস্থা। 'প্রবোধ চক্রোদয়' নাটক, যাহা সম্ভবতঃ দাদশ শতান্দীর রচনা, তাহাতে বৌদ্ধধর্মের উপর ব্রাহ্মণ্যের আসল বিজয় স্থচিত হইয়াছে। চতুর্দশ শতাব্দী পর্যাম্ভ উহার চিত্র সকল স্থানে স্থানে বর্ত্তমান, তৎপরে বৌদ্ধধর্ম কির্মেণ কোপা হইতে একেবারে অদৃশ্র হইয়া যায়, আশ্চর্য্য !

### বৌদ্ধধর্ম্মের ধ্বংস-কারণ-নির্ণয়।---

ভারতবর্ষ হইতে বৌদ্ধধর্ম বিলুপ্ত হইবার কারণ কি ? এই প্রশ্ন লোকের মনে সহজেই উৎপন্ন হয় এবং ইহার উত্তরে

নানা মুনি নানা মত ব্যক্ত করিয়া থাকেন। কেহ কেহ বলেন যে ব্রাহ্মণদের অত্যাচার ও মুসলমানদের উৎপীড়নে বৌদ্ধেরা এদেশ হইতে বিতাড়িত হয়; এ মত যে নিতাম্ভ অমূলক তাহাও বলা यात्र ना। शिन्तूता এक সময় বেकिएमत উপর যথেষ্ট অত্যাচার করিয়াছিলেন, পূর্ব্বে তাহার উদাহরণ স্বরূপ রাজা স্থধার নৃশংদ আদেশ-পত্র প্রকটিত হইয়াছে। তেমনি আবার মুদলমানেরা মৃণ্ডিত মন্তক্গণকে যার পর নাই উৎপীড়ন করেন—তাহাদের তীর্থক্ষেত্র সকল লণ্ডভণ্ড বিনষ্ট করিয়া ফেলেন, তাহারও অনেক নিদর্শন পাওয়া যায়।: কিন্তু এ কথা মানিয়া নিলেও এইরপ স্থানীয় সাম্যাক অত্যাচার বৌদ্ধধর্মের সমূল উৎপাটনের প্রকৃত কারণ রূপে নির্দেশ করা যায় না। যে দেশ ধর্মবিষয়ক এমন ঔদার্ঘ্যগুণের জন্ম প্রথিত: যে দেশে পরস্পর বিরোধী এত প্রকার মত ও সম্প্রদায় স্ব স্ব ক্ষেত্রে অবাধে রাজত্ব করিয়া আসিতেছে, সে দেশ হইতে নিরীহ বৌদ্ধ ভিক্ষমগুলী তাড়াইবার জন্ম কেনই বা সকলে থড়াহন্ত হুইবে গু আর এক দলের মত এই যে, বৌদ্ধধর্ম এদেশ হইতে বলপূর্ব্ক বিতাড়িত হয় নাই-ব্ৰাহ্মণ্য ধৰ্মের সহিত আত্তে আত্তে মিশিয়া গিয়া অদৃশ্র হইয়া পুড়িয়াছে। বৌদ্ধর্ম আপনার নিজস্ব মত-সম্পত্তির বিনিময়ে ব্রাহ্মণ্যের ঋকথাংশ হরণ করিলেন-ব্রাহ্মণ্য ৪ কতক কতক বিষয়ে প্রতিপক্ষের মত ও ভাব গ্রহণ করিলেন এইরূপে পরস্পরের ঘাত প্রতিঘাতে ক্ষীণপ্রাণ বৌদ্ধর্ম্ম প্রথর ব্দ্রতেজে বিলীন হইয়া গেল ! আমার বিবেচনায় এরপ হওয়া থবই সম্ভব। শৈব শাক্ত তান্ত্রিক মত বৌদ্ধর্মে প্রবেশ করিয়া ভাহার বে কি রূপান্তর ও বিকৃতি উৎপাদন করিয়াছে আমরা

তাহা কতক কতক দেখিয়াছি, এইরূপে বৈষ্ণৰ ধর্ম্মের সহিত ও তাহার আদান প্রদান সংঘটিত হয় সন্দেহ নাই। বৌদ্ধধর্মের ঐকান্তিক ত্রংধবাদরূপ কঠোর ধর্মনীতির কাঠিন্ত নিবারণ চেষ্টা—আত্মপ্রভাবের সহিত দেবপ্রসাদের সন্মিশ্রণ—নিরীশ্বর বাদের স্থানে বৃদ্ধ-দেবাদির পূজার্চ্চনা---নির্বাণের স্থানে স্থর্গনরক কলনা—এই দমন্ত পরিবর্তনে ব্রাহ্মণ্যের প্রভাব বিলক্ষণ প্রতিভাত হয় কিন্ত বৌদ্ধধর্ম এইরূপে তাঁর নিজম্বত বিস্তর্জন করিবার দরুন আত্মহার। হইরা পড়িলেন। আর একদিকে দেখিতে পাই বৌদ্ধর্মের সার্বভৌম প্রেম ও মৈত্রীভাব, অহিংসা দরা দাক্ষিণ্য, মন্ত্রেয় মন্ত্রেয়ে সাম্যভাব জাতৃসৌহার্দ্দ, বর্ণবিচার বর্জনে আপামর সাধারণের জ্ঞান-ধর্মে সমান অধিকার, বৈষ্ণব धर्य এই সমস্ত উদার নীতি অবলম্বন পূর্বক বৌদ্ধদের নিজের অন্ত্রে তাহাদিগকে মর্মাহত করিলেন। অপিচ, বিষ্ণুর দশা-বতার অবতারণ করিয়া বৃদ্ধাবতারগণকে পদ্যুত করিলেন --**७४ जा नय, वृद्धानवरक ३ जाननारनत (मवम ७ मी) मार्या जान** দান করত আত্মসাৎ করিয়া লইলেন। দেখুন হিলুরা লোক ভুলানো মন্ত্ৰ প্ৰয়োগে কেমন পটু ! – তাঁহারা খ্যানন্থ বুদ্ধকে যোগাদনার্চ মহাদেব গড়িয়া তুলিয়াছেন, কত কত বৌদ্ধতীর্থ ও বৌদ্ধক্ষেত্র আপনাদের তীর্থ ও ধর্মক্ষেত্রে পরিণত করিয়াছেন. এবং বৌদ্ধদের ধর্মাক্রিয়া যাত্রা মহোৎসবাদিরও অমুকরণ করিয়া হিন্দুধর্মের মহিমা বৃদ্ধি কুরিয়াছেন। বৃদ্ধ গ্রায় একটি দেবালয়ে একখানি গোণাক্বতি প্রস্তরে চুইটি পদ্চিত্র আছে। ঐ দেবা-লয়ের নাম বুদ্ধপদ। প্রথমে উহা বুদ্ধপদ ছিল, পরে তাহা विक्थान विवा अठातिङ इयः। शता श्रां त्वीकत्कव हिन ;

পরে একটি প্রধান হিন্দৃতীর্থ হইরা উঠিয়াছে। গরা মাহাত্ম্যে স্বস্পষ্ট লিখিত আছে, তীর্থঘাতীরা বিষ্ণুপদে পিওদান করিবার পূর্বের বৃদ্ধগরা গমন পূর্বক বোধিবৃক্ষকে প্রণাম করিবেন—

ধর্ম্ম ধর্মেশ্বরং নত্তা মহাবোধি তরুং নমেৎ। জগস্তাথ ক্ষেত্র।——

জগন্ধাথ কেত্রের ব্যাপারটিও বৌদ্ধর্মের সহিত বিলক্ষণ সংশ্লিষ্ট। জগন্নাথ বুদাবতার এইরপ একটি জনশ্রতি সর্ব্বে প্রচলিত আছে। দশাবতারের চিত্রপটে বৃদ্ধাবতার স্থলে জগন্নাথের প্রতিরূপ চিত্রিত হয়। জগন্নাথের ত্রিসূর্ত্তি, রুথ্যাত্রা, বিষ্ণুপঞ্জর প্রবাদ, বর্ণবিচার পরিহার ইত্যাদি অনেক বিষয়ে বৌদ্ধভাব প্রচ্ছন্ন দেখা যায়। প্রীক্ষেত্রে বর্ণবিচার পরিত্র্যাগ হিলুধর্মের অমুগত নয়-সাক্ষাৎ বৌদ্ধ-আদশ হইতে গৃহীত বলিলে বলা যায়। ত্রেন সাং উৎকলের পূর্ব-দক্ষিণ প্রান্তে সমুদ্র তটে চরিত্রপুর নামে একটি স্থপ্রসিদ্ধ বন্দর দেখিয়া যান। ঐ চরিত্রপুরই এইক্ষণকার পুরী বোধ হয়। উহার নিকটে পাঁচটি অত্যুদ্ধত স্তৃপ ছিল। কনিংহাম সাহেব অহুমান করেন তাহারই একটি জগন্নাথের মন্দির। খৃষ্টাব্দের দ্বাদশ শতাব্দীতে यथन वोत्क्षता अलाख अवमन इटेवा পড़िशाहिल लथन এह মন্দির প্রস্তুত হয়। স্তুপের মধ্যে বৃদ্ধদেবের অস্থি কেশ প্রভৃতি **त्मश्वास्य मगाहिल थारक, हेहात (मथारम्ब क्रमहार्थत विश्रह्** মধ্যে বিষ্ণুপঞ্জর অবস্থিত, এইরূপ এক প্রবাদ রটিয়া গিয়াছে। চীন পরিবালক ফাহিয়ান ভারতে তীর্থযাতার সময় প্রিমধ্যে তাতার দেশের অন্তর্গত খোটান নগরে একটি বৌদ্ধ মহোৎস্ব দন্দর্শন করেন, তাহাতে এক রথে তিনটি প্রতিমূর্ত্তি দেখিয়া

আদেন। মধান্তলে বৃদ্ধ মূর্ত্তি ও তাহার ছই পার্শ্বে ছইটি বোধি-সত্ত্বের প্রতিমৃত্তি সংস্থা**পিত ছিল। জগন্নাথে**র রথযাত্রা সম্ভবতঃ খোটানস্থ বৌদ্ধদিগের রথযাত্রার অত্যুক্তরণ এবং জ্বপন্নাথ বলরাম স্বভদা বৌদ্ধতিমূর্ত্তির রূপাস্তর ভিন্ন আরু কিছুই নহে। ভূপালের প্রায় ৯ ক্রোশ পূর্ব্বোত্তর বেতোয়া নদীতীরস্থ সাঞ্চিগ্রামে বৌদ্ধ-সম্প্রদায়ের অনেকগুলি স্ত্রাদি আছে। সেই স্থানের দক্ষিণ দ্বারে বৌদ্ধ-সম্প্রদায়ী তিনটি ধর্মায়ন্ত একত থোদিত রহিয়াছে। কনিংহাম সাহেব ঐ তিনটি বৌদ্ধদিগের বৃদ্ধ, ধর্ম, সঙ্ঘ এই · ত্রিমূর্ত্তির বিজ্ঞাপক হওয়াই অতিমাত্র সম্ভাবিত বলিয়া বিবেচনা করেন। তিনি দাঞ্চি, অযোধা। উজ্জ্যিনী প্রভৃতি নানাস্থান হইতে, এমন কি, শক রাজাদিগের মুদ্রা হইতেও ঐ ধর্ম-যন্ত্র অনেকগুলি সংগ্রহ করিয়া প্রকাশ করিয়াছেন। উল্লিখিত তিনটি ধর্মাযন্ত্রের সহিত জাগলাখাদির তিন মূর্ত্তির বিলক্ষণ সৌদাদুভা দেখিতে পাওয়া যায়। কনিংহাম সাহেব ভিল্সা ন্তৃপ বিষয়ক বত্তিশ সংখ্যক চিত্রপটে ঐ উভয়কেই পাশাপাশি করিয়া মুদ্রিত করিয়াছেন; দেখিলেই, শ্রীক্ষেত্রের বৈষ্ণব ত্রিমূর্ত্তি উল্লিখিত তিনটি বৌদ্ধ ধর্মবস্ত্রের অত্তকরণ বলিয়া সহজেই প্রতীয়মান হয়, বেশীর ভাগ কেবল চোধ নাক আর অর্চন্দ্রাকৃতি ওষ্ট। বৌদ্ধের। স্চরাচর 'ধর্ম্ম'কে স্তীরূপে কল্পনা করেন, প্রস্তরেও ধর্মেরু স্ত্রীমূর্ত্তি খোদিত দৃষ্ঠ হয়। নেপালে এই ধর্ম 'পার্মিত। প্রজ্ঞা' রূপিনী দেবী। খুব সম্ভব ইনিই জগলাথের স্বভ্রা-এইরপ নারী-মধ্য ত্রিমূর্ত্তি অস্ত কোন হিন্দু দেবালয়ের কোনরূপ পরিজ্ঞাত দেবাফুতি নয়। তবেই হইতেছে क्रगन्नार्थत्र क्रगन्नाथ, वनत्राम, स्क्रजा, त्वोक्तरमत्र तुक, मुख्य ७ धर्मा।

বৌদ্ধান্তে বৃদ্ধদের চক্রচিষ্ঠ সবিশেষ বর্ণিত আছে।
বৌদ্ধেরা বহুপূর্বাবিধি তাহার একটা মূর্ত্তি প্রস্তুত করিয়া তাহার
উপাসনা করিতে প্রবৃত্ত থাকে। তাহাদের অনেকানেক মূলা
ও ঐ চিত্রে চিত্রিত দেখা যায়। শ্রীক্ষেত্রে বিষ্ণুর স্থদর্শন-চক্র খোদিত আছে। ডাক্রার রাজেন্দ্রলাল মিত্র সেই বিষ্ণুচক্রকে বৌদ্ধদিগের ঐ বৃদ্ধচক্র বলিয়া অনুমান করেম। জগরাথ
ভিন্ন অন্ত কোন দেবতার নিকট স্থদর্শনের প্রতিরূপ দৃষ্ট হয় না, মিত্র মহাশয়ের উল্লিখিত অভিপ্রায়ই সমধিক সম্ভাবিত বলিতে হয়।

এই সমস্ত প্রমাণ হুইতে জগন্নাথক্ষেত্র পূর্বে একটী বৌদ্ধ-ক্ষেত্র ছিল এই অনুমানটি একরপ নিঃসংশব্দে নিষ্পন্ন হুইতেছে।\*

বৌদ্ধর্ম এদেশ হইতে বহিষ্ণত হইল বটে, তবুও হিন্দুদমাজে তার পূর্ব প্রভাবের যে কতকগুলি চিহ্ন রাথিয়া গেলেন তাহা বিলুপ্ত হইবার নহে। আমরা বৌদ্ধর্মের নিকট অনেক বিষয়ে শিক্ষালাভ করিয়াছি, অনেক সহপদেশ প্রাপ্ত হইয়াছি দে ঋণভার যেন আমরা বিশ্বত না হই। পূর্বেই বলা হইয়াছে, বৌদ্দেরা ভারতে গৃহ নির্দাণ বিভার আদি গুরু—তাহাদের হস্তের কারুকার্য্য সকল সর্ব্বত তাহাদের অক্ষয় কীর্ত্তি প্রচার করিতেছে। বৌদ্দেরা কর্মাকলের অধগুনীয় নিয়ম লোকের হৃদয়ে মৃত্তিত করিয়া দেন। তাঁহারাই যজে পশু হত্যা নিবারণ করিয়া,

The antiquities of Orissa Vol. II.

Dr. Rajendralal Mitra,

ভারতবর্ষীয় উপাসক সম্প্রদায়—ছিতীয়ভাগ।
 অক্ষয়কুমার দত্ত।

অহিংসা\* ধশ্মের মহিমা ঘোষণা করেন। দেখুন, কবি জয়দেব কি বলিতেছেন—

> নিন্দসি যজ্ঞবিধে রহহ শ্রুতিজাতং সদম হাদয় দশিত পশুঘাতং কেশব গুত বৃদ্ধশারীর জয় জগদীশ হরে।

বৌদ্ধেরাই সংযম, স্বার্থত্যাগ, জ্বলস্ত ধর্মানুরাগ, উদার ভ্রাতৃ-বন্ধনের দৃষ্টান্ত দেখাইয়া যান, তাঁহাদের বাবহার ধর্মের প্রভাব হিন্দুদমান্ত হইতে কথনই সম্পূর্ণ বিদ্বিত হইবার নহে। বুদ্ধ-জীবনীর সৌন্দর্য্য, মাধুর্য্য, নিঃস্বার্থতা, ও উদার প্রেমগুণে দেধর্ম ভারতে চির-রঞ্জিত থাকিবে।

বৌদ্ধর্মের বিস্তৃতি ও বৌদ্ধ মতাবলমী লোকসংখ্যা গণনা করিয়া কোন কোন পণ্ডিত স্থির করিয়াছেন যে, পৃথিবীর প্রায় ৫০ কোটী লোক বৌদ্ধ মতাবলমী। কেহ কেহ বলেন এ গণনায় অত্যক্তি দোব আছে। হিসাবে অনেক বাদসাদ দিয়া ধরিয়া নিলেও এ কৃথা অবশ্য স্থীকার করিতে হয় যে ছিন্দু মুদলমান খুষ্টান ধর্মের তুলনায় এ ধর্মের ভক্ত-সংখ্যা

<sup>\*</sup> বৌদ্ধদের ভায় জৈন-সম্প্রদারের লোকেরাও 'অহিংসা পরম ধর্ম' পালন করিয়া থাকেন। ই হারা নিরামিষ ভোজী এবং অকারণ প্রাণিহত্যা নিবারণ উদ্দেশে স্থ্যান্ত পূর্বেই হাদের ভোজনের নিরম। তাহা ছাড়াই হাদের অন্তান্ত অনক রীতিনীতি ক্লাচার ব্যবহারে জীবের প্রতি দয়া মায়া প্রকাশ পায়। কি জানি নিঃমাস সহকারে কোন কীটপতল উদরন্থ হয় এই আশহায় কেহ কেহ মূথে একরূপ বস্তু বন্ধন করিয়া রাথে। পশুর ইাসপাতাল (পিঞ্লরা পোল), এই ইাসপাতালে জরাজীর্ণ ক্লয়্ম অশক্ত পশু গ্রহণ ও তাহাদের চিকিৎসা প্রণালী অবলম্বন জৈনদের অহিংসা ধর্মের এক অপূর্ব্ব স্থান্ত দুটান্তঃ।

নিতান্ত অবমাননার পাত্র নহে। এ ধন্মের প্রথম অবস্থায় কে মনে করিতে পারিত—বদ্ধদেব স্বয়ং কল্পনা করিতে পারেন নাই—বে ইহা কয়েক শতাব্দীর মধ্যে সমুদার এসিয়া খণ্ডে ব্যাপ্ত हरेया अमरथा मानवरक आश्वय मान कतिरव, अथि रेशांत निस्मत জন্মভূমি ইহাকে দেখিবে না, চিনিবে না। আপন মাতৃক্রোড় হইতে বিতাড়িত হইয়া পৃথিবীর অজ্ঞাত কুলশীল বিজন প্রাস্ত-বত্তী অধিবাদীদের মধ্যে ছড়াইয়া পড়িয়া বদ্ধমূল হওয়া আশ্চয্যের ব্যাপার সন্দেহ নাই। আপনারা এই বিচিত্র ঘটনার কারণ অনুসন্ধান করিয়া স্থির কর্ম। এ ধর্ম **জোর** জবরদস্তীতে এ দেশ হইতে বিতাড়িত হইল কিম্বা শৈব শাক্ত বৈষ্ণব ধর্মে মিশিয়া গিয়া অদুগু হইয়া গেল অথবা ইহা স্বাভাবিক নিয়মান্ত্র্বারে বিক্তৃতি প্রাপ্ত হইয়া কাল-বিবরে প্রবিষ্ট হইল ? হিলুধন্মের পুনরুখান, হিলু আচার্যাদিগের বুদ্ধি ও যুক্তি বল প্রয়োগ, মুসলমান অত্যাচার, বৌদ্ধর্মে ভজন পুরুনের অনাদর, বেদাচারে অনাস্থা, অনাত্মবাদ, শৃস্তবাদ, মন্ত্রতন্ত্র ভূতপ্রেত পিশাচ দিদ্ধি ইত্যাদি তান্ত্রিক কাণ্ডের প্রবেশ জনিত আদিম ধর্মের অশেষ হুর্গতি, হিন্দু সমাজে সজ্থ-নির্থম প্রণালীর অনুপ্রোগিতা, উদ্বাহ বন্ধনের শৈথিল্য-এই ত (व)क धर्म ध्वःरात्र अंत्नक छानि कात्रण मत्न रहेर उट्ह। हेरारात्र কোন্টা সংযাক্তিক কোন্টা অমূলক, আপনারা তাহা নিরূপণ করুন, আমি এইখানে এই প্রবন্ধ শেষ করি।

# পরিশিষ্ট।

### তেবিজ্জ সৃত্ত।#

( ব্রাহ্মণ যুবকের প্রতি বুদ্ধদেবের উপদেশ। )

একদা বুজদেব বছশিষ্য সমভিব্যাহারে কোশলরাজ্যে শ্রমণ করিতে করিতে 'মনসাক্ত' গ্রামে উপনীত হইলেন; গ্রামে পুদরসাতী, তারুপ্য প্রভৃতি সমৃদ্ধিশালী খ্যাতনামা ব্রাহ্মণ মণ্ডলীর বসতি। তথায় তিনি অচিরাবতী নদী তীরস্থ এক আম্রবনে কিয়ৎকাল বিশ্রাম করেন।

সেই সময়ে ছইজন ব্রাহ্মণযুৰক তাঁহার নিকটে আসিয়া উপস্থিত। তাঁহারা উভয়ে সত্যাহোধী; ধর্মালোচনায় অনেক তর্ক বিতর্কের পর তাঁহাদের মধ্যে মতভেদ ঘটিয়াছে। তাঁহাদের একজনের নাম বশিষ্ট ও অপরের নাম ভরছাজ। বশিষ্ট যিনি, তিনি বুদ্দেবের চরণে প্রণত হইয়া নিবেদন করিলেন।—

দিহাত্মন্, সত্য পথ কি এ বিষয় লইয়া আমাদের মহা তর্ক বিতর্ক চলিতেছে, আমরা কিছুই ঠিক করিতে পারিতেছি না। আমি বলি যে পথ দিয়া ব্রহ্মের সহিত মিলন হয়, পুরুরসাথী ব্রাহ্মন যাহার উপদেশ দিয়াছেন সেই সত্য পথ; ইনি বলেন, ব্রহ্মবাদী তারুখ্য ব্রহ্মলাক্তর যে পথ নির্দেশ করিয়াছেন তাহাই ঠিক। হে শর্মাণ, লোকে আপনাকে জগদ্ভাক বুদ্ধ বলিয়া

<sup>\*</sup> অন্নীবিদ্যা স্ত্ৰ Buddhist Suttas. Sacred Books of the East.—Rhys Davids.

জ্ঞানে, আপনাকে জ্ঞ্জাসা করি এই উভর পথের মধ্যে কোন্
পথ ঠিক ? এই ভিন্ন ভিন্ন পথ কি সকলি সত্য ? এই মনসাকৃত গ্রামে নানাদিক্ হইতে নানান্ রাস্তা আসিন্না মিলিরাছে
সেইরূপ ঐ সমস্ত ধর্ম-পথ কি সকলি আমাদিগকে গ্রম্পানে
আনিয়া পৌছাইয়া দেয় ? সকলি কি সরল সত্য পথ বলিয়া
অনুসরণ করা যাইতে পারে ?

বৃদ্ধদেব জিজ্ঞাদা করিলেন—তোমাদের বিবেচনায় এ সমস্ত পথই কি সোজা পথ ? ঠিক্ পথ ?

হজনেই উত্তর করিলেন—হা আমরা তাহাই মনে করি।
বুদ্ধদেব কহিলেন—আচ্ছা, বল দেখি, সেই বেদাধাায়ী
বাহ্মণের মধ্যে কি এমন কেহ আছেন যিনি ব্রহ্মকে দর্শন
করিয়াছেন ৽

উত্তর-না,

প্রশ্ন—তাঁহাদের গুরুর মধ্যে কি কেহ ব্রহ্মকে প্রত্যক্ষ দর্শন করিয়াছেন ?

উত্তর—না,

প্রশ্ন—অনেকানেক বেদ রচয়িতা ঋষির নাম শ্রবণ করা যায়—যথা অষ্টক, বামুক, বামদেব, বিশ্বামিত্র, যমদন্ধি, অঙ্গীরদ ভরন্বাজ, বশিষ্ট, কাশ্রপ, ভৃগু—তাঁহারা কি বলিয়াছেন—আমরা ব্রহ্মকে জানি, আমরা তাঁহাকে দাক্ষাৎ প্রত্যক্ষ দেখিয়াছি ?

ব্রাহ্মণেরা পুনর্কার ইহার উত্তরে 'না' বলায় বুদ্দেবে দৃষ্টান্ত স্বরূপ ছ'একটী কথা পাড়িলেন---

মনে কর, এই চৌরাস্তার মাঝথানে কোন এক ব্যক্তি একটী সিঁড়ি নির্দ্ধাণ করিতেছেন—কিদের জন্ম না সেই সিঁড়ি দিয়া কোন এক বাড়ীতে উঠিতে হইবে। লোকে তাহাকে জিজ্ঞানা করিল—কৈ, বাড়ী কোথায় ? যাহাতে চড়িবার জন্ম এই সিঁড়ি নির্মিত হইতেছে সেই বাড়ী কোথায় ? পূর্ব্ব, পশ্চিম—দক্ষিণে কি উত্তরে ? ইহা ছোট বড় মাঝারি, কি আকারের বাড়ী ? ইহা প্রাসাদ কি কুটীর ? ইহার উত্তরে যদি নির্মাতা বলেন, আমি তা জানি না, তথন লোকে কি তাহাকে উপহাস করিয়া বলিবে না, যে বাড়ীতে উঠিতে চাহ সে বাড়ী কোথায় তাহা জান না,—সে বাড়ী কথন দেখ নাই অপচ তাহার সিঁড়ি নির্মাণ করিতে এত ব্যক্ত—এ কি কথা ? ইহা কি বাতুলের প্রলাপ-বাক্য বলিয়া ধার্য্য হইবে না ?

বান্ধণের। উত্তর করিলেন—তাঁহার দে কথা পাগলামী ভিন্ন আর কিছুই বলা যায় না। বুদদেব কহিলেন, যে ব্রহ্ম বিষয়ে তাঁহারা সম্পূর্ণ অনভিজ্ঞ, যাঁহাকে তাঁহারা জানেন না—যিনি তাঁহাদের প্রত্যক্ষ গোচর নহেন, রান্ধণেরা সেই ব্রহ্মের সহিত মিলন করাইয়া দিতে চান—সেই মিলনের পথ দেখাইয়া দিতে প্রস্তুত। তাঁহাদের কথা কি বাতুলের প্রলাপবাক্য তুলা অগ্রাহ্ম নহে? তাঁহাদের ব্রন্ধোপদেশের কি কোন অর্থ আছে ?

আৰু কৰ্তৃত আৰু নীয়মান হইলে যাহা হয় এও তাহাই। যে অগ্ৰগামী সেও কিছু দেখিতে পায় না, যে পশ্চাতে চলিয়াছে সেও দেখিতে পায় না—ইহারাও দেই আন্দের দল। বক্তাও আৰু, শ্রোতাও আর। এই সকল বেদবিৎ ব্রাহ্মণের উপদেশ সারহীন, অর্থহীন, তাৎপর্যাশৃত্য—কথাই সর্বস্ব, তাহার কোন অর্থ নাই।

(मान विनिष्ठे, आंत्र এक व्यक्ति विनिष्ठिष्ट्न- এই नगतीत ।

মধ্যে একটা পরমা স্থলরী রমণীর জন্ত আমার চিত্ত বড়ই চঞ্চল হইয়াছে। তাহার প্রতি আমার বে কি প্রগাঢ় প্রেম, কি আগাধ ভালবাসা তাহা কি বলিব ? লোকে জিজ্ঞাসা করিল— আছো, এই পরমাস্থলরী রমণী যাহার জন্ত তোমার মন এমন চঞ্চল— এতই উত্তলা হইয়াছে এই রূপনী কিরূপ ? ইনি আহ্মণ কি ক্ষত্রিয়—বৈশ্য শূদ্র কোন্ জাতীয় ? ইনি কালে। কি গৌরবর্ণ, ইহার নাম কি, নিবাস কোথায় ?

ইহার উত্তরে যদি তিনি অদ্ধকার দেখেন আর বলেন আমি তা কিছুই জানি না, তথন লোকে কি তাঁহাকে উন্মাদ তাবিয়া উপহাস করিবে না ? • তাঁহার কথা কি কিছুমাত্র বিশ্বাসযোগ্য মনে করিবে ? কথনই না। পুনশ্চ মনে কর, —এই অচিরাবতী নদী বস্থার জলে ভরিয়া গিয়াছে—ছই পাড়ের উপর পর্যান্ত জল উঠিয়াছে—এমন সময়ে এক জন কোন কার্য্যবশতঃ পরপার ঘাইবার ইচ্ছা করে। দে যদি নদীকে ডাকিয়া বলে "হে নদি, তোমার ওপারটা উঠাইয়া আমার কাছে নিয়ে এম।" তাহা হইলে কি তাহার মনস্কামনা পূর্ণ হইবে ?

ব্রাহ্মণেরা বলিল "হে গৌতম, তাহা কথনই হইতে পারে না।"

বুদ্ধদেব কহিলেন তোমাদের উপদেষ্টা ব্রাহ্মণদেরও এই দশা। যে সকল সদ্গুণ যথার্থ ব্রাহ্মণ-লক্ষণ তাহা তাহাদের অঙ্গে নাই, যে সমস্ত অনুষ্ঠানে ব্রাহ্মণের প্রকৃত ব্রাহ্মণত্ব তাহা হইতে তাহারা বিরভ অথচ তাহারা হে ইন্দ্র, হে সোম, হে বঙ্গণ—ইন্দ্র সোম বক্ষণকে ডাকিয়া চীৎকার করে! এইরূপ প্রার্থনা, এই কাকুতি মিনতি স্তবস্তুতির কি ফল ? তাহাতে

কি ভাহাদের ইহলোকে ব্রহ্মলাভ হইবে, না মৃত্যুর পরে পর-লোকে ব্রহের সহিত মিলনের আকাজ্জা পূর্ণ হইবে ? এরপ কি সম্ভব ?

হে বশিষ্ট, আরো ভাবিরা দেখ, এই নদী জ্বলপ্লাবনে প্লাবিত হইরাছে, পাড়ের উপর পর্যাস্ত জ্বল ছাপাইরা উঠিরাছে, এমন সময় কোন এক ব্যক্তি নদী পার হইতে চাহে, কিন্তু তার হাত পা কঠোর শৃঞ্জলে বাঁধা, সে যদি এইরপে শৃঞ্জল-বন্ধ হইরা এ পাড়ে দাঁড়াইরা ভাবে আমি নদী পার হইব তাহা হইলে কি মনে কর তাহার অভীষ্ট দিদ্ধ হইবে পূ

উত্তর —হে গৌতম, তাহা কথন হইছে পারে না। বুদ্ধদেব কহিলেন—

আমাদের ধর্মশাস্ত্রে পাঁচটি শৃঞ্জলের কথা আছে, পঞ্চপাশ, পঞ্চবন্ধন, পঞ্চ আবরণ: -- সে পাঁচটি কি কি ?

কাম ৷

দেব, হিংসা।

बर्कात, आञ्चाভिमान।

আলস্য ৷

বিচিকিৎদা--ধর্ম্মের প্রতি সংশয়।

এই পঞ্চ মোহ পাশ—পঞ্চ বন্ধন। এই বন্ধনে বেদবিৎ বান্ধণেরা আবদ্ধ, এই পঞ্চপাশে জড়িত হইরা তাঁহার। চলং-শক্তি রহিত। হে বীশন্ত, আমি সত্য বলিতেত্বি, এই ব্রাহ্মণের। বতই বেদাত্যাস করুন না কেন কিন্তু যে সকল গুণে যে সমস্ত অফুঠানে বাহ্মণের যথার্থ বাহ্মণত্ব সেকল গুণ হইতে তাঁহার। বঞ্চিত, —সে সমস্ত অফুঠানে বিমুধ, তাঁহার। সংসার বন্ধনে . শাবদ। মোহপাশে জড়িত তাঁহাদের আ্মা দেহত্যাগানস্তর ব্রেমের সহিত মিলিত হইবে ইহা কদাপি সম্ভব নহে।

হে বশিষ্ঠ, তোমরা ত অনেকানেক বয়োর্দ্ধ ব্রাহ্মণ পণ্ডি-তের উপদেশ শ্রবণ করিয়াছ; ব্রন্ধের স্বরূপ লক্ষণ বিষয়ে তাঁহারা কি উপদেশ দেন ?

ব্রন্মের কি ধন-সম্পত্তি স্ত্রী-পুত্র-পরিবার আছেন্ উত্তর---মা। ব্ৰহ্ম কি কাম ক্ৰোধে বিচলিত ? উত্তৱ---না। তিনি কি ৱেষ হিংশা পরবশ ? তিনি कि মদমাৎস্থ্য আলস্তের অধীন ? উত্তৰ---না। তিনি সংযমী না ব্যসনী গ উত্তর-সংযমী। তিনি পবিত্র স্বরূপ কি অপবিত্র গ উত্তর— পবিত্র স্বরূপ। কিন্তু হে বশিষ্ঠ, ব্ৰাহ্মণ চরিত্ৰ কি ইহার বিপরীত নহে ? তাহারা কি স্ত্রী-প্রত্র-পরিবার ঐখর্য্য সম্পন্ন নহেন গ উত্তর –হাঁ। তাঁহারা কি কামাসক্ত ক্রোধ পরায়ণ নহেন ? উত্তর---হাঁ। তাঁহারা কি দ্বেষ হিংসা বর্জিত ? উত্তর—না। তাঁহারা সংযমী অথবা বিলাসী গ

উত্তর—বিলাসী। তাঁহাদের অন্তরাত্মা পবিত্র না পাস-কল্মিত ? উত্তর—কলুমিত।

বুদ্ধদেব—বাহ্মণেরা যথন সংসারাসক্তি হইতে বিমৃক্ত হয় নাই—বিষয়বাসনা বিসর্জন করিতে সক্ষম হয় নাই—তাহারা যথন ইন্সিয় দেবায় অহোরাত্র নিময়—কাম ক্রোধ লোভ প্রভৃতি মোহ বন্ধনে আবদ্ধ আর ব্রহ্ম, বিনি ইহার বিপরীতধর্মা, তাঁহার সহিত মরণাস্তর তাহারা যিলিত হইবে ইহা কি কথন সম্ভূব মনে কর? তাহাদের মধ্যে পরস্পার সাদৃশ্য কোথায় ? আমি সত্য বলিতেছি এই সকল ব্রাহ্মণের উপরদশ ব্যর্থ, তাহাদের জ্য়ীবিদ্যা পথশৃত্য অরণা, নির্জ্লা নিক্ষ্যা মক্রভূমি সমান। তাহাদের লক্ষ্য এক, কার্য্য অক্তরূপ। তাহারা তাহাদের গম্য স্থানে পৌছিবার প্রক্রত সরল পথ ছাড়িয়া বিপথে পদার্পণ করে ও পথহারা পথিকের স্থায় দিপ্ত্রপ্ত হইয়া বিনাশ প্রাপ্ত হয়।

वृक्तरमय এইরূপ উপদেশ করিলে পর বশিষ্ট কহিলেন-

ু হে শর্মণ, আমরা গুনিরাছি—শাক্যমূনি সেই ব্রহ্ম মিলনের পথ সম্যক্রপে অবগত। আপনার নিকট হইতে আমরা সেই উপদেশ শ্রবণ করিতে ইচ্ছা করি—আমাদের উপর অন্তাহ করিয়া মুক্তিমার্গ প্রদর্শন করুন, ব্রহ্মকুণ উদ্ধার করুন।

वृक्षाव क ब्रिटन---

বে বাজি এই মনসাক্ষত গ্রামে জন্মগ্রহণ করিয়াছেন — যিনি এথানে আজীবন বাস করিতেছেন তিনি কি এই গ্রামের তাবং পথবাট বলিয়া দিতে পারেন না ?

উত্তর-अवगृहे পারেন।

এই পৃথিবীতে দেইরূপ তথাগত বৃদ্ধ সময়ে সময়ে অবতীর্ণ হন—তিনি বিজ্ঞানময়—মঙ্গল নিকেতন। তিনি পৃথিবীর সমস্ত বৃত্তাস্ত অবগত আছেন—অর্গ, মর্ত্তা, পাতাল, ব্রহ্ম শর্মন্ রাহ্মণ—হ্বর নব মার ভূত প্রেত—সর্ব্ব চরাচর তিনি জানিতে-ছেন —সত্য তিনি নিজে জানিতেছেন ও অভ্যকে উপদেশ দিয়া থাকেন। তিনি জ্বগদ্গুরু—সেই সত্য ধর্ম তিনি জগতে প্রচার করেন—বে ধর্মের আদি মধুর, অস্ত মধুর—মধুর বাহার গতি—বাহার উন্নতি মধুময়।

যথন কোন গৃহস্থ উচ্চবংশীয়ই হউন আর নীচকুলজাতই হউন—তথাগত কথিত সত্য যথন তাঁহার শ্রুতি গোচর হয়—সে সত্য প্রবণ করিয়া তিনি তথাগতের উপর সম্পূর্ণ বিশ্বাস স্থাপন পূর্বাক মনে মনে চিন্তা করেন—

সংসার কেবলই ছঃখনন্য—সংসারী ব্যক্তি মোহ-পাশে আর্ত, বাসনাপক্ষে নিমন্ন—যিনি সংসারাসক্তি পরিত্যাপ করিয়াছেন বায়ুর স্থান্ন তাঁহার মুক্ত জীবন। সংসারের মধ্যে স্ত্রী-পুত্র-পরিবারে পরিবৃত হইনা তিনি মহত্ত্বর পবিত্রতর জীবনের আছ-প্রতি অক্ষম। অতএব অত্য হইতে আমার প্রতিজ্ঞা এই বে শিরোমুণ্ডন ও গৈরিক বসন পরিধান করিয়া গার্হস্যাশ্রমে পরি-ত্যাগ পূর্ব্বক সন্ধ্যাসত্রতে জীবন উৎসর্গ করিব।

এইরূপে ভিক্সুর বেশ ধারণ করিয়া তিনি প্রাতিমাক্ষের নিয়মান্সারে আত্মসংযম অভ্যাস করেন। ইনি সভ্যোতে রমণ করেন—ধর্ম ইঁহার জীবনের ব্রত। ইনি পাপের কুটিলপথ পরিত্যাগ করিয়া আপনাকে ধর্ম নিয়মে নিয়মিত করেন— প্রত্যেক কথায় প্রতি কার্যো ইনি ধর্মের আদেশ পালন করেন— ধর্মপথ হইতে কদাপি বিচলিত হয়েন না। সাধু ইঁহার সঙ্কল—
সাধু ইহার চরিন—ইন্দ্রিরাবেরের আটে ঘাটে শত শত প্রহরী
নিযুক্ত—আ্মানির্ভর ইঁহার নির্ভর-যৃষ্টি—আ্মপ্রসাদে ইনি সদাই
স্থানন—ইঁহার বিশুদ্ধ চিত্তক্ষেত্রে আনন্দের উৎস নিয়ত উৎসারিত হইতে থাকে।

স্থাতীর ভেঁরী নিনাদ আকাশে উথিত হইয়া যেমন সহজে দিখিদিক প্রতিধ্বনিত করে ইহার প্রেমণ্ড দেইরূপ বিশ্বব্যাপী; ক্ষুদ্র বৃহৎ উচ্চ নীচ কাহাকেও ইনি অবহেলা করেন না—কাহাকেও পরিত্যাগ করেন না। ই হার প্রীতি মৈত্রী মমতা সর্ব্বভূতে সমতাবে বিস্তৃত। সর্ব্ব জীবে ই হাব দয়া বাৎসল্য। ইহার চক্ষে উচ্চ নীচে প্রভেদ নাই, সাত্মপর সমান। ব্রহ্মলাভের এই একমাত্র পথ। যিনি সত্য অবলম্বন করিয়াছেন, কাম ক্রোধ লোভ হইতে বিমৃক্ত হইয়াছেন, যিনি বিষয়-বাসনা বিসর্জন দিয়াছেন—দেবহিংসা যাহার ছাদয়ে স্থান পায় না—পবিত্র যাহার চরিত্র—কায়মনোবাক্যে যিনি ধর্ম্মের অপ্তবিধ মহামার্গ অবলম্বন করিয়া চলেন—সেই যে ভিক্ম সাধু প্রক্ষ, ব্রক্ষের সহিত ভাঁহার জীবনের সাদৃশ্য আছে কি না ?

## —উত্তর—অবশ্যই আছে।

এই ভিকু সাধু পুরুষ দেহত্যাগানস্তর অক্ষের সহিত মিলিত হইবেন ইহা সর্বতোভাবে সম্ভব।

বৃদ্ধদেবের উপদেশ সমাপ্ত হইলে বশিষ্ঠ ও ভরঘাজ তাঁহার চরণে প্রণত হইয়া নিবেদন করিলেন—

হে প্রভো! আপনার এই জ্ঞানগর্ভ উপদেশ শ্রবণ করিয়া আমরাধন্ত হইলাম, যাহা ভাঙ্গিয়া পড়িয়াছে তাহা আপনি গড়িয়া তুলিলেন—যাহা প্রচ্ছন্ন তাহা প্রকাশ করিলেন—যে বিপথগামী তাহাকে সংপথ প্রদর্শন করিলেন—অন্ধকারে প্রদীপ জ্বালিরা অন্ধকে চকু দান করিলেন। প্রভা! আমরা বুদ্ধের শরণাপন্ন হইতেছি—বৃদ্ধং শরণং গচ্ছামি ধর্মং শরণং গচ্ছামি সজ্বং শরণং গচ্ছামি (বৌদ্ধল্যত্ত্বর্দের) শরণাপন্ন হইতেছি। অন্য হইতে আমাদ্বিগকে আপনার চিরভক্ত শিষ্যরূপে দীক্ষিত করিয়া কৃতার্থ করুন এই আমাদের প্রার্থনা।

## বাাখা-

বৌদ্ধর্মের অনুশীলন করিতে করিতে সহজেই এই প্রশ্ন
মনে উদয় হয়—ঈশ্বর ও পরকাল সম্বন্ধে বৃদ্ধানেবের মত ও
বিশ্বাস কি ছিল ? তৎকাল প্রচলিত ধর্ম্মের সহিত তাঁহার
সম্বন্ধই বা কিরূপ ছিল ? উল্লিখিত হত্ত হইতে এই প্রশ্নের
উত্তর কিয়দংশে প্রাপ্ত হওয়া যায়। ত্রাহ্মণ যুবকেরা মৃত্যুর
পরে ত্রহ্মের সহিত মিলনের উপায় অন্বেষণ করিতেছেন অর্থাৎ
বৈদান্তিক মতে জীবান্মার স্বতন্ত্র অন্তিম্ব গিয়া সে ত্রহ্মেতে ক্রিল
লয় প্রাপ্ত হইতে পারে তাহার সরল পথ তাঁহারা জ্বানিতে
চাহেন—গৌতমের প্রতি তাঁহাদের প্রশ্নও তদম্যায়ী। বৃদ্ধানেব
যে উপায় বলিয়া দিলেন, যে পথ প্রদর্শন করিলেন তাহা ধর্ম্মনীতিহ্চিত সহজ মার্গ। আন্মান্থয়—বিষয়বাসনা বিসর্জ্বন—
সন্ন্যাসগ্রহণ—চরিত্রশোধন—সার্কভৌম মৈত্রী মমতা—এতন্তির
বন্ধলাভের কোন ঐক্রন্ধালিক উপায় নির্দিষ্ট হয় নাই।

এই স্ত্রে ব্রহ্মের সহিত মিলনের কথা বাহা প্রশ্নোভরে ব্যক্ত হইয়াছে ভাহার অর্থ কি ? বৌদ্ধধর্ম মতে ভাহার অর্থ ঠিক করা সহজ্ব নহে। ইহা মনে রাখা কর্ত্তব্য যে বুদ্ধের সময়
পৌরাণিক ব্রহ্মা জন্মগ্রহণ করেন নাই। বেদাস্ত ও উপনিষদের
ব্রহ্ম আর বৌদ্ধ ব্রহ্মা যে একই এমনও মনে করিবেন না।
নাম এক হইতে পারে কিন্তু ভিন্নার্থে প্রয়োগ সন্দেহ নাই।
আর্যাধর্ম প্রকৃতি পূজা হইতে আরম্ভ করিয়া শেষ মঞ্চে এক
ব্রহ্মের উপাসনার বিশ্রাম লাভ করিয়াছে। কিন্তু বৌদ্ধর্মে
এই বৈদান্তিক ব্রহ্মোপাসনার ভাব গৃহীত হইয়াছে বলিয়া
বোধ হয় না। ব্রহ্মবিতার কথা দূরে থাকুক, বৌদ্ধর্ম্ম দেহাভান্তরে আ্লার পৃথক সত্তাই স্বীকার করেন না, অথচ
দেখিতে গেলে হিন্দুধর্মের দেব দেবীর নাম, দেব দেবীর প্রতি
বিশ্বাস তাহার মধ্যে কতক অংশে স্থান পাইয়াছে—এই ছই
ভিন্ন জিনিস, বিভিন্ন ভাবের সামঞ্জন্ম করা এক বিষম সমস্তা।

বৈদিক দেবতাগণ বৌদ্ধর্মে সাধুপুরুষের স্থান অধিকার করিয়া বসিয়াছেন তাথার উর্দ্ধে পদনিক্ষেপ করেন না।—বড় জোর তাঁথারা বৌদ্ধ ভিন্দুর সমকক্ষরপে পরিগণিত হইতে পার্নেন। এই সকল দেবতার আরাধনা পূজার্চনা বৌদ্ধর্মে আদিপ্ত হয় নাই। দেবতারা অমর নহেন, অস্তাস্ত জীবের স্থায় তাঁথারাও মরণধর্মশীল। তবে এই মাত্র বলা যাইতে পারে যে তাঁথারা নিজ নিজ্ঞ কর্ম্মগুণে উচ্চ হইতে উচ্চতর সোপানে উঠিয়া ক্রমে নির্দাণরাজ্যে—হয়ত বৌদ্ধ আহ্থ মণ্ডলীর মধ্যে স্থান পাইতে পারেন। ব্রক্ষাও সেইরপে কল্লিত। অপর জীবের স্থায় তিনিও মৃত্যুর অধীন—তিনিও বৃদ্ধ নির্দ্ধিপ্ত স্মার্গ অবলম্বন করিয়া কালক্রমে নির্দ্ধাণমুক্তি লাভের অধিকারী।

দে যাহা হউক, এ কথা অবশ্য স্বীকার করিতে হইবে যে বৌদ্ধাতে ব্রহ্মা ইতরজীব অপেক্ষা বিশেষ প্রতিষ্ঠাসম্পন্ন মহা-পুরুষ বলিয়া পরিগণিত, স্থরবুন্দের মধ্যে যেমন স্থরপতি দেবেক্স। ক্থিত আছে যে তাঁহার পূর্বজন্মে যখন কাশ্যপবুদ্ধ পৃথিবীতে অবতীর্ণ হইয়াছিলেন তখন ব্রন্ধা সাহক নামক প্রমভক্ত ভিক্ বলিয়া প্রদিদ্ধ ছিলেন। জ্ঞাতক টাকাকার বলেন বে ব্রহ্মা বদ্ধ-দেবের ভবিষ্যৎ জন্ম ধারণ বিষয়ে বিশেষ আগ্রহবান ছিলেন এবং তৎপরে বোধিদত্তের জীবনে 'মার' রাক্ষদ ঘধন তাহাকে অশেষ প্রলোভন ও বিভীষিকা প্রদর্শন করিয়া ঘোরতর :বিপদে ফেলিবার উপক্রম ক্রিয়াছিল দেই 'মার' দমনে ব্রহ্মা তুইবার সহায়তা করেন। 'মার' বিজয়ের পর যখন বুদ্ধদেব তাঁহার উপাৰ্জিত সতা প্ৰচাৱে সন্দিঞ্চিত হইয়াছিলেন তথন ব্ৰহ্মাদেব তাঁহার সমক্ষে আবিভূতি হইয়া সে সংশয় ভঞ্জন করত তাঁহাকে সত্য ধর্ম প্রচারে উৎদাহিত করেন। আবার কথিত আছে, বুদ্ধদেবের মৃত্যুকালে যে গগনভেদী গভীর শোকধ্বনি সমুখিত হয় ব্রহ্মা সহাম্পতির কণ্ঠ হইতে প্রথমে দে বাণী উদ্দীব্রিত উপস্থিত হইলে ব্রহ্মা স্বর্গ হইতে অবতীর্ণ হইয়া বৌদ্ধনেতৃবর্গের মধ্যে সন্তাব ও শান্তি স্থাপনপূর্বক সে বিপ্লব প্রশমন করেন।

এই সমস্ত উদাহরণ হইতে বৌদ্ধ জগতের সহিত ব্রহ্মার কি

ঘনিষ্ঠ সম্বন্ধ ভাহা সহজেই উপলব্ধি হয়। শুধু এই মর্ক্তালোক নয়

কিন্তু আনন্ত আকাশের স্থানে স্থানে যে লোক-পুঞ্জ অবস্থাপিত

এক এক জন ব্রহ্মা তাহার অধিপতিরূপে কল্লিত দেখা যায়।

এই ব্রহ্মার সহিত মিলন আর বৈদান্তিক ব্রহ্মেতে জীবাত্মার


বিলীন হইবার ভাব যে একই তাহা কে বলিবে ? বৌদ্ধমতে দে মিলনের অর্থ ব্রন্ধলাকে ব্রন্ধার সহিত একত্র সহবাস ভিন্ন আর কিছুই কল্পনা করা বান্ধ না। কিন্তু এই সহবাস-লাভ বৌদ্ধধর্মের সর্কোচ্চ আদর্শ নহে; বৌদ্ধমতে মন্থ্যজীবনের পরম গতি — চরম লক্ষ্য স্বতন্ত্র। বৌদ্ধধর্মের সার উপদেশ এই যে প্রত্যেক মন্থ্য নিজ কর্মপ্রতাব, নিজ পুণ্যবলে, আত্মপ্রভাবে, স্বার্থবিসর্জ্জনে, সত্যোপার্জ্জনে, প্রেম দয়ামমতা বর্দ্ধনে ইহজীবনে অথবা পরলোকে নির্ক্ষাণরূপ পরমপ্রধার্থ সাধনে সমর্থ।

এই নির্বাণমুক্তি কি — আলো কি অনকার — জাগরণ কি মহানিদ্রা—অনগুজীবন কিম্বা দিরমূত্য — শাখতআনন অথরা চেতনাশৃস্ত মহানির্বাণে জীবাত্মার অন্তিম্বলোপ;—এই নির্বাণমুক্তি কি, বৌদ্ধশান্ত্র-দির্দ্ধ মন্থন করিয়া আপনারা তাহা স্থির করুন—আমি এইখানে এই প্রবন্ধের উপসংহার করি।\*

\* এই ব্যাধ্যায় ব্ৰহ্ম ও ব্ৰহ্মা সম্বন্ধে যাহা বলা হইল Rhys Davids
'তে কিন্তু স্বন্ধের টাকার দেইজপু মত ব্যক্ত করিরাছেন। প্রের বৃদ্ধক্ষিত
ভাগে ব্ৰহ্ম অথবা ব্ৰহ্মা শব্দ ব্যবস্ত হইরাছে ঠিক বলা বার না—মূল পালি না
দেখিলে ইহার মীমাংসা হয় না কিন্তু ব্ৰহ্ম শব্দ ব্যবস্ত হইলেও ব্রহ্মের সহিত
একীভূত হওয়া এই তত্তে যে ব্রহ্মের নিজের বিশাস তাহা সপ্রমাণ হয় না।
তিনি ব্রাহ্মণদের কথার সত্যতা ধরিয়া নিয়া শ্বমতামুখায়ী ধর্মপথ দেখাইয়া দিবার
চেষ্টা করিতেছেন মাত্র।

Bt. 19/11/02

PHAR.







•